পশ্চিমবঙ্গ সরকার শিক্ষাবিভাগ কর্তৃক লাইব্রেরীর জন্য অনুমোদিত।

উপনিষদ্ অঞ্জলি

(বৃহদারণ্যক উপনিষদ)

পুষ্প দেবী

সরস্বতী, শ্রুতিভারতী

প্রাপ্তিস্থানঃ

প্রকাশক
১, ডঃ শ্যামাদাস রো,
কলিকাতা-১৯

মহেশ লাইব্রেরী
২/১, শ্যামাচরণ দে ষ্ট্রীট,
কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

ও অন্যান্য প্রধান প্রধান পুস্তকালয়

প্রথম সংস্করণ : মে ১৯৫৯

প্রকাশ করেছেন :
শ্রীপুষ্প দেবী, সরস্বতী শ্রুতিভারতী
১, ডঃ শ্যামাদাস রো,
কলিকাতা-১৯

ছেপেছেন :
শ্রীসুবোধচন্দ্র মণ্ডল
কল্পনা প্রেস প্রাইভেট লিঃ
৯, শিবনারায়ণ দাস লেন,
কলিকাতা-৬

প্রচ্ছদপট এঁকেছেন :
শ্রীপার্বতী ভট্টাচার্য (কন্যা)

ব্লক করেছেন ও প্রচ্ছদপট ছেপেছেন
"গ্রাফিকো"
৩৪।২ বিডন ষ্ট্রীট,
কলিকাতা-৬

বাঁধিয়েছেন :
ধর ব্রাদার্স
৪, রামমোহন রায় রোড,
কলিকাতা-৯

উৎসর্গ

পিতৃপ্রতিম

শ্রীশ্রীমোহনানন্দ ব্রহ্মচারী মহারাজের

শ্রীকরকমলে

দুখ সংশয় যখনি ঘিরেছে মোরে মলিনতা ছুঁয়ে এ মন হয়েছে কালো,
ত্বরিত চরণে নিজে এসে দয়াময় দাঁড়ালে করিয়া হৃদয় কমল আলো।
ও দুটি নয়নে বরষিয়া স্নেহ ধারা এ বুক আমার সুধায় ভরিয়া দিলে
দুঃখ হরণ করি আনন্দময় আমার বেদনা আপন বক্ষে নিলে।
নেহারি তোমায় নিমেষে মিলাল দুখ যেদিকেতে চাই সকলি
আলোয় আলো,
পরশমণির লভিয়া পরশ যেন লোহা হল সোনা ঘুচাইয়া সব কালো।
কত কি যে কথা কণ্ঠের কাছে এসে ভাষার অভাবে নীরব হইয়া গেলো
প্রাণের ভকতি দুর্ব্বার স্রোত সম নয়ন বাহিয়া অশ্রুতে রূপ নিলো।
তিমির হরণ তোমার নয়ন দুটি অন্তরে মোর জ্বালাইল দীপ শিখা
সে কি সুগভীর পরম শান্তি লভি তোমার আশীষ আঁকিল
হোমের টিকা।
সে কী সৌরভে পূর্ণ পরাণ মন বিকশিত হল হৃদয় কমল খানি,
রিক্ত পরাণ পূর্ণ করিয়া তুমি রাখিলে ললাটে তব দক্ষিণ পানি,
তব পদরজ লভিয়া ধন্য দেহ অমিয় সাগরে উঠিনু সিনান করে
ঘোর দুর্য্যোগ মিলাল সরম পেয়ে পূর্ণ চন্দ্রে আঁখির সমুখে হেরে।

শ্রীচরণাশ্রিতা কন্যা

পুষ্প

কল্যানীয়াসু,

মা পুষ্প, তোমার প্রেরিত উপনিষদের অনুবাদ ক' একখণ্ড পাইয়াছি। পড়িয়া আনন্দলাভ করিয়াছি। তোমার পদ্যরচনা অতি মধুর এবং মূল গ্রন্থের অন্তর্নিহিত ভাবের প্রকাশক। ত' জিজ্ঞাসু ও ভক্ত হৃদয় বঙ্গীয় পাঠক এই অনুবাদ হইতে মূল উপনিষদের তাৎপর্য্য গ্রহণ করিতে পারিবেন। তোমার হৃদয় যে পরমার্থ চিন্তায় জ্ঞান ভক্তির অপূর্ব্ব সংযোগে নির্ম্মলতা ও সরসতা লাভ করিয়াছে তাহা এই অনুবাদ পড়িলে বুঝিতে পারা যায়। আশীর্বাদ করি তুমি শিবময় পরম সত্যের সাক্ষাৎকার লাভ করিয়া মানব জীবন সার্থক করিতে সমর্থ হও। ইতি

আশীর্বাদক

শ্রীগোপীনাথ কবিরাজ

হিন্দু মিশন

প্রতিষ্ঠাতা স্বামী সত্যানন্দ সরস্বতী

ত্রিকোণেশ্বর মন্দির

৩২ বি হরিশ চ্যাটার্জ্জী ষ্ট্রীট

পুষ্পদেবী সরস্বতী করকমলে

হে ভদ্রে।

আপনি ব্রহ্মবিদুষী আপনার অন্তর ব্রহ্মঃজ্যোতিতে উদ্ভাসিত তাই আপনার পক্ষে সম্ভব হয়েছে উপনিষদের কঠিন সূত্রগুলিকে সহজবোধ্য বাংলা কবিতার মূলরসকে অক্ষুন্ন রেখে প্রকাশ করা। আপনার সার্থক সাধনার স্বীকৃতি স্বরূপ কলিকাতার বিশ্ববিদ্যালয় আপনাকে লীলা পুরস্কারে ভূষিত করিয়াছে।

আমরাও শুভগীতা জয়ন্তী উৎসবের এই সভায় ৫০৬৫ তম গীতা জয়ন্তী উৎসব কার্য পরিচালক সমিতির পক্ষ হইতে আপনাকে শ্রুতি-ভারতী উপাধির দ্বারা অভিনন্দিত করিতেছি।

ভবদীয়

ডাঃ মহানামব্রত ব্রহ্মচারী

ডাঃ গৌরী নাথ শাস্ত্রী

ডাঃ শ্রীশ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

শ্রীআত্মানন্দ ব্রহ্মচারী

ভারত সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়নকল্পে ভারত ও পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকুল্যের দরুণ এই পুস্তকের সুলভ মূল্য সম্ভব হইয়াছে।

এই লেখিকার লেখা বই ঃ—

পুণ্যকাহিনী—

বাঁকুড়ার গৌরব ৺সুকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের জীবনালেখ্য—মূল্য—৩৲

কবিতায় শতশ্লোকী-গীতা—

গীতার ১০৮ শ্লোক সরল বাংলা কবিতায় অনুবাদ ও ব্যাখ্যা। গীতা সরস্বতী সত্যানন্দ স্বামীর ভূমিকা সম্বলিত, দ্বিতীয় সংস্করণ মূল্য—২৲

উপনিষদ নির্ম্মাল্য -

ঈশ, কেন ও কঠোপনিষদের সরলকবিতায়ভাবানুবাদ। কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৩৬২ সালের লীলা পুরস্কার প্রাপ্ত। ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা সম্বলিত শ্রীশ্রীমোহনানন্দ ব্রহ্মচারীর আশীর্ব্বাণী সহিত মূল্য — ২৲

উপনিষদ নৈবেদ্য—

প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, তৈত্তিরিয় ও ঐতরেয়োপনিষদের সরল পদ্যানুবাদ। শ্রীশ্রীজীব ন্যায়তীর্থ মহাশয়ের ভূমিকা ও শ্রীশ্রীস্বামী সত্যানন্দ মহারাজ ও শ্রীশ্রীমোহনানন্দ ব্রহ্মচারীর আশীর্ব্বাদপূত। মূল্য—২৲

উপনিষদ অর্ঘ্য—

শ্বেতাশ্বতর ও ছান্দোগ্য উপনিষদের সরল পদ্যানুবাদ। মূল্য—৩৲

পুষ্পপরাগ—

পুষ্পদেবীর শ্রেষ্ঠগল্প:—ধর্ম্মহীন সমাজেরকৌতুক চিত্র—শ্রীআশাপূর্ণা দেবীর ভূমিকা সম্বলিত সুন্দর রঙীন বাঁধাই—উপহারের উপযুক্ত। মূল্য—৩'৫০

আরাধ্য পিতৃদেব স্বর্গত রায়বাহাদুর সুকুমার চট্টোপাধ্যায়

ও

আরাধ্যা মাতৃদেবী স্বর্গতা আভা দেবীকে

লেখিকার নিবেদন

আমার ব্রত উদযাপন হোলো। হোলো পিতৃ ইচ্ছা পূরণের জন্য এই উপনিষদের অমৃতময় বাণীকে কাব্যের রসে সিক্ত করে ভক্ত ও জিজ্ঞাসুদের ঘরে ঘরে পৌঁছে দোয়া। বিনিময়ে আমি পেয়েছি বহু ঋষি মুনি সুধী পণ্ডিতবৃন্দের অজস্র আশীর্বাদ। পেয়েছি সরস্বতী ও শ্রুতি-ভারতী উপাধি তাঁদের কাছ থেকে। কিন্তু তাতেই কি আমার সব পাওয়া হল? সত্যিই যদি আমার স্বল্প শিক্ষিত ভাইবোনেরা সেই পরম শ্রেয়কে চিনতে পারেন তবেই হবে আমার চরম পাওয়া। যাঁর আনন্দে যাঁর আলোয় আমার বুক আলোয় আলো হয়ে গেছে সেই আলোর পরশ যদি সবার বুকে লাগে তবেই বুঝবো পূর্ণ হয়েছে আমার পিতৃ আশীর্বাদ। পাঠক পাঠিকাদের আগ্রহের জন্য সাধ আছে এরপর ব্রহ্মসূত্র কাব্যানুবাদ করার। আর ইচ্ছা আছে সমগ্র গীতা কাব্যানুবাদ করে আমার পরম পূজনীয় কর্ম্মবীর হিন্দু মিশনের প্রতিষ্ঠাতা শ্রীশ্রীসত্যানন্দ স্বামীর নামে উৎসর্গ করার। যদি ইচ্ছাময়ের ইচ্ছা হয় তবেই আমার এ ইচ্ছা পূর্ণ হবে। ইতি—

বিনীতা

পুষ্প দেবী

শান্তি পাঠ

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণ মুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

তিনিও পূর্ণ ইনিও পূর্ণ হন
পূর্ণ হইতে উঠেন পূর্ণজন
পূর্ণের মাঝে পূর্ণতমরে নিলে
অবশিষ্টই রহেন পূর্ণ ধন।
পূর্ণ যেজন অপূর্ণ লাজ পেয়ে
তার কাছ হতে চিরতরে দূরে যায়
পূর্ণের মাঝে পূর্ণতমরে হেরি
বিস্ময় ভরে প্রণমে তাঁহারি পায়।

উপনিষদ্ অঞ্জলি

প্রথমাধ্যায় ঃ প্রথম ব্রাহ্মণ

ওঁ॥ উষা বা অশ্বস্য মেধ্যস্য শিরঃ। সূর্যশ্চক্ষুর্বাতঃ প্রাণো ব্যাত্তমগ্নির্বৈশ্বানরঃ সংবৎসর আত্মাঽশ্বস্য মেধ্যস্য। দ্যৌঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদরং পৃথিবী পাজস্যং দিশঃ পার্শ্বে অবান্তর দিশঃ পর্শব ঋতবোঽঙ্গানি মাসাশ্চার্ধমাসাশ্চ পর্বাণ্যহোরাত্রাণি প্রতিষ্ঠা নক্ষত্রাণ্যস্থীনি নভো মাংসানি ঊবধ্যং সিকতাঃ সিন্ধবো গুদা যকৃচ্চ ক্লোমানশ্চ পর্বতা ওষধয়শ্চ বনস্পতয়শ্চ লোমান্যুদ্যন্‌ পূর্বার্ধো নিম্লোচঞ্জ জঘনার্ধো যদ্ বিজৃম্ভতে তদা বিদ্যোততে যদ্ বিধূনুতে তৎ স্তনয়তি যন্মেহতি তদ্ বর্ষতি বাগেবাস্য বাক্॥ ১

যজ্ঞ অশ্ব মস্তক রূপে উষা কাল হেথা হয়
চক্ষু সূর্য, প্রাণ বায়ু রূপে মুখেতে অগ্নিরয়
(দেহের মধ্য) সারাটি বছর
পিঠটি দ্যুলোক আকাশ উদর
ক্ষুর সে পৃথিবী, (অশ্ব দুপাশ, চতুর্দ্দিকেতে রয়)।
পঞ্জর রূপে দিক কোণগুলি অঙ্গ ঋতুতে হয়।
দেহের সন্ধি মাস ও পক্ষ চরণেতে দিনরাতি
অস্থি সকল হয় তারা কুল মাংস মেঘের গতি
অর্ধ জীর্ণ খাদ্য বালুকা
নাড়ী নদী রূপে হয় প্রসারিকা।

যকৃত প্লীহা পর্বত আর কেশলোম ওষধিতে
দেহের উর্দ্ধ দেহের নিম্ন সূর্যই দুই দিকে।
অশ্বের হাই বিজলী প্রকাশ রূপেতে প্রকাশ হয়
গায়ের কাঁপুনি মেঘ গর্জন ভুবন ভরিয়া রয়।
মূত্র ত্যাগেতে বারি বর্ষণ
হ্রেষারূপে হয় বাক প্রকাশন।

অহর্বা অশ্বং পুরস্তান্মহিমাঽন্বজায়ত তস্য পূর্বে সমুদ্রে যোনী রাত্রিরেনং পশ্চান্মহিমাঽন্বজায়ত তস্যাপরে সমুদ্রে যোনিরেতৌ বা অশ্বং মহিমানাবভিতঃ সংবভূবতুঃ। হয়ো ভূত্বা দেবান-বহদ্বাজী গন্ধর্বানর্বাঽসুরানশ্বো মনুষ্যান্ সমুদ্র এবাস্য বন্ধুঃ সমুদ্রো যোনিঃ॥ ২

অশ্ব সমুখে মহিমা নামে যে স্বর্ণ পাত্র রয়
দিবস রূপেতে সেই পাত্রকে জেন মনে নিশ্চয়
অশ্বের তরে নির্মিত তাহা
পূর্ব সাগরে জনমিল যাহা
পশ্চাৎ ভাগে মহিমা নামে যে রৌপ্য পাত্র রয়
রাত্রিই সেই পাত্র রূপেতে জেন তাহা নিশ্চয়।
অশ্বের তরে নির্মিত তাহা প্রতীচী সাগর হতে
স্থাপিত তাহারা মহিমা নামেতে অগ্রে ও পশ্চাতে
হয় নামে করে দেবেরে বহন
বাজী নামে করে গন্ধর্ব ধারণ
অর্ব্বা নামেতে অসুর ও অশ্ব নামেতে মানুষে বহে
সাগর ইহার জনমের স্থল সাগরই বন্ধু রহে।

নৈবেহকিঞ্চনাগ্র আসীন্মৃত্যুনৈবেদমাবৃতমাসীৎ অশনায়য়াহশ-
নায়া হি মৃত্যুস্তন্মনোহকুরুতাত্মন্বী স্যামিতি। সোহর্চন্নচরত্তস্যার্চত
আপোহ জায়ন্তার্চতে বৈমে কমভূদিতি তদেবার্ক স্যার্কত্বং কং হ
বা অস্মৈ ভবতি য এবমেতদর্কস্যার্কত্বং বেদ ॥ ১

ইহার পূর্বে এই সংসারে, কিছুই ছিল না জানি
অশনামা রূপ মৃত্যুর দ্বারা আবৃত ছিল মানি
ভোজন ইচ্ছা মৃত্যুই হয়
এই কথা মনে জানি নিশ্চয়
মৃত্যু আপনি দেহ লভিবারে অর্চ্চনা যেই করে
করি বিচরণ অর্চ্চনাকারী আপনার পূজা করে
আপনি যখন অর্চ্চনারত উদক তখন হয়
ইহার 'ক' হতে অর্ক নামের সৃষ্টি জগতে রয়
অর্চ্চনারত ছিলেন যখন
উদক সৃষ্টি হইল তখন
উদকের 'ক'য়ে অর্ক হইল অগ্নি নামে যা রয়
অর্কত্বের তথ্য যে জানে জল তার তরে রয়।

আপো বা অর্কস্তদ্ যদপাং শর আসীৎ তৎ সমহন্যত। সা
পৃথিব্যভবৎ তস্যামশ্রাম্যৎ তস্য শ্রান্তস্য তপ্তস্য তেজোরসো
নিরবর্ত্ততাগ্নিঃ ॥ ২

জলই অর্ক জলের উপরে সরের মত যা রয়
উহা গাঢ় হয়ে ঐ সর হতে পৃথিবী সৃষ্টি হয়
এবে প্রজাপতি শ্রান্ত হইয়া
বিষণ্ন রূপে সেখানে রহিয়া
সেই দেহ হতে তেজোরূপ রস নির্গত যেই হয়
উহাই অগ্নি বিরাট বিশাল রূপে বর্ণিত রয়।

স ত্রেধাত্মানং ব্যকুরুতাদিত্যং তৃতীয়ং বায়ুং তৃতীয়ং স এষ প্রাণস্ত্রেধা বিহিতঃ। তস্য প্রাচী দিক্ শিরোঽসৌ চাসৌ চের্মৌ। অথাস্য প্রতীচী দিক্ পুচ্ছমসৌ চাসৌ চ সক্থ্যৌ দক্ষিণা চোদীচী চ পার্শ্বে দ্যৌঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদরমিয়মুরঃ স এষোঽপ্সু প্রতিষ্ঠিতো যত্র ক চৈতি তদেব প্রতিতিষ্ঠত্যেবং বিদ্বান্ ॥৩

তখন আপনি তিন ভাগ করি আপনারে ভাগ করে
আদিত্য এক বায়ু এক আর অগ্নিতে এক স্মরে।
পূর্ব দিকটি মস্তক তাঁর
ঈশান ও অগ্নি কোণেতে তাহার
দুইটি বাহু ও পশ্চিম দিকে পশ্চাত ভাগে রয়
বায়ুকোণ আর নৈঋৎ কোণ পিছন অস্থি দ্বয়।
দ্যুলোক পৃষ্ঠ অন্তরিক্ষে উদর জানিও হয়
বক্ষে পৃথিবী জল মাঝে এর প্রতিষ্ঠা জেনো রয়
অগ্নির মাঝে দর্শন জ্ঞান
জানে বিদ্বান যেই মতিমান
যেখানেই যায় সেই জ্ঞানীজন স্থিতি লভে সেই জন
অগ্নির মাঝে দর্শন জ্ঞান লাভ করে যেই জন।

সোঽকাময়ত দ্বিতীয়ো ম আত্মা জায়েতেতি স মনসা বাচং মিথুনং সমভবদশনায়া মৃত্যুস্তদ্ যদ্রেত আসীৎ স সংবৎসরোঽভবৎ। ন হ পুরা ততঃ সংবৎসর আস তমেতাবন্তং কালমবিভঃ। যাবান্ সংবৎসরস্তমেতাবতঃ কালস্য পরস্তাদসৃজত। তং জাতমভিব্যাদদাৎ স ভাণকরোৎ সৈব বাগভবৎ ॥ ৪

তখন মৃত্যু কামনা করিল দ্বিতীয় দেহর তরে
মনের সহিত বাক্যের দ্বারা মিথুন তখন করে
এই মিথুনের রেত যাহা ছিল
তাহা হতে সারা বছর হইল

তাহার আগেতে সারা বছরের কিছুই ছিল না হায়
সারাটি বছর অণ্ডগর্ভে সৃষ্টি রক্ষা পায়।
ইহার পরেতে মৃত্যু তাহাকে সৃজন করিল যবে
জাত শিশুটিরে গ্রাস করিবার মুখব্যাদন করে
তখন ভয়েতে সেই শিশু হায়
ভান বলি এক শব্দ করয়
ভয় হতে ভান শব্দ হইয়া বাকের সৃষ্টি হয়
ইহাই বাকের প্রথম সৃষ্টি শাস্ত্রেতে এই কয়।

স ঐক্ষত যদি বা ইয়মভিমংস্যে কনীয়োঽন্নং করিষ্য ইতি স তয়া বাচা তেনাত্মনেদং সর্বমসৃজত যদিদং কিঞ্চর্চো যজূংষি সামানি ছন্দাংসি যজ্ঞান্ প্রজাঃ পশূন্। স যদ্ যদেবাসৃজত তত্তদত্তু-মধ্রিয়ত সর্বং বা অত্তীতি তদদিতেরদিতিত্বং সর্বস্যৈতস্যাত্তা ভবতি সর্বমস্যান্নং ভবতি য এবমেতদদিতেরদিতিত্বং বেদ ॥ ৫

বিরাটে হেরিয়া মৃত্যু তখন এই আলোচনা করে,
যদি কোনদিন ক্ষুধা ভরে মেরে ইহারে হিংসা করে।
তবেত অল্প অন্ন সৃজিব
অন্নের তরে সমর্থ হব
এই কথা ভাবি বাক্য মনেতে সংযোগ তবে করি
যজ্ঞ মন্ত্র ছন্দ মানুষ পশুরে সৃষ্টি করি।
যাহা যাহা তিনি করেন সৃজন খাইতে ইচ্ছা হয়
সকলই আহারে অদনের তরে অদিতি নামে সে রয়।
অদিতি নামের যে জানে কারণ
সবার ভোক্ত হন সেই জন
ইহার পক্ষে সবই অন্ন ভোগ্য সকলি হয়
জ্ঞানী জন জানে সত্য অর্থ অপরে বিফল হয়।

সোঽকাময়ত ভূয়সা যজ্ঞেন ভূয়ো যজেয়েতি। সোঽ শ্রাম্যৎ
স তপোঽতপ্যত তস্য শ্রান্তস্য তপ্তস্য যশো বীর্যমুদক্রামৎ।
প্রাণা বৈ যশো বীর্যং তৎ প্রাণেষূৎক্রান্তেষু শরীরং শ্বয়িতু-
মধ্রিয়ত তস্য শরীর এব মন আসীৎ॥ ৬

তখন আপনি করিল কামনা মহৎ যজ্ঞ তরে
ভাবে পুনরায় যজ্ঞ করিব এই কথা মনে ক'রে
শ্রান্ত তপ্ত হইলেন যবে
দেহ হতে যশ বীর্য্য যে তবে
বাহির হইয়া বাহিরায় প্রাণ দেহ তাঁর স্ফীত হয়
কিন্তু তাহার মন দেহ মাঝে আসক্ত হয়ে রয়।

সোঽকাময়ত মেধ্যং ম ইদং স্যাদাত্মন্ব্যনেন স্যামিতি। ততোঽশ্বঃ
সমভবদ্ যদশ্বৎ তন্মেধ্যমভূদিতি তদেবাশ্বমেধস্যাশ্বমেধত্বম।
এষ হ বা অশ্বমেধং বেদ য এনমেবং বেদ। তমনবরুধ্যৈবামন্যত।
তং সংবৎসরস্য পরস্তাদাত্মন আলভত। পশূন্ দেবতাভ্যঃ
প্রত্যৌহৎ। তস্মাৎ সর্বদেবত্যং প্রোক্ষিতং প্রাজাপত্যমালভন্ত
এষ হ বা অশ্বমেধো য এষ তপতি তস্য সংবৎসর আত্মাঽয়মগ্নি-
রর্কস্তস্যেমে লোকা আত্মানস্তাবেতাবর্কাশ্বমেধৌ। সো
পুনরেকৈব দেবতা ভবতি মৃত্যুরেবাপ পুনর্মৃত্যুং জয়তি নৈনং
মৃত্যুরাপ্নোতি মৃত্যুরস্যাত্মা ভবত্যেতাসাং দেবতানামেকো
ভবতি॥ ৭

তখন কামনা করিলেন তিনি দেহমেধ্যর তরে
স্ফীত সেই দেহ হয়েছিল বলে অশ্বৎ বলে তারে
অশ্ব মেধ্য দুই হয় বলে
অশ্বমেধ তা লোকে সব বলে

এই তত্ত্ব যে অশ্বমেধের কারণ যেজন জানে
পশু না বাঁধিয়া তাহার বিষয় চিন্তয় মনে প্রাণে।
বছর পরেতে আপনার তরে হিংসে বা বধ করে
অপর পশুরে করিল প্রদান দেবতাগণের তরে।
সেই জন্যই আজো যাজ্ঞিক দেবগণ উদ্দেশে
মন্ত্রের দ্বারা শোধিত পশুকে বধ করে তাই শেষে
প্রজাপতি তরে করে সেই দান
জানে এ তথ্য যেই মতিমান
সূর্য তাহার তাপ বিকীরণে অশ্বমেধই হয়
সম্বৎসর শরীর তাঁহার অগ্নি যজ্ঞ ময়।
এই লোক সব দেহ অবয়ব অর্ক অশ্বমেধ
দুই এক ইহা জানে যেই জন সকল জানার শেষ
মন্ত্রের দ্বারা শুদ্ধ হইয়া
দেয় আপনারে যেজন সঁপিয়া
দেব উদ্দেশে আপনার সব করে সেই জন দান
মৃত্যু তাহারে মারিতে না পারে অমৃত লোকেতে যান।

প্রথমাধ্যায় ঃ তৃতীয় ব্রাহ্মণ

দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চ। ততঃ কানীয়সা এব দেবা জ্যায়সা অসুরাস্ত এষু লোকেষস্পর্ধন্ত তে হ দেবা উচুর্হন্তাসুরান্ যজ্ঞ উদগীথেনাত্যয়ামেতি ॥ ১

প্রজাপতির দুই সন্তান দেবও অসুরগণ
সংখ্যায় হয় দেবতারা কম অসুরেরা বহুজন
ভোগ করিবারে এই দুই দল
প্রতিদ্বন্দ্বিতা করেন কেবল
দেবতারা ভাবে উদগীথ দ্বারা আমরা যজ্ঞ করে
অসুর দলকে পরাভূত করি হইব অগ্র দলে।

তে হ বাকমূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যো বাগুদগায়ৎ। যো বাচি ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎ কল্যাণং বদতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতি-রূপং বদতি স এব স পাপ্মা ॥ ২

তখন তাহারা বাগদেবতাকে কহিল প্রণতি করি
আমাদের তরে উদগীথ গাথা করো কল্যাণস্মরি
তথাস্তু বলে করে তবে গান
বাক্যের দ্বারা হয় লাভবান
সাধারণ লাভ দেবতার তরে উদগীথ দ্বারা হয়
শুদ্ধ বর্ণ উচ্চারণের লাভ নিজ তরে লয়।
অসুরেরা তবে জানিতে পারিল করি উদগীথ গান
দেবতারা সবে জয়ী হবে জানি বাকেরে মারিল বাণ
পাপ দ্বারা বাকে বিদ্ধ করিয়া
পাপের স্পর্শ বাক্য লভিয়া
অনুচিত কথা বলে যেই জন পাপ হয় জেন তার
এই অপরাধে বাক ইন্দ্রিয় লয় এ শাস্তি ভার।

অথ হ প্রাণমূচুস্ত্বং উদগায়েতি তথেতিতেভ্যঃ প্রাণ উদগায়দ্ যঃ প্রাণে ভোগস্তং দেবেভ্য আগায়দ্যৎ কল্যাণং জিঘ্রতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং জিঘ্রতি স এব স পাপ্মা ॥ ৩

তখন দেবেরা ঘ্রাণ ইন্দ্রিয়কে বলে উদ্‌গীথ গাও
তথাস্তু বলি ঘ্রাণ বলে এর সুফল যা তুমি নাও
কিন্তু মধুর গন্ধে যা হয়
অধিক যা লাভ রহিল আমায়
অসুর তখন জানি এই কথা ঘ্রাণেরে বিদ্ধ করে
পাপ বাণ দিয়ে ঘ্রাণেন্দ্রিয়েরে বিঁধে যে নাশের তরে।
পাপের স্পর্শ লভিয়া ঘ্রাণের মন্দ গন্ধ হয়
সুগন্ধ হল ফল পুণ্যের দুর্গন্ধ পাপময়।

অথ হ চক্ষুরূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যশ্চক্ষুরুদগায়ৎ। যচ্চক্ষুষি ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎ কল্যাণং পশ্যতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদগাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং পশ্যতি স এব স পাপ্মা॥ ৪

তখন দেবতা নয়নেরে কয় উদ্‌গীথ গান তরে
তথাস্তু বলি চক্ষু দেবতা উদগীথ গান করে
চক্ষু যা কিছু সহজে দেখায়
সেই লাভটুকু দিয়ে দেবতায়
উত্তম যেই দর্শন তাহা রাখে আপনার তরে
অসুরেরা পুনঃ পাপ বান দিয়ে নয়নে বিদ্ধ করে।
পাপের পরশে ম্লান হয়ে গেল যা ছিল পুণ্যফল
দেখিতে যা নেই কুরূপ যা দেখে সে হল পাপের ফল।

অথ হ শ্রোত্রমূচুস্ত্বং ন উদগায়েতি তথেতি তেভ্যঃ শ্রোত্রমুদগায়দ্ যঃ শ্রোত্রে ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎ কল্যাণং শৃণোতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদগাত্রাঽত্যেষ্যন্তীতি তমভি-দ্রুত্য পাপ্মনাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং শৃণোতি স এব স পাপ্মা॥ ৫

তখন দেবতা উদগীথ গাথা শ্রবণে গাহিতে কয়
তথাস্তু বলি কর্ণ তখন উদগীথ গাথা গায়
সহজে যা শোনে দিয়ে দেবতারে
ভালো শোনাটুকু রাখে নিজ তরে।
অসুরেরা পুনঃ পাপ বাণ দিয়ে বেঁধে কর্ণের গায়
পাপের স্পর্শে অপ্রিয় কথা কর্ণ শুনিতে পায়।

অথ হ মন উচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যো মন উদগায়দ্ যো মনসি ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎ কল্যাণং সংকল্পয়তি তদাত্মনে তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্ম-নাঽবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং সংকল্পয়তি স এব স পাপ্মৈবমু খল্বেতা দেবতাঃ পাপ্মভিরুপাসৃজন্নেবমেনাঃ পাপ্মনাঽবিধ্যন্॥ ৬

তখন দেবেরা উদগীথ তরে মনকে গাহিতে কয়
তথাস্তু বলি মনই তখন উদগীথ গাথা গায়
মন হতে যেই সুখ লাভ হয়
সেইটুকু শুধু দিয়ে দেবতায়
কল্যাণময় সংকল্পের ফল মন নিজে নেয়
অসুর তখন পাপ বাণ দিয়ে মনকে বিঁধিয়া দেয়।
পাপের পরশে ম্লান হয়ে গেল তাহার পুণ্যফল
অশুভের তরে সংকলপতে হয় জেনো পাপ ফল।

অথ হেমমাসন্যং প্রাণমূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্য এষ প্রাণ উদগায়ত্তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাঽত্যেষ্যন্তীতি তদভিদ্রুত্য পাপ্মনাবিব্যৎসন্ যথা ঽশ্মানমৃত্বা লোষ্টোঽবিধ্বংসেতৈবং হৈব বিধ্বংসমানা বিষ্বঞ্চো বিনেশুস্ততো দেবা অভবন্ পরাঽসুরা ভবত্যাত্মনা পরাঽস্য দ্বিষন্ ভ্রাতৃব্যো ভবতি স এবং বেদ॥ ৭

তবে দেবতারা আসল মুখ্য প্রাণকে ডাকিয়া কয়
আমাদের তরে উদগীথ গাথা গাহ তুমি মহাশয়
তথাস্তু বলি গায় প্রাণ গান
জানিয়া অসুর মারে পাপ বাণ
কিন্তু এবার পরাভব মানি আপনি ধ্বংশ হয়
ঢিল দিয়ে যদি পাথরে আঘাতে ঢিল ভেঙ্গে চুরে যায়।
এইভাবে সব দেবতারা জয়ী অসুর মানিল হার
এই কথা জানে সুধী যেইজন নিশ্চয় জয় তাঁর
আত্ম শক্তি লভি সেই জন
শত্রু বিনাশে সমর্থ হন
ইহার তত্ত্ব জানে যেই জন প্রতিষ্ঠা লভে সেই
দ্বেষকারী সব জ্ঞাতি বিনষ্ট জয় মালা পরে সেই।

তে হোচুঃ ক নু সোঽভূদ্ যো ন ইত্থমসক্তেত্যয়মাস্যেঽন্তরিতি সোঽয়াস্য আঙ্গিরসোঽঙ্গানাং হি রসঃ ॥ ৮

দেবগণ কহে স্বরূপের সাথে মোদের যুক্ত করে
কোথা সেই জন পরস্পরেতে ইহাই চিন্তা করে
আস্যের মাঝে রহে সেইজন
মুখের ভিতর আকাশ যেমন
তাই এঁর নাম অয়াস্য আঙ্গিরস নামে সেই রয়
কারণ ইনিই অঙ্গ সকলে রস রূপে বহে যায়

সা বা এষা দেবতা দূর্নাম দূরং হ্যস্যা মৃত্যুর্দূরং হ বা অস্মান্মৃত্যুর্ভবতি য এবং বেদ ॥ ৯

"দূর" নামে খ্যাত এই জন জেনো এই কথা যেই জানে
মৃত্যু তাহার দূরে যায় সেই অমৃত অভয় আনে।

সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্য যত্রাসাং দিশামন্তস্তদ্ গময়াঞ্চকার তদাসাং পাপ্মনো বিন্যদধাৎ তস্মান্ন জনমিয়ান্নান্তমিয়ান্নেৎ পাপ্মানং মৃত্যুমন্ববায়ানীতি ॥ ১০

প্রাণ দেবতা সে ইন্দ্রিয়দলে তখন লইয়া যায়
পাপ মৃত্যুর পাশ হতে ছিঁড়ে সেখানেতে লয়ে যায়
দিক সকলের যেখানেতে শেষ
পাপ ফেলে দেয় ঘৃণা ভরে বেশ
সেই জন্যই পাপের কাছেতে কেহ না যাইতে চায়
সেই দেশবাসী দিগন্ত পারে কখন কেহ না যায়।

সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্যাথৈনা মৃত্যুমত্যবহৎ ॥ ১১

পরাণ দেবতা ইন্দ্রিয়গণে পাপেতে মুক্ত করে
মৃত্যু পারায়ে লয়ে গেল সবে অমৃত পারের তরে।

স বৈ বাচমেব প্রথমামত্যবহৎ সা যদা মৃত্যুমত্যমুচ্যত সোঽগ্নির ভবৎ সোঽয়মগ্নিঃ পরেণ মৃত্যুমতিক্রান্তো দীপ্যতে ॥ ১২

প্রথমেই তিনি প্রধানেন্দ্রিয় বাককে বহন করে
মৃত্যু পারায়ে বাগ দেবতাই অগ্নির রূপ ধরে
মৃত্যু অতীত রূপেতে তখন
উজলিয়া দিক অগ্নিই রন

অথ প্রাণমত্যবহৎ স যদা মৃত্যুমত্যমুচ্যত স বায়ুরভবৎ সোঽয়ং বায়ুঃ পরেণ মৃত্যুমতিক্রান্তঃ পবতে ॥ ১৩

তার পরে তিনি ঘ্রাণ ইন্দ্রিয়ে বহণ করিয়া যান
মৃত্যু পারিয়ে ঘ্রাণ ইন্দ্রিয় বায়ু হয়ে বহে যান
মৃত্যু অতীত রূপেতে তখন
পবন হইয়া প্রবাহিত হন।

অথ চক্ষুরত্যবহৎ তদ্ যদা মৃত্যুমত্যমুচ্যত স আদিত্যোঽভবৎ সোঽসাবাদিত্যঃ পরেণ মৃত্যুমতিক্রান্তস্তপতি ॥ ১৪

তার পরে তিনি আঁখিরে লইয়া বহন করিয়া যান
মৃত্যু পারিয়ে চক্ষু তখন আদিত্য রূপ পান
তাই আদিত্য মৃত্যু অতীত
তাপ দান করে দীপ্তিতে স্থিত।

অথ শ্রোত্রমত্যবহৎ তদ্ যদা মৃত্যুমত্যমুচ্যত দিশোঽভবংস্তা ইমা দিশঃ পরেণ মৃত্যুমতিক্রান্তাঃ ॥ ১৫

তার পর তিনি শ্রবণেন্দ্রিয়ে বহন করিয়া লন
মৃত্যু পারায়ে নয়ন তখন দিক রূপ নিজে হন
মৃত্যু অতীত তাই দিক সব
মৃত্যু এখানে মানে পরাভব

অথ মনোঽত্যবহৎ তদা মৃত্যুমত্যমুচ্যত স চন্দ্রমা অভবৎ সোঽসৌ চন্দ্রঃ পরেণ মৃত্যুমতিক্রান্তো ভাত্যেবং হ বা এনমেষা দেবতা মৃত্যুমতিবহতি য এবং বেদ ॥ ১৬

তখন মনকে বহন করিয়া আপনি লইয়া যান
মৃত্যু পারায়ে চন্দ্রমা রূপে আলো সবে করে দান
মৃত্যু অতীত উজ্জ্বলময়
হইয়া চন্দ্র উদিত যে হয়
এই কথা জানে যেই সুধীজন মৃত্যু হইয়া পার
দেবতা সহায়ে অমৃতে মগন হয় জেনো ঠিক তার।

অথাত্মনেঽন্নাদ্যমাগায়দ্ যদ্ধি কিঞ্চান্নমদ্যতেঽনেনৈব তদদ্যত ইহ প্রতিতিষ্ঠতি ॥ ১৭

এর পর প্রাণ গাহি সঙ্গীত অন্ন সে লাভ করে
কারণ অন্ন যে ভাবেই হোক প্রাণই আহার করে
প্রাণের দ্বারাই ভক্ষিত হন
প্রাণ তার মাঝে আপনিই রন।

তে দেবা অক্রুবন্নেতাবদ্বা ইদং সর্বং যদন্নং তদাত্মন আগাসীরনু নোঽস্মিন্নন্ন আভজস্বেতি তে বৈ মাঽভিসংবিশতেতি তথেতি তং সমন্তং পরিণ্যবিশন্ত তস্মাদ্ যদনেনান্নমত্তি তেনৈতাস্তৃপ্যন্ত্যেবং হ বা এনং স্বা অভিসংবিশন্তি ভর্তা স্বানাং শ্রেষ্ঠঃ পুর এতা ভবত্যন্নাদোঽধিপতির্য এবং বেদ য উ হৈবং বিদং স্বেষু প্রতি প্রতিবুর্ভূষতি ন হৈবালং ভার্যেভ্যো ভবত্যথ য এবৈতমনুভবতি যো বৈ তমনু ভার্যান্ বভূর্ষতি স হৈবালং ভার্যেভ্যো ভবতি ॥ ১৮

কহে দেবগণ যা কিছু অন্ন সমস্ত এতে রয়
গান করে তাহা লয়েছ আপনি যেখানে যা কিছু হয়
আমাদের কিছু তাহা হতে দাও
প্রাণ কহে বেশ তাই সবে নাও
আমার দিকেতে মুখ করে সব বসহ তোমরা তবে
তাহাই হউক বলিয়া তাহাকে ঘিরিয়া বসিল সবে।
এই জন্যই প্রাণের সহায়ে অন্ন সকলে খায়
জ্ঞাতিগণ মাঝে শ্রেষ্ঠ, বাকিরা মুখাপেক্ষী যে হয়
জ্ঞাতিগণ মাঝে শ্রেষ্ঠ হইয়া
প্রচুর অন্ন লভিয়া ভোগিয়া
জ্ঞাতিগণ মাঝে শ্রেষ্ঠ হইয়া অধিপতি তিনি হন
তাঁকে যারা মানে পোষ্যবর্গ সুখে জেনো তারা রন।
বিরোধিতা করে মূর্খ যে জন হতভাগ্য সে হায়
আপন পোষ্য পালনে তাহার দুঃখ না বলা যায়।

সোঽয়াস্য আঙ্গিরসোঽঙ্গানাং হি রসঃ প্রাণো বা অঙ্গানাং রসঃ প্রাণো হি বা অঙ্গানাং রসস্তস্মাদ্ যস্মাৎ কস্মাচ্চাঙ্গাৎ প্রাণ উৎক্রামতি তদেব তচ্ছুষ্যত্যেষ হি বা অঙ্গানাং রসঃ ॥ ১৯

ইহার নামই অয়াস্য জেনো ইনিই আঙ্গিরস
অঙ্গ সকলে রস হয় এই এই হয় প্রাণরস
অঙ্গের রস পরাণের রস সব জেন প্রাণময়
প্রাণের অধীন ইন্দ্রিয়গণ প্রাণ হল রসময়।

এষ উ এব বৃহস্পতির্বাগ্বৈ বৃহতী তস্যা এষ পতিস্তস্মাদু বৃহস্পতি॥ ২০

বৃহস্পতি সে নাম ধরে এই বাক ও বৃহতী এই
বৃহতী অর্থে ছন্দ তাহার পতি বৃহস্পতি যেই।

এষ উ এব ব্রহ্মণস্পতির্বাগ্বৈ ব্রহ্ম তস্যা এষ পতিস্তস্মাদু ব্রহ্মণস্পতিঃ॥ ২১

ব্রাহ্মণস্পতি ইনিই আবার বাকই ব্রহ্ম হয়
ইনি তাঁর পতি ব্রহ্মণস্পতি নাম সে কারণে রয়।

এষ উ এব সাম বাগ্বৈ সাঽমৈষ সা চামশ্চেতি তৎ সাম্নঃ সামত্বম্। যদ্বেব সমঃ প্লুষিণা সমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভির্লোকৈঃ সমোঽনেন সর্বেণ তস্মাদ্বেব সামাশ্নুতে সাম্নঃ সাযুজ্যং সলোকতাং য এবমেতৎ সাম বেদ॥ ২২

ইনিই আবার সাম্ বাক সা ও প্রাণ অম
সামমন্ত্রেতে সা রূপেতে বাক্ প্রাণরূপে রয় অম
এই প্রাণ ছোট উই পোকা মত
ছোট মশা আর বড় হাতি মত
ত্রিলোকের সম বিশ্ব সমান বিরাট সাম যে হয়
প্রাণরূপে এই সামকে যে জানে একত্ব সেই পায়।
একত্ব মানে সব এক জানি ব্রহ্মেতে পায় লয়
তাহার কাছেতে উই পোকা আর হাতিতে প্রভেদ নয়।

এষ উ বা উদ্গীথঃ প্রাণো বা উৎ প্রাণেন হীদং সর্বমুত্তব্ধং বাগেব গীথোচ্চ গীথা চেতি স উদ্গীথঃ॥ ২৩

ইনিই আবার উদগীথ রূপে কল্যাণ কথাময়
প্রাণই যে উং প্রাণের দ্বারায় জগৎ উঠিয়া রয়
এবং বাকই গীতি রূপ ধরে
উদ ও গীথার বর্ণনা করে
উং ও গীথা দোঁহেতে মিলিয়া উদগীত তবে হয়
ভক্তি প্রসূত উদগীথ তাই হয় মঙ্গলময়।

তদ্ধাপ ব্রহ্মদত্তশ্চৈকিতানেয়ো রাজানং ভক্ষয়ন্নুবাচায়ং ত্যস্য রাজা মূর্ধানং বিপাতয়তাদ্ যদিতোঽয়াস্য আঙ্গিরসোঽন্যে নোদগায়দিতি বাচা চ হ্যেব স প্রাণেন চোদগায় দিতি ॥ ২৪

উক্ত বিষয়ে প্রবাদ আছে যে এই কথা শোনা যায়
চিকিতান নাতি ব্রহ্মদত্ত সোমপানে রত রয়
খাইতে খাইতে বল্লেন তখন
ইহার সহায় ভিন্ন কখন
যদি কোন জন প্রাণ দিয়ে বাদ উদগীথ গাথা গায়
মিথ্যা বলার অপরাধে মোর মাথা যেন খসে যায়।
শ্রুতি বলেছেন পরমানন্দ লভিতে যদি বা হয়
উদগীথ গান বিনা তা হবে না জেনো ইহা নিশ্চয়

তস্য হৈতস্য সাম্নো যঃ স্বং বেদ ভবতি হাস্য স্বং তস্য বৈ স্বর এব স্বং তস্মাদার্ত্বিজ্যং করিষ্যন্ বাচি স্বরমিচ্ছেত তয়া বাচা স্বর সম্পন্নয়ার্ত্বিজ্যং কুর্যাৎ তস্মাদ্ যজ্ঞে স্বরবন্তং দিদৃক্ষন্ত এব। অথো যস্য স্বং ভবতি ভবতি হাস্য স্বং য এব মেতৎ সাম্নঃ স্বং বেদ ॥ ২৫

আগে বলা এই প্রাণ সম্পদে সামরূপে যেই জানে
সম্পদ লাভ হয় জেন তার কণ্ঠ মধ্যখানে
স্বরই সামের সম্পদ হয়
ঋত্বিক যবে যজ্ঞ করয়
মধুর কণ্ঠে উদগীথ গাথা গান করে সেই জন
সম্পদ বলি সেই মানুষেরে দেখিবারে চায় মন।

তস্য হৈতস্য সাম্নো যঃ সুবর্ণং বেদ ভবতি হাস্য সুবর্ণং তস্য বৈ স্বর এব সুবর্ণং ভবতি হাস্য সুবর্ণং য এবমেতৎ সাম্নঃ সুবর্ণং বেদ ॥ ২৬

আগে বলা এই সামের অর্থ সুবর্ণ বলি জেনো
সু অর্থাৎ সুন্দর ভাবে বর্ণ উচ্চারণ মেনো
সুবর্ণ মানে জানে যেইজন
সুবর্ণ লাভ করে সেই জন
সুন্দর ভাবে উচ্চারণের অধিকার তার হয়
শুদ্ধ উচ্চারণেতে সেকথা মধু হতে মধু ময়।

তস্য হৈতস্য সাম্নো যঃ প্রতিষ্ঠাং বেদ প্রতি হ তিষ্ঠতি তস্য বৈ বাগেব প্রতিষ্ঠা বাচি হি খল্বেষ এতৎ প্রাণঃ প্রতিষ্ঠিতো গীয়তে ঽন্ন ইত্যু হৈক আহুঃ ॥ ২৭

আগে বলা এই সামের অর্থ আশ্রয়ে যেই জানে
আশ্রয় লাভ করে সেইজন প্রাণের মধ্যিখানে
বাকই প্রাণের আশ্রয় হয়
বাক প্রাণে গানে পরিণত হয়
কেহ কেহ বলে অন্নাশ্রয়ে প্রাণ এই রূপ ধরে
মন সুখে তাই আপন মনেরে প্রকাশে মধুর স্বরে।

অথাতঃ পবমানানামেবাভ্যারোহঃ স বৈ খলু প্রস্তোতা সাম প্রস্তৌতি স যত্র প্রস্তুয়াৎ তদেতানি জপেৎ। অসতো মা সদ্গময় তমসো মা জ্যোতির্গময় মৃত্যোর্মাঽমৃতং গময়েতি স যদাহাসতো মা সদ্গময়েতি মৃত্যুর্বা অসৎ সদমৃতং মৃত্যোর্মাঽমৃতং গময়ামৃতং মা কুর্বিত্যেবৈতদাহ তমসো মা জ্যোতির্গময়েতি মৃত্যুর্বৈ তমো জ্যোতিরমৃতং মৃত্যোর্মাঽমৃতং গময়ামৃতং মা কুর্বিত্যেবৈতদাহ মৃত্যোর্মাঽমৃতং গময়েতি নাত্র তিরোহিতমিবাস্তি। অথ যানীতরাণি

স্তোত্রাণি তেষ্বাত্মনেঽগ্নাত্মমাগায়েৎ তস্মাদু তেষু বরং বৃণীত যং কামং কাময়েত তং স এষ এবং বিদুদ্‌গাতাত্মনে বা যজমানায় বা যং কামং কাময়তে তমাগায়তি তদ্ধৈতল্লোকজিদেব ন হৈবালোক্য-তায়া আশাঽস্তি য এনমেতৎ সাম বেদ ॥ ২৮

প্রাণ উপাসনা পরেতে বক্ষে জপ অধিকার হয়
প্রস্তোতা নামে ঋত্বিক তবে সাম প্রস্তাব কয়
পূজক সেজন ভকতি ভরেতে
যজু এ মন্ত্র জপে বিধিমতে

অসৎ হইতে লও সৎ পথে আধার হইতে আলো
মৃত্যু হইতে অমৃতেতে লও কাটুক সকল কালো।
অসৎ অর্থ মৃত্যু সতের অর্থ অমৃত ময়
সহজ কথায় সরল ভাবেতে এই ত অর্থ হয়

সত্য পথেতে যাইবার তরে
দেবতা চরণে প্রার্থনা করে

সত্যে লভিলে সকল দুঃখ নিমেষে মিলায়ে যায়
সত্যের মাঝে নেহারে সে শিবে চির মঙ্গলময়।
এ মন্ত্র গাহি যজমান লাগি অন্ন তখন চায়
জ্ঞানী সুধীজন বলি এ মন্ত্র যাহা চায় তাই পায়
তবু বা অবোধ বল কোনজন
চায় ধুলিবালি ফেলিয়া রতন
সত্যে জানিলে সত্যে পাইলে সকলি তুচ্ছ তার
নাহি চায় আর স্বর্গ সেজন ব্রহ্ম লব্ধ যার।

আত্মৈবেদমগ্র আসীৎ পুরুষবিধঃ সোঽনুবীক্ষ্য নান্যদাত্মনো-
ঽপশ্যৎ সোঽহমস্মীত্যগ্রে ব্যাহরৎ ততোঽহংনামাঽভবৎ
তস্মাদপ্যেতর্হ্যামন্ত্রিতোঽহময়মিত্যেবাগ্র উক্ত্বাঽথা
ন্যন্নাম প্রব্রূতে যদস্য ভবতি স যৎ পূর্বোঽস্মাৎ সর্বস্মাৎ
সর্বান্‌পাপ্মন ঔষৎ তস্মাৎ পুরুষ ওষতি হ বৈ স তং
যোঽস্মাৎ পূর্বো। বুভূষতি য এবং বেদ। ১

প্রথমে জগৎ পুরুষ রূপেতে বিরাট আত্মা ছিল
আপন মনেতে আলোচিয়া শুধু নিজেরেই নিরখিল
আমি আছি এই কথাটি বলিয়া
আমি নাম ধারি আপনি হইয়া
সে কারণ আজো কে তুমি বলিলে আমি এই কথা বলে
আপনার নাম বলে তার পরে পুনঃ কেহ জিগাসিলে।
এ সবের আগে সকল পাপকে দগ্ধ সেজন করে
সেই কারণেতে সাধক সেজন পুরুষ নাম সে ধরে
তাহার চাইতে বড় হইবারে
যদি কোন জন চেষ্টা সে করে
দগ্ধ হয় সে পাপের মতন পুরাণের কথা এই
তাঁহার চাইতে শ্রেষ্ঠ কি হয়? শ্রেষ্ঠতম যে সেই।

সোঽবিভেৎ তস্মাদেকাকী বিভেতি স হায়মীক্ষাং চক্রে যন্মদন্যন্নাস্তি
কস্মান্নু বিভেমীতি তত এবাস্য ভয়ং বীয়ায় কস্মাদ্ধ্যভেষ্যদ্‌
দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি॥ ২

তখন আপনি ভয় পান তিনি, তাই একা ভয় হয়
বিরাট তখন ভাবেন মনেতে আমি ছাড়া কেহ নয়

তবে কোথা হতে এ ভয় আসিল
ভাবিতেই সব ভয় চলে গেল
কারণ তাঁহার ভয় করিবার কেহ ত কোথাও নাই
অপর কেহ সে থাকিলে তবে ত তার কাছে ভয় পাই।

স বৈ নৈব রেমে তস্মাদেকাকী ন রমতে স দ্বিতীয়মৈচ্ছৎ। স হৈতাবানাস যথা স্ত্রীপুমাংসৌ সম্পরিষ্বক্তৌ স ইমমেবাত্মানং দ্বেধাঽপাতয়ৎ ততঃ পতিশ্চ পত্নী চাভবতাং তস্মাদিদমর্ধবৃগলমিব স্ব ইতি হ স্মাহ যাজ্ঞবাল্ক্যস্তস্মাদয়মাকাশঃ স্ত্রিয়া পূর্যত এব তাং সমভবং ততো মনুষ্যা অজায়ন্ত॥ ৩

আনন্দ মনে হল না তাঁহার একা কেহ খুসী নয়
সঙ্গীর তরে হল অভিলাষ এক দেহ দুই হয়
এ ভাবে পতি ও পত্নী হইল
অর্দ্ধেক হয়ে অর্দ্ধ সৃজিল
তাই বলে সবে বিবাহের আগে অর্দ্ধেক সবে রয়
অর্দ্ধাঙ্গিনী হলে পরে তবে শূন্য পূরণ হয়
যাজ্ঞবল্ক্য বলে এই কথা মহা ঋষি সেই জন
মিথুনের দ্বারা দোঁহার মিলনে মানুষ সৃজন হন।

সো হেয়মীক্ষাং চক্রে কথং নু মাত্মন এব জনয়িত্বা সংভবতি হন্ত তিরোঽসানীতি সা গৌরভবদৃষভ ইতরস্তাং সমেবাভবৎ ততো গাবোঽজায়ন্ত বড়বেতরাঽভবদশ্ববৃষ ইতরো গর্দভীতরা গর্দভ ইতরস্তাং সমেবাভবৎ তত একশফম জায়ন্তাজেতরাঽভবদ্বস্ত ইতরোঽবিরিতরা মেষ ইতরস্তাং সমেবাভবৎ ততোঽজাবয়োঽজায়ন্তৈবমেব যদিদং কিঞ্চ মিথুনমাপিপীলিকাভ্যস্তৎ সর্বমসৃজত॥ ৪

ভাবেন স্ত্রীরূপা (ভাবেন আপনি) আমারে সৃজন করে
মোরে উপগত হইলেন ইনি না জানি কেমন করে
অদৃশ্য তবে আমি হয়ে যাই
এই ভেবে মনে রূপ ধরে গাই
পুরুষের রূপে মনু সে আপনি বৃষ হয়ে উপগত
এই ভাবে হল গাভীর সৃষ্টি শাস্ত্রের এই মত।
তখন ঘোটকী হইলেন তিনি মনু সে ঘোটক হয়
গর্দভী হলে হয়ে গর্দভ তাতে উপগত হয়
এক খুর যত জন্তু সকল
এই ভাবে সব সৃষ্ট হইল
ছাগী হইলেই ছাগ হন তিনি মেষী হলে মেষ হয়
তাতে উপগত ছাগের মেষেরে সৃজন এমনি হয়
এই ভাবে তিনি পিপীলিকা হতে যত কিছু জীব আছে
সবার সৃজন করিলেন তিনি স্ত্রী পুরুষ যত রাজে।

সোঽবেদহং বাব সৃষ্টিরস্ম্যহং হীদং সর্বমসৃক্ষীতি ততঃ সৃষ্টির ভবৎ সৃষ্ট্যাং হাস্যৈতস্যাং ভবতি য এবং বেদ॥ ৫

জানিলেন তিনি সৃষ্টি রূপেতে আমিই বিদ্যমান
কারণ নিজেই করেন সৃজন ধরেন সৃষ্টি নাম
যিনি এই রূপে তাহারে জানেন
সৃষ্টির মাঝে স্রষ্টা যে হন
আপন ভিন্ন এ জগৎ মাঝে আর কিছু নাহি দেখে
সবের মাঝেতে হেরে ভগবান তিনিময় সব দেখে

অথেত্যভ্যমন্থৎ স মুখাচ্চ যোনের্হস্তাভ্যাং চাগ্নিমসৃজত
তস্মাদেতদুভয়মলোমকমন্তরতোঽলোমকা হি যোনিরন্তরতঃ।
তদ্ যদিদমাহুরমুং যজামুং যজেত্যেকৈকং দেবমেতস্যৈব সা
বিসৃষ্টিরেষ উ হ্যেব সর্বে দেবাঃ। অথ যৎ কিঞ্চেদমার্দ্রং
তদ্রেতসোঽসৃজত তদু সোম এতাবদ্বা ইদং সর্বমন্নং চৈবান্নাদশ্চ
সোম এবান্নমগ্নিরন্নাদঃ সৈষা ব্রহ্মণোঽতিসৃষ্টিঃ যচ্ছ্রেয়সো দেবান
সৃজতাথ যন্মর্ত্যঃ সন্নমৃতানসৃজত তস্মাদতিসৃষ্টিরতি সৃষ্ট্যাং
হাস্যৈতস্যাং ভবতি য এবং বেদ॥ ৬

এর পর তিনি আগে ও পিছনে হস্ত সঞ্চালিয়া
মন্থন করে মুখ হাত হতে অগ্নি উৎপাদিয়া
হাত মুখ তাই লোমহীন হয়
যখন সকলে একথা কহয়

এই দেবতার উদ্দেশে তুমি আপনি যজ্ঞ করো
ভিন্ন দেবতা কখনও নয় সবই পরমেশ্বর।
দাতার সাথেতে দত্ত ধনের তুলনা যেমন নয়
স্রষ্টার সাথে সৃষ্টিও জেনো পৃথক তেমনি হয়
সমস্ত এই জগৎ হইতে পৃথক তাহাত নয়
অন্ন এবং অন্নাদ দুই তাঁহারি সৃষ্ট হয়
ভক্ষ এবং ভক্ষক রূপে অন্ন ভোজী যে জন
সোমই চন্দ্র রূপেতে অন্ন অগ্নি অন্নভোজী হন
সাধক প্রজাপতির সৃষ্টি
উৎকৃষ্টতর সে অতি সৃষ্টি

নিজে মর হয়ে অমর সৃজিয়া দেবগণে করে শ্রেষ্ঠতম
অপরূপ লীলা জানে যেই জন হয় সেই জন স্রষ্টা সম।

তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসীৎ তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তা
সৌনামাঽয়মিদংরূপ ইতি তদিদমপ্যেতর্হি নামরূপাভ্যামেব
ব্যাক্রিয়তেঽসৌনামাঽয়মিদংরূপ ইতি স এষ ইহ প্রবিষ্টঃ।
আনখাগ্রেভ্যো যথা ক্ষুরঃ ক্ষুরধানেঽবহিতঃ স্যাদ্বিশ্বম্ভরো বা
বিশ্বম্ভরকুলায়ে তং ন পশ্যন্তি। অকৃৎস্নো হি স প্রাণন্নেব
প্রানো নাম ভবতি। বদন্ বাক্ পশ্যংশ্চক্ষুঃ শৃণ্বঞ্ শ্রোত্রং
মন্বানো মনস্তান্যস্যৈতানি কর্মনামান্যেব। স যোঽত
একৈকমুপাস্তে ন স বেদাকৃৎস্নো হ্যেযোঽত
একৈকেন ভবত্যাত্মেত্যেবোপাসীতাত্র হ্যেতে সর্ব একং
ভবন্তি। তদেতৎ পদনীয়মস্য সর্বস্য যদয়মাত্মাঽনেন
হ্যেতৎ সর্বং বেদ। যথা হ বৈ পদেনানুবিন্দেদেবং কীর্তিং
শ্লোকং বিন্দতে য এবং বেদ ॥ ৭

প্রকাশ বিহীন জগৎ তখন সেখানে যেমন ছিল
পরে নাম রূপে প্রকাশ হইয়া সর্ব্বগোচর হল
ক্ষুরধানে যথা ক্ষুর রাখা হয়
অগ্নি কুলায়ে অগ্নি সেরয়
আত্মা তেমনি এ দেহের মাঝে নখের প্রান্তময়
রহিয়াছে ব্যাপি তবুও তাহারে চক্ষে না দেখা যায়
লোকে যাহা দেখে চক্ষের মাঝে পূর্ণ আত্মা নয়
নিশ্বাস আর প্রশ্বাস দ্বারা এর প্রাণ নাম হয়
কথায় ইহার বাক নাম হয়
দরশন কালে চক্ষু কহয়
শ্রবণ কালেতে শোত্র নামেতে মননেতে নাম মন
বিভিন্ন কাজে বিভিন্ন নামে একই প্রকাশিত হন।
পৃথক ভাবিয়া করে উপাসনা জ্ঞান হীন যেই জন
অপূর্ণ এ আত্মারে ভাবে পূর্ণই বুঝি হন

ইনিই আত্মা এই কথা স্মরে
আত্মার মাঝে সমুদয় হেরে

আত্মা জানিলে সব জানা যায়। পদচিহ্নরে হেরে
লুকান পশুরে পুনঃ পাওয়া যায় আবার যেমন করে।
আত্মাকে জানি জানা যায় জেন তার যাহা সমুদয়
একথা যে জানে কীর্তি ও যশ লাভ তার জেন হয়।

তদেতৎ প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়োঽন্যস্মাৎ সর্ব্বস্মাদন্তরতরং যদয়মাত্মা স যোঽন্যমাত্মনঃ প্রিয়ংব্রুবাণং ব্রূয়াৎ প্রিয়ং রোৎস্যতীতীশ্বরো হ তথৈব স্যাদাত্মানমেব প্রিয়মুপাসীত স য আত্মানমেব প্রিয়মুপাস্তে ন হাস্য প্রিয়ং প্রমায়ুকং ভবতি ॥ ৮

এই যে আত্মতত্ত্ব সে হয় পুত্র হইতে প্রিয়
চিত্ত হইতে প্রিয়তর তাহা নিশ্চয় মেনে নিও

অন্তরতম প্রিয় যেইজন
তাঁহার সঠিক জানে যেইজন

সেই যদি বলে তোমার যে প্রিয় তাহার হইবে নাশ
একথা তাঁহার হবেই সত্য হবেই সর্বনাশ।

আত্মাকে যেই প্রিয় বলি জানে তার নাশ নাহি হয়।
অবিনাশী এই আত্মতত্ত্ব অক্ষয় নির্ভয়।

তদাহুঃ যদ্ ব্রহ্মবিদ্যয়া সর্বং ভবিষ্যন্তো মনুষ্যা মন্যন্তে। কিমু তদ্ ব্রহ্মাবেদ যস্মাৎ সর্বমভবদিতি ॥ ৯

ব্রহ্মতত্ত্ব জানেন যাঁহারা তাঁহারা একথা বলে
ব্রহ্ম বিদ্যা সহায়ে সর্ব স্বরূপ হইব বলে

মানুষেরা যবে এই মনে করে
ব্রহ্ম এমন কি জানিল পরে ?

যাহা হতে তিনি সর্ব স্বরূপ এমন করিয়া হয়
মানুষের মনে ব্রহ্ম জ্ঞানের এই আশ জনময়।

ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ তদাত্মানমেবাবেৎ। অহং ব্রহ্মাস্মীতি। তস্মাৎতৎ সর্বমভবত্তদ্যো যো দেবানাং প্রত্যবুধ্যত স এব তদভবৎতথর্ষীণাং তথা মনুষ্যাণাং তদ্ধৈতৎপশ্যন্নৃষির্বামদেবঃ প্রতিপেদেঽহং মনুরভং সূর্যশ্চেতি। তদিদমপ্যেতর্হি য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্বং ভবতি তস্য হ ন দেবাশ্চনাভূত্যা ঈশতে। আত্মা হ্যেষাং স ভবতি অথ যোঽন্যাং দেবতা মুপাস্তে ঽন্যোঽসাবন্যোঽহমস্মীতি। ন স বেদ যথা পশুরেবং স দেবানাং। যথা হ বৈ বহবঃ পশবো মনুষ্যং ভুঞ্জ্যুরেব মেকৈকঃ পুরুষো দেবান্ ভুনক্ত্যেকস্মিন্নেব পশাবাদীয় মানেঽপ্রিয়ং ভবতি কিমু বহুষু তস্মাদেষাং তন্ন প্রিয়ং যদেত ন্মনুষ্যা বিদ্যুঃ॥ ১০

জ্ঞানোদয় আগে এ জগৎ যেন ব্রহ্ম রূপেই ছিল
সর্ব্বাত্মক হইয়া আপনি আপনা জানিয়াছিল
এই জেনে তিনি সমুদয় হন
এই জ্ঞান লভে যেই দেবগণ
তাঁহারাও জেনো মুনি বা মানব যারা এ তথ্য জানে
আপনার মাঝে সবারে পাইয়া ব্রহ্ম স্বরূপ মানে।
বামদেব ঋষি জানি এ প্রকার জ্ঞান লাভ করেছিল
জানে সেই জন মনু ও সূর্য দুই সেই হয়েছিল
জ্ঞানে এই কথা যেই জ্ঞানীজন
ব্রহ্মে লভিয়া সমুদয় হন
সবার মাঝেতে নিজেরে হেরিয়া লভে সে আত্মজ্ঞান
দেবতা দিগের অসাধ্য রোধে—যাহা চায় তাই পান।
আর যেই জন আপনারে আর ব্রহ্মে পৃথক জ্ঞানে
পূজে যেই জন মনে জেনো ঠিক কিছুই সে নাহি জানে

মানবের কাছে পশুর সমান
দেবদল মাঝে সেই অজ্ঞান
পশুরা যেমন মানবের সেবা নানা ভাবে সদা করে
অজ্ঞান নর তেমনি করিয়া দেবতার সেবা করে
পোষ্য পশুরে হারালে যেমন মোদের দুঃখ হয়
মানব সকলে ব্রহ্মে লভিলে দেবতারা খুসী নয়।

ব্রহ্ম বা ইদমগ্র আসীদেকমেব তদেকং সন্ন ব্যভবৎ। তচ্ছ্রেয়ো রূপমত্যসৃজত ক্ষত্রং যান্যেতানি দেবত্রা ক্ষত্রাণীন্দ্রো বরুণঃ সোমো রুদ্রঃ পর্জন্যো যমো মৃত্যুরীশান ইতি।
তস্মাৎ ক্ষত্রাৎ পরং নাস্তি তস্তাদ্ ব্রাহ্মণঃ ক্ষত্রিয়মধস্তাদুপাস্তে রাজসূয়ে ক্ষত্র এব তদ্যশো দধাতি সৈষা ক্ষত্রস্য যোনির্যদ্ ব্রহ্ম তস্মাদ্যদ্যপি রাজা পরমতাং গচ্ছতি ব্রহ্মৈবান্তত উপনিশ্রয়তি স্বাং যোনিং য উ এনং হিনস্তি স্বাং স যোনি মৃচ্ছতি স পাপীয়ান্ ভবতি যথা শ্রেয়াংসং হিংসিত্বা॥ ১১

ক্ষত্রিয় আদি জাতির আগেতে শুধুই ব্রহ্ম ছিল
তাহার অর্থে ব্রাহ্মণ রূপ শুধু একজাত ছিল
সেই প্রজাপতি এক মহিমায়
কোন কাজ হায় করা নাহি যায়
তবে প্রজাপতি শ্রেষ্ঠ রূপী সে ক্ষত্র সৃষ্টি করে
ইন্দ্র বরুণ সোম রুদ্র ও পর্জন্য রূপ ধরে।
মৃত্যু ঈশান আদি যত সব ক্ষত্রিয় দেবগণ
তাহাদের সব করেন সৃষ্টি শ্রেষ্ঠই তাঁরা হন
রাজসূয় সেই যজ্ঞ সময়
রাজার নিম্নে ব্রাহ্মণ রয়
ক্ষত্রিয় পরে করে অর্পণ ব্রহ্মণত্ব তার
কাহার মহিমা কেমনে বোঝাব সাধ্য বল বা কার?

ব্রাহ্মণ হতে হল ক্ষত্রিয় তাই রাজা হইলেও
নিজ উৎপত্তি হল যাতে তা তারে করে আশ্রয়
অবজ্ঞা যদি ব্রাহ্মণে করে
নিজের স্রষ্টা একথা না স্মরে
শ্রেষ্ঠ জনের হিংসাব পাপে পাপী হয় সেইজন
ব্রাহ্মণ হতে ক্ষত্র জনম জানে যত জ্ঞানীগণ

স নৈব ব্যভবৎ স বিশমসৃজত যান্যেতানি দেবজাতানি গণশ আখ্যায়ন্তে বসবো রুদ্রা আদিত্যা বিশ্বেদেবা মরুত ইতি ॥ ১২

ক্ষত্রিয় দলে সৃষ্টি করেও কার্য হল না তাঁর
বৈশ্য জাতির করেন সৃষ্টি তবে তিনি এইবার
দেবতাব মাঝে যত বসুগণ
রুদ্র আাদত্য বিশ্ব মরুদগণ
গণ ভেদে সবে কবেন সৃজন বলিব কত বা আর
অষ্ট বসু ও একাদশ রুদ্র নানারূপ নাম তার
দ্বাদিশ আদিত্য বিশ্বদেবেরা এই ভাবে জেনো হয়
দেবতা দলের মাঝেও বৈশ্য জাতি হয়ে এরা রয়।

স নৈব ব্যভবৎ স শৌদ্রং বর্ণমসৃজত পুষণমিয়ং বৈ পুষেয়ং হীদং সর্বং পুষ্যতি যদিদং কিঞ্চ ॥ ১৩

তবু প্রজাপতি কর্মক্ষম হলেন না তবু হায়
শূদ্র জাতিরে করেন সৃষ্টি পুষা নাম হল তায়
পৃথিবীই যেন পুষা নামে রয়
সারা জগতেতে যে আছে যেথায়
সবাকারে তিনি করেন পোষণ তাই পুষা নাম তার
ধরিত্রী দেবী পালেন সবারে লয়ে সবাকার ভার।

স নৈব ব্যভবৎ তচ্ছ্রেয়োরূপমত্যসৃজত ধর্মং তদেতৎ ক্ষত্রস্য ক্ষত্রং যদ্ধর্মস্তস্মাদ্ধর্মাৎ পরং নাস্ত্যথো অবলীয়ান্ বলীয়াংসমাশংসতে ধর্মেণ যথা রাজ্ঞৈবং যো বৈ স ধর্মঃ সত্যং বৈ তৎ তস্মাৎ সত্যং বদন্তমাহুর্ধর্মং বদতীতি ধর্মং বা বদন্তং সত্যং বদতীত্যেতদ্ধ্যে বৈতদুভয়ং ভবতি ॥ ১৪

তবু প্রজাপতি কর্মক্ষম হলেন না কিছুতেই
কল্যাণকর ধর্মে সৃজিয়া সবের শ্রেষ্ঠ যেই
রাজার সহায়ে জয় সে যেমন
ধর্ম সহায়ে দুর্বল জন
সবলেরে জেন জয় করে সেই—ধর্ম সত্যময়
সত্য, ধর্ম, দুই জেন এক পৃথক কিছুই নয়
সত্য বলিলে বলে জ্ঞানী জন ধর্ম কথা এ হয়
ধর্ম বলিলে সত্য একথা বলে সুধী নিশ্চয়।

তদেতদ্ ব্রহ্ম ক্ষত্রং বিট্ শূদ্রস্তদগ্নিনৈব দেবেষু ব্রহ্মাভবদ্ ব্রাহ্মণো মনুষ্যেষু ক্ষত্রিয়েণ ক্ষত্রিয়ো বৈশ্যেন বৈশ্যঃ শূদ্রেণ শূদ্রস্তস্মাদগ্নাবেব দেবেষু লোকমিচ্ছন্তে ব্রাহ্মণে মনুষ্যেষ্বেতাভ্যাং হি রূপাভ্যাং ব্রহ্মাভবৎ। অথ যো হ বা অস্মাল্লোকাৎ স্বং লোকমদৃষ্ট্বা প্রৈতি স এনমবিদিতো ন ভুনক্তি যথা বেদো বাহননূক্তোঽন্যদ্বা কর্মাকৃতং যদিহ বা অপ্যনেবংবিন্মহৎ পুণ্যং কর্ম করোতি তদ্ধাস্যান্ততঃ ক্ষীয়ত এবাত্মানমেব লোকমুপাসীত স য আত্মানমেব লোকমুপাস্তে ন হাস্য কর্ম ক্ষীয়তে অস্মাদ্ধ্যেবাত্মনো যদ্ যৎ কাময়তে তৎতৎ সৃজতে ॥ ১৫

ব্রাহ্মণ আর ক্ষত্রিয় আর বৈশ্য শূদ্র হল
তিনি দেব মাঝে অগ্নি রূপেতে ব্রাহ্মণ রূপ নিলো
মানুষের মাঝে ব্রাহ্মণ হন
ক্ষত্রিয় মাঝে ক্ষত্রিয় জন
বৈশ্যর মাঝে বৈশ্য সেজন শূদ্র শূদ্র মাঝে
সবার মাঝেতে সেজন বিরাজে সেই জনই নানা সাজে
সেই জন্যই দেবগণ মাঝে অগ্নির পূজা করে
মানুষের মাঝে ব্রাহ্মণে পূজে সকলে ভকতি ভরে
এ দুয়ের মাঝে ব্রহ্মই রয়
স্বরূপে ব্রহ্ম প্রকাশিত হয়
আত্মতত্ত্ব না জেনে যেজন ইহলোক হতে যায়
আত্মারে সেই চেনে না বলিয়া আত্মা রাখে না তায়
এই তথ্যটি না জানিয়া যদি পুণ্য কর্ম করে
কর্মের ফল শেষ হয়ে গেলে ক্ষয় লাভ সেই করে
আত্ম তত্ত্ব উপাসনা করে
তাহার কর্ম পূর্ণতে ভরে
তিনি যাহা চান তখনই পান আত্মা সৃজন করে
আত্মার মাঝে ব্রহ্মেরে পেয়ে পূর্ণ হইয়া ভরে।

অথো অয়ং বা আত্মা সর্বেষাং ভূতানাং লোকঃ স যজ্জুহোতি
যদ্যজতে তেন দেবানাং লোকোঽথ যদনুব্রূতে তেন ঋষীণামথ যৎ
পিতৃভ্যো নিপৃণাতি যৎ প্রজামিচ্ছতে তেন পিতৃণামথ
যন্মনুষ্যান্‌বাসয়তে যদেভ্যোঽশনং দদাতি তেন মনুষ্যাণামথ যৎ
পশুভ্যস্তৃণোদকং বিন্দতি তেন পশূনাং যদস্য গৃহেষু শ্বাপদা
বয়াংস্যা পিপীলিকাভ্য উপজীবন্তি তেন তেষাং লোকো যথা
হ বৈ স্বায় লোকায়ারিষ্টিমিচ্ছেদেবং হৈবং বিদে সর্বাণি
ভূতান্যরিষ্টিমিচ্ছন্তি তদ্বা এতদ্বিদিতং মীমাংসিতম॥ ১৬

এই আত্মাই সকল লোকের ভোগ্যের আশ্রয়
হোম ও যজ্ঞ করি সে আত্মা দেবলোক করে জয়
বেদ পাঠ করি যত ঋষি গণে
পিতৃগণের তর্পণ দানে
মানুষ গণের আহার ও বাস দানে সে তৃপ্ত করে
তাহার ঘরের পশু ও পক্ষী পিপীলিকা যা আহার করে
সেই পুণ্যেতে তিনি তাহাদের ভোগ্য জানিও হয়
নিজের জন্য যেমন সকলে মঙ্গল শুধু চায়
তেমনি জানিও সেই জ্ঞানী জন
নিখিল প্রাণীর কল্যাণ চান
সবাকার হিতে হিত হয় যার সেই জ্ঞানী সুধী জন
এই কথা জেন শাস্ত্রে বিচারি হইয়াছে বর্ণন।

আত্মৈবেদমগ্র আসীদেক এব সোঽকাময়ত জায়া মে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম কুর্বীয়েত্যেতাবান্ বৈ কামো নেচ্ছংশ্চ নাতো ভূয়ো বিন্দেৎ তস্মাদপ্যেতর্হ্যেকাকী কাময়তে জায়ামে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম কুর্বীয়েতি স যাবদপ্যেতেষামেকৈকং ন প্রাপ্নোত্যকৃৎস্ন এব তাবন্মন্যতে তস্যো কৃৎস্নতা মন এবাস্যাত্মা বাগ্জায়া প্রাণঃ প্রজা চক্ষুর্মানুষং বিত্তং চক্ষুষা হি তদ্বিন্দতে শ্রোত্রং দৈবং শ্রোত্রেণ হি তচ্ছৃণোত্যাত্মৈবাস্য কর্মাত্মনা হি কর্ম করোতি স এষ পাঙ্‌ক্তো যজ্ঞঃ পাঙ্‌ক্তঃ পশুঃ পাঙ্‌ক্তঃ পুরুষঃ পাঙ্‌ক্তমিদং সর্বং যদিদং কিং চ তদিদং সর্বমাপ্নোতি স এবং বেদ ॥ ১৭

পূর্ণ আত্মা অভেদ হইয়া একাই এখানে রয়
সৃষ্টির তরে জায়ার কামনা পুত্রের তরে হয়
অকৃতদার যথা মনে করে
বিবাহ করিলে স্ত্রী সে লাভ করে।

তাহা হতে পুত্র এবং বিত্ত কামনা তখন করে
যতখন ইহা নাহি পায় নিজে পূর্ণ না মনে করে।
মনই তাহার আত্মা জানিও বাক্য সে জায়া হয়
প্রাণ সন্তান চক্ষু রত্ন সম্পদ রূপে রয়
শ্রোত্র দৈব সম্পদ ময়
শ্রোত্রের দ্বারা সব জানা যায়
শরীরই ইহার কর্ম কারণ শরীরই কর্ম করে
ইহার দ্বারাই পঞ্চ প্রকাবে যজ্ঞ সাধন করে।
পঞ্চ প্রকারে পশু ও পঞ্চ পুরুষ যা কিছু রয়
যেই জানে এই তথ্য তাহার সকলি লভ্য হয়

প্রথমাধ্যায়—পঞ্চম ব্রাহ্মণ

যৎ সপ্তান্নানি মেধয়া তপসাঽজনয়ৎ পিতা।
একমস্য সাধারণং দ্বে দেবানভাজয়ৎ॥
ত্রীণ্যাত্মনেঽকুরুত পশুভ্য একং প্রাযচ্ছৎ।
তস্মিন্ সর্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি যচ্চ ন॥
কস্মাৎ তানি ন ক্ষীয়ন্তেঽদ্যমানানি সর্বদা।
যো বৈতামক্ষিতিং বেদ সোঽন্নমত্তি প্রতীকেন
স দেবানপিগচ্ছতি স ঊর্জমুপজীবতীতি শ্লোকাঃ॥ ১

তখন সে পিতা উপাসনা আর আপন কর্ম করে
সাতটি প্রকাবে অন্ন তখন সেথায় সৃজন করে
একটি অন্ন সবাকার তরে
দুইটি অন্ন দেয় দেবতারে
আপনার তরে তিনটি অন্ন এক পশুদের তরে
সেখানে যা কিছু প্রাণ প্রাণহীন রহে সে অন্ন পরে

সবাই সকল সময়ে খাইয়া অন্ন না হয় ক্ষয়
জানে যেই জন অন্ন তাহার হয়ে থাকে অক্ষয়
দেবাত্ম ভাব পান সেই জন
অন্নের মাঝে অমৃত মগন,
জীবনধারণ সার্থক তার বল লাভ সেই করে।
মুখের দ্বারায় করেন ভোজন শ্লোক আছে এর পরে।

যৎ সপ্তান্নানি মেধয়া তপসাঽজনয়ৎ পিতেতি মেধয়া হি তপসাঽজনয়ৎ পিতা। এ কমস্য সাধারণমিতীদমেবাস্য তৎ সাধারণমন্নং যদিদমদ্যতে। স য এতদুপাস্তে ন স পাপ্মনো ব্যাবর্ততে মিশ্রং হ্যেতৎ। দ্বে দেবানভাজয়দিতি হুতং চ প্রহুতং চ তস্মাদ্দেবেভ্যো জুহ্বতি চ প্র চ জুহ্বত্যথো আহুর্দর্শপূর্ণ মাসাবিতি। তস্মান্নেষ্টিযাজুকঃ স্যাৎ। পশুভ্য একং প্রায়চ্ছদিতি তৎপয়ঃ। পয়ো হ্যেবাগ্রে মনুষ্যাশ্চ পশবশ্চোপজীবন্তি তস্মাৎ কুমারং জাতং ঘৃতং বৈবাগ্রে প্রতিলেহয়ন্তি স্তনং বাঽনুধাপয়ন্ত্যথ বৎসং জাত মাহুরতৃণাদ ইতি। তস্মিন্ সর্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি যচ্চ নেতি পয়সি হীদং সর্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি যচ্চ ন। তদ্ যদিদমাহুঃ সংবৎসরং পয়সা জুহ্বদপ পুনর্মৃত্যুং জয়তীতি ন তথা বিদ্যাদ্যদহরেব জুহোতি তদহঃ পুনর্মৃত্যু মপজয়ত্যেবং বিদ্বান্ সর্বং হি দেবেভ্যোঽন্নাদ্যং প্রযচ্ছতি। কস্মাৎতানি ন ক্ষীয়ন্তেঽদ্যমানানি সর্বদেতি পুরুষো বা অক্ষিতিঃস হীদমন্নং পুনঃ পুনর্জনয়তে যোবৈতামক্ষিতিং বেদেতি পুরুষো বা অক্ষিতিঃ স হীদমন্নং ধিয়া ধিয়া জনয়তে। কর্মভির্যদ্ধৈতন্ন কুর্যাৎ ক্ষীয়েত হ সোঽন্নমত্তি প্রতীকেনেতি মুখং প্রতীকং মুখেনেত্যেতৎ স দেবানপিগচ্ছতি স ঊর্জমুপ জীবতীতি প্রশংসা॥ ২

পিতাই অন্ন উপজিল তবে উপাসনা কাজ করে
সাত প্রকারের অন্ন তখন সৃজন তথায় করে
নিখিল ভোক্তা জন্য অন্ন
নহে শুধু একা কাহারও জন্য
এ কথা না মেনে আত্মসাৎ এতে পাপ জেন তার হয়
সবার ভোজ্য একলা লইতে উচিত কখন নয়।
দেবতা গণের জন্য যে তিনি দুইটি অন্ন করে
একের অর্থ আহুতি প্রদান দুয়ে দ্রব্যোৎসর্গ করে
অপর মতেরা বলেন তা নয়
দর্শ ও পূর্ণমাস এই দুই হয়
ইহার অর্থ কামনা করিয়া ইষ্টি যোগ নাহি কোর
তাঁহারেই চাও কম্য বস্তু না চাহিয়া তাঁকে স্মরো।
পশুগণে তিনি একটি অন্ন করিলেন দান তবে
এখানে অন্ন অর্থে দুগ্ধ নবজাত খায় যবে
ঘৃত ও দুগ্ধ ভেদ বেশী নয়
লেহন করায় যাহা মন চায়
নবজাত বৎস হলে বলে লোকে এখন তৃণ না খায়
সজীব এবং নির্জীব যা কিছু সব দুধে পাওয়া যায়।
সংবৎসর দুধ দ্বারা হোম করে!জেন যেই জন
পুনঃ মৃত্যু পার হয়ে যায় এ নহে অর্থ শোনো
জানি এ তথ্য আহুতি যে জন
দেবতার তরে করে অর্পণ
সমুদয় এই অন্নই দেয় দেবেরে আহুতি করে
ভক্ষ্য অন্ন দেবতাকে দিয়ে মৃত্যুকে জয় করে।
সর্বদা সবে আহার করেও অন্ন না ক্ষয় হয়
ইহার অর্থ ভোক্তা জীবই চিরদিন অক্ষয়

বারে বারে হয় অন্ন সৃজন
তাই শেষ তাহা না হয় কখন
কর্ম এবং উপাসনা দ্বারা অন্ন সৃজন হয়
যদি তিনি ইহা না করেন তবে অন্নের হবে ক্ষয়।
প্রতীকের দ্বারা এই অন্নকে আহার করেন যিনি
দেবরূপ ধরি অমৃত ভোগেতে তৃপ্ত পূর্ণ তিনি।

ত্রীণ্যাত্মনেঽকুরুতেতি মনো বাচং প্রাণং তান্যাত্মনেঽকুরুতান্যত্রমনা অভূবং নাদর্শমন্যত্রমনা অভূবং নাশ্রৌষমিতি মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতি। কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা শ্রদ্ধাঽশ্রদ্ধা ধৃতিরধৃতি র্হ্রী র্ধী র্ভী রিত্যেতৎ সর্বং মন এব তস্মাদপি পৃষ্ঠত উপস্পৃষ্টো মনসা বিজানাতি যঃ কশ্চ শব্দো বাগেব সা। এষা হ্যন্তমায়ত্তৈষা হি ন প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানোঽন ইত্যেতৎ সর্বং প্রাণ এবৈ তন্ময়ো বা অয়মাত্মা বাঙ্ময়ো মনোময়ঃ প্রাণময়ঃ ॥ ৩

আপনার তরে তিনটি অন্ন স্থির করিলেন তবে
ইহার অর্থ মনবাক প্রাণ আপনার তরে রবে
লোকে বলে আমি আনমনা হই
তাই ইহা আমি দেখি শুনি নাই
মনের দ্বারাই করে দরশন শ্রবণ যা কিছু করে
কাম সংকল্প সংশয় আর শ্রদ্ধা রূপ সে ধরে।
অশ্রদ্ধা ও ধৃতি অধৃতি লজ্জা প্রজ্ঞা ভয়
সব রূপ ধরি মন সবামাঝে মিশিয়া আপনি রয়
পিঠে যদি কেহ স্পর্শ যে করে
মনের সহায়ে জানিতে যে পারে
বিবেক তাহারে জানাইয়া দেয় সেও জেনো ওই মন
যত কিছু ধ্বনি বাক তাহা জেনো বাক করে প্রকাশন

প্রাণ ও অপান ব্যান ও উদান সমান সকলি হন
দেহের মাঝেতে ইহা বাঙময় মনো প্রাণময় রন।

ত্রয়ো লোকা এত এব বাগেবায়ং লোকো মনোঽন্তরিক্ষলোকঃ প্রাণোঽসৌ লোকঃ ॥ ৪

বাক মন প্রাণ এই সমুদয় তিনলোক রূপে রয়
বাকই পৃথিবী মনই আকাশ প্রাণ সে স্বর্গ হয়।

এয়ো বেদা এত এব বাগেবর্গ্বেদো মনো যজুর্বেদঃ প্রাণ সামবেদঃ ॥ ৫

ইহারাই জেনো তিন বেদ রূপে এই ধরণীতে রয়
বাক ঋকবেদ মন যজুর্বেদ প্রাণ সামবেদ ময়।

দেবাঃ পিতরো মনুষ্যা এত এব বাগেব দেবা মনঃ পিতরঃ প্রাণো মনুষ্যাঃ ॥ ৬

ইহারাই হয় দেবতাবৃন্দ পিতৃগণও হয়
মানুষ সকল এইরূপ ধরি রহে জেন নিশ্চয়
বাক দেবরূপ করয়ে ধারণ
পিতৃগণেরা ধরে রূপ মন
পরান তখন মানুষ রূপেতে ইহাদের মাঝে র'ন
বাক মন প্রাণ তিনের মধ্যে তিন রূপে এঁরা র'ন।

পিতা মাতা প্রজৈত এব মন পিতা বাঙ্মাতা প্রাণঃ প্রজা ॥ ৭

এরা হয় জেনো জনক জননী সন্তান রূপে রয়
মন পিতা আর বাক্য জননী প্রাণ সন্তান হয়।

বিজ্ঞাতং বিজিজ্ঞাস্যম বিজ্ঞাতমেত এব যৎ কিঞ্চ বিজ্ঞাতং বাচস্তদ্রূপং বাগ্ঘি বিজ্ঞাতা বাগেনং তদ্ভূত্বাঽবতি ॥ ৮

যাহা জানা আর যা কিছু নাজানা যাহা কিছু জানিবার
সব জিনিষের যত কিছু রূপ বাক্যে প্রকাশ তার
বাক্যের ভেদ বোঝে যেইজন
বিপদে রক্ষে কথায় সেজন

যিনি বাক্যের উক্ত বিভূতি জানে ঠিক মনে প্রাণে
বাক্য তাহারে অন্ন ভোজ্য যখন যা দেয় দানে।

যৎ কিঞ্চ বিজিজ্ঞাস্যং মনসস্তদ্রূপং মনো হি বিজিজ্ঞাস্যং মন এনং তদ্ ভূত্বাঽবতি ॥ ৯

বিস্পষ্ট যাহা জানিতে তাহারে চায় সকলের মন
মনের এরূপ বলে বিজিজ্ঞাস্য নামরূপে খ্যাত হন।
মনের এরূপ বিভূতিরে জেনে
যেইজন তাহা বোঝে মনে প্রাণে
মনই উক্ত বুঝাবার তরে তাহাবে রক্ষা করে
আপনি ধরিয়া জিজ্ঞাসা রূপ সংশয় তার হরে।

যৎ কিঞ্চাবিজ্ঞাতং প্রাণস্য তদ্রূপং প্রাণো হ্যবিজ্ঞাতঃ প্রাণ এনং তদ্ ভূত্বাঽবতি ॥ ১০

বিজ্ঞান মাঝে অগোচর যাহা তবুও সত্য হয়
প্রাণের সেরূপ মুখের কথায় বলে বোঝানর নয়
গুরু আর পিতা শিষ্য তনয়ে
করে উপকার প্রকাশ নাহয়ে
তেমনি জানিও আড়ালে থাকিয়া চালক যে হয় প্রাণ
প্রাণ সে মানুষে করেন পালন যার আছে এই জ্ঞান।

তস্যৈ বাচঃ পৃথিবী শরীরং জ্যোতিরূপময়মগ্নিস্তদ্যাবত্যেব বাক্তাবতী পৃথিবী তাবানয়মগ্নিঃ ॥ ১১

পৃথিবীই সেই বাকের শরীর অগ্নি প্রকাশময়
কথা যত দুর ছড়ায় জানিও পৃথিবী তথায় রয়
এই পৃথিবীই কার্য্য আধারে
প্রকাশ না হয়ে থাকে অগোচরে
আধেয় নামেতে প্রকাশ হইয়া অগ্নি তখন হয়
বাক্ ও পৃথিবী যত বিস্তৃত অগ্নিও তথা রয়।

অথৈতস্য মনসো দ্যৌঃ শরীরং জ্যোতীরূপমসাবাদিত্য স্তদ্ যাবদেব মনস্তাবতী দ্যৌস্তাবানসাবাদিত্যস্তৌ মিথুনং সমৈতাং ততঃ প্রাণোঽজায়ত স ইন্দ্রঃ স এষোঽসপত্নো দ্বিতীয়ো বৈ সপত্নো নাস্য সপত্নো ভবতি য এবং বেদ ॥ ১২

মনের শরীর স্বর্গই হয় সূর্য সে জ্যোতি তার
মন যতদূর বিস্তৃত জেনো স্বর্গও সাথী তার
সূর্যও জেন ততদূর রয়
অগ্নি সূর্যে মিথুন যে হয়
কেউ বলে হয় বাক ও মনেতে সঙ্গম যবে হয়
ইহার ফলেতে সবাকার প্রভু হয়ে প্রাণজাত হয়।
ইনিই ইন্দ্র প্রতিদ্বন্দী যে কেহই ইহার নাই
জানে যেই জন স্বরূপ ইহার বিপক্ষ তার নাই।

অথৈতস্য প্রাণস্যাপঃ শরীরং জ্যোতিরূপমসৌ চন্দ্রস্তদ্যাবানেব প্রাণস্তাবত্য আপস্তবানসৌ চন্দ্রস্ত এতে সর্বএব সমাঃ সর্বেঽনন্তাঃ স যো হৈতানন্তবত উপাস্তেঽন্তবন্তং সলোকং জয়ত্যথ যো হৈতাননন্তানুপাস্তে ইনন্তং স লোকং জয়তি ॥ ১৩

জল হয় এই পরাণের দেহ চন্দ্র সে জ্যোতি তার
প্রাণ যতদূর হয় বিস্তৃত চন্দ্র ও সে প্রকার
দোঁহে সমতুল অনন্ত হয়
পবিত্র রূপে যেজন ভজয়
অনন্ত রূপে পূজে যেই জন অনন্ত করে জয়
পবিত্রভাবে জনমিয়া যেই পবিত্র হয়ে রয়।

স এষ সংবৎসরঃ প্রজাপতিঃ ষোড়শকলস্তস্য রাত্রয় এব পঞ্চদশ কলা ধ্রুবৈবাস্য ষোড়শী কলা স রাত্রি ভিরেবা চ পূর্যতেঽপ চ ক্ষীয়তে সোঽমাবাস্যাং রাত্রিমেতয়া ষোড়শ্যা কলয়া সর্বমিদং প্রাণভৃদণুপ্রবিশ্য ততঃ প্রাতর্জায়তে তস্মাদেতাং রাত্রিং প্রাণভৃতঃ প্রাণং ন বিচ্ছিন্দ্যাদপি কৃকলাসস্যৈতস্যা এব দেবতায়া অপচিত্যৈ ॥ ১৪

সারাটি বছর ষোলকলা রূপে প্রজাপতি জেন রয়
রাত্রিই এই পনেরটি তিথি পঞ্চদশেতে হয়
ষোড়শ কলা সে ধ্রুব রূপে রয়
তিথি বাড়ে কমে যাহার দ্বারায়
ষোড়শী কলার সাহায্যে সেই অমাবস্যার দিনে
সকল প্রাণীতে প্রবেশ করিয়া জনমায় পরদিনে।
ঐ দেবতার সম্মান তরে আমাবস্যার রাতে
কোন প্রাণী যেন কোরনা বিনাশ কেহ অপনার হাতে
কৃকলাসও যেন হত্যা না হয়
প্রাণীর হিংসা কখনত নয়
চন্দ্র দেবতা সম্মান তরে শাস্ত্রের বিধি এই
সকল প্রাণীতে চন্দ্র প্রবেশে এতে কোন ভূল নেই।

যো বৈ স সংবৎসরঃ প্রজাপতিঃ ষোড়শকলোঽয়মেব স যোঽয়মেবংবিৎ পুরুষস্তস্য বিত্তমেব পঞ্চদশকলা আত্মৈবাস্য ষোড়শী কলা স বিত্তেনৈবা পূর্যতেঽপ চ ক্ষীয়তে তদেতন্নভ্যং যদয়মাত্মা প্রধির্বিত্তং তস্মাদ্যদ্যপি সর্বজ্যানিং জীয়ত আত্মনা চেজ্জীবতি প্রধিনাগাদিত্যেবাহুঃ ॥ ১৫

এই জ্ঞান যিনি করেছেন লাভ সেই জ্ঞানী সুধীজন
ষোড়শ কলায় যুক্ত হইয়া সারাটি বছর হন
প্রজাপতি রূপে জেন সেইজন
ষোড়শ কলায় প্রকাশিত হন
পনেরটি কলা বিত্ত তাঁহার আত্মা জানিও প্রাণ
বিত্তর দ্বারা পূর্ণ যে হন অপচয়ে ক্ষয়মান।
সেই জন্যই যদি কোন লোক ধনহীন কভু হয়
থাকিলেও বেঁচে বিত্তহীন সে বলিয়া সকলে কয়
ভগ্ন সে রথ চাকার মতন
অসমর্থ ও হয় সেইজন

চক্রশলাকা হীনের অর্থ বিত্ত যদি না রয়
সংসার দেহ দুই-ই অচল বিত্ত অভাবে হয়।

অথ ত্রয়ো বাব লোকামনুষ্যলোকঃ পিতৃলোকো দেব লোক ইতি সোঽয়ং মনুষ্যলোকঃ পুত্রেণৈব জয্যো নান্যেন কর্মণা কর্মণা পিতৃলোকো বিদ্যয়া দেবলোকো দেবলোকো বৈ লোকাণাং শ্রেষ্ঠস্তস্মাদ্ বিদ্যাং প্রশংসন্তি ॥ ১৬

মনুষ্যলোক পিতৃলোক ও দেবলোক তিন হয়
মনুষ্যলোক পুত্রের দ্বারা করিতে যে হয় জয়

কর্মের দ্বারা নাহি জয় হয়
পিতৃলোক সে কর্মেতে জয়.

বিদ্যার দ্বারা দেবলোক জয় জেন এই তিন মাঝে
দেবলোক হয় সবশ্রেষ্ঠ, জ্ঞানীই শ্রেষ্ঠ সাজে।

অথাতঃ সম্প্রত্তির্যদা প্রৈয্যম্মণ্যতেঽথ পুত্রমাহ ত্বং ব্রহ্ম ত্বং যজ্ঞস্ত্বং লোক ইতি স পুত্রঃ প্রত্যাহাহং ব্রহ্মাহং যজ্ঞোঽহং লোক ইতি·যদ্বৈ কিঞ্চানুক্তং তস্য সর্বস্য ব্রহ্মেত্যেকতা। যে বৈ কে চ যজ্ঞাস্তেষাং সর্বেষাং যজ্ঞ ইত্যেকতা যে বৈ কে চ লোকাস্তেষাং সর্বেষাং লোক ইত্যেকতৈতাবদ্বা ইদং সর্বমেতন্মা সর্বং সন্নয়মিতোঽভুনজদিতি তস্মাৎ পুত্রমনুশিষ্টং লোক্যমাহুস্তস্মাদেনমনুশাসতি স যদৈবং বিদস্মাল্লোকাৎ প্রৈত্যথৈভিরেব প্রাণৈঃ পুত্রমাবিশতি। স যদ্যনেন কিঞ্চিদক্ষ্ণয়াঽকৃতং ভবতি তস্মাদেনং সর্বস্মাৎ পুত্রো মুঞ্চতি তস্মাৎ পুত্রো নাম স পুত্রেণৈবাস্মিঁল্লোকে প্রতিষ্ঠিত্যথৈ নমেতে দৈবাঃ প্রাণা অমৃতা আবিশন্তি ॥ ১৭

মৃত্যুরকালে জনক তখন পুত্রকে ডাকি কয়
তুমিই ব্রহ্ম তুমিই যজ্ঞ তুমিই সে লোকচয়

পুত্র পিতারে দেন উত্তর
আমিই ব্রহ্ম যজ্ঞ ও লোক।

ইহার অর্থ অধ্যয়ন যা ব্রহ্ম হইল তাহা
যা কিছু কর্ম যজ্ঞ হইল তুমি সেই লোক আহা!

পুত্রের সাথে লভি একত্র পিতা দেহ ছাড়ি যায়
পিতার বাক্য মন প্রাণ তবে পুত্রে প্রবেশে তায়
বাকি করণীয় পিতার যাছিল
পুত্রের হাতে তাহাই সঁপিল
উপযুক্ত সে পুত্রের দ্বারা লোক লাভ তাই হয়
অনন্ত আর অমর দেবে পিতাব হয় সে লয়।

পৃথিব্যৈ চৈনমগ্নেশ্চ দৈবী বাগাবিশতি সা বৈ দৈবী বাগ যয়া যদ্ যদেব বদতি তত্তদ্ ভবতি ॥ ১৮

পৃথিবী অগ্নি হইতে দৈববাণীর সৃষ্টি হয়
সেই বাক যেন তাহারই মধ্যে প্রবিষ্ট হয়ে রয়
দৈববাণী সে তাহার দ্বারায়
পবিত্র কথা সত্য যা হয়
যা যা বলে সেই তাই হয়ে থাকে শাস্ত্রে ইহাই কয়
মিথ্যা শুন্য শুভ্র সত্য নির্দোষ তাহা হয়।

দিবশ্চৈনমাদিত্যাচ্চ দৈবং মন আবিশতি তদ্বৈ দৈবং মনো যেনানন্দ্যেব ভবত্যথো ন শোচতি ॥ ১৯

স্বর্গ এবং সূর্য হইতে দৈবমন সে প্রবেশ করে।
যাহা লাভ করে সুখ হয় লাভ শোক কভু নাহি করে।

অদ্ভ্যশ্চৈনং চন্দ্রমসশ্চ দৈবঃ প্রাণঃ আবিশতি স বৈ দৈবঃ প্রাণো য সঞ্চরংশ্চাসঞ্চরংশ্চ ণ ব্যথতেঽথো ন রিষ্যতি স এবংবিৎ সর্বেষা ভূতানামাত্মা ভবতি যথৈষা দেবতৈবং স যথৈতাং দেবতাং সর্বা ভূতান্যবন্ত্যেবং হৈবং বিদং সর্বাণি ভূতান্যবন্তি। যত্‌ কিঞ্চেমা প্রজা শোচন্ত্যমৈবাসাং তদ্ ভবতি পুণ্যমেবামুং গচ্ছতি ন হ বৈ দেবান্ পাপ গচ্ছতি ॥ ২০

জল ও চন্দ্র হইতে দৈব প্রাণ সে প্রবেশ করে
ঘাত প্রতিঘাতে না হয় ব্যথিত কখন সে নাহি মরে
এই জ্ঞান লাভ করে যেইজন
সর্বভূতের আত্মাই হন
হিরণ্য গর্ভ দেবতার মত পূজ্য সবার হয়
শোক যদি করে একান্ত ভাবে সে শোক তাহারই রয়।
পাপ দেবতারে পরশিতে নাবে দেবাত্মা সেইজন
সব পাপ হতে বর্জিত শুধু পুণ্যের ভাগী হন।

অথাতো ব্রতমীমাংসা প্রজাপতির্হ কর্মাণি সসৃজে তানি সৃষ্টান্যন্যোন্যেনাস্পর্ধন্ত বদিষ্যাম্যেবাহমিতি বাগ্‌ দধ্রে দ্রক্ষ্যাম্যহমিতি চক্ষুঃ শ্রোষ্যাম্যহমিতি শ্রোত্রমেবমন্যানি কর্মানি যথাকর্ম তানি মৃত্যুঃ শ্রমো ভূত্বোপযেমে তান্যাপ্নোৎ তান্যাপ্ত্বা মৃত্যুরবারুন্ধ তস্মাচ্ছ্রাম্যত্যেব বাক্ শ্রাম্যতি চক্ষুঃ শ্রাম্যতি শ্রোত্রমথেমমেব নাপ্নোদ্‌ যোঽয়ং মধ্যমঃ প্রাণস্তানি জ্ঞাতুং দধ্রিরে। অয়ং বৈ নঃ শ্রেষ্ঠো যঃ সঞ্চরংশ্চাসঞ্চরংশ্চ ন ব্যথতেঽথো ন রিষ্যতি হন্তাস্যৈব সর্বে রূপমসামেতি ত এতস্যৈব সর্বে রূপমভবংস্তস্মাদেত এতেনাখ্যায়ন্তে প্রাণা ইতি তেন হ বাব তৎ কুলমাচক্ষতে যস্মিন্‌ কুলে ভবতি এবং বেদ য উ হৈবংবিদা স্পর্ধতেঽনুশুষ্যত্যনুশুষ্য হৈবান্ততো ম্রিয়ত ইত্যধ্যাত্মম্‌॥ ২১

প্রজা সৃষ্টির পরেতে ব্রহ্মা কর্ম সাধন তরে
ইন্দ্রিয় দলে বিভিন্ন রূপে সৃষ্টি তখন করে
তাহারা তখন সৃষ্ট হইয়া
বলে আপনারা স্পর্দ্ধা করিয়া
বাক্ বলে আমি বলিবই কথা ক্ষ্যান্ত কখন নয়
নয়ন বলে সে দেখিবই আমি শুনিব শ্রবণ কয়
অপর সকল ইন্দ্রিয় দলও বলে তবে সেই মত
সকলেই কয় মোর হবে জয় করিব তা অবিরত

মৃত্যু তখন শ্রমরূপ ধরে
আসি সকলেরে আয়ত্ত করে
মৃত্যু তাদের নিকটে আসিয়া নিরস্ত সবে কবে
তাইত মৃত্যু পরশ করিলে ইন্দ্রিয় দল মরে।
এই দেহ মাঝে প্রাণরূপে যিনি মৃত্যু জয়ী সেজন
তাঁর কাছে হার হল মৃত্যুর অমৃতময় যে হন
তখন প্রাণেরে জানিবার তরে
ইন্দ্রিয় দল চেষ্টা যে করে
বলিল তাহারা ইনিই শ্রেষ্ঠ শ্রান্ত কভু না হন
কর্ম করুন নাহিবা করুন সমভাবে সদা রন।
ব্যথা পেলে ইনি নন বিচলিত আঘাতেতে নাহি ক্ষয়
তাইত এজন শ্রেষ্ঠ হইয়া আমাদের ম ঝে রয়
তখন তাহারা মনে করে সব
আমরা প্রাণের রূপ ধরি রব
তখন তাহারা প্রাণরূপ ধরি প্রাণ নামে খ্যাত হয়
এ তথ্য জানে জ্ঞানী সেইজন সেই কূলে জাত হয়
সেই কূল তার নামে বিখ্যাত হয়ে চিরদিন রয়।
এ জ্ঞানীর প্রতি যদি কোনদিন অবজ্ঞা কেহ কয়
শীর্ণ হইতে শীর্ণ যেহয়
মৃত্যু তাহারে গ্রাস যে করয়
অধ্যাত্মের দর্শন তবে এইখানে বলা শেষ
জ্ঞানীজনে সবে করিও ভকতি নাহি ঈর্ষার লেশ।

অথাধিদৈবতং জ্বলিষ্যাম্যেবাহমিত্যগ্নির্দধ্রে তপস্যাম্যহমিত্যাদিত্যো ভাস্যাম্যহমিতি চন্দ্রমা এবমন্যা দেবতা যথা দৈবতং স যথৈষাং প্রাণানাং মধ্যমঃ প্রাণ এবমেতাসাং দেবতানাং বায়ুর্ম্লোচন্তি হ্যন্যা দেবতা ন বায়ুঃ সৈষাঽনস্তমিতা দেবতা যদ্বায়ুঃ॥ ২২

দেহের ব্যাখ্যা শেষ হল এবে দৈবত কথা শোনো
অগ্নি বলেই জ্বলিবই আমি জ্বলিব যে অনুক্ষণ

তখন সূর্য বলেন বচন
তাপ দিব আমি জেন অনুক্ষণ

চন্দ্র বলেন আলো দিব আমি হয়ে রব প্রভাময়
অন্য দেবেরা কহে সেই মত নাহি মানে পরাজয়।

দেবতার মাঝে বায়ু জেন তবে প্রাণরূপ হয়ে রয়
তাহার অভাবে সকলি মলিন হবে জেন পরাজয়

বায়ু ম্লান কভু নাহি কোথা হন
অস্তবিহীন দেবতা সেজন

অস্তবিহীন হইয়া বায়ু সে প্রবাহিত তবে হয়
অন্য দেবতা অস্তগামী সে বায়ু তা কখন নয়।

অথৈষ শ্লোকো ভবতি যতশ্চোদেতি সূর্যোঽস্তং যত্র চ গচ্ছতীতি প্রাণাদ্বা এষ উদেতি প্রাণেঽস্তমেতি তং দেবাশ্চক্রিরে ধর্মং স এবাদ্য স উ শ্ব ইতি যদ্বা এতেঽমুর্হ্যধ্রিয়ন্ত তদেবাপ্যদ্য কুর্বন্তি। তস্মাদেকমেব ব্রতং চরেৎপ্রাণ্যাচ্চৈ বাপান্যাচ্চ নেন্মা পাপ্মা মৃত্যুরাপ্নুবদিতি যদ্যুচরেৎ সমাপিপয়িষেত্তেন এতস্যৈ দেবতায়ৈ সাযুজ্যং সলোকতাং জয়তি॥ ২৩

এই বিষয়েতে শ্লোক আছে যাহা বলিব তা এইখানে
যাঁহা হতে হয় সূর্য উদয় ও অস্ত কে তাঁরে জানে

পরাণ হইতে সূর্য উদয়
প্রাণেই সূর্য অস্ত সে হয়

দেবগণ তাঁরে ধর্ম রূপেতে ব্রতে সে ধারণ করে
অদ্যও তিনি কল্যও তিনি তিনি চিরদিন ধরে।

আজো সেই ব্রত ধর্মের জেন নাহি কোন দিনক্ষয়
ধর্ম স্মরিয়া কর্ম করিলে এই ব্রত আচরয়

পাপ দ্বারা আমি বশীভূত নই
মৃত্যুর দ্বারা অভিভূত নই

ভাবি এই কথা প্রাণ ও অপান ক্রিয়া যেইজন করে
এই ব্রত যেই করে আরম্ভ শেষ যেন সেই করে।
এ ব্রত করিলে লভ্য হইবে সাজুয্য মাঝে স্থান
সালোক্য লভি লভিবে সেজন দেবতার সম্মান।

প্রথমাধ্যায়—ষষ্ঠ ব্রাহ্মণ

ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম তেষাং নাম্নাং বাগিত্যেত দেষামুক্থমতো হি সর্বাণি নামান্যুত্তিষ্ঠন্তি। এতদেষাং সামৈতদ্ধি সর্বৈর্নামিভিঃ সমমেতদেষাং ব্রহ্মৈতদ্ধি সর্বাণি নামানি বিভর্তি॥ ১

সারা এজগৎ নাম রূপ আর কর্ম তিনেতে রয়
বাক নামে যেই শব্দ তাহতে নাম তবে উপজয়
এই শব্দই সাম নাম হয়
নিখিল শব্দে সমভাবে রয়
উহাই জানিও মন্ত্র, ধারক ব্রহ্ম হইয়া রয়
এই শব্দ ই অখিল নামেতে ব্যাপ্ত ও নামময়।

অথ রূপাণাং চক্ষুরিত্যেতদেষামুক্থমতো হি সর্বাণি রূপণ্যুত্তিষ্ঠন্ত্যেতদেষাং সামৈতাদ্ধি সর্বৈঃ রূপৈঃ সমমেত দেষাং ব্রহ্মৈতদ্ধি সর্বাণি রূপাণি বিভর্তি॥ ২

নয়ন হইতে রূপ সমূহের সৃষ্টি জানিও হয়
নিখিল রূপেরে সৃষ্টি করিয়া সামরূপে সেই রয়
চক্ষু তখন সামরূপে রয়
মন্ত্র ধারক ব্রহ্মই হয়
অখিল রূপেরে সত্তা প্রদানি সবেরে ধারণ করে
সকল রূপেতে ব্যপ্ত নয়ন আছে সামরূপ ধরে।

অথ কর্মণামাত্মেত্যেতদেষামুক্‌থমতো হি সর্বাণি কর্মাণ্যুত্তিষ্ঠন্ত্যেত-দেষাং সামৈতদ্ধি সর্বৈঃ কর্মভিঃ সমমেতদেষাং ব্রহ্মৈতদ্ধি সর্বাণি কর্মাণি বিভর্তি তদেতৎ ত্রয়ং সদেকময়মাত্মাত্মো একঃ সন্নেতৎ ত্রয়ং তদেতদমৃতং সত্যেন চ্ছন্নং প্রাণো বা অমৃতং নামরূপে সত্যং তাভ্যাময়ং প্রাণশ্চন্নঃ॥ ৩

এই যে শরীর সকল কাজের সৃজন এ হতে হয়
কর্মের মাঝে সামরূপ ধরে শরীর আপনি রয়
কর্মের মাঝে সমভাবে রয়
ব্রহ্ম মন্ত্র ধারক ও হয়
তিন হয়ে জেন আত্মার রূপে এক সদা বিরাজয়
সত্যের দ্বারা আবৃত হয়ে ইহা অমৃতময়।
সব প্রাণী তাই অমৃত জেন সত্য নাম যে তার
নামরূপে সেই আবৃত হয়ে প্রাণময় তার সার।

দ্বিতীয়াধ্যায়—প্রথম ব্রাহ্মণ

ওঁ॥ দৃপ্তবালাকির্হানূচানো গার্গ্য আস স হোবাচাজাতশত্রুং কাশ্যং ব্রহ্ম তে ব্রবাণীতি স হোবাচাজাতশত্রুঃ সহস্রমেতস্যাং বাচি দদ্মো জনক ইতি বৈ জনা ধাবন্তীতি।

গার্গ্য বংশে বালাকি নামেতে পণ্ডিত এক ছিল
কাশীরাজ সেই অজাতশত্রু নৃপতিরে বলেছিল
ব্রহ্মোপদেশ দিব গো তোমায়
অজাত শত্রু শুনি এ কথায়
বলিলেন ইহা বলিবার তরে হাজার গাভী যে হয়
দান করিব যে তোমায় আজিকে জেন মনে নিশ্চয়।
জনক রাজার দান ও জ্ঞানের যশ কীর্তন করে
তাইত সবাই যায় তার কাছে জনক জনক করে।

স হোবাচ গার্গ্যো য এবাসাবাদিত্যে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা অতিষ্ঠাঃ সর্বেষাং ভূতানাং মূর্ধা রাজেতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবউপাস্তে ইতিষ্ঠাঃ সর্বেষাং ভূতানাং মূর্ধা রাজা ভবতি ॥ ২

গার্গ বলেন সূর্যের মাঝে যে পুরুষ রূপে রয়
ব্রহ্ম বলিয়া তারি উপাসনা করি আমি নিশ্চয়
রাজা বলিলেন না না বলিও না
এভাবে আমারে করিতে ধারণা
ব্রহ্মকে আমি শ্রেষ্ঠ ও সব জীবের শিব যে জানি
সবের অতীত জ্যোতির আধার ব্রহ্মকে এই মানি
ইহা জেনে যেই করে উপাসনা সবের অতীত হয়
সর্ব জীবের মস্তক হয়ে হয় সে জ্যোতির্ময় ।

স হোবাচ গার্গ্যো য এবাসৌ চন্দ্রে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন সংবদিষ্ঠাঃ বৃহন্ পাণ্ডরবাসাঃ সোমো রাজেতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তেহহরহর্হ সুতঃ প্রসুতো ভবতি নাস্যান্নং ক্ষীয়তে ॥ ৩

গার্গ বলেন চন্দ্রের মাঝে পুরুষ রূপে সে রয়
তাহারেই আমি ব্রহ্মা বলিয়া পূজা করি নিশ্চয়
অজাত শত্রু কহেন তখন
ইহার বিষয়ে বোলনা এমন
মহান একজন শ্বেতবাসধারী সোমরাজা ইনি হন
এইভাবে তাঁরে পূজা করি আমি । জানে ইহা যেইজন
তাঁহার গৃহেতে সুত ও প্রসূত অহরহ জেন হয়
সোমে উপাসিয়া অন্ন লভিয়া হয় সে অন্নময় ॥

স হোবাচ গার্গ্যো য এবাসৌ বিদ্যুতি পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাস্তেজস্বীতি বা অহমেত মুপাস ইতি স য এতমেবমুপাস্তে তেজস্বী হ ভবতি তেজস্বিনী হাস্য প্রজা ভবতি ॥ ৪

গার্গ্য বলেন বিদ্যুৎ মাঝে পুরুষ রূপে যে রয়
ব্রহ্ম বলিয়া তাঁর উপাসনা করি আমি মহাশয়

অজাত শত্রু বলেন তখন
বলিও না কভু এমন বচন

ইনি তেজস্বী এই কথা বলি এঁর উপাসনা করি
এইভাবে পূজে যেইজন এরে তেজস্বী হয় ভারি

তাহার প্রজাও সন্ততি সবে তেজস্বী জেন হয়
তেজস্বীভাবে এই ব্রহ্মারে পূজে সেই নিশ্চয়।

স হোবাচ গার্গ্যো য এবায়মাকাশে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ পূর্ণমপ্রবর্ত্তীতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে পূর্যতে প্রজয়া পশুভির্নাস্যাল্লোকাৎ প্রজোদ্বর্ত্ততে ॥ ৫

গার্গ্য বলেন বাহিরে আকাশে হৃদয় আকাশে মম
ঐ যে পুরুষ ব্রহ্ম বলিয়া জানি অন্তরতম

অজাতশত্রু বলেন তখন
বোলনা ও কথা করিয়া অমন

ইনিই পূর্ণ চির অবিচল পূজি তাঁরে এই জানি
এভাবে যেজন করে উপাসনা নাহি হয় তার হানি।

সন্তান প্রজা পশুসমূহেতে পূর্ণ সেজন হয়
এ জগত হতে তাহার বংশ লুপ্ত কখনো নয়।

স হোবাচ গার্গ্যো য এবায়ং বায়ৌ পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ ইন্দ্রো বৈকুণ্ঠো ইপরাজিতা সেনেতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে জিষ্ণুর্হাপরাজিষ্ণুর্ভবত্যন্যতস্ত্যজায়ী ॥ ৬

বলেন গার্গ্য বায়ুর মাঝেতে পুরুষ রূপে যে বন
ব্রহ্ম বলিয়া তাঁরি উপাসনা করে জেন মোর মন
অজাতশত্রু বলেন তখন
বোলনা বোলনা অমন বচন
ইনিই ইন্দ্র প্রতিবন্ধক হীন জেন এইজন
অপরাজিত সেনা বলি এরে জানে এই সব জগজন
এইভাবে এরে পূজা যেই করে অজেয় সেজন হয়
জয়শীল হয়ে চিরদিন রয় করিয়া শত্রু জয়।

স হোবাচ গার্গ্যো য এবায়মগ্নৌ পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ বিষাসহিরিতি বা অহমেত মুপাস ইতি স য এতমেবমুপাস্তে বিষাসহির্হ ভবতি বিষাসহির্হাস্য প্রজা ভবতি॥ ৭

গার্গ্য বলেন এই যে পুরুষ অগ্নির মাঝে রয়
ব্রহ্ম বলিয়া তারি উপাসনা করি আমি মহাশয়
অজাতশত্রু পুনরায় কন
বলিও না প্রভু এমন কথন
সহনশীল ও অপরের ক্রটি ক্ষমা করে সেইজন
এইভাবে তাঁরে পূজে যেই তাঁর বংশ সহিষ্ণু হন।

স হোবাচ গার্গ্যো এবায়মপ্‌সু পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ প্রতিরূপ ইতি বা অহমেত মুপাস ইতি স য এতমেবমুপাস্তে প্রতিরূপং হৈবৈনমুপগচ্ছতি না- প্রতিরূপমথো প্রতিরূপোঽস্মাজ্জায়তে॥ ৮

গার্গ্য বলেন জলের মাঝারে পুরুষরূপী যে জন
ব্রহ্ম বলিয়া তারি উপাসনা করি আমি দিয়া মন
অজাতশত্রু কহেন তখন
উপদেশ মোরে দিওনা অমন
ইনি প্রতিরূপ এই জানি এঁর উপাসনা আমি করি
এভাবে যে পূজে সবি অনুকূল হয় যে জীবনে তারি
প্রতিকূল কিছু না হয় সে লভে অনুকূল সন্তান
ব্রহ্মের মাঝে সবই অনুকূল লভে জ্ঞান মতিমান।

স হোবাচ গার্গ্যো য এবায়মাদর্শে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ রোচিষ্ণুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে রোচিষ্ণুর্হ ভবতি রোচিষ্ণুর্হাস্য প্রজা ভবত্যথো যৈঃ সন্নিগচ্ছতি সর্বংস্তানতিরোচতে ॥ ৯

গার্গ্য বলেন দর্পণে এই পুরুষরূপে যে রয়
ব্রহ্ম জানিয়া তারি উপাসনা করি আমি মহাশয়
অজাতশত্রু বলেন তখন
উপদেশ মোরে দিওনা এমন
প্রদীপ্ত রূপ উজ্জল স্বভাব জানি তার পূজা করি
যে জানে একথা দীপ্ত স্বভাবে বংশ যে যায় ভরি
তাহার স্পর্শে আসেন যাহারা দীপ্ত তাহারা হন
তাহাদের মাঝে প্রদীপ্ত হয়ে রহে সেই জ্ঞানীজন।

স হোবাচ গার্গ্যো য এবায়ং যন্তং পশ্চাচ্ছব্দোঽনূদেত্যে তমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচ জাতশত্রুর্মা মৈতস্মিন সংবদিষ্ঠাঃ অসুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে সর্বং হৈবাস্মিঁল্লোক আয়ুরেতি নৈনং পুরা কালাৎ প্রাণো জহাতি ॥ ১০

গার্গ্য বলেন গমনকারী সে মানুষের পশ্চাতে
শব্দ যে হয় ব্রহ্ম রূপী যে পূজি সেই পুরুষেতে
অজাতশত্রু বলেন তখন
বলিও না তুমি অমন বচন
জীবন কারণ প্রাণ বলি আমি উপাসনা তাঁর করি
এভাবে যে পূজে পূর্ণায়ু হন অকালে না যান মরি।

স হোবাচ গার্গ্যো য এবায়ং দিক্ষু পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ দ্বিতীয়োহনপগ ইতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে দ্বিতীয়বান্ হ ভবতি নাস্মাদ্ গণশ্ছিদ্যতে॥ ১১

গার্গ্য বলেন এই যে পুরুষ সকল দিকেতে রয়
ইহাকেই আমি ব্রহ্ম বলিয়া পূজা করি মহাশয়
অজাতশত্রু বলেন তখন
বলিও না আর অমন কখন
আমার নিত্য সহচর আর সহায় যে ইনি হন
এইভাবে যেই করে উপাসনা সহায় যুক্ত হন।

স হোবাচ গার্গ্যো য এবায়ং ছায়াময়ঃ পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ মৃত্যুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে সর্বং হৈবাস্মিঁল্লোক আয়ুরেতি নৈনং পুরা কালান্মৃত্যুরাগচ্ছতি॥ ১২

বলেন গার্গ্য ছায়াময় এই পুরুষরূপী যেজন
ইহাকেই আমি ব্রহ্ম জানিয়া করি পূজা অর্চন
অজাতশত্রু বলেন তাহায়
উপদেশ আর দিও না আমায়
মৃত্যু বলিয়া ইহারে আমি যে পূজা করি মহাশয়
জানে যেই জন লভে পূর্ণায়ু মৃত্যু দূরেতে রয়।

স হোবাচ গার্গ্যো য এবায়মাত্মনি পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস
ি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ আত্মন্বীতি বা অহমেত-
পাস ইতি স য এতমেবমুপাস্তে আত্মন্বী হ ভবত্যাত্মন্বিনী হাস্য
জা ভবতি স হ তুষ্ণীমাস গার্গ্যঃ ॥ ১৩

গার্গ্য বলেন প্রজাপতি মাঝে পুরুষরূপে যে রয়
তাহারেই আমি ব্রহ্ম বলিয়া পূজা করি মহাশয়
অজাতশত্রু বলেন তখন
উপদেশ আর দিও না অমন
আমি ত ইহারে সংযত বুদ্ধি বলিয়া ত পূজা করি
যেইজন পূজে এইরূপ হয় সংযত চিত তারি
তাহার বংশে সংযত হন সন্তান প্রজাগণ
শুনিয়া একথা গার্গ্য তখন নীরব আপনি হন।

স হোবাচাজাতশত্রুরেতাবন্নু ৩ ইত্যেতাবদ্ধীতি নৈতাবতা বিদিতং
ভবতীতি স হোবাচ গার্গ্য উপ ত্বা যানীতি ॥ ১৪

অজাতশত্রু জিজ্ঞাসে তবে এই তবে শেষ হয়
গার্গ্য বলেন সত্যই তাহা এর বেশী কিছু নয়
অজাতশত্রু বলেন তখন
এটুকু জানিলে জানা নাহি হন
গার্গ্য বলেন শুন মহাশয় বলি আমি কথা সেই
শিষ্য তোমার হব জেন মনে এতে কিছু ভুল নেই।

স হোবাচাজাতশত্রুঃ প্রতিলোমং চৈতদ্ যদ্ ব্রাহ্মণঃ ক্ষত্রিয়মুপেয়াদ্
হ্ম মে বক্ষ্যতীতি ব্যেব ত্বা জ্ঞপয়িষ্যামীতি তং পাণাবাদায়োত্তস্থৌ তৌ
পুরুষং সুপ্তমাজগ্মতুস্তমেতৈর্নামভিরামন্ত্রয়াং চক্রে বৃহন্ পাণ্ডরবাসঃ
সাম রাজন্নিতি স নোত্তস্থৌ তং পাণিনাপেষং বোধয়াং চকার স
হোত্তস্থৌ ॥ ১৫

অজাতশত্রু বলেন তখন ব্রাহ্মণ এইজন
ক্ষত্রিয় আমি আমার কাছেতে শিষ্য যদি সে হন
ব্রহ্মে জানিতে যদি আসে সেই
বিপরীত ইহা, কভু শুনি নাই
যাহা হোক তবু ব্রহ্মোপদেশ দিব আমি ইহাকেই
হাত ধরি তারে তুলিয়া বলেন এস দুই জনে যাই।
নিদ্রিত এক পুরুষের কাছে দুজনে তখন যায়
ডাকে হে মহান্ শ্বেতবাসধারী জ্যোতিমান্ মহাশয়!
তবু সেইজন জাগেনা, যখন গায়েতে ঠেলিয়া ডাকে
ঘুম ভেঙ্গে তবে উঠে সে তখন জাগরিত করে তাকে।

স হোবাচাজাতশত্রুর্যত্রৈষ এতৎ সুপ্তোঽভূদ্ য এষ বিজ্ঞানময়ঃ পুরুষ কৈষতদাঽভূৎ কুত এতদাগাদিতি তদু হ ন মেনে গার্গ্যঃ ॥ ১৬

অজাতশত্রু বলেন তখন চেতনা ময় এজন
নিদ্রার কালে বল কোনখানে ছিল তবে সেইজন
গার্গ্য তখন বলেন বচন
এর উত্তর জানিনা রাজন!

স হোবাচজাতশত্রুর্যত্রৈষ এতৎ সুপ্তোঽভূদ্ য এষ বিজ্ঞানময়ঃ পুরুষস্তদেষাং প্রাণানাং বিজ্ঞানেন বিজ্ঞানমাদায় য এষোঽন্তর্হৃদয় আকাবাস্তস্মিঞ্ছেতে তানি যদা গৃহ্নাত্যথ হৈতৎ পুরুষঃ স্বপিতি নাম তদ্ গৃহীত এব প্রাণো ভবতি গৃহীতা বাগ্ গৃহীতং চক্ষুর্গৃহীতং শ্রোত্রং গৃহীতং মনঃ ॥ ১৭

অজাতশত্রু বলেন তখন বুদ্ধিতে অনুভূত
জ্ঞানের দ্বারায় সচেতন হয় যে পুরুষ এতে স্থিত
এই দেহ যবে নিদ্রিত হন
হৃদয় আকাশে শায়িত সে জন
নিদ্রিত জীবে 'স্বপিতি' নামেতে জেন সেই জনই হয়
প্রাণ বাক চোখ কর্ণ ও মন আত্মার মাঝে রয়।

স যত্রৈতৎ স্বপ্নয়া চরতি তে হাস্য লোকাস্তদুতেব মহারাজো বত্যুতেব মহাব্রাহ্মণ উতেবোচ্চাবচং নিগচ্ছতি স যথা মহারাজো নপদান্ গৃহীত্বা স্বে জনপদে যথাকামং পরিবর্তেতৈবমেবৈষ এতৎ াণান্ গৃহীত্বা স্বে শরীরে যথা কামং পরিবর্তেত ॥ ১৮

ঐ আত্মাই স্বপনের মাঝে মগ্ন যখন রন
তখন সেজন মহা ব্রাহ্মণ মহারাজা যেন হন
উর্দ্ধে নিম্নে নিজ ইচ্ছায়
বিচরণ সেই করেন তথায়
জনপদবাসী ভৃত্য যেমন রাজার সাথেতে যায়
ইন্দ্রিয় দলে ঐ শরীরেতে যথায় ইচ্ছা লয়।

অথ যদা সুষুপ্তো ভবতি যদা ন কস্যচন বেদ হিতা নাম নাড্যো াসপ্ততিঃ সহস্রানি হৃদয়াৎ পুরীততমভিপ্রতিষ্ঠন্তে তাভিঃ প্রত্যবসৃপ্য রীততি শেতে স যথা কুমারো বা মহারাজো বা মহাব্রাহ্মণো াহতিঘ্নীমানন্দস্য গত্বা শয়ীতৈবমেবৈষ এতচ্ছেতো ॥ ১৯

যখন পুরুষ সুষুপ্ত হন কিছু না জানিতে পান
হিতা নামে নাড়ী বাহাত্তর হাজার শরীরে প্রকাশ পান
সর্বশরীর ব্যাপিত করিয়া
রহে সেই নাড়ী হৃদয় ঘিরিয়া
তাহারি মাঝেতে ঘিরিয়া তখন শয়নে লভেন স্থান
মহাব্রাহ্মণ শিশু বা রাজন আনন্দে রত প্রাণ
সংসার বোধ কিছু নাহি যার সেই শিশু নারায়ণ
বলশালী রাজা ভীত যেই নয় আর জ্ঞানী সুধীজন
এই তিন জন সদা সুখে রয়
দুঃখ তাদের নাগাল না পায়
ঠিক সেই মত এই যে শ্রেষ্ঠাবস্থা যখন হয়
সকল দুখের চিরতরে নাশ সব হয় সুখময়।

স যথোর্ণনাভিস্তন্তুনোচ্চরেদ্ যথাঽগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেব মেবাস্মাদাত্মনঃ সর্বে প্রাণাঃ সর্বে লোকাঃ সর্বে দেবাঃ সর্বাণি ভূতানি ব্যুচ্চরন্তি তস্যোপনিষৎ সত্যস্য সত্যমিতি প্রাণা বৈ সত্যং তেষামে সত্যম্ ॥ ২০

উর্ণনাভি সে নিজ শরীরের তন্তু বহিয়া চলে
কিংবা যেমন অগ্নি হইতে স্ফুলিঙ্গ কণা জ্বলে
ঠিক তেমনিই আত্মা হইতে
ইন্দ্রিয়, লোক দেবতা সহিতে
সকল প্রাণীর হয় যে সৃজন বিবিধ রূপে সে হয়
ইহাই আত্মতত্ত্ব জানিও সত্যে সত্য ময়।

দ্বিতীয় অধ্যায়—দ্বিতীয় ব্রাহ্মণ

যো হ বৈ শিশুং সাধানং সপ্রত্যাধানং সস্থূণং সদামং বেদ সপ্ত দ্বিষতো ভ্রাতৃব্যানবরুণদ্ধি। অয়ং বাব শিশুর্যোঽয়ং মধ্যমঃ প্রাণস্তস্যে মেবাধানমিদং প্রত্যাধানং প্রাণঃ স্থূণাঽন্নং দাম ॥ ১

গোশালা এবং সেইথানটিতে গোঁজ ও দড়ির সাথে
বাছুরে যেমন জানা যায় যদি সব মিলে যায় তাতে
দেহের মধ্যে বৎসই ত প্রাণ
এই দেহ জেন তার বাসস্থান
মস্তক হয় প্রত্যাধ্যান ও বল তার খুঁটি হয়
অন্ন তাহার বন্ধন দড়ি এই ত শাস্ত্রে কয়
এই কথা যেই জানে তার সাত শত্রু বিনাশ হয়
এই সাতজনে বিদ্বেষ কারি জ্ঞাতি বলে বর্ণয়
অর্থ ইহার এই মত হয়
সঙ্গেতে জাত তাই জ্ঞাতি কয়
দেহের সহিত জাত ইন্দ্রিয় এই যে সপ্তজন
দুই চোখ দুই কান মুখ আর দুনাসা রন্ধ্র হন।

তমেতাঃ সপ্তাক্ষিতয় উপতিষ্ঠন্তে তদ্ যা ইমা অক্ষন্ লোহিন্যো রাজযস্তাভিরেনং রুদ্রোঽন্বায়ত্তোঽথ যা অক্ষন্নাপস্তাভিঃ পর্জন্যো যা কনীনকা তয়াদিত্যো যৎ কৃষ্ণং তেনাগ্নির্যচ্ছুক্লং তেনেন্দ্রোঽধরয়ৈনং বর্তন্যা পৃথিব্যন্বায়ত্তা দ্যৌরুত্তরয়া নাস্যান্নং ক্ষীয়তে য এবং বেদ॥ ২

এ সাত দেবতা উক্ত প্রাণের জেন সদা সেবা করে
চক্ষুর মাঝে রক্ত সে রেখা রুদ্রও তাবে ডরে
চক্ষু জলেতে বরষণ হয়
চক্ষু তারকা সূর্যই হয়
চক্ষুর মাঝে কালো সে অংশে অগ্নি জানিও রয়
চক্ষুর যাহা শ্বেতাংশ জেন তাহাই ইন্দ্রময়
নিম্ন নেত্র পল্লবে জেন পৃথিবী সেবক হয়
উর্দ্ধনেত্র পল্লবে জেন স্বর্গ দেবতা কয়
এইভাবে তারা অনুগত হন
এ তথ্য জানে যেই জ্ঞানীজন
অন্ন অভাব নাহি হয় তাঁর ক্ষয়হীন সাতজন
সাতের আশীর্ব্বাদেরে লভিয়া অন্নে পূর্ণ হন।

তদেষ শ্লোকো ভবতি—

অর্বাগ বিলশ্চমস উর্ধ্ববুধ্নস্তস্মিন্ যশো নিহিতং বিশ্বরূপম্। তস্যাসত ঋষয়ঃ সপ্ততীরে বাগষ্টমী ব্রহ্মণা সংবিদানা। ইতি। অর্বাগ্-বিলশ্চমস উর্ধ্ববুধ্ন ইতীদং তচ্ছির এষ হ্যর্বাগ্ বিলশ্চমস উর্দ্ধবুধ্নস্তস্মিন্ যশো নিহিতং বিশ্বরূপমিতি প্রাণা বৈ যশো বিশ্বরূপং প্রাণানেতদাহ তস্যাসত ঋষয়ঃ সপ্ত তীর ইতি প্রাণা বা ঋষয়ঃ প্রাণানেতদাহ বাগষ্টমী ব্রহ্মণা সংবিদানেতি বাগ্ঘ্যষ্টমী ব্রহ্মণাং সংবিত্তে॥ ৩

নিম্নে গর্ত্ত উর্দ্ধেতে গোল চামচ যেমন রয়
ইহার মধ্যে বিবিধ প্রকার যশের স্থাপন হয়
তাহার তীরেতে সাত ঋষি রয়
শব্দোচ্চারেতে বাক আট হয়
নিম্নে বিবর উর্দ্ধেতে গোল চামচ মাথাই হয়
মাথার গড়ন চামচ মতন তাই এই কথা কয়
বিবিধ প্রকার শব্দের অর্থ এরা ইন্দ্রিয় সব
তাহার তীরেতে সাত ঋষি রূপে এও ইন্দ্রিয় সব
শব্দ উচ্চারণে বাক বয়
অষ্টম রূপে এর স্থান হয়
অষ্টম স্থানে থাকি তবে বাক শব্দ প্রকাশ করে
সপ্তম স্থানে থাকে সে রসনা জিহ্বা আস্বাদে ভরে।

ইমাবেব গোতমভরদ্বাজাবয়মেব গোতমোঽয়ং ভরদ্বাজ ইমাবেব বিশ্বামিত্রজমদগ্নী অয়মেব বিশ্বামিত্রোঽয়ং জমদগ্নিরিমাবেব বসিষ্ঠ কশ্যপা বয়মেব বসিষ্ঠোঽয়ং কশ্যপো বাগেবাত্রির্বাচা হ্যন্নমদ্যতেঽত্রির্হ বৈ নামৈতদ্যদত্রিরিতি সর্বস্যাত্তা ভবতি সর্বমস্যান্নং ভবতি য এবং বেদ ॥ ৪

কর্ণ দুইটি গৌতম আর ভরদ্বাজ সে হয়
দক্ষিণ কান গৌতম আর বামে ভরদ্বাজ কয়
দুটি চোখ এইরূপে খ্যাত হয়
ডান চক্ষুতে বিশ্বামিত্র রয়
বামচক্ষুতে জমদগ্নির রূপে জেন বলা হয়
দুনাসা রন্ধ্র বসিষ্ঠ ডানে বামে কশ্যপ কয়
বাকই অত্রি জিহ্বার দ্বারা অন্নভোজন হয়
এসবে যে জানে সবের ভোক্তা হয়ে সেইজন রয়।

দ্বিতীয় অধ্যায়—তৃতীয় ব্রাহ্মণ

দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্তঞ্চৈবামূর্তঞ্চ মর্ত্যঞ্চামৃতঞ্চ স্থিতঞ্চ যচ্চ চ্চ ত্যচ্চ ॥ ১

এই ব্রহ্মের দুটি রূপ তাহা মূর্ত অমূর্ত হয়
মর্ত্য ও তাহা অমৃত বলিয়া শাস্ত্রেতে জেন রয়
মর ও অমর ইহাকেই কয়
স্থিতিশীল আর গতিশীল হয়
প্রত্যক্ষ ও পরোক্ষ এই দুই রূপ হয় তাঁর
সৎরূপে সেই সত্তাশীল তৎ অব্যক্ত রূপ আর।

তদেতন্মূর্তং যদন্যদ্ বায়োশ্চান্তরিক্ষাচ্চৈতন্মর্ত্যমেতৎ স্থিতমেতৎ ২ তস্যৈতস্য মূর্তস্যৈতস্য মর্ত্যস্যৈতস্য স্থিতস্যৈতস্য সত এষ রসো য এষ পতি সতো হ্যেষ রসঃ ॥ ২

অন্তরিক্ষ ও বায়ু হতে যা যা পৃথক হইয়া রয়
ব্যাপ্য তাহাই সত্য তাহাই প্রত্যক্ষ ও সৎ হয়
এই যে সূর্য তাপ দান করে
মূর্ত মর্ত্যে সতে রূপ ধরে
স্থিতিশীল আর সত্তাশীলের জেনো এই রস হয়
অন্তরিক্ষ ও বায়ু হতে যা যা পৃথক হইয়া রয়।

অথামূর্তং বায়ুশ্চান্তরিক্ষঞ্চৈতদ্ মৃতমেতদ্ যদেতত্ত্যৎ তস্যৈতস্যামূর্ত স্যৈতস্যামৃতস্যৈতস্য যত এতস্য ত্যস্যৈষ রসো য এষ এতস্মিন্মণ্ডলে রুষস্ত্যস্য হ্যেষ রস ইত্যধিদৈবতম্ ॥ ৩

বায়ু ও আকাশ এই দোঁহে জেন অমূর্ত রূপে রয়
পরোক্ষ রূপে ব্যাপক ইহাই ইহাই অমৃতময়
সূর্য মণ্ডলেতে পুরুষ যে জন
তাহারি দ্বারায় চালিত যে হন

এই অমৃতের গমনশীলের জেনো মনে রস এই
ত্যং সত্তার রসরূপে জেন দেবতা বিষয়ে এই।

অথাধ্যাত্মমিদমেব মূর্তং যদন্যৎ প্রাণাচ্চ যশ্চায়মন্তরাত্মন্নাকাশ এতন্মর্ত্যমেতৎ স্থিতমেতৎ সৎ তস্যৈতস্য মূর্তস্যৈতস্য মর্ত্যস্যৈতস্য স্থিত স্যৈতস্য সত এষ রসো যচ্চক্ষুঃ সতো হ্যেষ রসঃ॥ ৪

দেহ বিষয়েও একই কথা হেথা বর্ণনা করা হয়
দেহ মধ্যের আকাশ ও বায়ু হতে যা ভিন্ন রয়
তাহাই জানিও মূর্ত ও অমৃত
ব্যাপ্য উহাই প্রত্যক্ষী ভূত
এই যে চক্ষু ইহাই মূর্ত মর্ত্যে সত্য সার
স্থিতিশীল আর সত্তাশীলের রস জেন ইহা আর।

অথামূর্তং প্রাণশ্চ যশ্চায়মন্তরাত্মন্নাকাশ এতদমৃতমেতদ্ যদেতৎ ত্যং তস্যৈতস্যামূর্তস্যৈতস্যামৃতস্যৈতস্য যত এতস্য ত্যস্যৈষ রসো যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্ত্যস্য হ্যেষ রসঃ॥ ৫

প্রাণ ও দেহের মধ্য আকাশ অমূর্ত তারে কয়
উহাই ব্যাপক পরোক্ষ ভাবে উহা অমৃত হয়
দক্ষিণ চোখে যে পুরুষ রয়
অমূর্ত রূপে সে অমৃত হয়
স্থিতিশীল আর সত্তাশীলের রস হয় সেইজন
দক্ষিণ চোখে অমৃতময় পুরুষ রূপে যে রন।

তস্য হৈতস্য পুরুষস্য রূপম্। যথা মাহারজনং বাসো যথা পাণ্ড্বাবিকং যথেন্দ্রগোপো যথাঽগ্ন্যর্চির্যথা পুণ্ডরীকং যথা সকৃদবিদ্যুত্তং সকৃদ্বিদ্যুত্তেব হ বা অস্য শ্রীর্ভবতি য এবং বেদাথাত আদেশো নেতি নেতি ন হ্যেতস্মাদিতি নেত্যন্যৎ পরমস্ত্যথ নামধেয়ং সত্যস্য সত্যমিতি প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যম্॥ ৬

এই পুরুষের অপরূপ রূপ বর্ণিতে ভাষা নাই
হলুদ রঙ্গেতে রঞ্জিত বাস উজ্জ্বল যেন তাই
মেষ হতে জাত পশম যেমন
শুভ্র পাণ্ডু পীত সে বরণ
রক্তবরণ কীটের মতন মখমলী পোকাসম
অগ্নিশিখার মত উজ্জ্বল শ্বেত পদ্মের সম
বিদ্যুৎ সম ঝলকিয়া সেই চারিদিক আলো করে
অগ্নিশিখার পদ্মের সম অপরূপ রূপ ধরে
উজ্জ্বল এরূপে জানে যেই জন
শ্রীলাভ করিয়া উজ্জ্বল হন
ইহার পরেতে ব্রহ্ম বিষয়ে নেতি নেতি সবে বলে
ইহা নয় ইহা নয় সে বলিয়া সর্ব্বশ্রেষ্ঠে বলে।
যাহার সহিত দেয় সে উপমা হয় না ত মনমত
নেতি নেতি বলে তাইত তখন—সে যে হয় অকথিত।
সত্য স্বরূপে নির্ধারণের এছাড়া ত পথ নাই
সবের অতীত সবেতে যে স্থিত রহেন সর্বদাই
তুলনা দিবার মত কিছু নাই
যাহা হতে বড় কোথা কিছু নাই
বর্ণিতে হায় হয়ে অক্ষম ইহা নয় শুধু বলে
প্রাণ ও সত্যে সত্যের সার আলোকিত হয়ে জ্বলে।

দ্বিতীয়াধ্যায়—চতুর্থ ব্রাহ্মণ

মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবল্ক্য উদ্‌যাস্যন্‌ বা অরেঽহমস্মাৎ স্থানাদস্মি হন্ত তেঽনয়া কাত্যায়ন্যান্তং করবাণীতি॥ ১

যাজ্ঞবল্ক কহিলেন প্রিয়া মৈত্রেয়ী শোনো তুমি
এই আশ্রম হতে উন্নত সন্ন্যাস লব আমি
সম্মতি তব তাই আমি চাই
কাত্যায়নীর সঙ্গেতে তাই
আমার জন্য তোমার যা যোগ করিব তা অবসান
আর্থিক মোর যত সম্পদ দোঁহারে করিব দান।

সা হোবাচ মৈত্রেয়ী। যন্নু ম ইয়ং ভগোঃ সর্বা পৃথিবী বিত্তেন পূর্ণা-স্যাৎ কথং তেনামৃতাস্যামিতি নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যথৈবোপ-করণবতাং জীবিতং তথৈব তে জীবিতং স্যাদমৃতত্বস্য তু নাশাঽস্তি বিত্তেনেতি॥ ২

মৈত্রেয়ী কন ওহে ভগবন এই ধন পরিপূরা
সমস্ত যদি হয়গো আমার এ সারা বসুন্ধরা
অমর কি তায় আমি হয়ে রব
যাজ্ঞবল্ক্য কহেন না তা নয়
ভোগ পরায়ণ বিত্তশালীর জীবন যেমন হয়
তোমার জীবন হইবে তেমন বিত্তে অমর নয়।

সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্যাং যদেব ভগবান্ বেদ তদেব মে ব্রূহীতি॥ ৩

মৈত্রেয়ী বলে যাহার দ্বারায় অমর আমি না হই
সে ধন লইয়া কি হইবে লাভ অমৃত যাহাতে নাই
অমরত্বের করিতে সাধন
যাহা জান তাই বলহ এখন
এ বিষয় যাহা লভিয়াছ জ্ঞান তাহার অংশ দাও
ধন বিত্তেতে কিবা হবে লাভ যাহা মোরে দিতে চাও।

স হোবাচ যাজ্ঞবল্ক্য প্রিয়া বতারে নঃ সতী প্রিয়ং ভাষস এহ্যাস্স্ব ব্যাখ্যাস্যামি তে ব্যাচক্ষাণস্য তু মে নিদিধ্যাসস্বেতি॥ ৪

যাজ্ঞবল্ক্য বলেন হে প্রিয়া আদরিণী তুমি তাই
মোর চিত্তের অনুকূল কথা বলিলে তুমি তো তাই
এস বস আমি ব্যাখ্যা করিব
যাহা জানি তাহা বুঝাইয়া দিব
বলিব যখন শুন মন দিয়ে ধ্যান তুমি তাহা করো
আমার কথার অর্থ বুঝিতে একাগ্রচিত করো।

স হোবাচ নবা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়োঃ ভবত্যাত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতি। নবা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। নবা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি।

ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। নবা অরে ক্ষত্রস্য কামায় ক্ষত্রং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি নবা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। নবা অরে ভুতানাং কামায় ভুতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্তু কামায় ভুতানি প্রিয়াণি ভবন্তি। নবা অরে সর্বস্য কামায় সর্বং প্রিয়ং ভবন্ত্যাত্মনস্তু কামায় সর্বং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো মৈত্রেয্যাত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং সর্বং বিদিতম্॥ ৫

যাজ্ঞবল্ক্য কহেন তখন শুন প্রিয়া দিয়ে মন
পতির জন্য পতি প্রিয় তাহা ভাবিও না কদাচন
আত্মতুষ্টি তরে প্রিয়পতি
পত্নীও প্রিয় জানিও তেমতি
নিজ প্রয়োজনে পুত্র সে প্রিয় পুত্র বলিয়া নয়
আত্মতুষ্টি তরে প্রিয় সব আত্মাই প্রিয় হয়।

বিত্তের তরে বিত্ত যে প্রিয় একথা কখন নয়
বিত্তের দ্বারা আত্মতুষ্টি তাই সেই প্রিয় হয়
ব্রাহ্মণ বলি ব্রাহ্মণ প্রিয়
নহে কখনই মনে জেনে নিও
আত্ম প্রয়োজনে প্রিয় হয় বলে ব্রাহ্মণ প্রিয় হয়
যত কিছু প্রিয় সবি আত্মার তুষ্টির তরে রয়
ক্ষত্রিয় বলি ক্ষত্রিয় জেন প্রিয় সে কখন নয়
ক্ষত্রিয় দ্বারা নিজ প্রয়োজন সাধিত যখন হয়
আত্মতুষ্টি তরে সব প্রিয়
লোক সমূহেও এই জেনে নিও
লোক লাভ দ্বারা তুষ্ট আত্মা তাই তাহা সবে চায়
দেবতার দ্বারা নিজে লাভবান তাই দেবতারে চায়।
জীবগণ বলি ভালোবাসে জীবে একথা তো ঠিক নয়
আপনারে ভালোবাসে বলি জেন ভালবাসে নিশ্চয়
সর্ব বস্তু তরে প্রিয় হয়
সর্ব বস্তু তাত কভু নয়
আত্মার তরে সর্ববস্তু জেন সব প্রিয় হয়
শ্রবণ মনন ধ্যানের দ্বারায় আত্মা দরশ হয়।
তাহা হইলেই এসব তথ্য সহজেই জানা যায়
বিশেষ জ্ঞান এ আত্ম দরশ যাহে জ্ঞাত সমুদয়।

ব্রহ্ম তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনো ব্রহ্ম বেদ ক্ষত্রং তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনঃ ক্ষত্রং বেদ লোকাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ দেবাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো দেবান্ বেদ ভূতানি তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো ভূতানি বেদ সর্ব্বং তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনঃ সর্বং বেদেদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমানি ভূতানীদং সর্ব্বং যদয়মাত্মা ॥ ৬

ব্রাহ্মণ জাতি আত্মা হইতে পৃথক যেজন জানে
ব্রাহ্মণ জাতি ত্যাগ করে তাঁরে একথা সবাই মানে
ক্ষত্রিয় যদি আত্মা না হয়
আত্মা হইতে পৃথক যে কয়
সেই ক্ষত্রিয় ত্যাগ করে তায় জেন চিরদিন তরে
লোক সমূহকে আত্মা হইতে পৃথক যেমনে করে।
সব লোক হতে প্রত্যাখান জেনো নিশ্চয় হয়
দেবতারে যেই আত্মা হইতে পৃথক জানিও কয়
দেবতারা তারে প্রত্যাখ্যান করে
জীব সবে যেই আত্মা না স্মরে
সব জীব তাকে পরিত্যাগ সে করিবেই নিশ্চয়
আত্মা হইতে পৃথক যেভাবে বস্তু সে সমুদয়।
সকল বস্তু ত্যাগ করে তারে জেনো মনে নিশ্চয়
সবের মাঝারে আত্মা বিরাজে আত্মা সে অক্ষয়
ব্রাহ্মণ আর ক্ষত্রিয় যত
যত লোক আর দেব আছে যত
যত জীব আর নিখিল বস্তু যেখানে যা কিছু রয়
সবাকার মাঝে আত্মা বিরাজে সকলি আত্মাময়।
সৃষ্টি কালেতে আত্মা হইতে বিশ্বসৃষ্ট হয়
স্থিতি কালে জেন তাতেই বিরাজে প্রলয়েতে লীন হয়
আত্মা হইতে ভিন্ন সে নয়
এই কথা মনে জেন নিশ্চয়।

স যথা দুন্দুভের্হন্যমানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুযাদ্ গ্রহণায় দুন্দুভেস্তু গ্রহণেন দুন্দুভ্যাঘাতস্য বা শব্দো গৃহীতঃ ॥ ৭

দণ্ডদ্বারায় বাজে দুন্দুভি শব্দ বাহির হয়
পৃথক ভাবেতে করিতে গ্রহণ পারা কভু নাহি যায়

কিন্তু যদি তা সামান্য হয়
ধ্বনিগুলি তার গৃহীত যে হয়
বিশেষ ধ্বনিরে শুনিয়া তখন পুলকিত হয় প্রাণ
মৃদুভাবে যদি কেহ তা বাজায় মন্দ মধুর তান।

স যথা শঙ্খস্য ধ্মায়মানস্য ন বাহ্যাঞ্‌ শব্দাঞ্‌ শক্নুয়াদ্‌ শব্দো গ্রহণায় শঙ্খস্য তু গ্রহণেন শঙ্খধ্মস্য বা শব্দো গৃহীত॥ ৮

যেমন শঙ্খ নিনাদিত হলে উচ্চ ধ্বনিয়া হয়
তাহে নির্গত বিশেষ ধ্বনিরে পৃথক না বোঝা যায়
যদি বাজে শাঁখ ধীরে অতি ধীরে
তার ধ্বনি তবে হৃদয়েতে ভরে
বিশেষ ধ্বনিরে শুনিয়া মুগ্ধ সকলে তখন হয়
যদি বাজে শাঁখ ধীরে অতি ধীরে সন্ধ্যা যখন হয়।

স যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ ন বাহ্যাঞ্‌ শব্দাঞ্‌ শক্নুয়াদ্‌ গ্রহণায় বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্য বা শব্দো গৃহীতঃ॥ ৯

বীণা রব যদি ঝঙ্কৃত হয় ঝন ঝন ঝন রবে
তাহার মধ্যে বিশেষ সুরটি নির্ণয় কেবা করে
কিন্তু যদি সে ধীরে ধীরে ধীরে
বাজে সে মধুর সুমধুর সুরে
তাহলে তাহার বিশেষ সুরটি ধরা সে যেমন যায়
তেমনি আত্মা হতে যা বাহির দিশা পাওয়া তার দায়।
আত্মতত্ত্ব জানিলে জানিবে যত কিছু সমুদয়
আত্মা হইতে নির্গত যাহা তাহারে জানিলে নয়।

স যথার্দ্রৈধাগ্নেরভ্যাহিতাৎ পৃথগ ধূমা বিনিশ্চরন্ত্যেবং বা অরেঽস্য মহতো ভূতস্য নিঃশ্চসিতমেতদ্‌ যদৃগ্বেদোযজুর্বেদঃ সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানান্যস্যৈবৈতানি নিঃশ্বসিতানি॥ ১০

ভিজে কাঠ দিয়ে জ্বালিলে আগুন ধূম নির্গত হয়
অগ্নি হইতে হইয়া পৃথক পৃথক দিকে তা বয়
পরমাত্মার নিঃশ্বাস মত
চারি বেদ আর ইতিহাস যত
উপনিষদের শ্লোক্য সেই মত নির্গত জেনো হয়
এ সকল জেন ইহারই মধ্যে নিঃশ্বাস হয়ে রয়।

স যথা সর্বসামপাং সমুদ্র একায়নমেবং সর্বেষাং স্পর্শানাং ত্বগেকায়নমেবং সর্বেষাং গন্ধানাং নাসিকে একায়নমেবং সর্বেষাং রসানাং জিহ্বৈকায়নমেবং সর্বেষাং রূপাণাং চক্ষুরেকায়নমেবং সর্বেষাং শব্দানাং শ্রোত্রমেকায়নমেবং সর্বেষাং সঙ্কল্পনাং মন একায়নমেবং সর্বাষাং বিদ্যানাং হৃদয়মেকায়নমেবং সর্বেষাং কর্মণাং হস্তাবেকায়নমেবং সর্বেষাং আনান্দানামুপস্থ একায়নমেবং সর্বেষাং বিসর্গাণাং পায়ুমেকায়নমেবং সর্বেষামধ্বানাং পাদাবেকায়নমেবং সর্বেষাং বেদানাং বাগেকায়নম্॥ ১১

সমুদ্র যথা সকল জলের একই মিলনাধার
ত্বকই যেমন স্পর্শের গতি একমাত্রই তার
নাসিকা দ্বয়ের গতি জেন হয়
একমাত্রই গন্ধতে রয়
সকল রসের গতি সে জিহ্বা একমাত্রই হয়
চক্ষু সকল রূপের গতি সে দরশন রূপে রয়
একমাত্রই গতি কর্ণের শব্দের মাঝে রয়
মনেরে জানিও সংকল্পের একমাত্র গতি হয়।
একমাত্রই গতি জেন এর
বিদ্যাবুদ্ধি একই জেনো এর
হস্তদ্বয় কর্মের জেন একমত গতি হয়
সব আনন্দ গতি পথ জেন জননেন্দ্রিয়ে রয়
গুহ্যেন্দ্রিয় মলত্যাগের এক গতি পথ হয়
সকল পথের গতি সে চরণ বাক বেদ গতি হয়।

স যথা সৈন্ধবখিল্য উদকে প্রাস্ত উদকমেবানুবিলীয়েত ন হাস্যো গ্রহণায়েব স্যাৎ। যতো যতস্ত্বাদদীত লবণমেবৈবং বা অর ইদং মহদ্ভূত মনন্তমপারং বিজ্ঞানঘন এব। এতেভ্যো ভুতেভ্যঃ সমুত্থায় তান্যেবা বিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাইস্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ॥ ১

লবণ খণ্ড ফেলিলে জলেতে জলেতে বিলীন হয়
জল হতে তাহা নিঃশেষে তোলা সহজ কখন নয়
যেথাকার জল তোলনা তখন
লবণের স্বাদ মিলিবে তখন
তেমনই প্রিয়ে অনন্ত এই অপার আত্মা হয়
সমুদয় ভূত হইতে উঠিয়া তাহাতে বিনাশ পায়।
আত্মার এই খণ্ডিত ভাব ইন্দ্রিয়ে গড়া যাহা
ভূতবর্গের কারণ বশত প্রকাশিত হয় তাহা
মৃত্যু হইলে নাহি থাকে জ্ঞান
দেহ ইন্দ্রিয় সব অবসান
সেই কথা বলি তোমাকে গো প্রিয়া শোন তুমি দিয়া ম
আত্মতত্ত্ব কহিয়া যাজ্ঞবল্ক্য নীরব হন।

সা হোবাচ মৈত্রেয্যত্রৈব মা ভগবানমূমুহন্ন প্রেত্য সংজ্ঞাইস্তী স হোবাচ ন বা অরেইহং মোহং ব্রবীম্যলং বা অর ইদং বিজ্ঞানায়॥ ১

মৈত্রেয়ী ক'ন ওহে ভগবান্ কার্য কারণ হতে
বিমুক্ত হয়ে মৃত্যু ঘটিলে সংজ্ঞা থাকে না তাতে
এই কথা বলে দিলে সংশয়
বলিয়াছ জ্ঞান চিরদিন রয়
কোনদিন তার হয় নাক লোপ জ্ঞান সে চিরন্তন
আবার বলিছ জ্ঞান লোপ পায় সংশয় জাগে মন।
যাজ্ঞবল্ক্য বলেন হে প্রিয়া নাইক এতে কোন সংশয়
ইহার অর্থ বুঝিলে বুঝিবে বিশেষ জ্ঞান এ হয়।

যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং জিঘ্রতি তদিতর ইতরং পশ্যতি তদিতর ইতরং শৃণোতি তদিতর ইতরমভিবদতি তদিতর ইতরং মনুতে তদিতর ইতরং বিজানাতি যত্র বা অস্য সর্বমাত্মৈবাভূত্তৎকেন কং জিঘ্রেৎ-কেন কং পশ্যেৎতৎকেন কং শৃণুয়াৎতৎকেন কমভিবদেৎতৎকেন কং মন্বীত তৎ কেন কং বিজানীয়াৎ। যেনেদং সর্বং বিজানাতি তং কেন বিজানীয়াদ্বিজ্ঞাতারমেবে কেন বিজানীয়াদিতি ॥ ১৪

মনে হয় যবে দ্বিতীয় রয়েছে তখনত সেইজন
আঘ্রাণে তারে করে দরশন শোনে তারে সেইজন
অভিনন্দন সে অপরেরে করে
একেতে অপরে স্মরণ যে করে
একে অপরেতে জানে সে সময় দুই জন যবে হয়
ব্রহ্মবাদীরা সকলি আত্মা জানে মনে নিশ্চয়।
এক হয় যবে তখন তাহারে আঘ্রাণে কেবা করে?
কেমনে তাহারে করে দরশন শোনে বা কেমন করে?
অভিবাদনের তরে কেহ নাই
স্মরণ করিতে কেহ আর নাই
মনন করিবে কাহারে তবে সে এক যদি সেই হয়
(যাঁহারে জানিলে সব জানা যায় কেমনে জানিবে তায়?)

দ্বিতীয় অধ্যায়—পঞ্চম ব্রাহ্মণ

ইয়ং পৃথিবী সর্বেষাং ভূতানাং মধ্বস্যৈ পৃথিব্যৈ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্যাং পৃথিব্যাং তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং শারীরস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥ ১

এই পৃথিবীই সর্বরূপের মধুরূপে জেন রয়
সর্ব জীবই পৃথিবীর মধু জেন মনে নিশ্চয়

এই পৃথিবীতে যেই তেজোময়
অমৃতময় যে পুরুষ সে রয়
এই শরীরেতে দেহাধার মাঝে সে পুরুষ জেন রয়
তেজোময় সেই চির মধুময় সেজন অমৃতময়।
পৃথিবী আদি এ চতুষ্টয় যা যা সবি জেন মধু হয়
যিনি এ আত্মা বলিয়া যা জেন জেন তা অমৃতময়
ইনিই ব্রহ্ম অমৃতময়
সকল জিনিষে ইনি জেন রয়
এই পৃথিবীতে তেজোময় আর অমৃতময় যেজন
এই দেহ মাঝে রহে সেইজন দোহা মাঝে একই র'ন।
অমৃতময় এ আত্মজ্ঞানেরে জানে যেই সুধীজন
ব্রহ্মে জানিয়া সব জ্ঞাত হইয়া অমর সে জন হন
ব্রহ্ম জ্ঞান এ বলিয়া কহয়
যাহা জানিলেই সব জানা যায়
সবের ভিতরে রাজে সেইজন তাঁহার ভিতরে সব
যে জানে একথা সব অজ্ঞান মানে তাহে পরাভব।

ইমা আপঃ সর্বেষাং ভূতানাং মধ্বাসামপাং সর্বাণি ভূতানি মধু যশ্চায়মাস্বপ্সু তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং রৈতসস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্‌ ॥ ২

এই জল জেনো সর্বভূতের মধু এই জল হয়
এ জলের মধু সর্বভূতেতে বিরাজে সে নিশ্চয়।
অমৃতময় ও তেজোময় সাজে
জলের মাঝেতে সে পুরুষ রাজে
এই শরীরেতে শুক্রে যে রাজে যেই অভিমানময়
এই চার রূপে যেই চারজন আত্মা তাহারে কয়।

এই জল আর সর্বভূত ও জলের পুরুষ জন
শুক্রের মাঝে যে পুরুষ রাজে এই হল চারজন
ইহারা আত্মারূপে খ্যাত হন
ইহারেই সবে আত্মজ্ঞান কন
অমৃত ইহা ইহাই ব্রহ্ম ইহা সব বলি কয়
সবের মাঝারে ব্রহ্ম বিরাজে ব্রহ্মে সকলি রয়।

অয়মগ্নি সর্বেষাং ভূতানাং মধ্বস্যাগ্নেঃ সর্বাণি ভূতানি মধুযশ্চায়মস্মিন্নগ্নৌ তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং বাঙ্ময়স্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বং ॥৩

এই অগ্নিই সর্বভূতের মধুরূপে জেন রয়
সর্বভূতই অগ্নির মধু মনে জেন নিশ্চয়
এই অগ্নিতে যে পুরুষ র'ন
যিনি তেজোময় অমৃত হন
এই শরীরেতে রাগ অভিমানী তেজ ও অমৃতময়
যে পুরুষ র'ন এরা চারজনে জেনো সেই মধুময়
আত্মা বলিয়া বিখ্যাত এরা ইহাই আত্মজ্ঞান
ইনিই ব্রহ্ম ইনিই আত্মা ইহাই ব্রহ্মজ্ঞান।

অয়ং বায়ু সর্বেষাং ভূতানাং মাধ্বস্য বায়ো সর্বাণি ভূতানি মধু যচ্চায়মস্মিন্ বায়ৌ তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং 'প্রাণস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥ ৪

এই জল জেন সর্বভূতের মধু হয় নিশ্চয়
সর্বভূতও জলের মধুর রূপেতে জানিও রয়
এই জল মাঝে যেই জনরাজে
তেজোময় আর অমৃতর সাজে

সে পুরুষ আর এই দেহে যেই শুক্রের মাঝে রয়
অভিমানী তেজী অমৃত পুরুষ দুই জেনো মধুময়।
এই চার রূপে রহেছেন যিনি আত্মা তাহারে কয়
আত্মজ্ঞান ইহাই ব্রহ্ম ব্রহ্মজ্ঞানই কয়।

অয়মাদিত্যঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্যাদিত্যস্য সর্বাণি ভূতানি মঃ যশ্চায়মস্মিন্নাদিত্যে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্ম চাক্ষুষস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদ ব্রহ্মেদং সর্বম্॥ ৫

এই আদিত্য সর্বভূতের মধু এই জন হয়
সর্বভূতই মধুরূপ ধরি আদিত্য মাঝে রয়
এই আদিত্যে মাঝে যেইজন
পুরুষরূপী যে তেজোময় হন
অমৃতময় যে তিনিও জানিও মধুময় হয়ে রয়
দেহমাঝে রয় চক্ষুরভিমানী সে পুরুষ মধুময়।
সর্বভূতও আদিত্য আর আদিত্যে যেই র'ন
আর দেহ মাঝে চক্ষুরভিমানী পুরুষরূপী যেজন
এই চারজনে আত্মাই কয়
আত্মজ্ঞান এ অমৃতময়
ইনিই ব্রহ্ম ব্রহ্মজ্ঞানের ইহাই তথ্য সার
একথা যে জানে জানিবার আর কিছু বাকি নাহি তার।

ইমা দিশঃ সর্বেষাং ভূতনাং মধ্বাসাং দিশাং সর্বাণি ভূতানি মঃ যশ্চায়মাসু দিক্ষু তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মাধ্যাত্মং শ্রোত্র প্রাতিশ্রুৎকস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মে মমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥ ৬

এই দিক জেনো সর্বভূতের মধুময় হয়ে রয়
সর্বভূতেই দিক সকলের মধুময় মধুময়

এই দিক মাঝে যে পুরুষ রয়
তেজোময় আর অমৃত সে হয়
আর এ শরীরে শ্রবণাভিমানী পুরুষরূপে যে র'ন
ইহারাও মধু এই চার রূপে আত্মাই জেন র'ন
এই আত্মার জ্ঞান যেই লভে সেজন অমৃতময়
ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মই সব জানে সেই নিশ্চয়।

অয়ং চন্দ্রঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য চন্দ্রস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিংশ্চন্দ্রে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং মানসস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥৭

এই যে চন্দ্র সর্বভূতের মধু এ চন্দ্র হয়
সর্বভূত এ চন্দ্রের মধু জেন মনে নিশ্চয়
এই চন্দ্রের মধ্যে যে র'ন
তেজোময় আর অমৃত মগন
সে পুরুষ আর দেহ মধ্যেতে যে পুরুষ জেন রয়
মন অভিমানী সে পুরুষ জেন দুই হয় মধুময়।
এই চারে পুনঃ এক হয়ে তাহা আত্মা রূপেতে রয়
ইনিই ব্রহ্ম ইনি অমৃত ব্রহ্মজ্ঞান এরে কয়।

ইয়ং বিদ্যুৎ সর্বেষাং ভূতানাং মধ্বস্যৈ বিদ্যুতঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্যাং বিদ্যুতি তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং তৈজসস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥ ৮

এই বিদ্যুৎ সবভূতের মধু হয়ে তাহা রয়
বিদ্যুৎ মাঝে মধুরূপ ধরি সর্বভূতই রয়
বিদ্যুৎ মাঝে যে পুরুষ র'ন
তেজোময় আর অমৃত জন
আর এ দেহতে ত্বগিন্দ্রিয়ের অভিমানী রূপে রন
যে পুরুষ জেনো এ দুই পুরুষ মধুময় দুইজন।

সর্বভূত ও বিদ্যুৎ আর দুপুরুষ এই চার
এই চারজনই মধুময় জেনো আত্মা মধুর সার
এই তথ্যরে আত্মজ্ঞান কয়
ইনিই ব্রহ্ম অমৃতময়
সবই ব্রহ্ম এই জ্ঞান যার অন্তর মাঝে রয়
ব্রহ্মে লভিয়া ব্রহ্মে জানিয়া সে জন ব্রহ্মময়।

অয়ং স্তনয়িত্নুঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য স্তনয়িত্নোঃ সর্বাণি ভূতা মধু যশ্চায়মস্মিন্ স্তনয়িত্নৌতেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যা শাব্দঃ সৌবরস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদম মিদং ব্রহ্মেদং সর্বম্॥ ৯

এই মেঘ গর্জন মাঝে সব জেন মধুময়
সর্বভূতের মধু জেন মেঘ গর্জন মাঝে রয়
মেঘ গর্জনে যে পুরুষ র'ন
তেজোময় আর অমৃত যা হন
তিনি আর এই দেহের মাঝেতে শব্দাভিমানী যেজন
এরা দুজনেই মধুময় হন মধুরূপ এ দুজন।
মেঘ গর্জন ও সর্বভূত ও পুরুষ রূপে যে জন
এই চারজনই আত্মা বলিয়া প্রতিভাত তবে হন
আত্মজ্ঞান হইয়াছে যার
লভে সে ব্রহ্ম অমৃত সার
ব্রহ্মে লভিয়া ব্রহ্ম জ্ঞানেরে জানে যাহাদের মন
আত্ম তত্ত্ব লভি সার্থক ধন্য যে সেই জন।

অয়মাকাশঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্যাকাশস্য সর্বাণি ভূতানি যশ্চায়মস্মিন্নাকাশে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যা হৃদ্যাকাশস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদম মিদং ব্রহ্মেদং সর্বম্॥ ১০

এই যে আকাশ সর্বভূতের মধু এইজন হয়
সর্বভূতই মধুময় হয়ে আকাশের মাঝে রয়
আকাশেতে রয় পুরুষ সে জন
অমৃতময় ও তেজোময় হন
ইনি আর এই হৃদয় আকাশে অভিমানী তেজোময়
অমৃতময় যে পুরুষ রহেন দোঁহে হন মধুময়।
আকাশ ও সর্বভূত আর সাথে পুরুষ এ দুইজন
এই চারিজনই আত্মা বলিয়া বিখ্যাত জেনো হন
আত্মজ্ঞান অমৃত এই
ইনিই ব্রহ্ম এতে ভুল নেই
এই ব্রহ্ম জ্ঞান হইতেই জেনো সব কিছু জানা যায়
সবের আধার মধুময় যেই তাহারে বক্ষে পায়।

অয়ং ধর্মঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য ধর্মস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্ ধর্মে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং ধার্মস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥ ১১

এই যে ধর্ম সর্বভূতের জেন ইহা মধুময়
সর্বভূতই ধর্মের মাঝে মধুরূপ নিয়ে রয়
অমৃত তেজেতে যে পুরুষ র'ন
ধর্মের মাঝে সদা যেইজন
তিনি আর এই শরীরের মাঝে যে পুরুষ জেন রয়
ধর্মাভিমানী সে অমৃতময় আর তেজোময় সেই হয়।
ধর্ম এবং সর্বভূতও পুরুষ এ দুইজন
এই চারজন আত্মা বলিয়া সবেতে প্রকাশ হন
আত্মজ্ঞান অমৃতই হয়
ব্রহ্ম বলিয়া এরে সবে কয়

ব্রহ্মজ্ঞানই সব কিছু হয় আঁধারে জ্বালায় আলো
জ্ঞানের আলোয় আলোকিয়া সব কাটে যে তমসা কালো।

ইদং সত্যং সর্বেষাং ভূতানাং মধ্বস্য সত্যস্য সর্বাণি ভূতাণি মধু যশ্চায়মস্মিন্ সত্যে তেজোময়ঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং সাত্য স্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥ ১২

এই যে সত্য আচার রূপে যা ধর্মই জেনো হয়
সর্বভূতের মধুও সর্বভূতও মধু সত্যতে হয়
সত্যের মাঝে স্থিত সেইজন
পুরুষরূপী যে পরশ রতন
মধুময় তিনি এ দেহ মধ্যে সমবেত ব্রতী হন
আচার রূপেতে ধর্মাভিমানী মধুময় চারজন।
সত্য এবং সর্ব ভূতের মধুময় দুইজন
পুরুষ রূপেতে আর দুইজন মধুময় যাঁরা হন
এই চারিজনে আত্মাই কয়
আত্মজ্ঞান অমৃতময়
ইনিই ব্রহ্ম এরে জানিলেই সব কিছু জানা যায়
ব্রহ্মে পাইলে সব পাওয়া যায় সবি হয় মধুময়।

ইদং মানুষং সর্বেষাং ভূতানাং মাধ্বস্য মনুষ্যস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্ মানুষে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং মানুস স্তেজোময়ঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥ ১৩

মানুষ জাতিই সর্বভূতের জেনো হয় মধুময়
সর্বভূতই মধুর রূপেতে মানুষের মাঝে রয়
মানুষের মাঝে তেজোময় জন
অমৃতময় যে পুরুষ যে হন

আর দেহমাঝে মানুষ জাতিতে অভিমানী যেইজন
অমৃতময় ও তেজোময় হয়ে পুরুষ যেজন হন।
এই দুই জনই হন মধুময় মানুষও মধু হয়
সর্বভূত ও মধুময় এই চারেই আত্মা কয়
অমৃতময় এ আত্মার জ্ঞান
লভে যেই জন সেই মতিমান
ইনিই ব্রহ্ম ব্রহ্মজ্ঞানই সকল জ্ঞানের সার
ইহারে জানিলে সব হয় জানা বাকিত থাকে না আর।

অয়মাত্মা সর্বেষাং ভূতানাং মধ্বস্যাত্মনঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়-মস্মিন্নাত্মনি তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মাত্মা তেজোময়ঽমৃত-ময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥ ১৪

এই যে আত্মা জাতি বিশিষ্ট বিরাট যা দেহময়
তাহা মধু জেন। সর্বভূত ও মধুরূপে এতে রয়
বিরাট দেহের মাঝে যিনি র'ন
পুরুষ রূপে যে তিনি মধু হন
আবার এই যে বিজ্ঞানময় হিরণ্যগর্ভ জন
ইহারাও মধু আত্মারূপেতে রয় জেন চারজন।
আত্মজ্ঞানের এ অমৃত ব্রহ্মে জেনেছে যাহার মন
ব্রহ্মজ্ঞান লভি এ জনমে কৃতার্থ সেই জন।

স বা অয়মাত্মা সর্বেষাং ভূতানামধিপতিঃ সর্বেষাং ভূতানাং রাজা তদ্ যথা রথনাভৌ চ রথনেমৌ চারাঃ সর্বে সমর্পিতা এবমেবাস্মিন্নাত্মানি সর্বাণি ভূতানি সর্বে দেবাঃ সর্বে লোকাঃ সর্বে প্রাণাঃ সর্ব এত আত্মানঃ সমর্পিতা॥ ১৫

এই আত্মাই নিখিল প্রাণীর অধিপতি জেন হন
এই আত্মাই সর্বভূতের ঈশ্বর ইনি হন

রথচক্রের নাভিতে যেমন
এবং নেমির সাথেতে তেমন
চক্র শলাকা যুক্ত সে রয় তেমনি প্রাণীরা রয়
সব জীবাত্মা পরমাত্মাতে তেমনি মিশিয়া রয়।

ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্বোণোঽশ্বিভ্যামুবাচ। তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ—তদ্বাং নরা সনয়ে দংস উগ্রমাবিষ্কৃণোমি তন্যতুর্ন বৃষ্টিম্। দধ্যঙ্ হ যন্মধ্বাথর্বণো বামশ্বস্য শীর্ষ্ণা প্র যদীমুবাচ॥ ইতি॥ ১৬

অথর্বা সুত দধ্যঙ্ ইহাই মধুবিদ্যা যা কয়
দিয়াছিল তাহা লভেছিল যাহা অশ্বিনী কুমারদ্বয়
কক্ষীবান ঋষি জেনে কথা এই
বলিল মন্ত্র উচ্চারি সেই
মনুষ্যরূপী দুই ভাই নিজ শিক্ষা লাভের তরে
করেছিল যেই দংস নামের ক্রূর কর্মটি করে।
অথর্ব বেদ পারগ দধ্যঙ ঋষি সে যেমনভাবে
অশ্বের মাথা অবলম্বনে বুঝাল প্রকাশি তাকে
আমিও তেমনি আপনা প্রকাশি
মেঘে বৃষ্টির মতন বিকাশি
বুঝাইয়া দিব এ মধু বিদ্যা সবে শিক্ষার তরে
শ্রেষ্ঠ কর্ম শিখাইব তোমা আমি ধন লাভ তরে।
এইখানে বলি প্রবাদ বচন শিক্ষামূলক কথা
বলিবার নয় বুঝাবার নয় বলিও না যথা তথা
স্বর্গ বৈদ্য অশ্বিনী তনয়
ধরি নররূপ দুইজন হয়
দধ্যঙ ঋষির কাছে এসেছিল এই শিক্ষার তরে
ঋষি বলে বল কেমনে শিখাব ইন্দ্র নিষেধ করে।

বলেছে ইন্দ্র এ শিক্ষা দিলে মাথা সে কাটিবে হায়
বলে দুই ভাই কৌশলে মোরা বাঁচাব তোমায় তায়।
তোমার মাথাটি কাটিয়া লইয়া
আমরা তাহারে রাখি লুকাইয়া
অশ্ব মুণ্ড জুড়ি দিব মোরা সে মুখে শিক্ষা দিও
অশ্ব মুণ্ড ইন্দ্র কাটিলে নিজ মাথা তুমি নিও।
ইন্দ্রের দ্বারা রক্ষিত এই বিদ্যা লাভের তরে
স্বর্গের সেরা বৈদ্যরা দেখ কত না যত্ন করে।
হয়না বলিয়া কোন কাজ নেই
তাহাই জানাতে তথ্য তো এই—
দেবতারা কভু হেন অভিশাপ কারেও কভু না দেয়
জ্ঞান অর্জনে ইচ্ছা যাহার বাধা সে মানেনা তায়।
নিন্দাচ্ছলেতে স্তুতি ইহা জেন শিক্ষা লাভের তরে
যদি ক্রূর কাজ করে থাকে কেহ পাপ না পরশে তারে।

ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্বণোঽশ্বিভ্যামুবাচ। তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ—আথর্বণায়াশ্বিনা দধীচেঽশ্ব্যং শিরঃ প্রত্যৈরয়তম্। স বাং মধু প্রবোচদৃতায়ন্ ত্বাষ্ট্রং যদ্ দস্রাবপিকক্ষ্যংবাম্॥ ইতি॥ ১৭

পূর্ব বলা এ মধু বিদ্যাই দধ্যঙ্ ঋষি যে জন
অশ্বিদ্বয়কে বলেছিল যাহা সেই কথা বলি শোন।
সত্য পালনে ইচ্ছুক হয়ে
শত্রু জনেরে সংহার করিয়ে
গোপনীয় সেই মধু বিদ্যারে গ্রহনিল দুইজনে
কর্মজড়িত মধু বিদ্যার কথন কেইবা জানে?
শত পথ ব্রাহ্মণেতে আছে কাহিনী যে মধু ভরা
নিজ মহত্বে গর্বিত হয়ে হরি হ'ল ধনু ধরা।

চিবুক রাখিয়া ধনুর প্রান্তে
দাঁড়ালেন যেই তাহার অন্তে
উইপোকা দিয়া দেবগণ সেই ছিলাযে কাটিয়া দের
ছিন্নজ্যা ধনু বিষ্ণুর শির কাটিয়া ফেলিল হায়।
সেই মস্তকই সূর্য জানিও বিষ্ণু যজ্ঞ এই
যজ্ঞের মাথা কাটা গেল দেখে চিন্তিত সকলেই।
তখন অশ্বিদ্বয়েরে কহেন
বৈদ্য তোমরা পুনঃ জুড়ি দেন,
যজ্ঞের মাথা জুড়িবার তরে প্রবর্গ্য কর্ম হয়
পুরাণের কথা বলি সংক্ষেপে জেন ইহা নিশ্চয়।

ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্বণোঽশ্বিভ্যামুবাচ। তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ—পুরশ্চক্রে দ্বিপদঃ পুরশ্চক্রে চতুষ্পদঃ পুরঃ স পক্ষী ভূত্বা পুরঃ পুরুষ আবিশৎ॥ ইতি। স বা অয়ং পুরুষঃ সর্বাসু পুর্ষু পুরিশয়ো নৈনেন কিঞ্চনানাবৃতং নৈনেন কিঞ্চনাসংবৃতম্॥ ১৮

পূর্বে বলা এই মধু বিদ্যাই দধ্যঙ নামে সে ঋষি
অশ্বিদ্বয়ে বলেছিল যেন বুঝাবার তরে বসি
মন্ত্র দ্রষ্টা ঋষি তা দেখিয়া
বলিলেন তবে তারে বুঝাইয়া
তিনিই দ্বিপদ শরীর সকল নির্মাণ জেনো করে
চতুষ্পদ যা সকল শরীর সেই নির্মাণ করে।
লিঙ্গ আত্মা রূপে সে পুরুষ পূর্বে প্রবেশে দেহে
উক্ত পুরুষই নিখিল দেহতে পুরিশায়ী হয়ে রহে
কিছু দ্বারা তিনি আবৃত নন
কিছু নেই অনুপ্রবিষ্ট নন
**(জগতের এই ভিতরে বাহিরে যেখানে যা কিছু রয়
সবাকার মাঝে সেইজন রাজে সব জেন তিনি ময়)**

ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্বণোঽশ্বিভ্যামুবাচ তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ—রূপং রূপং প্রতিরূপো বভূব তদস্য রূপং প্রতিচক্ষণায়। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশ॥ ইতি।

অয়ং বৈ হরয়োঽয়ং বৈ দশ চ সহস্রাণি বহূনি চানন্তানি তদেতদ্ ব্রহ্মাপূর্বমনপরমনন্তরমবাহ্যময়মাত্মা ব্রহ্ম সর্বানুভূরিত্যনুশাসনম্॥ ১৯

এ মধুবিদ্যা অথর্ব বেদ পারগ দধ্যঙ ঋষি
শিক্ষার তরে অশ্বিদ্বয়েরে বলেছিল সেথা বসি
মন্ত্রদ্রষ্টা ঋষি তা দেখিয়া
বলিলেন "নানা রূপে প্রকাশিয়া
একই ঈশ্বর বিভিন্ন রূপে বিভিন্ন রূপে র'ন
আপন তত্ত্ব প্রকাশের তরে আপনি প্রকাশ হন।
মায়া বশে এই পরমেশ্বরই অনুভূত নানা রূপে
(কারণ) জীবাত্মা দেহে দশ শুধু নয় শত ইন্দ্রিয় ব্যাপে
ইন্দ্রিয় দলে এ আত্মা র'ন
দশ বা হাজার অনন্ত হন"
এই ব্রহ্মই অপূর্ব ইনি কার্যবিহীন জন
অন্তর ভেদ বাহ্য বিহীন সর্বের মাঝে র'ন
সর্বের মাঝে অনুভবকারি আত্মা ব্রহ্ম হয়
সব বেদান্তে এই সার কথা উপদেশ হয়ে রয়।

দ্বিতীয়াধ্যায়—ষষ্ঠ ব্রাহ্মণ

অথ বংশঃ পৌতিমাষ্যো গৌপবনাদ্ গৌপবনঃ পৌতিমাষ্যাৎ পৌতিমাষ্যো গৌপবনাদ্ গৌপবনঃ কৌশিকাৎ কৌশিকঃ কৌণ্ডিন্যাৎ কৌণ্ডিন্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গৌতমাচ্চ গৌতমঃ॥ ১

মধুকাণ্ড নামে যা এখন ব্রহ্মবিদ্যা ময়
অতীত তাঁদের বংশের কথা এইখানে বর্ণয়

পৌতিমাষ্য নামে যেই জন
গৌপবনের কাছে ইহা লন
গৌপবন সে লাভ করেছিল অপর পৌতিমাষে
পৌতিমাষ্য অপর গৌপবন হতে লভে শেষে।
গৌপবন সে কৌশিক কৌণ্ডিন্য হইতে লয়
কৌণ্ডিন্য সে শাণ্ডিল্য ও শাণ্ডিল্য কৌশিকে লয়
শাণ্ডিল্য কৌশিক গৌতম হতে
লভে এ বিদ্যা পর পর এতে

অগ্নিবেশ্যাদাগ্নিবেশ্যঃ শাণ্ডিল্যাচ্চানভিম্লাতাচ্চানভিম্লাত আনভিম্লাতা দানভিম্লাত আনভিম্লাতাদানভিম্লাতো গৌতমাদ্ গৌতমঃ সৈতবপ্রাচীন যোগ্যাভ্যাং সৈতবপ্রাচীনযোগ্যৌ পরাশর্যাৎ পায়াশর্যো ভারদ্বাজাৎ ভারদ্বাজো ভারদ্বাজাচ্চ গৌতমাচ্চ গৌতমো ভারদ্বাজাদ্ ভারদ্বাজ পারাশর্যাৎ পারাশর্যো বৈজবাপায়নাদ্ বৈজবাপায়নঃ কৌশিকায়নে কৌশিকায়নিঃ ॥ ২

অগ্নিবেশ্য হইতে লভয় অগ্নিবেশ্য শাণ্ডিল্য
তার সাথে লভে আনভিম্লাত নামেতে অপর এক
আনভিম্লাত কাছ হতে লয়
একই নাম তাঁর দ্বিতীয় সে হয়
তাঁর কাছ হতে তৃতীয় আনভিম্লাত সেই লাভ করে
তার কাছে হতে লভে গৌতমে—সৈতব তার পরে
সৈতব সাথে প্রাচীনযোগ্য এক সাথে দোহে লয়
তাদের কাছেতে লভেন শিক্ষা পারাশর্য্য যে হয়
পারাশর্য্য সে ভারদ্বাজেরে
ভারদ্বাজ সে দেয় অপরেরে
দ্বিতীয় ভারদ্বাজ বলি খ্যাত তিনি গৌতমে দেয়
গৌতম দেন আর ভারদ্বাজে ভারদ্বাজ পারাশর্য্যয়

পারাশর্য সে বৈজপায়নে করেন বিত্মাদান
বৈজ্ঞপায়ন কৌশিকায়নে—কৌশিকায়নি—পান।

ঘৃতকৌশিকাদ্ ঘৃতকৌশিকঃ পারাশর্যায়ণাৎ পারাশর্যায়ণঃ পারাশর্যাৎ পরাশর্যো জাতুকর্ণ্যাজ্জাতুকর্ণ্য আসুরায়ণাচ্চ যাস্কাচ্চাসুরায়ণস্ত্রৈবণেস্ত্রৈবণিরৌপজন্ধনেরৌপজন্ধনিরাসুরেরাসুরির্ভারদ্বাজাদ্ ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ো মাণ্টের্মাণ্টির্গৌতমাদ্ গৌতমো গৌতমাদ্ গৌতমো বাৎস্যাদ্ বৎস্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্যাৎ কাপ্যাৎ কৈশোর্যঃ কাপ্যঃ কুমারহারিতাৎ কুমারহারিতো গালবাদ্ গালবো বিদর্ভী কৌণ্ডিন্যাদ্ বিদর্ভীকৌণ্ডিন্যো বৎসনপাতো বাভ্রবাদ্ বৎসনপাদ্ বাভ্রবঃ পথঃ সৌভরাৎ পন্থাঃ সৌভরোঽয়াস্যাদাঙ্গিরসাদয়াস্য আঙ্গিরস আভূতেস্ত্বাষ্ট্রাদাভূতিস্ত্বাষ্ট্রো বিশ্বরূপাৎ ত্বাষ্ট্রাদ্ বিশ্বরূপস্ত্বাষ্ট্রোঽশ্বিভ্যামশ্বিনৌ দধীচ আথর্বণাদ্ দধ্যঙ্ঙাথর্বণোঽথর্বণো দৈবাদথর্বা দৈবো মৃত্যোঃ প্রাধ্বংসনান্মৃত্যুঃ প্রাধ্বংসনঃ প্রাধ্বংসনাৎ প্রাধ্বংসন একর্ষেরেকর্ষির্বিপ্রচিত্তের্বিপ্রচিত্তির্ব্যষ্টের্ব্যষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎ সনগঃ পরমেষ্ঠিনঃ পরমেষ্ঠী ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মণে নমঃ॥ ৩

কৌশিকায়নি হইতে লভয় ঘৃত কৌশিক তবে
ঘৃত কৌশিক হইতে তখন পারাশর্য্যায়ণ লভে
পারাশর্য্য লভে তা হইতে
জাতুকর্ণও লভিল সে মতে
জাতুকর্ণর কাছ হতে লভে অসুরায়ণ সে জন
অসুরায়ণ হতে ত্রৈবেনি জেন তবেই প্রাপ্ত হন
ত্রৈবনি হতে ঔপজন্ধনি আপনি তাহারে পায়
ঔপজন্ধনি হইতে আসুরি, ভারদ্বাজ সেথা পায়
ভারদ্বাজ হতে আত্রেয় লয়
আত্রেয় হতে মাণ্টি লভয়

মাণ্টি হইতে গৌতম আর অপর গৌতম পায়
গৌতম হইতে গৌতম বাৎস্য বাৎস শাণ্ডিল্যেতে পায়
শাণ্ডিল্য পায় কৈশোর্য হইতে, কুমারহারিত হতে
কুমারহারিত গালব হইতে, বিদর্ভী কৌণ্ডিন্য হতে
বৎসনপাত বাভ্রব হইতে
বাভ্রব পথ সৌভর হতে
পথ সৌভর আমাস্য নামে আঙ্গিরসের কাছে
আঙ্গিরস পায় আভূতি আষ্ট্র এই কথা লেখা আছে
তার কাছ হতে বিশ্বরূপ সে ত্বাষ্ট্র প্রাপ্ত হয়
বিশ্বরূপ সে প্রাপ্ত হইল ত্বাষ্ট্র অশ্বিদ্বয়
অশ্বিদ্বয় পেল যেই মতে
দধ্যঙ আথর্বন সে হইতে
আর্থর্বন সে দৈব হইতে দৈব মৃত্যু হতে
মৃত্যু সে প্রাধ্বংসন নিকটেতে সে পান একর্ষতে
একর্ষ পায় বিপ্রচিত্তি সে পায় ব্যষ্টি হতে
ব্যষ্টি হইতে সনারু লভয় সনাতন তাহা হতে
সনাতন হতে সনগ লভয়
সনগ বিরাট হইতে যে পায়
বিরাট হইতে হিরণগর্ভ ব্রহ্মা ইহারে পায়
স্বয়ম্ভূ সেই অনাদি ব্রহ্ম প্রণমি তাঁহার পায়।

তৃতীয় অধ্যায়—প্রথম ব্রাহ্মণ

ওঁ ॥ জনকো হ বৈদেহো বহুদক্ষিণেন যজ্ঞেনেজে তত্র হ কুরুপাঞ্চালানাং ব্রাহ্মণা অভিসমেতা বভূবুস্তস্য হ জনকস্য বৈদেহস্য বিজিজ্ঞাসা বভূব কঃস্বিদেষাং ব্রাহ্মণানামনূচানতম ইতি স হ গবাং সহস্রমবরুরোধ দশ দশ পাদা একৈকস্যাঃ শৃঙ্গয়োরাবদ্ধা বভূবুঃ ॥ ১

জনক নামেতে বিদেহরাজসে যজ্ঞানুষ্ঠান করে
বিরাট যজ্ঞে কুরু পাঞ্চাল হতে ব্রাহ্মণে ভরে
জনকের মনে সন্দেহ হল
কে কে বেদজ্ঞ এর মাঝে এল
এক হাজার গাভী গোষ্ঠের মাঝে আবদ্ধ সেই করে
প্রতিটি গাভী শৃঙ্গদ্বয়েতে দশ পাদ সোনা ভরে।

তান্ হোবাচ ব্রাহ্মণা ভগবন্তো যো বো ব্রহ্মিষ্ঠঃ স এতা গা উদজ
ামিতি। তে হ ব্রাহ্মণা ন দধৃষুরথ হ যাজ্ঞবল্ক্যঃ স্বমেব ব্রহ্মচারিণ
াচৈতাঃ সোম্যোদজ সামশ্রবা৩ ইতি তা হোদাচকার তে হ ব্রাহ্মণা-
চুক্রুধুঃ কথং নো ব্রহ্মিষ্ঠো ব্রবীতেত্যথ হ জনকস্য বৈদহস্য হোতা-
শ্বলো বভুব স হৈনং পপ্রচ্ছ ত্বং নু খলু নো যাজ্ঞবল্ক্য ব্রহ্মিষ্ঠোঽসী৩
তি স হোবাচ নমো বয়ং ব্রহ্মিষ্ঠায় কুর্মো গোকামা এব বয়ং স্ম ইতি
ং হ তত এব প্রষ্টুং দধ্রে হোতাঽশ্বলঃ ॥ ২

বলেন জনক বিনয় বচনে ব্রহ্মিষ্ঠ যেইজন
আপনাদের মধ্যে শ্রেষ্ঠ যেজন গাভী দল তিনি লন।
ব্রাহ্মণগণ প্রগলভ নন
যাজ্ঞবল্ক্য তবে কথা কন
আপন শিষ্য ব্রহ্মচারীকে বলেন ডাকিয়া তবে
এই গাভী পালে চলাইয়া লয়ে আমার গৃহেতে যাবে।
ব্রাহ্মণগণ ক্রুদ্ধ হইয়া ভাবিলেন মনে মনে
কোন জ্ঞানে জ্ঞানী হয়ে আপনারে ব্রহ্মিষ্ঠ বলি মানে
অশ্বল নামে জনকের হোতা
যাজ্ঞবল্ক্যে জিজ্ঞাসে কথা
বলিলেন তিনি আপনিই বুঝি ব্রহ্মিষ্ঠ মোদের মাঝে
াজ্ঞবল্ক্য বলেন) ব্রহ্মিষ্ঠ জনে জানাই প্রণাম, গোধনকামী এ আছে
যাজ্ঞবল্ক্য নন উদ্ধত দাম্ভিক তিনি নন
হোতা অশ্বল প্রশ্ন করিতে প্রস্তুত তবে হন।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদং সর্বং মৃত্যুনাপ্তং সর্বং মৃত্যুনাঽভিপন্নং কেন যজমানো মৃত্যোরাপ্তিমতিমুচ্যত ইতি হোত্রর্ত্বিজাঽগ্নিনা বাচা বাগ্বৈ যজ্ঞস্য হোতা তদ্ যেয়ং বাক্ সোঽয়মগ্নিঃ স হোতা স মুক্তিঃ সাঽতিমুক্তিঃ ॥ ৩

অশ্বল কহে যাজ্ঞবল্ক্য জিজ্ঞাসি মহাশয়
মৃত্যুর দ্বারা ব্যাপ্ত ও বশ সবই যদি হেথা হয়
কি উপায়ে তবে মুক্ত সে হয়
এই অধীনতা কিসে পার হয়
যাজ্ঞবল্ক্য বলেন যেজন হোতা ঋত্বিক হয়
সেই হোতারূপী ও অগ্নিরূপী বাক ইন্দ্রিয় ময়।
যাজ্ঞিক জনে বাক্যই হোতা অগ্নি দেবতা হয়
এই অগ্নিই অগ্নি দৃষ্টি মুক্তি উপায় হয়।
এই মুক্তিই অতিমুক্তি উপায় বলিয়া জেন
বাক্যের দ্বারা মুক্তি সাধন সত্যবচন মেন।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদং সর্বমহোরাত্রাভ্যামাপ্তং সর্বমহোরাত্রাভ্যামভিপন্নং কেন যজমানোঽহোরাত্রয়োরাপ্তি মতিমুচ্যত ইত্যধ্বর্যুণর্ত্বিজা চক্ষুষাদিত্যেন চক্ষুর্বৈ যজ্ঞস্যাধ্বর্যুস্তদ্ যদিদং চক্ষুঃ সোঽসাবাদিত্যঃ সোঽধ্বর্যুঃ স মুক্তিঃ সাঽতিমুক্তিঃ ॥ ৪

অশ্বল কহে বিনীত বচনে হে যাজ্ঞবল্ক্য শোনো
অহোরাত্রের দ্বারায় ব্যাপ্ত অধীন সকল জন
বল কি উপায়ে মুক্ত সে হয়
অহোরাত্রের কবল ছাড়ায়
অধ্বর্য্যু নামে ঋত্বিগ্ রূপী ও চক্ষুরূপী যে হন
সেই আদিত্য দরশনে সবে মুক্তি প্রাপ্ত হন।
যাজ্ঞিক জনে চক্ষুই জেন অধ্বর্যু রূপে রয়

ঐ চক্ষুই আদিত্যদেব অধ্বর্যু তাহা হয়
আদিত্যভাব প্রাপ্তির তরে
যজুমন্ত্র সে নিজে পাঠ করে
যজ্ঞ দ্রব্য প্রস্তুত করি আহুতি প্রদান করে
আদিত্যে লভি দিনও রাত্রে প্রভেদ মনে না করে।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদং সর্বং পুর্বপক্ষাপরপক্ষাভ্যামাপ্তং সর্বং পুর্বপক্ষাপরপক্ষাভ্যামভিপন্নং কেন যজমানঃ পুর্বপক্ষাপরপক্ষয়োরাপ্তি মতিমুচ্যত ইত্যুদ্গাত্রর্ত্বিজা বায়ুনা প্রাণেন প্রাণো বৈ যজ্ঞস্যোদ্গাতা তদ্ যোঽয়ং প্রাণঃ বায়ুঃ স উদগাতা স মুক্তিঃ সাঽতিমুক্তিঃ ॥ ৫

অশ্বল কয় যাজ্ঞবল্ক্যে "যাহা কিছু সমুদয়
কৃষ্ণপক্ষ শুক্লপক্ষ দুয়েতে ব্যাপ্ত রয়
দুয়ের অধীন হয়ে সবে রয়
মুক্ত হবার বল কি উপায় ?"
(যাজ্ঞবল্ক্য) উদগাতা নামে ঋত্বিকরূপী বায়ুরূপী প্রাণ দ্বারা
যজমান প্রাণ উদগাতা জেন বায়ুদেবতাও এরা।
প্রাণ ও উদগাতা এই দুই জনে বায়ুরূপে দরশন
করে যেই জন মুক্তি এবং অতিমুক্তি সে পান
বাক্য এবং প্রাণ দুই দিয়ে
জেন সেই জন উদগাতা গাহে
বায়ুর সহিত অভিন্ন সেই দুই পক্ষের পার
সবার অতীত হন সেই জন বিচিত্র কিবা তার ?

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদমন্তরিক্ষমনারম্বণমিব কেনাক্রমেণ যজমানঃ স্বর্গং লোকমাক্রমত ইতি ব্রহ্মাণর্ত্বিজা মনসা চন্দ্রেণ মনো বৈ যজ্ঞস্য ব্রহ্মা তদ্ যদিদং মনঃ সোঽসৌ চন্দ্রঃ স ব্রহ্মা স মুক্তিঃ সাঽতি-মুক্তিরিত্যতিমোক্ষা অথ সম্পদঃ ॥ ৬

অশ্বল কন যাজ্ঞবল্ক্যে ওহে মহামতি শোন
অবলম্বন শূন্য যখন অন্তরিক্ষ জানো
তবে যজমান কোন আশ্রয়
স্বর্গলোক সে প্রাপ্ত যে হয় ?
(যাজ্ঞবল্ক্য) ব্রহ্মা নামক ঋত্বিকরূপী মনোরূপী চাঁদ দ্বারা
যজ্ঞনাম মন ব্রহ্মা তখন মনই চন্দ্র সারা
মন ব্রহ্মাকে চন্দ্র রূপেতে দরশ যে জন করে
ইহাই মুক্তি অতিমুক্তি—ও। সম্পদ বলি পরে।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কতিভিরয়মদ্যর্গ্ভির্হোতাঽস্মিন্ যজ্ঞে করিষ্যতীতি তিসৃভিরিতি কতমাস্তাস্তিস্র ইতি পুরোনুবাক্যা চ যাজ্যা চ শস্যৈব তৃতীয়া কিং তাভির্জয়তীতি যৎকিঞ্চেদং প্রাণভৃদিতি ॥ ৭

অশ্বল কন যাজ্ঞবল্ক্যে হোতা আজ যেই জন
কটি ঋকজাতি দ্বারা স্তুতিপাঠ করিবেন এইক্ষণ
তিনটির দ্বারা উত্তরে কয়
সে তিনটি কি কি অশ্বল কয়
পুরোনুবাক্যা ও যাজ্যা এবং শস্যাই তিন হয়
ঐগুলি দ্বারা কি করিবে জয় ? "প্রাণী" উত্তরে কয়।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কত্যয়মদ্যাধ্বর্যুরস্মিন্ যজ্ঞ আহুতীর্হোষ্যতীতি তিস্র ইতি কতমাস্তাস্তিস্র ইতি যা হুতা উজ্জ্বলন্তি যা হুতা অতিনেদন্তে যা হুতা অধিশেরতে কিং তাভির্জয়তীতি যা হুতা উজ্জ্বলন্তি দেবলোকমেব তাভির্জয়তি দীপ্যত ইব হি দেবলোকো যা হুতা অতিনেদন্তে পিতৃলোকমেব তাভির্জয়ত্যতীব হি পিতৃলোকো যা হুতা অধিশেরতে মনুষ্যলোকমেব তাভির্জয়ত্যধ ইব হি মনুষ্যলোকঃ ॥ ৮

অশ্বল কন যাজ্ঞবল্ক্যে এই অধ্বর্যু আজ
এই যজ্ঞেতে কয় প্রকারের আহুতি দিবেন আজ

তিন প্রকারেতে তিনি তবে কন
কিরূপ সে তিন অশ্বল কন
যাজ্ঞবল্ক্য বলেন আহুতি হুত যা সমুজ্জ্বল
আর যা আহুতি হুত হয়ে হয় শব্দই সে সকল
আর যা আহুতি হুত হয়ে ভূমে নিম্নে প্রবেশ করে।
অশ্বল কন তাহাদের দ্বারা কি সে জয় বল করে
সমুজ্জ্বল যে আহুতি সকল
দেবলোক জয় করে অবিরল
আর যে আহুতি হুত হইয়াই হয় শব্দায়মান
কোলাহল ময় পিতৃলোকেরে জয় করে মতিমান
আর যে আহুতি হুত হইয়াই নিম্নে প্রবেশ করে
মনুষ্য লোক নিম্নে বলিয়া সেই লোক জয় করে।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কতিভিরয়মদ্য ব্রহ্মা যজ্ঞং দক্ষিণতো দেবতাভির্গোপায়তীত্যেকয়েতি কতমা সৈকেতি মন এবেত্যনন্তং বৈ মনোঽনন্তা বিশ্বে দেবা অনন্তমেব স তেন লোকং জয়তি॥ ৯

অশ্বল কন যাজ্ঞবল্ক্যে এ ব্রহ্মা কয় জন
দেবতার দ্বারা যজ্ঞ দখিণে করিবেন রক্ষণ
যাজ্ঞবল্ক্য কন একজন
অশ্বল কন কেবা সেইজন
যাজ্ঞবল্ক্য বলেন মন সে অনন্ত বলি খ্যাত
বিশ্ব দেবতা অনন্ত তাই দুই জনই একমত
এই উপাসনা দ্বারা অনন্ত লোক হয় জেন জয়
শ্রুতিতেও আছে বিশ্বদেবেরা মনে একীভূত হয়।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কত্যয়মদ্যোদ্গাতাঽস্মিন্ যজ্ঞে স্তোত্রিয়াঃ স্তোষ্যতীতি তিস্র ইতি কতমাস্তাস্তিস্র ইতি পুরোনুবাক্যা চ যাজ্যা চ

শস্যৈব তৃতীয়া কতমাস্তা যা অধ্যাত্মমিতি প্রাণ এব পুরোনুবাক্যা হপানো যাজ্যা ব্যানঃ শস্যা কিং তাভির্জয়তীতি পৃথিবীলোকমেব পুরোনুবাক্যয়া জয়ত্যন্তরিক্ষলোকং যাজ্যয়া দ্যুলোকং শস্যয়াততো হ হোতাহশ্বলঃ উপররাম ॥ ১০

অশ্বল কহে যাজ্ঞবল্ক্য আজ এ যজ্ঞ মাঝে
উদ্গাথা আজ ক প্রকার গান স্তোত্র পড়িবে তাতে
যাজ্ঞবল্ক্য কন সেই তিন
অশ্বল কন কি কি বলে দিন
(যাজ্ঞবল্ক্য) পুরোনুবাক্যা ও যাজ্যা এবং বাস্যা এ তিন হয়
অশ্বল কয় শরীরের মতে সেগুলি কেমন হয়
প্রাণ ও পুরোনুবাক্যা অপান যাজ্যা বলিয়া খ্যাত
ব্যান সে শস্যা। অশ্বল কন কি কি জয় সেইমত
(যাজ্ঞবল্ক্য) পুরোনুবাক্যার দ্বারায় ধরণী
যাজ্যার দ্বারা আকাশ যে জিনি
শস্যার দ্বারা দ্যুলোক জয় যে অনায়াসে করা যায়।
হোতা অশ্বল হইয়া ক্ষ্যান্ত এইবার থেমে যায়।

তৃতীয়াধ্যায়—দ্বিতীয় ব্রাহ্মণ

অথ হৈনং জারৎকারব আর্তভাগ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কতি গ্রহাঃ কত্যতিগ্রহা ইতি। অষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহা ইতি যে তেহষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহাঃ কতমে ত ইতি ॥ ১

জারৎকারব আর্তভাগ সে এবার প্রশ্ন করে
যাজ্ঞবল্ক্য গ্রহ বা কয়টি অতিগ্রহ ক প্রকারে
(যাজ্ঞবল্ক্য) দুইই অষ্ট প্রকারেতে হয়
জারৎকারব বর্ণনা তার বল মহাশয়।

প্রাণো বৈ গ্রহঃ সোঽপানেনাতিগ্রাহেণ গৃহীতোঽপানেন হি গন্ধাঞ্জিঘ্রতি ॥ ২

প্রাণ হয় গ্রহ—সে অপান অর্থ গন্ধের রূপময়
অতিগ্রহের বশীকৃত সে। অপানই গন্ধ লয়।
নাসিকার পথে রহিয়া অপান
সকল গন্ধ করে আঘ্রাণ
শ্বাস প্রশ্বাস কালেতে বায়ু সে নাসিকা পথেতে রয়
ভিতরে প্রবেশে অপান নামেতে সেইত গন্ধ লয়।

বাগ্বৈ গ্রহঃ স নাম্নাঽতিগ্রাহেণ গৃহীতো বাচা হি নামান্যভিবদতি ॥ ৩

বাক হয় গ্রহ—সেই নাম রূপ বলার বিষয় বলে
অতিগ্রহের বশীকৃত সে নাম উচ্চারি বলে

জিহ্বা বৈ গ্রহঃ স রসেনাতি গ্রাহেণ গৃহীতো জিহ্বয়া হি রসান্ বিজানাতি ॥ ৪

জিহ্বাই গ্রহ রসরূপ অতিগ্রহে সেই বশ হয়
জিহ্বার দ্বারা রস আস্বাদে রসনা সে মধুময়।

চক্ষুর্বৈ গ্রহঃ স রূপেণাতিগ্রাহেণ গৃহীতশ্চক্ষুষা হি রূপাণি পশ্যতি ॥ ৫

চক্ষুই গ্রহ—রূপ নামধারী অতিগ্রহ বশে রয়
চক্ষুর দ্বারা রূপ দরশন তাইত জানি সে হয়।

শ্রোত্রং বৈ গ্রহঃ শব্দেনাতিগ্রাহেণ গৃহীত শ্রোত্রেণ হি শব্দাঞ্ছৃণোতি ॥ ৬

শ্রবণইত গ্রহ শব্দ নামেতে অতিগ্রহে বশ রয়
শ্রবণের দ্বারা শব্দ শুনিয়া থাকে জেন নিশ্চয়

মনো বৈ গ্রহঃ স কামেনাতিগ্রাহেণ গৃহীতো মনসা হি কামান্ কাময়তে ॥ ৭

মনই জেন গ্রহ কামরূপ অতিগ্রহের সে বশ হয়
মনের দ্বারাই সকল লোকেতে কামনা যা করয়।

হস্তৌ বৈ গ্রহঃ স কর্মণাঽতিগ্রাহেণ গৃহীতো হস্তাভ্যাং হি কর্ম করোতি ॥ ৮

হস্ত দুইটি গ্রহরূপে রয় কর্মের বশে রয়
কর্মই জেন অতিগ্রহ তার হস্ত কর্মময়।

ত্বগ্‌বৈ গ্রহঃ স স্পর্শেনাতিগ্রাহেণ গৃহীতস্ত্বচা হি স্পর্শান্ বেদয়ত ইত্যেতেঽষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহাঃ ॥ ৯

ত্বক্‌ই হয় গ্রহ স্পর্শরূপেতে অতিগ্রহ বশে রয়
ত্বকের দ্বারাই লোকেতে পরশে, এই আট গ্রহ হয়
ইহারাই আট প্রতিগ্রহ হয়
যাজ্ঞবল্ক্য ইহা বর্ণয়।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদং সর্বং মৃত্যোরন্নং কা স্বিৎ সা দেবতা যস্যা মৃত্যুরন্নমিত্যগ্নির্বৈ মৃত্যুঃ সোঽপামন্নমপ পুনর্মৃত্যুং জয়তি ॥ ১০

আর্তভাগ সে বলিলেন তবে যাজ্ঞবল্ক্য কহ
এ সবই যখন মৃত্যু অন্ন মৃত্যু ভক্ষ কেহ?
যাজ্ঞবল্ক্য কহেন তখন
অগ্নি মৃত্যু, জলের অন্ন
সবার মৃত্যু অগ্নির মাঝে অগ্নি মৃত্যু জল
চরম মৃত্যু ব্রহ্ম লভিলে জ্ঞানরূপ শতদল।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যত্রায়ং পুরুষো ম্রিয়ত উদস্মাৎ প্রাণাঃ ক্রামন্ত্যাহো৩ নেতি নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যোঽত্রৈব সমবনীয়ন্তে স উচ্ছ্বয়ত্যাধ্মায়ত্যাধ্মাতো মৃতঃ শেতে ॥ ১১

আর্তভাগ সে কহেন তখন "যাজ্ঞবল্ক্য বল
ব্রহ্ম জ্ঞানী সে মরেন যখন এঁর ইন্দ্রিয় দল
দেহ হতে তারা বাহির কি হয়?"
যাজ্ঞবল্ক্য বলেন না হয়
তাহাতেই তারা বিলীন হইয়া বায়ুতে পূর্ণ হয়
দেহস্ফীত হয় বায়ুতে পূর্ণ নিশ্চল হয়ে রয়।

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যত্রায়ং পুরুষো ম্রিয়তে কিমেনং ন জহাতীতি
।।মেত্যনন্তং বৈ নামানন্তা বিশ্বে দেবা অনন্তমেব স তেন লোকং
য়তি ॥ ১২

আর্তভাগ বলে যাজ্ঞবল্ক্যে বল তবে মহাশয়
এ পুরুষ যবে দেহ ত্যাগ করে কে তারে ছাড়ি না যায়
যাজ্ঞবল্ক্য বলেন তখন
নাম শুধু তারে ছাড়ে না কখন
নাম অনন্ত বিশ্বদেবেরা জেনো অনন্তময়
এই জ্ঞান যার হয় সেই জন অনন্ত করে জয়।

(অনন্তলোক)

যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যত্রাস্য পুরুষস্য মৃতস্যাগ্নিং বাগপ্যেতি বাতং
প্রাণশ্চক্ষুরাদিত্যং মনশ্চন্দ্রং দিশঃ শ্রোত্রং পৃথিবীং শরীরমাকাশমাত্মৌ-
ষধীর্লোমানি বনস্পতীন্ কেশা অপ্সু লোহিতং রেতশ্চ নিধীয়তে কায়ং
তদা পুরুষো ভবতীত্যাহর সোম্য হস্তমার্তভাগাবামেবৈতস্য বেদিষ্যাবো
ন নাবেতৎ সজন ইতি। তৌ হোৎক্রম্য মন্ত্রয়াঞ্চক্রাতে তৌ হ যদূচতুঃ
কর্ম হৈব তদূচতুরথ যৎ প্রশশংসতু কর্ম হৈব তৎ প্রশশংসতুঃ পুণ্যো বৈ
পুণ্যেন কর্মণা ভবতি পাপঃ পাপনেতি ততো হ জারৎকারব আর্তভাগ
উপররাম ॥ ১৩

আর্তভাগ সে জিজ্ঞাসি তবে যাজ্ঞবল্ক্যে কয়
মৃতব্যক্তির বাক অগ্নিতে প্রাণ সে বায়ুতে যায়
চক্ষু আদিত্যে চন্দ্রতে মন
দিকেতে শ্রোত্র শরীর তখন
পৃথিবীতে আর হৃদয়াকাশ সে মহাকাশে লীন হয়
লোম ওষধিতে কেশ বনস্পতি শুক্র শোণিতময়
জল যদি হয়—কিবা আশ্রয়ে থাকে তবে সেইজন ?
আমার হস্তে হস্ত প্রদান ; যাজ্ঞবল্ক্য কন

ইহার তথ্য গোপনে বুঝাব
বাহিরের কাছে নাহি প্রকাশিব
হয়ে নির্গত নিভৃতে দোঁহে এই আলোচনা হয়
বলেছেন যাহা কর্মেরই কথা কর্ম প্রশংসায়।
এই জন্যই পুণ্যের ফলে পুণ্যবান সে হয়
পাপের ফলেতে পাপী হয় সবে। দোঁহেতে নিবৃত হয়।

তৃতীয় অধ্যায়—তৃতীয় ব্রাহ্মণ

অথ হৈনং ভুজ্যুর্লাহ্যায়নিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ। মদ্রেষু চরকাঃ পর্যব্রজাম তে পতঞ্চলস্য কাপ্যস্য গৃহানৈম তস্যাসীদ্ দুহিতা গন্ধর্বগৃহীতা তমপৃচ্ছাম কোঽসীতি সোঽব্রবীৎ সুধন্বাঙ্গিরস ইতি তং যদা লোকানামন্তানপৃচ্ছামাথৈমব্রূম পরিক্ষিতা অভবন্নিতি ক পারিক্ষিতা অভবন্ স ত্বা পৃচ্ছামি যাজ্ঞবল্ক্য ক পারিক্ষিতা অভবন্নিতি ॥ ১

লাহ্যায়নি সে ভুজ্যু তখন তাঁহাকে প্রশ্ন করে,
"হয়ে ব্রতচারী মদ্রদেশেতে পর্যটন যবে করে
কাপ্য পতঞ্চলের গৃহেতে
ঘুরিতে ঘুরিতে উপনীত যবে
তাঁহার কন্যা গন্ধর্বাবিষ্টা হইয়া যখন ছিল
আপনি কে হন সেই গন্ধর্বে আমিই জিজ্ঞাসিল।
বলিলেন তিনি "আমি আঙ্গিরস সুধন্বা জেন হই"
লোক সমূহের সীমা কোনখানে তখন জিজ্ঞাসই
পারিক্ষিতেরা কোনখানে যান?
তেমনি উত্তর করহ প্রদান
বলহ আপনি পারিক্ষিতেরা কোনখানে গিয়াছেন
যাঁহাদের পাপ সর্বতোভাবে ক্ষয় হয়ে রয়েছেন।

স হোবাচোবাচ বৈ সোঽগচ্ছন্ বৈ তে তদ্ যত্রাশ্বমেধ যাজিনো গচ্ছন্তীতি ক্বন্বশ্বমেধযাজিনো গচ্ছন্তীতি দ্বাত্রিংশতং বৈ দেবরথাহ্ন্যান্যয়ং লোকস্তং সমন্তং পৃথিবী দ্বিস্তাবৎ পর্যেতি তাং সমন্তং পৃথিবীং দ্বিস্তাবৎ সমুদ্রঃ পর্যেতি তদ্ যাবতী ক্ষুরস্য ধারা যাবদ্বা মক্ষিকায়াঃ পত্রং তাবানন্তরেণাকাশস্তানিন্দ্রঃ সুপর্ণো ভূত্বা বায়বে প্রাযচ্ছৎ তান্ বায়ুরাত্মনি ধিত্বা তত্রাগময়দ্ যত্রাশ্বমেধযাজিনোঽভবন্নিত্যেবমিব বৈ স বায়ুমেব প্রশশংস তস্মাদ্ বায়ুরেব ব্যষ্টিঃ বায়ু সমষ্টিরপ পুনর্মৃত্যুং জয়তি য এবং বেদ ততো হ ভুজ্যুর্লাহ্যায়নি রুপররাম ॥ ২

যাজ্ঞবল্ক্য বলেন তখন "সেই গন্ধর্ব কন
অশ্ব মেধযাজীবা সেখানেতে যান তারা সেখানেতে যান"
অশ্বমেধযাজী কোনখানে যান?
সূর্যের রথ একদিন মান
যে পথেতে যায় তার বত্রিশ গুণ জেন পরিমাণ
পৃথিবী এলোকের চারদিকে রয় তাহার দ্বিগুণ স্থান।
(আবৃত করিয়া)
তাহার দ্বিগুণ স্থান আবরিয়া সমুদ্র জেন রয়
ঐ পৃথিবীর চারিদিক ব্যাপী ঘিরিয়া ঘিরিয়া রয়
এখন ক্ষুরের ধারার মতন
মক্ষিকার পাখা সূক্ষ্ম যেমন
ব্রহ্মাণ্ডের কপাল দ্বয়ের মধ্যে যে অবকাশ
সেইরূপ ঠিক—(বর্ণিতে ইহা আমাব মনের আশ)
যজ্ঞ অগ্নি যেমন পাখী মত
তাদের বহিয়া বায়ু অর্পিত
করার পরেতে বায়ু তাহাদের ধরে লয়ে তবে যায়
যেইখানে সেই অশ্বমেধযাজী সকলে যেথায় রয়
এইরূপে সেই গন্ধর্ব তবে বায়ুরে প্রশংসয়
বায়ুই ব্যষ্টি বায়ু সমষ্টি এই কথা মনে লয়

যিনি এইরূপে জানেন এ সার
পুনর্মৃত্যু নাহি হয় তার
মৃত্যুকে জয় করি তবে তিনি—অমৃতময় যে হন
ভূজ্যু লাহ্যায়নি এই কথা শুনি তখন বিরত হন।

তৃতীয়াধ্যায়—চতুর্থ ব্রাহ্মণ

অথ হৈনমুষস্তশ্চাক্রায়ণঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যৎ সাক্ষ পরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা সর্বান্তরস্তং মে ব্যাচক্ষ্বেত্যেষ ত আ সর্বান্তরঃ কতমো যাজ্ঞবল্ক্য সর্বান্তরো যঃ প্রাণেন প্রাণিতি স ত আ সর্বান্তরো যোঽপানেনাপানিতি স ত আত্মা সর্বান্তরো যো ব্যানে ব্যানিতি স ত আত্মা সর্বান্তরো য উদানেনোদানিতি স ত আত্মা সর্বা এব ত আত্মা সর্বান্তরঃ ॥ ১

ইহার পরেতে উষস্ত চাক্রায়ণ প্রশ্ন তখন করে
যাজ্ঞবল্ক্য। সাক্ষাৎ যেই অপরোক্ষ ব্রহ্ম তারে
আর সর্বান্তর আত্মা যা হন
তাহার বিষয় আমায় বলুন,
যাজ্ঞবল্ক্য বলেন সর্বান্তর ইনিই আত্মা তব—
উষস্ত কহে কোন আত্মাটি সর্বান্তর তাহা কহ ?
প্রাণের দ্বারা যে করে প্রাণক্রিয়া আত্মা সে তব হন,
অপানের দ্বারা অপান ক্রিয়া যে আত্মাই সেইজন,
ব্যান দ্বারা যেই ব্যান ক্রিয়া করে—
সর্বান্তর আত্মা তোমার ভিতরে,
যিনি উদানের দ্বারা এ উদান ক্রিয়া যেই জন করে
সর্বান্তর আত্মা তিনি আপনার, (এই কথা মন স্মরে)।

উক্ত উষস্ত চাক্রায়ণ তবে বলিলেন ইহা শোন
প্রতিজ্ঞা ভাবে বলে গরু ঘোড়া এইরূপ বলি জেন
আপনার এই বিপরীত নির্দেশ
আমার কাছেতে সেরূপ বিশেষ।
যিনি সাক্ষ্যাৎ অপরোক্ষ ব্রহ্ম সর্বান্তর আত্মা হন
তাহার কথাই বিশেষ করিয়া বর্ণিয়া মোরে কন।

স হোবাচোষস্তশ্চাক্রায়ণো যথা বিব্রুয়াদসৌ গৌরসাবশ্ব ইত্যে- মবৈতদ্ ব্যপদিষ্টং ভবতি যদেব সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা ...ন্তরস্তং মে ব্যাচক্ষ্বেত্যেষ ত আত্মা সর্বান্তরঃ কতমো যাজ্ঞবল্ক্য ...ন্তরঃ। ন দৃষ্টের্দ্রষ্টারং পশ্যের্ন শ্রুতে শ্রোতারং শৃণুয়া ন ...তের্মন্তারং মন্বীথা ন বিজ্ঞাতের্বিজ্ঞাতারং বিজানীয়াঃ। এষ ত আত্মা ...ন্তরোঽন্যদার্তং ততো হোষস্তশ্চাক্রায়ণ উপররাম ॥ ২

যাজ্ঞবল্ক্য বলেন—সর্বান্তর বর্তী আত্মা ইনিই হন
কোনটি সর্বান্তর বর্তী আত্মা উষস্ত তবে কন?
যাজ্ঞবল্ক্য বুঝান তাহায়
দৃষ্টির দ্রষ্টা যেই জন হয়
তাহারে কি কেহ দেখিবারে পারে ইহা জেন সেই মত
শ্রবণের শ্রোতা কে পায় শুনিতে সবার অতীত সেত।
মনোবৃত্তির মননকারীকে কেহ কি ভাবিতে পারে
বুদ্ধিবৃত্তির বিজ্ঞতা যেই তারে কি জানিতে পারে
সর্বান্তর আত্মা এই জন হন
তাহা ছাড়া সব বিনাশী যে হন
উষস্ত চাক্রায়ণ এই কথা শুনি নীরব তখন হন
(বর্ণনাতীতে কেবা বর্ণিবে? অধরা যে সেই জন।)

তৃতীয়াধ্যায়—পঞ্চম ব্রাহ্মণ

অথ হৈনং কহোলঃ কৌষীতকেয়ঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদেব সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা সর্বান্তরস্তং মে ব্যাচক্ষ্বেত্যেষ ত আত্মা সর্বান্তরঃ। কতমো যাজ্ঞবল্ক্য সর্বান্তরো যোঽশনায়াপিপাসে শোকং মোহং জরাং মৃত্যুমত্যেতি। এতং বৈ তমাত্মানং বিদিত্বা ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথভিক্ষাচর্যং চরন্তি যা হ্যেব পুত্রৈষণা সা বিত্তৈষণা যা বিত্তৈষণা সা লোকৈষণোভে হ্যেতে এষণে এব ভবতঃ। তস্মাদ্ ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং নির্বিদ্য বাল্যেন তিষ্ঠাসেৎ। বাল্যং চ পাণ্ডিত্যং চ নির্বিদ্যাথ মুনিরমৌনং চ মৌনং চ নির্বিদ্যাথ ব্রাহ্মণঃ স ব্রাহ্মণঃ কেন স্যাদ্ যেন স্যাৎ তেনেদৃশ এবাতোঽন্যদার্তং ততো হ কহোলঃ কৌষীতকেয় উপররাম ॥ ১

ইহার পরেতে করেন প্রশ্ন কহোল কৌষীতকেয়
(যাজ্ঞবল্ক্য) যিনি সাক্ষাৎ অপরোক্ষ ব্রহ্ম তার কথা মোরে কহ
সর্বান্তর আত্মা যেইজন হন
বিস্তারি মোরে বল তা এখন
যাজ্ঞবল্ক্য বলেন ইনিই সর্বান্তর আপন আত্মা হন
কহোল বলেন কেবা সর্বান্তর আপনি বুঝায়ে কন।
ক্ষুৎ পিপাসাও শোকমোহ আর জরামৃত্যু অতীত হন
সর্বান্তর আত্মা তিনি আপনার আপনার মাঝে র'ন।
পুত্র বিত্ত বা লোক কামনা
জানিয়া কামনা যেজন করে না
কামনা উর্দ্ধে উত্থিত হয়ে সন্ন্যাস যবে লয়
আত্মবিদ্যা বল লভিয়া জ্ঞানবল অর্জয়
মন অমনন নিঃশেষে জানি ব্রাহ্মণ সেই হন
ব্রাহ্মণ্য যাহা অবিনাশী তাহা বাকি যা বিনাশী হন
কহোল কৌষীতকেয় এ শুনি
নিরস্ত হল তখন আপনি

তৃতীয়াধ্যায়—ষষ্ঠ ব্রাহ্মণ

অথ হৈনং গার্গী বাচক্নবী পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদং সর্বমপ্স্বোতং চ প্রোতং চ কস্মিন্নু খল্বাপ ওতাশ্চ প্রোতাশ্চেতি বায়ৌ গার্গীতি কস্মিন্নু খলু বায়ুরোতশ্চ প্রোতশ্চেত্যন্তরিক্ষলোকেষু গার্গীতি কস্মিন্নু খল্বন্তরিক্ষলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি গন্ধর্বলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু গন্ধর্বলোকা ওতাশ্চ প্রোতাশ্চেত্যাদিত্য লোকেষু গার্গীতি কস্মিন্নু খল্বাদিত্যলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি চন্দ্র লোকেষু গার্গীতি কস্মিন্নু খলু চন্দ্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি নক্ষত্রলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু নক্ষত্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি দেবলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু দেবলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতীন্দ্রলোকেষু গার্গীতি কস্মিন্নু খল্বিন্দ্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি প্রজাপতিলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু প্রজাপতিলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু ব্রহ্মলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি স হোবাচ গার্গি মাইতিপ্রাক্ষীর্মা তে মূর্ধা ব্যাপপ্তদনতিপ্রশ্ন্যাং বৈ দেবতামতি-পৃচ্ছসি গার্গি মাইতিপ্রাক্ষীরিতি ততো হ গার্গী ব্যচক্নব্যুপররাম ॥ ১

গার্গী বাচক্নবী ইহার পরেতে তাঁহাকে প্রশ্ন করে
যাজ্ঞবল্ক্যে জিজ্ঞাসে তবে এই ত প্রশ্ন করে
ওতপ্রোত জলে যাহা কিছু হয়
জল কার মাঝে ওতপ্রোত রয় ?
যাজ্ঞবল্ক্য কহেন বায়ুতে। বায়ু কিসে ওতপ্রোত
বায়ু রহে অন্তরিক্ষ লোক সকলে। তাহাতেই ওত প্রোত
অন্তরিক্ষ লোক কিসে ওতপ্রোত জিজ্ঞাসা তবে করে
"গন্ধর্বলোকে" গন্ধর্বলোক ওতপ্রোত তবে কারে ?
আদিত্য লোকে উত্তরে কয়
আদিত্য লোক তবে কিসে রয়

আদিত্য লোক চন্দ্রলোকেতে ওতপ্রোত জেন রয়
চন্দ্র লোক সকল কিসে ওতপ্রোত গার্গী জিজ্ঞাসয় ?
যাজ্ঞবল্ক্য বলেন তখন—নক্ষত্র লোকে রয়
নক্ষত্রলোক সকল কিসে ওতপ্রোত গার্গী জিজ্ঞাসয়
দেবলোক সকল যাজ্ঞবল্ক্য কয়
দেবলোক কিসে ওতপ্রোত রয়
ইন্দ্রলোক সকলে দেব লোক জেন ওতপ্রোত ভাবে রয়
ইন্দ্রলোক পুন প্রজাপতি লোকে ঐ ভাবে মিশে রয় ।
প্রজাপতি লোক ও ব্রহ্ম লোক সকলে ওতপ্রোত হয়ে রয়
ব্রহ্মলোক সকল কিসে ওতপ্রোত গার্গী জিজ্ঞাসয়
যাজ্ঞবল্ক্য বলেন তখন
অতি প্রশ্ন সে কোর না এমন
আপনার যেন মুণ্ডপাত সে নাহি হয় এর তরে
(যে দেবতা) অতি প্রশ্নের বিষয় যা নয়, অতি প্রশ্ন কি করে ?
(গার্গী বাচক্নবী তবে নিরব হন)

তৃতীয়াধ্যায়—সপ্তম ব্রাহ্মণ

অথ হৈনমুদ্দালক আরুণিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ মদ্রেষ্বব সাম পতঞ্চলস্য কাপ্যস্য গৃহেষু যজ্ঞমধীয়ানাস্তস্যাসীদ্ ভার্যা গন্ধর্বগৃহীত তমপৃচ্ছাম কোঽসীতি সোঽব্রবীৎ কবন্ধ আথর্বণ ইতি সোঽব্রবীৎ পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকাংশ্চ বেত্থ নু ত্বং কাপ্য তৎ সূত্রং যেনায়ং চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি সংদৃব্ধানি ভবন্তীতি সোঽব্রবীৎ পতঞ্চলঃ কাপ্যো নাহং তদ্ ভগবন্ বেদেতি সোঽব্রবীৎ পতঞ্চল কাপ্যং যাজ্ঞিকাংশ্চ বেত্থ নু ত্বং কাপ্য তমন্তর্যামিণং য ইমং চ লোক পরং চ লোকং সর্বাণি চ ভূতানি যোঽন্তরো যময়তীতি সোঽব্রবী

পতঞ্চলঃ কাপ্যো নাহং তং ভগবন্ বেদেতি সোঽব্রবীৎ পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকাংশ্চ যো বৈ তৎ কাপ্য সূত্রং বিদ্যাৎ চান্তর্যামিণমিতি স ব্রহ্মবিৎ স লোকবিৎ স দেববিৎ স বেদবিৎ স ভূতবিৎ স আত্মবিৎ স সর্ববিদিতি তেভ্যোঽব্রবীৎ তদহং বেদ তচ্চেত্বং যাজ্ঞবল্ক্য সূত্রম-বিদ্বাংস্তং চান্তর্যামিণং ব্রহ্মগবীরুদজসে মূর্ধা তে বিপতিষ্যতীতি বেদ বা অহং গৌতম তৎ সূত্রং তং চান্তর্যামিণমিতি যো বাশ্চিদ্ ব্রুয়াদ্ বেদ বেদেতি যথা বেত্থ তথা ব্রূহীতি ॥ ১

উদ্দালক সে আরুণি তখন ইহাকে প্রশ্ন করে
বলিলেন তিনি, যাজ্ঞবল্ক্য অধ্যয়নের তরে
মদ্রদেশের পতঞ্চলয়
কাপ্যের গৃহে রহি যে সময়
তাঁহার ভার্যা গন্ধর্বাবিষ্টা হইয়া তখন রয়
শুধাই তাঁহারে সেই গন্ধর্বকে কে আপনি মহাশয় ?
বলিলেন তিনি আমি কবন্ধ আথর্বণ মোর নাম।
পতঞ্চল কাপ্য ও তাঁর শিষ্যরে তখন সে শুধান
সেই সূত্রকে জান কি আপনি
যাহার দ্বারায় গ্রথিত এগুলি
এ জীবন আর পরজীবন এবং সর্বভূত গাথা যায়
কাপ্য কহেন আমিত জানিনা কেমনে বলিব তায়।
বলিলেন তিনি অন্তরযামী অন্তর মাঝে থেকে
জীবন পরজীবন ও সর্বভূতকে নিয়মিত করে, সে কে ?
কাপ্য ও শিষ্যরা বলেন তখন
জানিনাত মোরা তারে ভগবন
বলিলেন পুনঃ সেই সূত্রকে অন্তরযামী জনে
জানে যেই জন সর্ববিদ সে শাস্ত্রেতে তাহা গণে।

ব্রহ্মবিদ সে লোকবিদ সেই দেববিদ সেইজন
তিনি বেদবিদ তিনি ভূতবিদ আত্মবিদ সেইজন
সর্ববিদ সে সেও তিনি হন
আমি জানি তাহা বলে তিনি কন।
যাজ্ঞবল্ক্য! সে সূত্র ও সে অন্তরযামী জন
তাহারে না জেনে ব্রহ্মগবী যদি আপনি সে লন
মস্তক তব পড়িবে খসিয়া।
যাজ্ঞবল্ক্য বলেন শুনিয়া
গৌতম সেই সূত্র এবং অন্তরযামী জন,
নিশ্চয় জানি তাহারে যে আমি যাজ্ঞবল্ক্য কন।
গৌতম কন জানি এই কথা বলা ত সহজ হয়
কেমনে তা জান প্রকাশিয়া তাহা কহ তবে মহাশয়।

স হোবাচ বায়ুর্বৈ গৌতম তৎ সূত্রং বায়ুনা বৈ গৌতম সূত্রেণায়ং চ লোক পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি সংদৃব্ধানি ভবন্তি তস্মাদ্বৈ গৌতম পুরুষং প্রেতমাহুর্ব্যস্রংসিষতাস্যাঙ্গানীতি বায়ুনা হি গৌতম সূত্রেণ সংদৃব্ধানি ভবন্তীত্যেব মেবৈতদ্ যাজ্ঞবল্ক্যান্তর্যামিণং ব্রূহীতি॥ ২

বলিলেন তিনি গৌতম এই বায়ুই সূত্র হয়
বায়ুসূত্রেতে জীবনের সাথে সকল গ্রথিত রয়
পরজীবন ও নিখিল প্রাণীর
বায়ু সূত্রেতে গাথা রয় স্থির
মৃত ব্যক্তির কথা বলে তাঁর অবয়ব বিস্রস্ত রয়
বায়ুর সাথেতে গাথা মনিসম সব কিছু গাথারয়।
গৌতম বলে বলিয়াছ ঠিক এই কথা মহাশয়
অন্তরযামীর বিষয় যা জান বলিতে আজ্ঞা হয়।

যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ যস্য পৃথিবী শরীরং যঃ পৃথিবীমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ॥ ৩

যিনি পৃথিবীতে পৃথিবী দেবতা অন্তরে বিরজিত
পৃথিবী-দেবতা জানেন না তারে তবু যিনি নিশ্চিত
পৃথিবী যাহার শরীর যে হয়
অন্তরে থেকে যে তাঁরে চালায়
অন্তরযামী অমর সেজন সেজন আত্মা তব
সবাকার মাঝে অমৃত অভয় যাহে সব উদ্ভব।

যোঽপ্সু তিষ্ঠন্নদ্ভ্যোঽন্তরো যমাপো ন বিদুর্যস্যাপঃ শরীরং যোঽপোঽন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ৪

জল মাঝে যিনি জল দেবতার ভিতরে বিদ্যমান
জল দেবতা সে তাহারে না জানে দেহ যাঁর জল মান
জলের ভিতরে থাকিয়া যেজন
জলদেবতাকে করেন চালন
তিনিই জানিও অন্তরযামী অমৃত আত্মা হন
সবার ভিতরে অন্তরে রহি সবার চালক হন।

যোঽগ্নৌ তিষ্ঠন্নগ্নেরন্তরো যমগ্নির্ন বেদ যস্যাগ্নিঃ শরীরং যোঽগ্নিমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ৫

অগ্নিতে যিনি অগ্নি দেবতা ভেতরেতে যিনি র'ন
অগ্নি দেবতা জানেন না যাঁরে অগ্নি শরীর হন
অগ্নির মাঝে রহি সেই জন
নিয়মিত তাঁরে চালায় যে জন
অন্তরযামী সেই জন হন অমৃত আত্মা হন
না জানিলে কেহ তবু তার মাঝে সতত যে জন র'ন।

যোঽন্তরিক্ষে তিষ্ঠন্নন্তরিক্ষাদন্তরো যমন্তরিক্ষং ন বেদ যস্যান্তরিক্ষং শরীরং যোঽন্তরিক্ষমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ৬

আকাশেতে যিনি আকাশ দেবতা ভেতরে যে জন র'ন
আকাশ দেবতা জানেন না তারে তাঁহার শরীর হন
তাহার মাঝেতে রহি সেই জন
নিয়মিত তার করেন চালন
অন্তরযামী সেই জন হন অমৃত আত্মা জন
সবার ভিতরে অন্তরে থাকি অন্তরযামী জন।

যো বায়ৌ তিষ্ঠন্ বায়োরন্তরো যং বায়ুর্ন বেদ যস্য বায়ুঃ শরীরং যো বায়ুমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ৭

বায়ু মাঝে যিনি বায়ু দেবতার অন্তর মাঝে রহে
বায়ু দেবতা সে জানেন না তাঁরে শরীর রূপে সে বহে
বায়ুর মাঝেতে রহি সেই জন
নিয়ন্ত্রিত সে করে যেই জন
অন্তরযামী সেই জন হন অমৃত আত্মা সেই
অন্তরে তাঁর আপনি প্রকাশ তুলনা তাঁহার নেই।

যো দিবি তিষ্ঠন্ দিবোঽন্তরো যং দ্যৌর্ন বেদ যস্য দ্যৌঃ শরীরং যো দিবমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ৮

দ্যুলোকে তে যিনি দ্যুলোক দেবতা অন্তরে যিনি র'ন
দ্যুলোক দেবতা তারে না জানেন তাহার শরীর হন
অন্তর মাঝে রহি যেই জন
দ্যুলোক দেবতা করেন চালন
অন্তরযামী সেই জন হন অমৃত আত্মা সেই
অন্তর মাঝে সেই জন রাজে সবার অন্তরেই।

য আদিত্যে তিষ্ঠন্নাদিত্যাদন্তরো যমাদিত্যো ন বেদ যস্যাদিত্য শরীরং য আদিত্যমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ৯

সূর্যের মাঝে সূর্য দেবতা হইয়া উদিত হন
সূর্য দেবতা তারে না জানেন দেহরূপে তিনি র'ন

অন্তর মাঝে রহি সেই জন
উদয় অস্ত যে করে চালন
অন্তরযামী সেই জন হন অমৃত আত্মা সেই
অন্তরে যাঁর পূর্ণ প্রকাশ বিভাসি অন্তরেই।

যো দিক্ষু তিষ্ঠন্ দিগ্‌ভ্যোঽন্তরো যং দিশো ন বিদুর্যস্য দিশঃ শরীরং যো দিশোঽন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ॥ ১০

দিক সমূহের মাঝে যেই জন দিগ্‌দেবতার মাঝে
দিগ্‌দেবতারা না জানেন তবু শরীর রূপে সে বাজে
অন্তর মাঝে রহি সেই জন
দিক সকলেরে করেন চালন
অন্তরযামী জেন সেই জন আত্মা অমৃত সেই
সবার ভিতরে রহি যেই জন মগন আপনাতেই।

যশ্চন্দ্রতারকে তিষ্ঠংশ্চন্দ্রতারকাদন্তরো যং চন্দ্রতারকং ন বেদ যস্য চন্দ্রতারকং শরীরং যশ্চন্দ্রতারকমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ॥ ১১

চন্দ্র তারকা মাঝে যেই জন তাদের দেবতা মাঝে
দেবতারা যদি জানেন না তবু সেই জন বিরাজিছে
অন্তর মাঝে রহি সেই জন
চন্দ্র তারায় করেন চালন
অন্তরযামী হন সেই জন অমৃত আত্মা সেই
অন্তরে যার বিপুল প্রকাশ বাহিরে শুধুই নেই।

যঃ আকাশে তিষ্ঠন্নাকাশাদন্তরো যমাকাশো ন বেদ যস্যাকাশঃ শরীরং য আকাশমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ॥ ১২

যিনি আকাশেতে, আকাশ দেবতা অন্তরে যেই রয়
আকাশ দেবতা তাঁরে না জানেন শরীর হয়ে সে রয়।
অন্তর মাঝে রহিয়া যে জন
নিয়ন্ত্রিত সে করে সেই জন

অন্তরযামী সেই জন হন অমৃত আত্মা সেই
অন্তর মাঝে আলোক প্রকাশি তমো নাশ করে যেই।

যস্তমসি তিষ্ঠংস্তমসোঽন্তরো যং তমো ন বেদ যস্য তমঃ শরীরং যস্তমোঽন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ১৩

অন্ধকারেতে বিরাজিত যিনি তমো দেবতায় সেই
তমো দেবতা সে তারে না জানেন তাঁহার শরীর ও সেই
অন্ধকারের অন্তর মাঝে
প্রকাশিয়া তারে যে জন বিরাজে
অন্তরযামী সেইজন হন অমৃত আত্মা সেই
আত্মা সে জন অমর সেজন সবের মাঝেতে সেই

যস্তেজসি তিষ্ঠংস্তেজসোঽন্তরো যং তেজো ন বেদ যস্য তেজঃ শরীরং যস্তেজোঽন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃত ইত্যধিদৈবত-মথাধিভূতম্ ॥ ১৪

তেজের মাঝেতে তেজোময় যিনি তেজ দেবতার মাঝে
তেজো দেবতা সে তারে না চেনেন দেহ রূপে সেই রাজে
অন্তর মাঝে রহিয়া যে জন
সবাকার যেই করেন চালন
অন্তরযামী হন সেই জন অমর আত্মা সেই
অধি দৈবত দর্শন কথা বলা হল শেষ এই

(অতঃপর অধিভূত দর্শন)

য সর্বেষু ভূতেষু তিষ্ঠন্ সর্বেভ্যো ভূতেভ্যোঽন্তরো যং সর্বাণি ভূতানি ন বিদুর্যস্য সর্বাণি ভূতানি শরীরং যঃ সর্বাণি ভূতান্যন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃত ইত্যধিভূতমথাধ্যাত্মম্ ॥ ১৫

সর্বভূতেতে যিনি র'ন সর্বভূত দেবতার মাঝে
সর্বভূত সে তাঁরে না জানিলে শরীর রূপে সে রাজে
অন্তর মাঝে রহিয়া যে জন
সর্বভূতের করেন চালন

অন্তরযামী অমৃত আত্মা সেইজন জানি হন
এই পর্যন্ত হল বর্ণিত অধিভূত দর্শন— ।
(অতঃপর অধ্যাত্ম শরীর বিষয়ে দর্শন)

যঃ প্রাণে তিষ্ঠন্ প্রাণাদন্তরো যং প্রাণো ন বেদ যস্য প্রাণঃ শরীরং যঃ প্রাণমন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমৃতঃ ॥ ১৬

প্রাণবায়ু মাঝে, ঘ্রানেন্দ্রিয়ের মধ্যেতে যিনি র'ন
প্রাণ দেবতা সে তাবে না জানিলে শরীররূপী সে হন
অন্তর মাঝে রহিয়া সে জন
প্রাণ দেবতাব করেন চালন
অন্তরযামী জেনো সেইজন অমৃত আত্মা হন
পরাণের মাঝে পবাণ দেবতা অন্তবযামী ব'ন ।

যো বাচি তিষ্ঠন্ বাচোহন্তরো যং বাঙ ন বেদ যস্য বাক্ শরীরং যো বাচমন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমৃতঃ ॥ ১৭

বাগিন্দ্রিয় মাঝে যেই জন বাগ দেবতার মাঝে
বাগদেবতা সে তাবে না জানিলে তিনি দেহরূপে সাজে
অন্তর মাঝে রহে সেই জন
বাক ইন্দ্রিয়ে করেন চালন
অন্তরযামী জেনো সেই জন অমৃত আত্মা হন
সবের মাঝারে তাহারি প্রকাশ অমৃত অভয় জন ।

যশ্চক্ষুষি তিষ্ঠংশ্চক্ষুষোহন্তরো যং চক্ষুর্নবেদ যস্য চক্ষুঃ শরীরং যশ্চক্ষুরন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমৃতঃ ॥ ১৮

চক্ষুরিন্দ্রিয় মাঝে যেই জন চক্ষু দেবতা মাঝে
চক্ষু দেবতা তারে না জানিলে শরীর রূপে সে রাজে
অন্তব মাঝে রহি সেই জন
চক্ষুদেবেরে করেন চালন
অন্তর যামী নামে সেই জনই অমৃত আত্মা হন
সবের মাঝেতে তাহারি প্রকাশ অন্তরতম জন ।

যঃ শ্রোত্রে তিষ্ঠঞ্ছ্রোত্রাদন্তরো যং শ্রোত্রং ন বেদ যস্য শ্রোত্রং শরীরং যঃ শ্রোত্রমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ১৯

শ্রবণেন্দ্রিয়ে রহে যেই জন শ্রবণ দেবতা মাঝে
শ্রবণ দেবতা তাঁরে না জানিলে শরীর রূপে সে রাজে
অন্তরযামী অন্তরে র'ন
শ্রবণ দেবেরে করেন চালন
অন্তরযামী নামে সেই জন অমৃত আত্মা হন
বিচিত্র রূপে তাঁহারি প্রকাশ অধরা অতীত জন।

য মনসি তিষ্ঠন্ মনসোঽন্তরো যং মনো ন বেদ যস্য মনঃ শরীরং যো মনোঽন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ২০

মনের মাঝেতে যিনি বিরাজিত মনো দেবতায় যেই
মন দেবতা সে তারে না জানিলে শরীর রূপেতে সেই
অন্তর মাঝে লুকাইয়া র'ন
মন দেবতারে করেন চালন
অন্তরযামী নামে সেই জন অমৃত আত্মা তব—
অন্তর মাঝে অন্তরতম অন্তরে অনুভব।

যস্ত্বচি তিষ্ঠংস্ত্বচোঽন্তরো যং ত্বঙ্ ন বেদ যস্য ত্বক্ শরীরং যস্ত্বচমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ২১

ত্বগিন্দ্রিয়েতে সেই জন র'ন ত্বগদেবতার মাঝে
ত্বগ্ দেবতা সে তারে না চিনিলে রহে শরীরের সাজে
অন্তরে তিনি রহিয়া তখন
ত্বক দেবতারে করেন চালন
অন্তরযামী নামে সেই জন অমৃত আত্মা হন
অন্তরযামী হৃদয় বিহারী শুদ্ধ সত্ব জন।

যো বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানাদন্তরো যং বিজ্ঞানং ন বেদ যস্য বিজ্ঞানং শরীরং যো বিজ্ঞানমন্তরো যময়ত্যেষ ত আত্মাঽন্তর্যাম্যমৃতঃ ॥ ২২

বিজ্ঞানে যিনি বুদ্ধিতে স্থিত বুদ্ধি দেবতা মাঝে
বুদ্ধি দেবতা তাঁরে না জানিলে রহে শরীরের মাঝে
অন্তর মাঝে থাকিয়া তখন
বুদ্ধিরে তিনি করেন চালন
অন্তরযামী নামে সেই জন অমৃত আত্মা সেই
সবাকার মাঝে সারথী হইয়া সবারে চালান যেই।

যো রেতসি তিষ্ঠন্ রেতসোহন্তরো যং রেতো ন বেদ যস্য রেতঃ শরীরং যো রেতোহন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমৃতোহদৃষ্টো দ্রষ্টাহশ্রুতঃ শ্রোতাহমতো মন্তাহবিজ্ঞাতো বিজ্ঞাতা নান্যোহতোহস্তি দ্রষ্টা নান্যোহতোহস্তি শ্রোতা নান্যোহতোহস্তি মন্তা নান্যোহতোহস্তি বিজ্ঞাতৈষ ত আত্মাহন্তর্যাম্যমৃতোহতোহন্যদার্তং ততো হোদ্দালক আরুণি রুপররাম॥ ২৩

জননেন্দ্রিয়ে র'ন যেই জন জননেন্দ্রিয় মাঝে
জননেন্দ্রিয় না জানে তবুও রহেন শরীর মাঝে
অন্তর মাঝে থাকে যেই জন
জননেন্দ্রিয়ে করেন চালন
অন্তরযামী নামে সেই জন আত্মা অমৃত হয়
অদৃষ্ট হয়ে দ্রষ্টা সেজন অশ্রুত সে শ্রোতা রয়।
মননের সেই অবিষয় তবু মন্তা হইয়া র'ন
অবিজ্ঞাত সে হয়ে বিজ্ঞাতা অধরা অদেখা জন
তাহা ছাড়া কেহ দ্রষ্টা যে নাই
তাহা ছাড়া আর শ্রোতা কেহ নাই
তিনি ছাড়া আর বিশেষ বুঝিতে বল আছে কোন জন
অন্তরযামী অমৃত ইহাই আত্মাই ইনি হন।
সংসার ধর্ম বর্জিত ইনি কর্মফলের দাতা
সকল কাজের সাক্ষী এজন সবের এ বিজ্ঞাতা

ইহা ছাড়া আর যাহা কিছু রয়
সকলই বিনাশী মিথ্যা সে হয়।
শুনি এই কথা নিরস্ত হল আরুণি উদ্দালক
অন্তরযামী মহিমা বলেন যাজ্ঞবল্ক্য সব।

তৃতীয়াধ্যায়--অষ্টম ব্রাহ্মণ

অথ হ বাচক্নব্যুবাচ ব্রাহ্মণা ভগবন্তো হন্তাহমিমং দ্বৌ প্রশ্নৌ প্রক্ষ্যামি তৌ চেন্মে বক্ষ্যতি ন জাতু যুষ্মাকমিমং কশ্চিদ্ ব্রহ্মোদ্যং জেতেতি পৃচ্ছ গার্গীতি ॥ ১

ইহার পরেতে বাচক্নবী সে ব্রাহ্মণগণে কন
দুইটি প্রশ্ন করিব ইহাকে অনুমতি যদি দেন
সেই প্রশ্নের উত্তর যদি
দেন ইনি তবে জানি নিরবধি
আপনারা কোন্ ব্রাহ্মণ আর ব্রহ্ম বিচারে জয়
লভিবে না কভু—। প্রশ্ন করুন গার্গী সকলে কয়।

সা হোবাচাহং বৈ ত্বা যাজ্ঞবল্ক্য যথা কাশ্যো বা বৈদেহো বোগ্রপুত্র উজ্জ্যং ধনুরধিজ্যং কৃত্বা দ্বৌ বাণবন্তৌ সপত্নাতিব্যাধিনৌ হস্তে কৃত্বোপোত্তিষ্ঠেদেবমেবাহং ত্বা দ্বাভ্যাং প্রশ্নাভ্যামুপোদস্থাং তৌ মে ব্রূহীতি পৃচ্ছ গার্গীতি ॥ ২

গার্গী বলেন যাজ্ঞবল্ক্য আমার প্রশ্ন এই
কাশীদেশী কোন বীর সন্তান বা বিদেহরাজ সেই
জ্যাবিমুক্ত ধনুতে জ্যা আরোপিয়া
শত্রু পীড়নে বংশ খণ্ড দিয়া
দুটি শর হাতে নিকটে আসিয়া সমীপ যেমন হন
প্রতিদ্বন্দ্বীরূপে দুইটি প্রশ্ন—উত্তর এর কন।
(গার্গী জিজ্ঞাসা করুন)

সা হোবাচ যদূর্ধ্বং যাজ্ঞবল্ক্য দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবা পৃথিবী ইমে যদ্ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষতে কস্মিংস্তদোতং চ প্রোতং চেতি ॥ ৩

গার্গী বলেন যাজ্ঞবল্ক্য দ্যুলোক ঊর্দ্ধে যাহা
পৃথিবী নিম্নে ব্রহ্মাণ্ড কপাল দ্বয়ের মধ্যে যাহা
দুই লোক মাঝে যা বিদ্যমান
যাহা হইয়াছে যা বর্ত্তমান
ও যাহা হইবে যাহা সব কিছু পণ্ডিত জনে কয়
উহা কার মাঝে ওতপ্রোত হয়ে কাহার মাঝেতে রয় ?

স হোবাচ যদূর্ধ্বং গার্গি দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবাপৃথিবী ইমে যদ্ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষত আকাশে তদোতং চ প্রোতং চেতি ॥ ৪

যাজ্ঞবল্ক্য বলেন গার্গী দ্যুলোক ঊর্দ্ধে যাহা
পৃথিবী নিম্নে ব্রহ্মাণ্ড কপাল দ্বয়ের মধ্যে যাহা
দুই লোক মাঝে যা বিদ্যমান
যাহা হইয়াছে যাহা বর্ত্তমান
যাহা হইবেও যাহা সব কিছু পণ্ডিতে যাহা কয়
আকাশ মাঝারে ওতপ্রোত তাহা হইয়াই জেন রয়।

সা হোবাচ নমস্তেঽস্তু যাজ্ঞবল্ক্য যো ম এতং ব্যবোচোঽপরস্মৈ ধারয়স্বেতি পৃচ্ছ গার্গীতি ॥ ৫

গার্গী বলেন যাজ্ঞবল্ক্য তোমায় নমস্কার
প্রশ্নের মম দিলে উত্তর—। উত্তর দাও আর।
গার্গী প্রশ্ন করুন—।

সা হোবাচ যদূর্ধ্বং যাজ্ঞবল্ক্য দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবা পৃথিবী ইমে যদ্ ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষতে কস্মিংস্তদোতং চ প্রোতং চেতি ॥ ৬

গার্গী বলেন যাজ্ঞবল্ক্য দ্যুলোক ঊর্দ্ধে যাহা
পৃথিবী নিম্নে ব্রহ্মাণ্ড কপাল দ্বয়ের মধ্যে তাহা
দুই লোক মাঝে যা বিদ্যমান
যাহা হইয়াছে যা বর্ত্তমান
ও যাহা হইবে যাহা কিছু সব পণ্ডিতে যাহা কয়
উহা কার মাঝে ওতপ্রোত হয়ে কাহার মাঝেতে রয় ?

স হোবাচ যদূর্ধ্বং গার্গি দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবা পৃথিবী ইমে যদ্ ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষত আকাশ এব তদোতং চ প্রোতং চেতি কস্মিন্নু খল্বাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি ॥ ৭

যাজ্ঞবল্ক্য বলেন গার্গি দ্যুলোক ঊর্দ্ধে যাহা
পৃথিবী নিম্নে ব্রহ্মাণ্ড দ্বয়ের কপাল মধ্যে যাহা
দুই লোক রূপে যা বিদ্যমান
যাহা আছে হবে যা বর্ত্তমান
সুধীজন বলে তিনিই তাহার সূত্র জানিও হয়
আকাশেই তাহা ওতপ্রোত জেন আকাশ কাহাতে রয় ?

স হোবাচৈতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্ত্যস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমলোহিতমস্নেহমচ্ছায়মতমোঽবায়্বনাকাশমসঙ্গমরসমগন্ধমচক্ষুষ্কম-শ্রোত্রমবাগমনোঽতেজস্কমপ্রাণমমুখমমাত্রমনন্তরমবাহ্যং ন তদশ্নাতি কিঞ্চন ন তদশ্নাতি কশ্চন ॥ ৮

যাজ্ঞবল্ক্য বলেন গার্গি ব্রহ্মজ্ঞ যারা হন
ইহাকেই তাঁরা অক্ষর বলি প্রকাশ করিয়া কন
ক্ষয়নাশ হীন সেই জন হন
স্থূল অণু হ্রস্ব দীর্ঘ তো নন
অগ্নি গুণ ও জল গুণ রহিত স্নেহ ছায়া যার নাই
আধার নহেন বায়ু যিনি নন রস গন্ধ আদি নাই

নয়নহীন সে শ্রোত্র বাক্য মনোহীন সেই জন
তেজ প্রাণ মুখ পরিমাণ হীন পরিমিত যিনি নন
অন্তরহীন বাহ্যহীন সে
কারে ভক্ষণ করেন না যে
তাঁরে ভক্ষণ করিবারে কেহ কখন সে নাহি পারে
বর্ণনাতীত মহিমা তাঁহার ভাষা বর্ণিতে নারে।

এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠত এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি দ্যাবাপৃথিব্যৌ বিধৃতে তিষ্ঠত এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি নিমেষা মুহূর্ত্তা অহোরাত্রাণ্যর্ধমাসা মাসা ঋতবঃ সংবৎসরা ইতি বিধৃতাস্তিষ্ঠন্ত্যেতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি প্রাচ্যোহন্যা নদ্যঃ স্যন্দন্তে শ্বেতেভ্যঃ পর্বতেভ্যঃ প্রতীচোহন্যা যাং যাং দিশমন্বেতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি দদতো মনুষ্যাঃ প্রশংসন্তি যজমানং দেবা দর্বীং পিতরোহন্বায়ত্তাঃ ॥ ৯

যাজ্ঞবল্ক্য বলেন গার্গি এই অক্ষর তরে
ইহারই শাসনে সূর্য চন্দ্র নিজ নিজ কাজ করে
প্রকৃষ্ট এর শাসনের দ্বারা
বিশেষ রূপেতে ধারণ করিয়া
জানিহ গার্গী দ্যুলোক পৃথিবী নিমেষ মুহূর্ত্ত সব
দিনরাত আর পক্ষ বা মাস বৎসর চলে সব।
এরই নির্দেশে শুভ্র ঝরণা হিমালয় হতে ঝরে
পূর্ববাহিনী পশ্চিমবাহিনী নদী সব বহে চলে
আপন আপন নির্দিষ্ট পথে
বহে যায় সেই এঁর আজ্ঞাতে
ইহারই শাসনে সুধী জ্ঞানী জন দানীরে প্রশংসয়
দেবতা বা যজমান অনুগত পিতৃগণ দর্বী হোমেরে চায়।

যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাঽস্মিঁল্লোকে জুহোতি যজতে তপস্তপ্যতে বহূনি বর্ষসহস্রাণ্যন্তবদেবাস্য তদ্ভবতি যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাঽস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণোঽথ য এতদক্ষরং গার্গি-বিদিত্বাঽস্মাল্লোকাৎ প্রৈতি স ব্রাহ্মণঃ ॥ ১০

শুনহ গার্গি এই অক্ষরে না জানিয়া কোনজন
হাজার বছর করে তপস্যা যজ্ঞ তা অকারণ

বিনাশী জানিও হয় নিশ্চয়
এঁরে না জানিলে মুক্তি না হয়

ইহারে না জেনে ইহলোক ত্যাগ জেন যেই জন করে
সে জন দুঃখী এঁবে যেই জানে ব্রাহ্মণ বলি তারে।

তদ্বা এতদক্ষরং গার্গ্যদৃষ্টং দ্রষ্ট্রশ্রুতং শ্রোত্রমতং মন্ত্রবিজ্ঞাতং বিজ্ঞাতৃ নান্যদতোঽস্তি দ্রষ্টৃ নান্যদতোঽস্তি শ্রোতৃ নান্যদতোঽস্তি মন্তৃ নান্য-দতোঽস্তি বিজ্ঞাত্রেতস্মিন্নু খল্বক্ষরে গার্গ্যাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি ॥ ১১

জানিহ গার্গী না দেখা হলেও দেখে জেন সেই জন
অশ্রুত হলেও শ্রোতা তিনি হন মননে মন্তা হন

অবিজ্ঞাত সে বিজ্ঞাতা জন
সে ছাড়া দ্রষ্টা নাহি কোন জন

তিনি ছাড়া আর শ্রোতা বা মন্তা বিজ্ঞাতা কেহ নাই
এই অক্ষরে আকাশ ওত প্রোত জানিও সর্বদাই।

সা হোবাচ ব্রাহ্মণা ভগবন্তস্তদেব বহু মন্যেধ্বং যদস্মান্নমস্কারেণ মুচ্যেধ্বং ন বৈ জাতু যুষ্মাকমিমং কশ্চিদ্ ব্রহ্মোদ্যং জেতেতি ততো হ বাচক্নব্যুপররাম ॥ ১২

গার্গী বলেন শ্রদ্ধেয় যত ব্রাহ্মণ হেথা র'ন
ইহারে প্রণমি আপনারা যদি অব্যাহতি সে পান

তাই যথেষ্ট মনেতে করিয়া
প্রশ্ন না করে ক্ষান্ত হইয়া

ব্রহ্মবাদেতে এঁরে পরাস্ত করিতে কেহ না পারে।
বলি এই কথা বাচক্নবী তবে বিরত হলেন পরে।

তৃতীয়াধ্যায়—নবম ব্রাহ্মণ

অথ হৈনং বিদগ্ধঃ শাকল্যঃ পপ্রচ্ছ কতি দেবা যাজ্ঞবল্ক্যেতি স হৈতয়ৈব নিবিদা প্রতিপেদে যাবন্তো বৈশ্বদেবস্য নিবিদ্যুচ্যন্তে ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শ্চ ত্রী চ সহস্রেত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি ত্রয়স্ত্রিংশদিত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি ষড়িত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি ত্রয় ইত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি দ্বাবিত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেত্যধ্যর্ধ ইত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেত্যেক ইত্যোমিতি হোবাচ কতমে ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শ্চ ত্রী চ সহস্রেতি ॥ ১

ইহার পরেতে বিদগ্ধ শাকল্য তাহারে জিজ্ঞাসয়
দেবতাগণের সংখ্যা সে কত বল মোরে মহাশয়
যাজ্ঞবল্ক্য আপনি তখন
নিবিদের দ্বারা করেন গণন
তিনশত তিন ও তিন হাজার তিন গণনা করিয়া কয়
শাকল্য বলে উত্তম—কহ দেবতারা তবে কয় ?
যাজ্ঞবল্ক্য উত্তর দেন তাঁরা তেত্রিশ জন
শাকল্য তবে উত্তম বলি বলে ঠিক দেবতা সে কয়জন
যাজ্ঞবল্ক্য বলিলেন ছয়
উত্তম তবে শাকল্য কয়
ঠিক দেবতারা কয় জন তাহা পুনঃ সে জিজ্ঞাশয়
যাজ্ঞবল্ক্য তিনজন কন। শাকল্য উত্তম কয়।
আবার জিজ্ঞাসে দেবতারা তবে ঠিক বল কয়জন
যাজ্ঞবল্ক্য দুই জন কন উত্তম শাকল্য কন

শাকল্য পুনঃ তাহারে কহয়
ঠিক সে দেবতা কয় জন হয়
যাজ্ঞবল্ক্য দেড়জন কন শাকল্য উত্তম কয়
বলেন শাকল্য ঠিক সে দেবতা কয়জন মহাশয় ?
যাজ্ঞবল্ক্য বলেন তখন এক সেই জন হয়
শাকল্য বলে উত্তম। তিনশত তিন তিন হাজার
তিন কে হয় ?

সঃ হোবাচ মহিমান এবৈষামেতে ত্রয়স্ত্রিংশত্ত্বেব দেবা ইতি কতমে তে ত্রয়স্ত্রিংশদিত্যষ্টৌ বসব একাদশ রুদ্রা দ্বাদশাদিত্যাস্ত একত্রিংশদিন্দ্রশ্চৈব প্রজাপতিশ্চ ত্রয়স্ত্রিংশাবিতি ॥ ২

যাজ্ঞবল্ক্য বলেন দেবতা তেত্রিশ জন হন
অপরেরা সব এঁদের বিভূতি এই বলে বর্ণন
সেই তেত্রিশ হন কোন জন
অষ্ট বসু ও একাদশ রুদ্র
দ্বাদশ আদিত্য এই কয়জনে মিলি একত্রিশ হয়
ইন্দ্র আর প্রজাপতি এ দুয়ে লইলে তেত্রিশ পূর্ণ হয়।

কতমে বসব ইত্যগ্নিশ্চ পৃথিবী চ বায়ুশ্চান্তরিক্ষং চাদিত্যশ্চ দ্যৌশ্চ চন্দ্রমাশ্চ নক্ষত্রাণি চৈতে বসব এতেষু হীদং সর্বং হিতমিতি তস্মাদ্‌ বসব ইতি ॥ ৩

বসুগণ কে কে ? শাকল্য তবে তাহারে জিজ্ঞাসয়
অগ্নি পৃথিবী বায়ু ও আকাশ সূর্য-স্বরগ হয়
চন্দ্র তারকা এরা বসুগণ
নিখিল পদার্থ ইহা মাঝে র'ন
প্রাণি সকলের কর্মের ফল এতে আশ্রিত রয়
দেহ ইন্দ্রিয় রূপে পরিণত জগত ধরিয়া রয়।

কতমে রুদ্রা ইতি দশেমে পুরুষে প্রাণা আত্মৈকাদাশস্তে যদাঽস্মাচ্ছরীরান্মর্ত্যাদুৎক্রামন্ত্যথ রোদয়ন্তি তদ্ যদ্ রোদয়ন্তি তস্মাদ্ রুদ্রা ইতি ॥ ৪

কাঁহারা রুদ্র জিজ্ঞাসে তবে—? যাজ্ঞবল্ক্য কন
দশ ইন্দ্রিয় একাদশ হয়ে মন তার সাথে র'ন
তাহারা যখন মর্ত্য দেহ হতে
উৎক্রান্ত হন মৃত্যু যেমতে
আত্মীয়গণ করেন রোদন তাইত রুদ্র নাম
উত্তর শুনি শাকল্য পুনঃ তাঁহারে জিজ্ঞাসেন।

কতম আদিত্যা ইতি দ্বাদশ বৈমাসাঃ সংবৎসরস্যৈত আদিত্যা এতে হীদং সর্বমাদদানা যন্তি তে যদিদং সর্বমাদদানা যন্তি তস্মাদাদিত্যা ইতি ॥ ৫

আদিত্য কারা সারা বছরের দ্বাদশ মাস এ হয়
এরা আদিত্য—সমস্ত এরা আদান করিয়া যায়
প্রাণীগণ আয়ু কর্মের ফল
গ্রহণ করিয়া যান যে কেবল
কালে সকলের ক্ষয় জেন হয়—আদান করেন বলে
আদিত্য এরা। দ্বাদশাদিত্য তাইত সকলে বলে।

কতম ইন্দ্রঃ কতমঃ প্রজাপতিরিতি স্তনয়িত্নুরেবেন্দ্রো যজ্ঞঃ প্রজাপতিরিতি কতমঃ স্তনয়িত্নুরিত্যশনিরিতি কতমো যজ্ঞ ইতি পশব ইতি ॥ ৬

ইন্দ্রকে হয় প্রজাপতি কেবা বল মোরে মহাশয়?
মেঘ গর্জন ইন্দ্র যজ্ঞ প্রজাপতি জেন হয়।
মেঘ গর্জন কোন জন হয়
বজ্র রূপে সে জেন নিশ্চয়

যজ্ঞ কোনটি জিজ্ঞাসে তবে—। যাজ্ঞবল্ক্য কয়
পশুবৃন্দই। পশুগণ দ্বারা যজ্ঞ সাধিত হয়।

কতমে ষড়িত্যগ্নিশ্চ পৃথিবী চ বায়ুশ্চান্তরিক্ষং চাদিত্যশ্চ দ্যৌশ্চৈতে ষড়েতে হীদং সর্বং ষড়িতি॥ ৭

এই ছয় জন দেবতা কাহারা? তখন জিজ্ঞাসয়
অগ্নি পৃথিবী বায়ু ও আকাশ আদিত্য দ্যুলোক ছয়
এই ছয় জন সব জেন হন
বাকি দেবতারা ইহাতেই র'ন।

কতমে তে ত্রয়ো দেবা ইতীম এব ত্রয়ো লোকা এষু হীমে সর্বে দেবা ইতি কতমৌ তৌ দ্বৌ দেবাবিত্যন্নং চৈব প্রাণশ্চেতি কতমোঽধ্যর্ধ ইতি যোঽয়ং পবত ইতি॥ ৮

সেই তিনজন দেবতা কাঁহারা? তাহা তিন লোক এই
সকল দেবতা ইহারি ভেতরে রহেছেন মিশে সেই
সেই দুই জন দেবতা কে হন
অন্ন ও প্রাণ এরা দুইজন
দেড়জন দেবতা বলিয়া কাহারে বলিয়াছ মহাশয়
যিনি বায়ুরূপে সদা প্রবাহিত পবন সে জন হয়।

তদাহুর্যদয়মেক ইবৈব পবতেঽথ কথমধ্যর্ধ ইতি যদস্মিন্নিদং সর্বমধ্যার্ধ্নোত্তেনাধ্যর্ধ ইতি কতম একো দেব ইতি প্রাণ ইতি স ব্রহ্ম ত্যদিত্যাচক্ষতে॥ ৯

উক্ত বিষয়ে কেহ কেহ বলে বায়ু একা বহে যান
অর্ধাধিক এক দেড় কি প্রকারে প্রকাশ করিয়া কন
যেহেতু ইনিই আছেন বলিয়া
সবে ঋদ্ধিশালী ইহারে পাইয়া
তাই অধি অর্ধ দেড় ইনি হন। কে এক দেবতা হন?
ইনিই ব্রহ্ম সুধীগণ তাই ত্যং বলে এরে কন।

পৃথিব্যেব যস্যায়তনমগ্নির্লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং শরীরঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেত্যমৃতমিতি হোবাচ ॥ ১০

পৃথিবী যাঁহার আশ্রয় হন অগ্নি চক্ষু যাঁর
মনের দ্বারায় সঙ্কল্প আর বিকল্প হয় যাঁর
দেহ ইন্দ্রিয়ে সেই আশ্রয়
যেই সুধীজন তাঁহারে জানয়
হে যাজ্ঞবল্ক্য তিনিই কেবল পণ্ডিত জেন হয়
সেই পুরুষেরে জানি আমি এবে যাজ্ঞবল্ক্য কয়,
এই দেহ মাঝে অবস্থিত সে এই পুরুষইত হয়
শাকল্য আপনি করুন প্রশ্ন—যাজ্ঞবল্ক্য কয়।
তাঁহার দেবতা হন কোন জন
অমৃত যাজ্ঞবল্ক্য সে কন।

কাম এব যস্যায়তনং হৃদয়ং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ স এবায়ং কামময়ঃ পুরুষঃ স এষঃ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি স্ত্রিয় ইতি হোবাচ ॥ ১১

কামই যাঁহার আশ্রয় বুদ্ধি দর্শনেন্দ্রিয় যাঁর
মনের দ্বারায় সঙ্কল্প বিকল্প বিচার হয় হে যাঁর
দেহেন্দ্রিয় সমষ্টি যার আশ্রয়
সে পুরুষে জানে সেই সুধী হয়
যাজ্ঞবল্ক্য কহেন দেহেন্দ্রিয়ে গতি যে পুরুষ হয়
তাঁহারে যে জানি নিশ্চয় আমি পুরুষ সে কামময়
শাকল্য আপনি প্রশ্ন করুন যাজ্ঞবল্ক্য কয়
তাঁহার দেবতা কোন জন হয় "স্ত্রীগণ দেবতা হয়"।

রূপাণ্যেব যস্যায়তনং চক্ষুর্লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবাসাবাদিত্যে পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি সত্যমিতি হোবাচ ॥ ১২

সামান্য আকার শুক্লাদিরূপ যাঁর হয় আশ্রয়
চক্ষু যাহার দর্শণেন্দ্রিয় মনে সঙ্কল্প বিকল্প হয়
দেহেন্দ্রিয়ের সমষ্টি সেজন
সেই দেহ যাঁর আশ্রয় হন
সেই পুরুষেরে জানে যেই জন পণ্ডিত তাকে কয়
যাজ্ঞবল্ক্য বলেন তাঁহারে জানি আমি নিশ্চয়।
সকলদেহের ইন্দ্রিয় গতি যে পুরুষ জন হন
আদিত্য মাঝে অবস্থিত সে হন সেই এইজন
শাকল্য "তুমি সে প্রশ্ন যে কর"
কে তার দেবতা দাও উত্তর
যাজ্ঞবল্ক্য বলেন জানিও সত্য দেবতা হয়
বিরাটের চোখ সূর্য একথা শাস্ত্রে কথিত রয়।

আকাশ এব যস্যায়তনং শ্রোত্রং লোকো মনজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং শ্রৌত্রঃ প্রাতিশ্রুৎকঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি দিশ ইতি হোবাচ ॥ ১৩

আকাশই যাঁহার আশ্রয় শ্রোত্র দর্শণেন্দ্রিয় যার
মনের দ্বারায় সঙ্কল্প বিকল্প করিলেন যিনি তার
দেহেন্দ্রিয়ের সমষ্টিতেই
আশ্রয় যাঁর পুরুষ সে সেই

সেই পুরুষকে জানেন যেজন তারে সুধী বলি জানি
যাজ্ঞবল্ক্য বলেন তাঁহারে নিশ্চয় আমি জানি।
যিনি শ্রবণেতে অভিমানী যিনি প্রতি শ্রবণের বেলা
অভিমানী যেই—তিনিই এ পুরুষ—অধ্যাত্মের এ খেলা—
শাকল্য প্রশ্ন করহ আমায়
কে তার দেবতা ? শাকল্য কয়
যাজ্ঞবল্ক্য বলিলেন তারে দিক সকলিত হয়
দিক সকলেতে শ্রোত্র যে জাত জেন তাহা নিশ্চয়।

তম এব যস্যায়তনং হৃদয়ং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং ছায়াময়ঃ পুরুষঃ স এষ বেদ এব শাকল্য তস্য কা দেবতেতি মৃত্যুরিতি হোবাচ ॥ ১৪

তমই যাঁহার আশ্রয়, বুদ্ধি দর্শণেন্দ্রিয় যাঁর
মনের দ্বারায় সঙ্কল্প বিকল্প করেন যেই বিচার
দেহেন্দ্রিয়ের সমষ্টি যত
আশ্রয় যাঁর হয় একমত
সেই পুরুষকে জানে যেই জন পণ্ডিত তারে কয়
যাজ্ঞবল্ক্য বলেন তাঁহারে জানি আমি নিশ্চয়।
যিনি ছায়াময় অজ্ঞানময় তিনিই জেন এইজন
শাকল্যকে করহ প্রশ্ন যাজ্ঞবল্ক্য কন
তাঁর কে দেবতা কহ মহাশয়
"মৃত্যু" যাজ্ঞবল্ক্য সেকয়।

রূপাণ্যেব যস্যায়তনং চক্ষুর্লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ স এবায়মাদর্শে পুরুষে স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেত্যসুরিতি হোবাচ ॥ ১৫

জ্যোতির্ময় রূপ যাঁর আশ্রয় চক্ষু দর্শনেন্দ্রিয়
মনের দ্বারায় সঙ্কল্প বিকল্প করেন যেজন শ্রেয়
সব দেহেন্দ্রিয়ে সমষ্টি আশ্রয়
একমাত্র যেই সে পুরুষ হয়
তাঁরে যেই জানে পণ্ডিত বলি তারেই সকলে কয়
যাজ্ঞবল্ক্য বলেন যে আমি জানি তাঁরে নিশ্চয়।
যিনি আদর্শে দর্পনাদিতে অভিমানী যেই জন
তিনি এ পুরুষ—যাজ্ঞবল্ক্য শাকল্যারে যে কন
প্রশ্ন আবার করহ আমায়
কে তার দেবতা ? শাকল্য কয়
যাজ্ঞবল্ক্য বলেন অসুই প্রাণ সেই জন হয়
(খড়্গো ঘষিলে উজ্জ্বল হয়ে প্রতিবিম্ব সে লয়।
ঘর্ষণক্রিয়া প্রাণের দ্বারাই সম্পাদিত সে হয়
ভাস্বরতায় যে পুরুষ রাজে প্রাণ হতে তাহা হয়)।

আপ এব যস্যায়তনং হৃদয়ং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণ যমাত্থ য এবায়মপ্সু পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি বরুণ ইতি হোবাচ॥ ১৬

সাধারণ জল যাঁর আশ্রয় নয়ন বুদ্ধি যাঁর
মনের দ্বারায় করা বা না করা করেছেন যে বিচার
দেহেন্দ্রিয়ের যেই আশ্রয়
সেই পুরুষেরে যেজন জানয়
যাজ্ঞবল্ক্য ! তাহারেই সবে সুধীজন বলি কয়
যাজ্ঞবল্ক্য বলেন তাঁহাকে জানি আমি নিশ্চয়
কূপ সরোবর জল প্রভৃতিতে সেই জন অভিমানী।
তিনি এ পুরুষ ওহে শাকল্য আমি তাঁরে ভাল জানি

পুনঃ হে প্রশ্ন করহ আমায়
শাকল্য কন তার কোন দেব হয় ?
যাজ্ঞবল্ক্য বলেন বরুণ নামে খ্যাত সেই জন
নদী সরোবর তড়াগ সবেতে জল অভিমানী জন।

রেত এব যস্যায়তনং হৃদয়ং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং পুত্রময়ঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি প্রজাপতিরিতি হোবাচ ॥ ১৭

শুক্রই যার আশ্রয় জ্ঞান বুদ্ধি যাহার হয়
মনের দ্বারায় সঙ্কল্প বিকল্প বিচার যে করয়
দেহেন্দ্রিয়ের যেই আশ্রয
সেই পুরুষেরে যেজন জানয়
যাজ্ঞবল্ক্য। তাহারেই সবে পণ্ডিত জেন কয়
যাজ্ঞবল্ক্য বলেন তাঁহাকে জানি আমি নিশ্চয়।
দেহেন্দ্রিয়ের গতি যে পুরুষ সেই জনে আমি জানি
পুত্রময় সে পুরুষ প্রবর তাহাকে যে আমি চিনি
শাকল্য প্রশ্ন করহ আমায়,
শাকল্য কন তাঁর কে দেবতা হয়
যাজ্ঞবল্ক্য বলেন প্রজাপতি, পিতা রূপে হেথা রয়
পিতৃশোণিতে অস্থি মজ্জা শুক্র প্রভৃতি হয়।

শাকল্যেতি হোবাচ যাজ্ঞবল্ক্যস্ত্বাং স্বিদিমে ব্রাহ্মণা অঙ্গারাবক্ষয়ণম ক্রতা৩ ইতি ॥ ১৮

শাকল্যরে তবে নীরব দেখিয়া যাজ্ঞবল্ক্য কয়
অঙ্গার দহন যন্ত্র করিয়া ব্রাহ্মণরা নির্ম্মায়

কিং দেবতাহস্যামুদীচ্যাং দিশ্যসীতি সোমদেবত ইতি স সোমঃ কস্মিন্। প্রতিষ্ঠিত ইতি দীক্ষায়ামিতি কস্মিন্নু দীক্ষা প্রতিষ্ঠিতেতি সত্য ইতি তস্মাদপি দীক্ষিতমাহুঃ সত্যং বদেতি সত্যে হ্যেব দীক্ষা প্রতিষ্ঠিতেতি কস্মিন্নু সত্যং প্রতিষ্ঠিতমিতি হৃদয় ইতি হোবাচ হৃদয়েন হি সত্যং জানাতি হৃদয়ে হ্যেব সত্যং প্রতিষ্ঠিতং ভবতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥ ২৩

উত্তর দিকে কোন দেবতার সাথে একীভূত হও
"সোম দেবতার" সোম দেবতা সে কিসে প্রতিষ্ঠিত কও
দীক্ষায় যাজ্ঞবল্ক্য তবে কন
দীক্ষা কিসেতে শাকল্য কন
"সত্যে" তাইত আচার্য্য কন সত্য বলিও তাই
সত্য কিসেতে ? হৃদয়ের মাঝে উত্তরে কন তাই
হৃদয়ের দ্বারা জানে সত্যকে উপলব্ধি সে হয়
বলিয়াছ ঠিক যাজ্ঞবল্ক্য, শাকল্য তবে কয়।

কিং দেবতোহস্যাং ধ্রুবায়াং দিশ্যসীত্যগ্নিদেবত ইতি সোঽগ্নিঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি বাচীতি কস্মিন্নু বাক্ প্রতিষ্ঠিতেতি হৃদয় ইতি কস্মিন্নু হৃদয়ং প্রতিষ্ঠিতমিতি ॥ ২৪

এই ধ্রুব, যাহা উর্দ্ধ দিকেতে কোন দেবতায় মেশো
অগ্নি দেবতা, অগ্নি দেবতা কিসেতে প্রতিষ্ঠিত ?
বাগিন্দ্রিয়েতে অগ্নি যে রয়
বাক কার মাঝে বল সে রহয়
"বাক হৃদয়েতে" হৃদয় তাহলে কিসে সে প্রতিষ্ঠিত ?
বাক আশ্রয়ে নাম রূপ হয় এক সাথে একীভূত।

অহল্লিকেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যত্রৈতদন্যত্রাস্মন্মন্যাসৈ যদ্ধ্যেতদন্যত্রাস্মৎ স্যাচ্ছ্বানো বৈনদদ্যুর্বয়াংসি বৈনদ্ বিমথ্নীরন্নিতি ॥ ২৫

যাজ্ঞবল্ক্য কহেন হে ভূত যখন সে মনে কর
হৃদয় হইতে শরীর অন্যত্র এর মানে হল মর
বাস্তবিকই তাহা যদি হয়
কুকুরে খাইবে ছিঁড়িয়াই হায়
কিংবা পাখীতে ছিঁড়িয়া ইহারে ছিন্ন ভিন্ন করে
শরীর হইতে হৃদয়ে লইলে সত্যই তাহা মরে।

কস্মিন্নু ত্বং চ আত্মা প্রতিষ্ঠিতৌ স্থ ইতি প্রাণ ইতি কস্মিন্নু প্রাণঃ প্রতিষ্ঠিত ইত্যপান ইতি কস্মিনন্বপান প্রতিষ্ঠিত ইতি ব্যান ইতি কস্মিন্নু ব্যানঃ প্রতিষ্ঠিত ইত্যুদান ইতি কস্মিন্নুদানঃ প্রতিষ্ঠিত ইতি সমান ইতি স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্যো ন হি শীর্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যতি। এতান্যষ্টাবায়তনান্যষ্টৌ লোকা অষ্টৌ দেবা অষ্টৌ পুরুষাঃ স যস্তান্ পুরুষান্নিরুহ্য প্রত্যুহ্যাত্য-ক্রামত্তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি তং চেন্মে ন বিবক্ষ্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি। তং হ ন মেনে শাকল্যস্তস্য হ মূর্ধা বিপপাতাপি হাস্য পরিমোষিণোঽস্থীন্যপজহ্রুরন্যন্মন্যমানাঃ॥ ২৬

শরীর হৃদয় কিসে প্রতিষ্ঠিত? শাকল্য তবে কয়
"প্রাণে" প্রাণ তবে কিসের মাঝেতে অভিন্ন হয়ে রয়
ব্যানেতে যাজ্ঞবল্ক্য সে কন
"ব্যান কার মাঝে" সমানে কহেন
নেতি নেতি বলে বুঝায়েছে এঁরে আত্মাই এরে কয়
কারুর দ্বারায় নন গ্রহণীয়, ক্ষীণ নন অক্ষয়!
কারো প্রতি তিনি আসক্ত নন অবদ্ধ সেই জন
কোন কারণেতে ব্যথিত না হন বিনষ্ট নাহি হন
আটটি জানিও হয় আশ্রয়
আট দর্শণেন্দ্রিয় জেন নিশ্চয়
আটটি দেবতা আট পুরুষের কথা এতে বলা হল
ইহাদের যেই করে বহির্গত শেষ যার মাঝে হল।

উপাধি ধর্ম অতিক্রম করে যেজন বিদ্যমান
উপনিষদেতে যাঁরে জানা যায় সেজন জগৎপ্রাণ

যাজ্ঞবল্ক্য জিজ্ঞাসে এবে
বল এর কথা তুমি এরে এবে

না বলহ যদি মস্তক তবে নিপতিত ঠিক হয়
না জানে যেজন মস্তক তার নিপতিত তাই হয়।

অধিকন্তু সে অস্থি সকল চোরে চুরী করি লয়
(তারে না জানিয়া শুধু জিজ্ঞাসা তাই বুঝি এই হয়)

অথ হোবাচ ব্রাহ্মণা ভগবন্তো যো বঃ কাময়তে স মা পৃচ্ছতু সর্বে বা মা পৃচ্ছত যো বঃ কাময়তে তং বঃ পৃচ্ছামি সর্বান্ বা বঃ পৃচ্ছামীতি তে হ ব্রাহ্মণা ন দধৃষুঃ ॥ ২৭

যাজ্ঞবল্ক্য বলেন তখন পুজ্য ব্রাহ্মণগণ শোন—
আপনাদের মাঝে যাহার ইচ্ছা আমারে জিজ্ঞাসন

কিংবা যদি বল আমি জিজ্ঞাসি
ব্রাহ্মণগণ হলেন না সাহসী।

তান্ হৈতৈঃ শ্লোকৈঃ পপ্রচ্ছ—

যথা বৃক্ষো বনস্পতিস্তথৈব পুরুষোঽমৃষা। তস্য লোমানি পর্ণানি ত্বগস্যোৎপাটিকা বহিঃ ॥ ২৮।১

তাহাদের তিনি এই শ্লোক দ্বারা জিজ্ঞাসা তবে করে
ইহা সত্য যে বনস্পতি বৃক্ষের মত মানুষও তেমনি করে

সেই পুরুষের লোম সে পত্র
ত্বক সে তাঁহার বল্কল মত।

ত্বচ এবাস্য রুধিরং প্রস্যন্দি ত্বচ উৎপটঃ। তস্মাত্তদাতৃন্নাৎ প্রৈতি রসো বৃক্ষাদিবাহতাৎ ॥ ২৮।২

মানুষের ত্বক হইতে রুধির বল্কল হতে রস
নির্গত হয়। আহত বৃক্ষ হতে বাহিরায় রস

আহত ব্যক্তি রুধির যে ঝরে
দুয়েরই আঘাতে এই রূপক্ষরে।

মাংসান্যস্য শকরাণি কিনাটং স্নাব তৎ স্থিরম্, অস্থীন্যন্তরতো দারূণি মজ্জা মজ্জোপমা কৃতা ॥ ২৮।৩

মানুষের মাংস বনস্পতির অন্তর বল্কল
স্নায়ু আরো দৃঢ় বল্কল জেন অস্থি সে কাঠ সকল
একের মজ্জা অপরের সাথে
দুই এক হয় জেন উপমাতে।

যদ্ বৃক্ষো বৃক্ণো রোহতি মূলান্নবতরঃ পুনঃ মর্ত্যঃ স্বিন্মৃত্যুনা বৃক্ণঃ কস্মান্মূলাৎ প্ররোহতি ॥ ২৮।৪

বৃক্ষ যেমন হলে কর্তিত আবার পুনর্বার
অভিনব রূপে মূল হতে তাহা আবার হয় যে বার
মানুষ মৃত্যু কবলিত হলে
আবির্ভাব হয় কোন মূল হতে ?

রেতস ইতি মা বোচত জীবতস্তৎ প্রজায়তে। ধানারুহ ইব বৈ বৃক্ষোঽঞ্জসা প্রেত্য সম্ভবঃ ॥ ২৮।৫

শুক্র হইতে জাত হয় ইহা বলা কভু ঠিক নয়
জীবিত ব্যক্তি হইতেই জেন শুক্র ক্ষরিত হয়
বৃক্ষ সাক্ষাৎ মরে সে যখন
বীজ হতে পুন উদ্গত হন।

যৎ সমূলমাবৃহেয়ুর্বৃক্ষং ন পুনরাভবেৎ। মর্ত্যঃ স্বিন্মৃত্যুনা বৃক্ণঃ কস্মান্মূলাৎ প্ররোহতি ॥ ২৮।৬

বৃক্ষের মূল দিলে উপাড়িয়া তাহা নাহি জনমায়
মানুষ মৃত্যু কবলিত যবে—কেমনে আবির্ভাব হয়।

জাত এব ন জায়তে কো ন্বেনং জনয়েৎ পুনঃ। বিজ্ঞানমানন্দং ব্রহ্ম রাতির্দাতুঃ পরায়ণং তিষ্ঠমানস্য তদ্বিদ ইতি ॥ ২৮।৭

যদি মনে করে জাত হইয়াও মানুষ ত রহিয়াছে
তবে বলি "না" তা কারণ মরিয়া পুনর্জন্ম আছে
কে ইহার পুন জনম সে দেয়
বিজ্ঞান স্বরূপ আনন্দময়
ব্রহ্মই এই ব্রহ্মেতে স্থিত ব্রহ্মবিদের গতি
(জনমে জনমে লভে কিবা ফল জানেন জগৎ পতি)

চতুর্থাধ্যায়—প্রথম ব্রাহ্মণ

ওঁ॥ জনকো হ বৈদেহ আসাংচক্রেঽথ হ যাজ্ঞবল্ক্য আবব্রাজ। তং হোবাচ যাজ্ঞবল্ক্য কিমর্থমচারীঃ পশূনিচ্ছন্নগ্বন্তানিতি। উভয়মেব সম্রাড়িতি হোবাচ॥ ১

বৈদেহ জনক রাজ সভামাঝে একদা ছিলেন বসি
এমন সময় আসিলেন সেথা যজ্ঞবল্ক্য ঋষি
জনক তাহারে শুধায় তখন
যাজ্ঞবল্ক্য কিবা প্রয়োজন
আত্মবিষয় প্রশ্ন কামনা অথবা পশুর তরে
যাজ্ঞবল্ক্য বলে সম্রাট উভয় বিধের তরে।

যত্তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে জিত্বা শৈলিনির্বাগ্বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান ব্রূয়াত্তথা তচ্ছৈলিনিরব্রবীদ্ বাগ্বৈ ব্রহ্মেত্যবদতো হি কিং স্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য। বাগেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রজ্ঞেত্যেনদুপাসীত কা প্রজ্ঞতা যাজ্ঞবল্ক্য। বাগেব সম্রাড়িতি হোবাচ। বাচা বৈ সম্রাড় বন্ধুঃ প্রজ্ঞায়ত ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ

শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টং হুতমাশিতং পায়িতময়ং চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি বাচৈব সম্রাট্ প্রজ্ঞায়ন্তে বাগ্বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং বাগ্ জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে। হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥ ২

যজ্ঞবল্ক্য বলেন তখন হে জনক মহারাজ
কোনো আচার্য বলেছেন যাহা বল তুমি মোরে আজ।
জনক কহেন শৈলিনি কন
বাগ দেবতাই ব্রহ্ম যে হন
মাতৃমান ও পিতৃমান বা আচার্যবান জন
যা বলা উচিৎ তাহাই বলেছে জিত্বা শৈলিনি জন।
ঠিক শৈলিনি সেইরূপ বাকব্রহ্ম একথা কন
কি বস্তু তার হইতেছে লাভ না বলেন সেই জন
সেই ব্রহ্মের শরীর কি হয়
বলেছেন তিনি কিসে আশ্রয় ?
জনক বলেন সেই কথা মোরে বলেননি মহাশয়
যজ্ঞবল্ক্য বলেন ব্রহ্ম একপাদ জেন হয়।
জনক বলেন আপনি আমায় বলুন তা সমুদয়
বাগিন্দ্রিয়ই শরীর, আকাশ প্রতিষ্ঠা আশ্রয়
প্রজ্ঞা বলিয়া তাহার ভজন
করাই উচিৎ জানে জ্ঞানীগণ
জনক কহেন প্রজ্ঞা কাহাবে বলে কহ মহাশয়
ওহে সম্রাট বাগিন্দ্রিয়ই প্রজ্ঞা জানিও হয়।
সম্রাট এই বাক্যের দ্বারা বন্ধুকে জানা যায়
এই বাক্যই ঋক যজু সাম অথর্ব বেদ হয়।

ইতিহাস আর পুরাণ বিদ্যা
শ্লোক ও সূত্র রহস্য বিদ্যা
অনুব্যাখ্যা ও ব্যাখ্যা ও যাগ হোম ও অন্নদান
জলদান ফলে এতে মিলে ইহজন্ম ও পরজন্ম জ্ঞান।
নিখিল প্রাণীরে জানা যায় এতে পরম ব্রহ্ম এই
একথা জানিয়া ব্রহ্মকে যে পূজে বাক তার সহায়ই
নিখিল প্রাণী সে হয় সমাগত
দেবতা ওদের হয় যে প্রাপ্ত
বৈদেহ জনক বলেন হাতির মতন ষাড়ের সাথে
হাজার গাভীকে দান করিব হে আমি যে তোমার হাতে।
যজ্ঞবল্ক্য বলেন আমার পিতা এই জ্ঞান করে
প্রতিগ্রহ করা হয় অনুচিত (যদি শিষ্যকে) কৃতার্থ সে
নাহি করে।

যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্ম উদঙ্কঃ শৌল্বায়নঃ প্রাণো বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান্ ব্রূয়াত্তথা তচ্ছৌল্বায়নোঽব্রবীৎ প্রাণো বৈ ব্রহ্মেত্যপ্রাণতো হি কিং স্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য প্রাণ এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রিয়মিত্যেনদুপাসীত কা প্রিয়তা যাজ্ঞবল্ক্য প্রাণ এব সম্রাড়িতি হোবাচ প্রাণস্য বৈ সম্রাট্ কামায়াযাজ্যং যাজয়ত্যপ্রতিগৃহ্যস্য প্রতিগৃহ্ণাত্যপি তত্র বধাশঙ্কং ভবতি যাং দিশমেতি প্রাণস্যৈব সম্রাট কামায় প্রাণো বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং প্রাণো জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি॥ ৩

কোনও আচার্য বলেছেন যাহা তাহাই শুনিতে চাই
জনক বলেন "উদঙ্ক শৌল্বায়ন বলেন ব্রহ্ম প্রাণই"
পিতৃ মাতৃ আচার্য বান
যা বলা উচিৎ তাহাই কহেন
শৌল্বায়ন ঠিক তাহাই বলেছে ব্রহ্মই প্রাণময়
জীবিত যে নয় বল তার দ্বাবা কি বস্তু লাভ হয় ?
সেই ব্রহ্মের শরীব আশ্রয় বলেন কেমন হয়
জনক বলেন সে বিষয় কিছু বলেন নি মহাশয়
যজ্ঞবল্ক্য বলেন তখন
ব্রহ্মই এক পাদ জেন হন
জনক কহেন আপনিই তাহা বল মোবে মহাশয়
প্রাণই শরীর আকাশ আশ্রয় প্রতিষ্ঠা জেন হয়।
ইহাকেই প্রিয় বলি উপাসনা করা সে উচিৎ হয়
যাজ্ঞবাল্ক্য। প্রিয়তা কাহাকে বলে বল মহাশয়
প্রাণ প্রিয় হয় তাই তার তরে
অযোগ্য জনে দান তাই করে
যজ্ঞেতে যার নাই অধিকার যজ্ঞ ও সেই করে
যার দান কেহ করে না গ্রহণ তাহাও গ্রহণ করে।
প্রাণ ধারণের জন্য লোকেতে বধ আশঙ্কা জেনে
তবু সেথা যায়। প্রাণই পরম ব্রহ্ম রাখিও জেনে
জানি এই কথা ব্রহ্মকে পূজে
পরাণ তাহারে ত্যাগ করে না যে
নিখিল প্রাণীই তার অভিমুখে সমাগত জেন হয়
দেবতা সকলে লভি সেই জন হন জেনো দেবময়।
জনক বলেন হাতীব মতন বৃষ সমন্বিত গাভী দিব দান
যাজ্ঞবল্ক্য বলেন আমার পিতার এই ছিল জ্ঞান

শিষ্যরে নাহি কৃতার্থ করে
প্রতিগ্রহ করা অনুচিত তারে।

যদেব তে কশ্চিদব্রবীৎ তচ্ছৃণবামেত্যব্রবীন্মে বর্কুর্বার্ষ্ণশ্চক্ষুর্বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান্ ব্রূয়াৎ তথা তদ্বার্ষ্ণোঽব্রবীচ্চক্ষুর্বৈ ব্রহ্মেত্যপশ্যতো হি কিং স্যাদিত্যব্রবীৎ তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্ বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য চক্ষুরেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা সত্যমিত্যেনদুপাসীত কা সত্যতা যাজ্ঞবল্ক্য চক্ষুরেব সম্রাড়িতি হোবাচ চক্ষুষা বৈ সম্রাট্ পশ্যন্তমাহুরদ্রাক্ষীরিতি স আহাদ্রাক্ষমিতি তৎ সত্যং ভবতি চক্ষুর্বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং চক্ষুর্জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেরেতি ॥ ৪

যাজ্ঞবল্ক্য বলেন "জনক আপনাকে কোন জন
আচার্য যাহা বলেছেন তাহা আমারে আপনি কন।"
বর্কু বার্ষ্ণ আমায় বলেন
"চক্ষু ব্রহ্ম" কহেন রাজন
ঋষি কহে পিতৃ মাতৃ আর আচার্যবান মত
উচিৎ কথাই বলেছেন তিনি কহেছেন ঠিকমত।
"চক্ষু ব্রহ্ম" নিশ্চয় জেন চক্ষুহীন যে জন
না দেখে যেজন কোন বস্তু বা লাভ হবে তার কেন?
সেই ব্রহ্মের শরীর আশ্রয়
সম্বন্ধে কিবা বলে মহাশয়?
রাজা কন তাহা বলেন নি মোরে, যাজ্ঞবল্ক্য কন
ওহে সম্রাট এই ব্রহ্মের এক পাদ জেন হন।
রাজা কন কহ যাজ্ঞবাল্ক্য বুঝাইয়া তবে কন
চক্ষুরেন্দ্রিয় শরীর আকাশ প্রতিষ্ঠা তার হন।

সত্য জানিয়া এর উপাসনা
করা সে উচিৎ জানে সুধীজনা

জনক কহেন সত্যতা কারে বলে কহ মহাশয়
যাজ্ঞবল্ক্য কহে সম্রাট চক্ষুবেন্দ্রিয় সত্য হয়।
স্বচক্ষে যাহা দেখে তাহা লোকে সত্য বলিয়া কয়
জিজ্ঞাসে লোকে চোখে দেখিয়াছ ? দেখিয়াছি নিশ্চয়

চক্ষুই পরমব্রহ্ম সে হয়
একথা জানিয়া সাধনা করয়

যেই জন, তাঁরে চক্ষুরেন্দ্রিয় ত্যাগ কভু নাহি করে
নিখিল প্রাণীই তাহে সমাগত দেবতা লাভ সে করে।
বৈদেহ জনক করি করোজোড় সবিনয়ে তবে কয়
হাতীর মতন বৃষভ সমেত হাজার গাভী যে হয়

দান করিব হে তোমায় এখন
যাজ্ঞবল্ক্য বলেন তখন

আমার পিতা সে মনে করিতেন শিষ্যে কৃতার্থ না করে
কোনজন যেন প্রতিগ্রহ সে গ্রহন যেন না করে।

যদেব তে কশ্চিদব্রবীৎ তচ্ছৃণবামেত্যব্রবীন্মে গর্দভীবিপীতো ভারদ্বাজঃ শ্রোত্রং বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান্ ব্রূয়াৎ তথা তদ্ভারদ্বাজোঽব্রবীচ্ছ্রোত্রং বৈ ব্রহ্মেত্যশৃণ্বতো হি কিং স্যাদিত্যব্রবীৎ তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেক পাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য শ্রোত্রমেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠাঽনন্ত ইত্যেনদুপাসীত কাঽনন্ততা যাজ্ঞবল্ক্য দিশ এব সম্রাড়িতি হোবাচ তস্মাদ্ বৈ সম্রাড়পি যাং কাং চ দিশং গচ্ছতি নৈবাস্যা অন্তং গচ্ছত্যনন্তা হি দিশো দিশো বৈ সম্রাট্ শ্রোত্রং শ্রোত্রং বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং শ্রোত্রং জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি॥ ৫

যাজ্ঞবল্ক্য বলেন জনক আচার্য যাহা কন
আপনি সে কথা বলহ আমায় শুনিতে যে চায় মন
গর্দভবিপীত ভারদ্বাজ কন
শ্রেষ্ঠ ব্রহ্ম হন ইহা জেন
পিতৃমান আর মাতৃমান আর আচার্যবান যেই
তার মত কথা উচিত বলিয়া বলেছেন জেন এই
কারণ যে কানে করেনা শ্রবণ বস্তু কি লাভ হয় ?
পরন্তু তিনি বলেছেন কি সে শরীরও আশ্রয়
জনক বলেন "না ত মহাশয়"
"ব্রহ্মের জেন একপাদ হয়"
জনক কহেন "যাজ্ঞবল্ক্য তুমিই আমায় কহ"
শুনহ জনক শ্রোত্র শরীর প্রতিষ্ঠা আকাশ সেহ।
অনন্ত বলি এর উপাসনা করা যে উচিৎ হয়
জনক বলেন অনন্ত কাহারে বলে বল মহাশয়
দিক সকলেই অনন্ত হয়
যেদিকেই যাও সীমা নাহি পায়
দিক সকলেই অনন্ত আর অনন্ত হয় কান
জানিয়া ইহার করে উপাসনা সেইজন জ্ঞানবান।
শ্রবণেন্দ্রিয় ত্যাগ তো তাহারে কখনই নাহি করে
নিখিল প্রাণীই হয় সমাগত দেবভাব পায় নরে
দেবতা লভিয়া দেবতা যে হন
শুনিয়া বলেন জনক রাজন
আমি আপনাকে হস্তীর মত বৃষ সাথে গাভী দোব। (সহস্র)
যাজ্ঞবল্ক্য বলেন কি করে বল আমি তাহা নোব ?
আমার জনক মনে করিতেন শিষ্যে কৃতার্থ করি
তবেই প্রতিগ্রহ করিবে গ্রহণ, তাই না লইতে পারি।

যদেব তে কশ্চিদব্রবীৎ তচ্ছৃণবামেত্যব্রবীন্মে সত্যকামো জাবালো মনো বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান পিতৃমানাচার্যবান্ ব্রূয়াৎ তথা তজ্জাবালোঽব্রবীন্মনো বৈ ব্রহ্মেত্যমনসো হি কিং স্যাদিত্যব্রবীৎ তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য মন এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠানন্দ ইত্যেনদুপাসীত কানন্দতা যাজ্ঞবল্ক্য মন এব সম্রাড়িতি হোবাচ মনসা বৈ সম্রাট্ স্ত্রিয়মভিহার্যতে তস্যাং প্রতিরূপঃ পুত্রো জায়তে স আনন্দো মনো বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং মনো জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥ ৬

যাজ্ঞবল্ক্য বলেন তখন হে রাজন তবে কন্
কোন আচার্য বলেছেন যাহা শুনিতে যে চায় মন
জনক বলেন শুন মহাশয়
সত্যকাম যেই জবালা তনয়
বলেছেন তিনি মনই ব্রহ্ম যাজ্ঞবল্ক্য কন
পিতৃমাতৃ আর আচার্যবান এইরূপ কথা কন।
কারণ যাহার মন নেই কিসে বস্তু হইবে লাভ
কিন্তু সেজন বলেছেন কি ব্রহ্মের শরীর ও আশ্রয় ?
বলেননি বলে রাজা তবে কয়
ব্রহ্মের ইহা এক পাদ হয়
রাজা বলে তবে "যাজ্ঞবল্ক্য তুমি মোরে ইহা বল"
"মনই শরীর আকাশ তাহার প্রতিষ্ঠা তাতে হল"।
মন আনন্দ এই কথা জেনে আরাধনা করা ঠিক
রাজা কন কারে আনন্দ কয় বুঝাইয়া বল ঠিক

মন আনন্দ মনের দ্বারায়
স্ত্রীকে প্রার্থনা করে মহাশয়
স্ত্রীতে অনুরূপ পুত্র সে জাত আনন্দ বর্ধন হয়
মনকে পরম ব্রহ্ম জানিয়া পূজা যে করিতে হয়।
যিনি মনে জানি ব্রহ্ম বলিয়া শুধু আনন্দময়
মন তারে কভু ত্যাগ নাহি করে এ নিখিল সমুদয়
তার অভিমুখে সমাগত হয়
দেবতা লভিয়া দেবতা সে হয়
রাজা বলে তবে সহস্র গাভী হাতীসম বৃষ সহ
করিলাম দান তোমায় যাজ্ঞবল্ক্য তুমি সে লহ।
কহিলেন তিনি পিতা মোর মনে করিতেন এই কথা
কৃতার্থ না করে শিষ্যে প্রতিগ্রহ করিবে না কভু কোথা।

যদেব তে কশ্চিদব্রবীৎ তচ্ছৃণবামেত্যব্রবীন্মে বিদগ্ধঃ শাকল্যো হৃদয়ং বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যমান্ ব্রূয়াৎ তথা তচ্ছাকল্যোঽব্রবীদ্ধৃদয়ং বৈ ব্রহ্মেত্যহৃদয়স্য হি কিং স্যাদিত্যব্রবীৎ তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য হৃদয়মেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা স্থিতিরিত্যেনদুপাসীত কা স্থিততা যাজ্ঞবল্ক্য হৃদয়মেব সম্রাড়িতি হোবাচ হৃদয়ং বৈ সম্রাট্ সর্বেষাং ভূতানামায়তনং হৃদয়ং বৈ সম্রাট্ সর্বেষাং ভূতানাং প্রতিষ্ঠা হৃদয়ে হ্যেব সম্রাট্ সর্বাণি ভূতানি প্রতিষ্ঠিতানি ভবন্তি হৃদয়ং বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং হৃদয়ং জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥ ৭

যাজ্ঞবল্ক্য বলেন তখন ওহে রাজা মহাশয়
কোন আচার্য বলেছেন যাহা শুনিবারে মন চায়
সম্রাট তাঁরে কহেন তখন
"বিদগ্ধ শাকল্য আমায় যে কন

হৃদয়ই ব্রহ্ম" শুনি এই কথা যাজ্ঞবল্ক্য কয়
পিতৃমাতৃ আর আচার্যবানে এইরূপ কথা কয়।
হৃদয়ই ব্রহ্ম নিশ্চয় হয়, হৃদয় যাহার নাই
কোন বস্তু সে করিবে বা লাভ কেমনে বলনা তাই
কিন্তু সে ব্রহ্মের শরীর আশ্রয়
বলেছেন তিনি কিরূপ সে হয় ?
জনক বলেন বলেননি তিনি তুমি তাহা মোরে কহ
যাজ্ঞবল্ক্য বলেন হৃদয় বাসস্থান আকাশ আশ্রয় ও।
স্থিতি বলি এরে করা উপাসনা উচিৎ জানিও হয়
জনক বলেন স্থিতি কারে বলে ? যাজ্ঞবল্ক্য কয়
হৃদয়ই ত স্থিতি হয় বাসস্থান
সর্বভূতের জেন মতিমান
সর্বভূতের আশ্রয় ইহা জীবে আশ্রিত রয়
একথা যে জানে হৃদয় তাহারে ত্যাগ নাহি করে যায়।
নিখিলেব প্রাণী তার অভিমুখে সমাগত জেন হয়
আপনি দেবতা হইয়া সেজন দেবতা প্রাপ্ত হয়
জনক তখন গাভী দিতে চান
পিতার নিষেধ ঋষি পুনঃ কন।

চতুর্থাধ্যায়—দ্বিতীয় ব্রাহ্মণ

জনকো হ বৈদেহঃ কূর্চাদুপাবসর্পন্নুবাচ নমস্তেঽস্তু যাজ্ঞবল্ক্যানু মা শাধীতি স হোবাচ যথা বৈ সম্রাণ্মহান্তমধ্বানমেষ্যন্ রথং বা নাবং বা সমাদদীতৈবমেবৈতাভিরুপনিষদ্ভিঃ সমাহিতাত্মাঽস্যেবং বৃন্দারক আঢ্যঃ সন্নধীতবেদ উক্তোপনিষৎক ইতো বিমুচ্যমানঃ ক গমিষ্যসীতি নাহং তদ্ভগবন্ বেদ যত্র গমিষ্যামীত্যথ বৈ তেঽহং তদ্ বক্ষ্যামি যত্র গমিষ্যসীতি ব্রবীতু ভগবানিতি ॥ ১

সিংহাসনের আসন তেরাগী জনক তখন যায়
যাজ্ঞবল্ক্য সমীপে যাইয়া প্রণাম করেন পায়
বলেন চরণে প্রণতি আমার
উপদেশ মোরে দিন আরবার
যাজ্ঞবল্ক্য বলেন হে রাজা দূর পথে যদি যাও
রথ বা নৌকা প্রয়োজন হয় সাথে তা যেমন নাও ?
একাগ্র চিত্তে আপনি তেমনি রহস্য নাম লয়ে
পুজ্য ও ধনী হইয়াও তবু বেদাধ্যয়নে লয়ে
উপনিষদের উপদিষ্ট মত
জ্ঞানের আশায় হইয়াছ রত
কিন্তু জ্ঞান কি দেহ বিমুক্ত হয়ে যাবে কোনখানে
জনক বলেন জানিনাত আমি বল তুমি কোনখানে ?
(উপাসনা আর বিভূতি পেলেও কৃতার্থ তিনি নন
জ্ঞেয় ব্রহ্মাত্মা সবের মূলেরে জানেন না যেইজন)

ইন্ধো হ বৈ নামৈষ যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তং বা এতমিন্ধং সন্তমিন্দ্র ইত্যাচক্ষতে পরোক্ষেণৈব পরোক্ষপ্রিয়া ইব হি দেবাঃ প্রত্যক্ষদ্বিষঃ ॥ ২

দক্ষিণ চোখে বয় যে পুরুষ ইন্ধ নামে সে রয়
পরোক্ষ ভাবে ইহারেই জেনো ইন্দ্রই বলা হয়
দেবতাগণের ভাব এই হয়
নিজের প্রকাশ প্রচার না রয়।
(আদিত্য পুরুষ অক্ষি পুরুষ অভিন্ন জেন হয়
রাজা এর সাথে একাত্ম তুমি সাধনায় লভি জয়)।

অথৈতদ্ বামেঽক্ষণি পুরুষরূপমেষাঽস্য পত্নী বিরাট্ তয়োরেষ সংস্তাবো য এষোঽন্তর্হৃদয় আকাশোঽথৈনয়োরেতদন্নং য এষোঽন্তর্হৃদয়ে লোহিতপিণ্ডোঽথৈনয়োরেতৎ প্রাবরণং যদেতদন্তর্হৃদয়ে জালকমিবাথৈনয়োরেষা সৃতিঃ সঞ্চরণী যৈষা হৃদয়াদূর্ধ্বা নাড্যুচ্চরতি যথা কেশঃ সহস্রধা ভিন্ন এবমস্যৈতা হিতা নাম নাড্যোঽন্তর্হৃদয়ে প্রতিষ্ঠিতা ভবন্ত্যেতাভির্বা এতদাস্রবদাস্রবতি তস্মাদেষ প্রবিবিক্তাহারতর ইবৈব ভবত্যস্মাচ্ছরীরাদাত্মনঃ ॥ ৩

বাম চক্ষেতে পুরুষ আকারে যেজন দৃষ্ট হন
এই জন জেন ইহার পত্নী বিরাট নামেতে রন

হৃদয়পিণ্ড মধ্যে আকাশ
মিলনের ভূমি বলিয়া প্রকাশ

হৃদয়ের মাঝে রক্তপিণ্ড অন্ন এঁদের হয়
হৃৎপিণ্ডের জলাকার ভাগ আবরণ রূপে রয়।
সহস্রধায় বিভক্ত কেশ অতি সূক্ষ্মের মত
এই নাড়ী জেন হৃদয় হইতে উর্দ্ধেতে উত্থিত

ইহা ইহাদের বিহারের স্থল
দেহস্থ হিতা নামে নাড়ী সকল

হৃৎপিণ্ডতে আরোপিত রয়। অন্নরস তাতে বয়
এই জন্যই ইতি স্থূল দেহে সূক্ষ্ম হইয়া রয়।
সূক্ষ্ম অন্ন হতেও সূক্ষ্ম অন্নভোজী সে হন
(ভোক্ত এবং ভোগ্য হইয়া অভিন্ন সেইজন)।

তস্য প্রাচী দিক্ প্রাঞ্চঃ প্রাণা দক্ষিণা দিগ্‌ দক্ষিণে প্রাণাঃ প্রতীচী দিক প্রত্যঞ্চঃ প্রাণা উদীচী দিগুদঞ্চঃ প্রাণা ঊর্ধ্বা দিগূর্ধ্বাঃ প্রাণা অবাচী দিগবাঞ্চঃ প্রাণাঃ সর্বা দিশঃ সর্বে প্রাণাঃ সঃ এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্যো ন হি শীর্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যত্যভয়ং বৈ জনকো প্রাপ্তোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ স হোবাচ জনকো বৈদেহোঽভয়ং ত্বা গচ্ছতাদ্ যাজ্ঞবল্ক্যঃ যো নো ভগবন্নভয়ং বেদয়সে নমস্তেঽস্ত্বিমে বিদেহা অয়মহমস্মি ॥ ৪

উক্ত জ্ঞানীর পূরব দিক সে পূর্ববর্তী প্রাণ
দক্ষিণ আর পশ্চিম উত্তর হয় সেই সেই প্রাণ
উর্দ্ধদিকেতে উর্দ্ধ সে প্রাণ
নিম্নদিকেতে সে নিম্ন প্রাণ
সকল দিকেতে সকল প্রাণ সে। নেতি বলে বলা হয়
ইনিই আত্মা গৃহীত না হন এই জন অক্ষয়।
ইনি অসঙ্গ কারো প্রতি ইনি আসক্ত কভু নন
ইনি অবদ্ধ, তাই ব্যথিত ও বিনষ্ট কভু নন
হে জনক তুমি লভিলে অভয়
যাজ্ঞবল্ক্য এই কথা কয়।
বৈদেহরাজ জনক বলেন, অভয় তুমিও পাও
রাজত্ব সাথে আমিও তোমার—দয়া করে মোরে নাও।

চতুর্থাধ্যায়—তৃতীয় ব্রাহ্মণ

জনকং হ বৈদেহং যাজ্ঞবল্ক্যো জগাম স মেনে ন বদিষ্য ইত্যথ। যজ্জনকশ্চ বৈদেহো যাজ্ঞবল্ক্যশ্চাগ্নিহোত্রে সমূদাতে তস্মৈ হ যাজ্ঞবল্ক্যো বরং দদৌ স হ কামপ্রশ্নমেব বব্রে তং হাস্মৈ দদৌ তং হ সম্রাড়েব পূর্বঃ পপ্রচ্ছ॥ ১

একদিন রাজা জনকের কাছে যাজ্ঞবল্ক্য যান
বলিব না কিছু এই কথা মনে করিলেন মতিমান।
অগ্নিহোত্র আলোচনা কালে
জনকেরে বর দিতে চেয়েছিলে
যাজ্ঞবল্ক্য, আগেতে যখন জনক তখন কয়
ইচ্ছানুরূপ প্রশ্ন করিব তোমায় যে মহাশয়।
স্মরি সেই কথা জনক রাজাই প্রশ্ন তখন করে
(ব্রহ্মবিদ্যা লভে যেই জন চায় যেই শুধু তারে)

যাজ্ঞবল্ক্য কিং জ্যোতিরয়ং পুরুষ ইতি। আদিত্যজ্যোতিঃ
রাড়িতি হোবাচাদিত্যেনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম কুরুতে
পল্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥ ২

যাজ্ঞবল্ক্য পুরুষের কাজে কোন জ্যোতি সহায়ক ?
আদিত্য জ্যোতি, তারি সাহায্যে নর কাজ করে সব

বসে বাহিরায় কত কাজ করে
এবং তাহার সহায়েতে ফেরে

জনক বলেন যাজ্ঞবল্ক্য ইহা এইরূপই হয়
(সূর্যের জ্যোতি সবার শকতি মুকতি রূপেতে রয়)

অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি চন্দ্রমা
বাস্য জ্যোতির্ভবতীতি চন্দ্রমসৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম
রুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥ ৩

যাজ্ঞবল্ক্য ! সূর্য যখন অস্তমিত সে হয়
কোন জ্যোতি সেই এই পুরুষের সহায় হইয়া রয় ?

চন্দ্র ইহার জ্যোতি হয়ে রয়
চন্দ্রালোকের সাহায্য লয়

চন্দ্রালোকের সহায়েতে সেই কর্ম্ম করিয়া ফেরে
কন সম্রাট্ যাজ্ঞবল্ক কহিয়াছ ঠিক এরে।

অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্তমিয়ত কিংজ্যোতিরেবায়ং
ষ ইত্যগ্নিরেবাস্য জ্যোতির্ভবতীত্যগ্নিনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে
কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবাল্ক্য ॥ ৪

যাজ্ঞবল্ক্য সূর্য যখন অস্তমিত সে হয়
কোন জ্যোতি তবে পুরুষের তবে সহায় হইয়া রয়

অগ্নি তখন ওর জ্যোতি হয়
তাহারি সহায়ে তখন সে রয়

অগ্নিপ্রভার সাহায্যে সবে বসে ও বাহিরে যায়
কর্ম করিয়া ঘরে ফিরে আসে তাহারি সাহায্যায়

(জনক বলেন তাহাই বটে)

অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্তমিতে শান্তেঽগ্নৌ কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি বাগেবাস্য জ্যোতির্ভবতি বাচৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্মকুরুতে বিপল্যেতীতি তস্মাদ্বৈ সম্রাড়পি যত্র স্বঃ পাণির্ন বিনির্জ্ঞায়তেঽথ যত্র বাগুচ্চরত্যুপৈব তত্র ন্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥ ৫

যাজ্ঞবল্ক্য সূর্য যখন অস্তমিত সে হয়
চন্দ্রও যবে অস্ত, অগ্নি নির্বাপিত সে রয়
কোন জ্যোতি তবে সহায় সে হয়
শব্দই তার জ্যোতি রূপে রয়
শব্দ জ্যোতির সাহায্যে সবে বসে চলে কাজ করে
ফিরে আসে পুনঃ শব্দ শুনিয়া লোকে তাই অনুসরে।
যখন মানুষ আপনার হাত দেখিতেও নাহি পায়
শব্দ শুনিয়া সেইখানেতেই মানুষ তখন যায়।
জনকরাজ সে কহেন তখন
বলিয়াছ ঠিক হয়ই এমন।

অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্তমিতে শান্তেঽগ্নৌ শান্তায়াং বাচি কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইত্যাত্মৈবাস্য জ্যোতির্ভবতীত্যাত্মনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীতি ॥ ৬

যাজ্ঞবল্ক্য সূর্য যখন অস্তমিত সে হয়
চন্দ্র অস্তে অগ্নি জ্বলে না শব্দ বন্ধ রয়
কোন জ্যোতি তবে সহায় সে হয়
আত্মাই জেন জ্যোতি হয়ে রয়
আত্মজ্যোতির সহায়েতে সেই বসে চলে কাজ করে
কাজ শেষ হলে পুনরায় সে যে তাহারি সহায়ে ফেরে।

কতম আত্মেতি যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ স সমানঃ সন্নুভৌ লোকাবনুসঞ্চরতি ধ্যায়তীব লেলায়তীব স হি স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি মৃত্যো রূপাণি ॥ ৭

"আত্মা কোনটি ?" বুদ্ধিতে যিনি উপহিত হয়ে রয়
ইন্দ্রিয়গণ মাঝে বিরাজিত বুদ্ধিতে জ্যোতির্ময়
সমান আকার হইয়া সে জন
ইহ পরলোকে করে বিচরণ
ধ্যানের মাঝেতে সকল যে হন সেই আরাধ্য জন
স্বপনের মাঝে উপহিত হয়ে অবিদ্যাতীত হন।
(জগৎকে অতিক্রম করেন)

সবা অয়ং পুরুষো জায়মানঃ শরীরমভিসম্পদ্যমানঃ পাপ্মভিঃ সংসৃজ্যতে স উৎক্রামন্ ম্রিয়মাণঃ পাপ্মনো বিজহাতি ॥ ৮

ওই আত্মাই জনম গ্রহণে শরীর ধারণ কালে
অনিষ্ট রাশি দেহ ইন্দ্রিয়ে জড়িত হন সে জালে
মরণ কালেতে মুক্ত সে হন
দেহ ইন্দ্রিয় ত্যজিয়া তখন
অনিষ্ট রাশি সকল ত্যজিয়া আপনা মগন হয়।
(চির অবিনাশি শ্বাশত সেই আত্মা অমৃতময়)

তস্য বা এতস্য পুরুষস্য দ্বে এব স্থানে ভবত ইদং চ পরলোকস্থানং চ সন্ধ্যং তৃতীয়ং স্বপ্নস্থানং তস্মিন্ সন্ধ্যে স্থানে তিষ্ঠন্নেতে উভে স্থানে পশ্যতীদং চ পরলোকস্থানং চ। অথ যথাক্রমোঽয়ং পরলোকস্থানে ভবতি তমাক্রমমাক্রম্যোভয়ান্ পাপ্মন আনন্দাংশ্চ পশ্যতি স যত্র প্রস্বপিত্যস্য লোকস্য সর্বাবতো মাত্রামপাদায় স্বয়ং বিহত্য স্বয়ং নির্মায় স্বেন ভাসা স্বেন জ্যোতিষা প্রস্বপিত্যত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতি ॥ ৯

এই আত্মার দুটি স্থান জেন ইহলোক পরলোক
স্বপ্ন নামেতে তৃতীয় যে স্থান তাহা শুধু সংযোগ

সত্য তৃতীয় ইহা জেন নয়
সংযোগ স্থলে জেন সেই রয়
দুই দিক তিনি দেখেন সেথায় হইয়া বিরাজমান
পরলোক তরে পাপ ও পুণ্য ফল সেই করে দান
উক্ত আত্মা স্বপ্নে দেখিয়া সর্বপালকে পায়
এই দেহ ত্যজি স্বপ্ন দেহতে স্বরূপে প্রকাশ পায়
স্বপনের মাঝে করে দর্শন
স্বয়ং জ্যোতি সে আপনিই হন।

ন তত্র রথা ন রথযোগা ন পন্থানো ভবন্ত্যথ রথান রথযোগান্ পথঃ সৃজতে ন তত্রানন্দা মুদঃ প্রমুদো ভবন্ত্যথা নন্দান্মুদঃ প্রমুদঃ সৃজতে ন তত্র বেশান্তাঃ পুষ্করিণ্যঃ স্রবন্ত্যো ভবন্ত্যথ বেশান্তান্ পুষ্করিণীঃ স্রবন্তীঃ সৃজতে স হি কর্তা॥ ১০

রথ ও অশ্ব থাকে না যেখানে না থাকে যেথায় পথ
সেখানেতে সব করেন সৃজন অশ্ব পথ ও রথ
আনন্দমুদ প্রমুদ না রয়
সেখানে সকল সৃজন করয়
পুকুর বা হ্রদ নদী নাহি রয় সেখানে সৃজন করে
সৃষ্টি কর্তা সেইজন। (তাঁরে বর্ণিতে কেবা পারে)

তদেতে শ্লোকা ভবন্তি—

স্বপ্নেন শারীরমভিপ্রহত্যাসুপ্তঃ সুপ্তানভিচাকশীতি।
শুক্রমাদায় পুনরৈতি স্থানং হিরন্ময়ঃ পুরুষ একহংসঃ॥ ১১

এই বিষয়েতে শ্লোক আছে জেন জ্যোতির্ময় সে জন
একা সঞ্চারী পূর্ণ আত্মা স্বপ্নের মাঝে রন
শরীরকে সেই নিশ্চেষ্ট করে
আপনি জাগিয়া সেজন বিহরে
ইন্দ্রিয় দলে শক্তি হরিয়া আপনি প্রকাশ হন
জাগ্রতকালে আপনি ফিরিয়া আপন আসন লন।

প্রাণেন রক্ষন্নবরং কুলায়ং বহিষ্কুলায়াদমৃতশ্চরিত্বা।
স ঈয়তেঽমৃতো যত্র কামং হিরণ্ময়ঃ পুরুষ একহংস॥ ১২

সোনার বরণ পুরুষ সেজন একাকী সেজন রয়
নিকৃষ্ট নীড় প্রাণের দ্বারায় রক্ষা করিয়া রয়
দেহ নীড় হতে হইয়া বাহির
করে বিচরণ ত্যাগিয়া শরীর
অমর পুরুষ বিবিধ বিষয়ে বাসনা মতন যায়।
(আপনারে লয়ে খেলা আপনার মহিমা কে কোথা পায়?)

স্বপ্নান্ত উচ্চাবচমীয়মানো রূপাণি দেবঃ কুরুতে বহূনি।
উতেব স্ত্রীভিঃ সহ মোদমানো জক্ষদুতেবাপি ভয়ানি পশ্যন্॥ ১৩

ঐ দেব তবে স্বপনের মাঝে আপন বাসনা মত
উচ্চ ও নীচ যোনি লাভ করে নিজে আনন্দ রত
স্ত্রীকে লয়ে কভু আনন্দ করে
ভয় পেয়ে কভু উঠে যে শিহরে
কভু আনন্দে হাস্য যে করে—(ভাবেতে মগন হন
আত্মা তখন নিজ বাসনায় করে নানা দরশন)

আরামমস্য পশ্যন্তি ন তং পশ্যতি কশ্চনেতি। তং নায়তং বোধয়েদিত্যাহুঃ। দুর্ভিষজ্যং হাস্মৈ ভবতি যমেষ ন প্রতিপদ্যতে। অথো খল্বাহুর্জাগরিতদেশ এবাস্যৈষ ইতি যানি হ্যেব জাগ্রৎ পশ্যতি তানি সুপ্ত ইত্যত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্ধ্বং বিমোক্ষায় ব্রূহীতি॥ ১৪

খেলা দেখে এঁর ইহারে দেখিতে পায়না জানিও কেহ
লোকে বলে এঁরে সহসা ডেকোনা জাগায়না যেন কেহ
ইন্দ্রিয়গণে যদি নাহি পায়
দুরারোগ্য সে ব্যাধি তবে হয়

কেহ কেহ বলে জাগ্রদবস্থাই আত্মার স্বপ্ন হয়
কেননা অনেকে জাগ্রতকালে যা দেখে স্বপ্নে রয়।
ইহা ভুল জেন স্বপনের মাঝে স্বয়ং জ্যোতি যে হন।
জনক বলেন সহস্র গাভী তোমায় করিব দান
বিমুক্তি বিষয়ে বলুন আমায়।
(নিত্য তত্ত্ব যাতে জানা যায়)।

স বা এষ এতস্মিন্ সম্প্রসাদে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ। পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি স্বপ্নায়ৈব স যৎ তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্ধ্বং বিমোক্ষায়ৈব ব্রূহীতি ॥ ১৫

তিনিই স্বপনে সুখ ও বিচরণ ফল উপভোগ করি
পাপ ও পুণ্য ফল দর্শিয়া জাগিয়া আসেন ফিরি
সুষুপ্তাবস্থায় করি অবস্থান
স্বপ্নের মাঝে ফিরিয়া যে যান
স্বপ্নেতে যাহা করে দরশন তাতে না জড়ায়ে রন
কারণ তাহার অসঙ্গ তিনি কিছুতেই রত নন
জনক কহেন বলিয়াছ ঠিক সহস্র গাভী নাও
বিমুক্তি বিষয় বল মোরে কিছু—(উপদেশ তুমি দাও)।

স বা এষ এতস্মিন্ স্বপ্নে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি বুদ্ধান্তায়ৈব স যৎ তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্ধ্বং বিমোক্ষায়ৈব ব্রূহীতি ॥ ১৬

এই সে পুরুষ স্বপনের মাঝে সুখে বিচরণ করে
পাপ ও পুণ্য দরশন করে জাগরণে পুন ফেরে
স্বপ্নেতে যাহা করে দরশন
তাহার প্রতিতে আসক্ত নন

অসঙ্গ তিনি সবের অতীত বন্ধন হীন জন
জনক কহেন বলিয়াছ ঠিক এইরূপই তিনি হন।
সহস্র গাভী দিব হে তোমায় ওহে গুরু ভগবন
বিমুক্তি বিষয় উচ্চতত্ত্ব দয়া করে মোরে কন।

স বা এষ এতস্মিন্ বুদ্ধান্তে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি স্বপ্নান্তায়ৈব ॥ ১৭

উক্ত পুরুষই জাগ্রদবস্থায় সুখ উপভোগ করি
পাপ পুণ্যের ফল দরশিয়া আবার আসেন ফিরি
সুষুপ্তি মাঝে রহেন মগন
(আত্মা কাহার অধীন ত নন)।

তদ্ যথা মহামৎস্য উভে কূলে অনুসঞ্চরতি পূর্বং চাপরং চৈবমেবায়ং পুরুষ এতাবুভাবন্তাবনুসঞ্চরতি স্বপ্নান্তং চ বুদ্ধান্তং চ ॥ ১৮

বড় মাছ যথা পূরব পছিম দুকুলে বেড়ায় ঘুরে
পূর্ণাত্মা ও স্বপ্নে জাগরণে তেমনি বিহার করে।

তদ্ যথাঽস্মিন্নাকাশে শ্যেনো বা সুপর্ণো বা বিপরিপত্য শ্রান্তঃ সংহৃত্য পক্ষৌ সংলয়ায়ৈব ধ্রিয়ত এবমেবায়ং পুরুষ এতস্মা অন্তায় ধাবতি যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি ॥ ১৯

শ্যেন পক্ষী সে আকাশে উড়িয়া শ্রান্ত যখন হয়
পাখা বিস্তারি কুলায়ের দিকে ধাবিত তখন হয়
তেমনি শ্রান্ত হয়ে সেই জন
সুষুপ্তি মাঝে ধাবিত যে হন
সুপ্ত হয়েও কামনা না করে স্বপ্ন দেখে না তাই
(আপনার মাঝে আপনি মগন তখন সর্ব্বদাই)

তা বা অস্যৈতা হিতা নাম নাড্যো যথা কেশঃ সহস্রধা ভিন্নস্তাব তাঽণিম্না তিষ্ঠন্তি শুক্লস্য নীলস্য পিঙ্গলস্য হরিতস্য লোহিতস্য পূর্ণা অথ যত্রৈনং ঘ্নন্তীব জিনন্তীব হস্তীব বিচ্ছায়য়তি গর্তমিব পততি যদেব জাগ্রদ্ভয়ং পশ্যতি তদত্রাবিদ্যয়া মন্যতেঽথ যত্র দেব ইব রাজেবাহমেবেদং সর্বোঽস্মীতি মন্যতে সোঽস্য পরমো লোকঃ ॥ ২০

সহস্র ভাগে বিভক্ত কেবা যেমন শরীরে রয়
হিতা নামে নাড়ী শাদা লাল কালো হলুদ রসেতে রয়
এই জন্যই স্বপ্ন যে দেখে
কত না অলিক ভয় সেই দেখে
আবার কখন নিজে ভাবে দেব—রাজা কভু মনে করে
পূর্ণ যে আমি চৈতন্য আমি উত্তম বলি স্মরে।

তদ্বা অস্যৈতদতিচ্ছন্দা অপহতপাপ্মাভয়ং রূপম্। তদ্ যথা প্রিয়য়া স্ত্রিয়া সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরমেবমেবায়ং পুরুষঃ প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরং তদ্বা অস্যৈত দাপ্তকামমাত্মকামমকামং রূপং শোকান্তরম্ ॥ ২১

এই অবস্থা কামাতীত জেন অভয় রূপ যে তার
প্রিয়ার দ্বারায় আলিঙ্গিত জন জ্ঞান যে থাকে না আর
তেমনি প্রাজ্ঞ আত্মা যখন
পরমাত্মায় একীভূত হন
ভিতর বাহির কিছু নাহি রয় আপ্তকাম সে হয়
শোকহীন রূপ আত্মকাম ও ইহারেই বলা হয়।

অত্র পিতাঽপিতা ভবতি মাতাঽমাতা লোকা অলোকা দেবা অদেবা বেদা অবেদাঃ। অত্র স্তেনোঽস্তেনো ভবতি ভ্রূণহাঽভ্রূণহা চাণ্ডালোঽ চাণ্ডালঃ পৌল্কসোঽপৌল্কসঃ শ্রমণোঽশ্রমণস্তাপসোঽতাপসোঽনন্বাগতং পুণ্যেনানন্বাগতং পাপেন তীর্ণো হি তদা সর্বাঞ্ছোকান্ হৃদয়স্য ভবতি ॥ ২২

সুষুপ্তি মাঝে নিমগন যবে পিতা সে অপিতা হয়
মাতা সে অমাতা লোক সে আলোক দেবতা অদেব হয়

বেদ সে অবেদ তখন যে হন
তস্কর হয় অতস্কর জন

ভ্রূণ্‌হা সে অভ্রূণ হা চণ্ডাল অচণ্ডাল পৌল্কস অপৌল্কস হয়
শ্রমণ তখন হয় অশ্রমণ তাপস অতাপস হয়

পাপ ও পুণ্য দুয়ের অতীত কিছুতে স্পৃষ্ট নন
কারণ তখন আত্মা হৃদয়ে আশ্রিত হয়ে রন

কামের অতীত হন যে তখন
(সবের উর্দ্ধে অমৃত মগন)

যদ্বৈ তন্ন পশ্যতি পশ্যন্ বৈ তন্ন পশ্যতি ন হি দ্রষ্টুর্দৃষ্টে র্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ। ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্ বিভক্তং যৎ পশ্যেৎ ॥ ২৩

এই অবস্থা লভিয়া তখন দেখেও দেখেনা সেই,
কিইবা দেখিবে তাহা ছাড়া আর দ্বিতীয় কিছু যে নেই ?

যদ্বৈ তন্ন জিঘ্রেতি জিঘ্রন্ বৈ তন্ন জিঘ্রতি ন হি ঘ্রাতুর্ঘ্রাতে-বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যজ্জিঘ্রেৎ ॥ ২৪

মনে হয় তিনি শোঁকেন না কিছু।শুঁকে ও না শুঁকে র'ন
কাঁহারে শুঁকিবে তাহা ছাড়া আব কিছু না ভিন্ন হন।

যদ্বৈ তন্ন রসয়তে রসয়ন্ বৈ তন্ন রসয়তে ন হি রসয়িতুরসয়তে বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্রসয়েৎ ॥ ২৫

তখন যে তিনি রস আস্বাদ করেন না মনে হয়
বস্তুত তিনি আস্বাদ করি আস্বাদ না করয়

সবি যদি তিনি অভিন্ন হন
কারে আস্বাদ করিবে তখন ?

যদ্বৈ তন্ন বদতি বদন্ বৈ তন্ন বদতি ন হি বক্তুর্বক্তের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্ বদেৎ ॥ ২৬

তখন যে তিনি বলেন না বলে আমাদের বোধহয়
সত্যই তিনি বলেন না বলেন দুই জেন এক হয়
তাহা হতে পৃথক আছে কোনজন ?
যাঁর সাথে হবে কথোপকথন।

যদ্বৈ তন্ন শৃণোতি শৃণ্বন্ বৈ তন্ন শৃণোতি ন হি শ্রোতুঃ শ্রুতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যচ্ছৃণুয়াৎ ॥ ২৭

তখন তিনি যে শোনেন না—জেন শুনেও শোনেনা সেই
কিইবা শুনিবে তিনি ছাড়া আর দ্বিতীয় কিছু যে নেই।

যদ্বৈ তন্ন মনুতে মন্বানো বৈ তন্ন মনুতে ন হি মন্তুর্মতে বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যন্মন্বীত ॥ ২৮

তিনি যে তখন চিন্তা না করে—কারণ তাহারও তাই
কাহার বিষয়ে করেন চিন্তা তিনি ছাড়া কেহ নাই।

যদ্বৈ তন্ন স্পৃশতি স্পৃশন বৈ তন্ন স্পৃশতি ন হি স্প্রষ্টুঃ স্পৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ স্পৃশেৎ ॥ ২৯

তখন তিনি যে স্পর্শ না করে কারণ তাহার নাই
কাহারে পরশ করিবেন তিনি তিনি ছাড়া কেহ নাই।

যদ্বৈ তন্ন বিজানাতি বিজানন্ বৈ তন্ন ন হি বিজ্ঞাতুর্বিজ্ঞাতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্ দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্ বিজানীয়াৎ ॥ ৩০

তখন যে তিনি জানেন না বলে আমাদের মনে হয়
জানিয়া না জানে—জানিবার আর কিছুই যে নাহি রয়।

যত্র বা অন্যদিব স্যাৎ তত্রান্যোঽন্যৎ পশ্যেদন্যোঽন্যজ্জিঘ্রেদন্যোঽন্যদ্ রসয়েদন্যোঽন্যদ্ বদেদন্যোঽন্যচ্ছৃণুয়াদন্যোঽন্যন্মন্বীতান্যোঽন্যৎ স্পৃশেদন্যোঽন্যদ্ বিজানীয়াৎ ॥ ৩১

যেখানে অন্য বস্তু সে থাকে সেখানে অপরে দেখে
আঘ্রাণ করে আস্বাদ করে বলে শোনে মনে রাখে
অন্যকে তবে পরশ সে করে
অপরে সে জানে চিন্তা সে করে।

সলিল একো দ্রষ্টাঽদ্বৈত ভবত্যেষ ব্রহ্মলোকঃ সম্রাড়িতি হৈনমনুশশাস যাজ্ঞবল্ক্য এষাঽস্য পরমা গতিরেষাঽস্য পরমাসম্পদেষোঽস্য পরমো লোক এষোঽস্য পরম আনন্দ এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি ॥ ৩২

জলের মতন স্বচ্ছ সে জন এক ও দ্রষ্টা হন
অদ্বৈত তিনি। ওহে সম্রাট ব্রহ্মলোক ইনি হন
জীবের ইহাই গতি যে পরম
ইহাই পরম বিভূতি চরম
ইহাই ইহার পরম লোক সে আনন্দ লোক হয়
এই আনন্দ অংশ লভিয়া জীবের জীবন হয়।
(যাজ্ঞবল্ক্য সম্রাটকে এই উপদেশ দেন)

স যো মনুষ্যাণাং রাদ্ধঃ সমৃদ্ধো ভবত্যন্যেষামধিপতিঃ সর্বৈর্মানুষ্যকৈর্ভোগৈঃ সম্পন্নতমঃ স মনুষ্যাণাং পরম আনন্দোঽথ যে শতং মনুষ্যাণামানন্দাঃ স এক পিতৃণাং জিতলোকানামানন্দোঽথ যে শতং পিতৃণাং জিতলোকানামানন্দাঃ স একো গন্ধর্বলোক আনন্দোঽথ যে শতং গন্ধর্বলোক আনন্দাঃ স একঃ কর্মদেবানানন্দোঃ যে কর্মণা দেবত্বমভিসম্পদ্যন্তেঽথ যে শতং কর্মদেবানন্দ স এক আজনদেবানামানন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতোঽথ যে শতমাজান দেবানামানন্দাঃ

স একঃ প্রজাপতিলোক আনন্দোষশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতোঽথ যে শতং প্রজাপতিলোক আনন্দাঃ স একো ব্রহ্মলোক আনন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতোঽথৈষ এব পরম আনন্দ এষ ব্রহ্মলোকঃ সম্রাড়িতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত উর্ধ্বং বিমোক্ষায়ৈব ব্রূহীত্যত্র হ যাজ্ঞবল্ক্যো বিভয়াঞ্চকার মেধাবী রাজা সর্বেভ্যো মাঽন্তেভ্যো উদরৌৎসীদিতি ॥ ৩৩

মানুষগণের মধ্যেতে যিনি অবিকলাঙ্গ হন
সমৃদ্ধ যিনি সব অধিপতি সুখ অধিকারী হন
মানুষ লভ্য যত সুখ হয়
যাহার তা কিছু সকল আছয়
তিনি মানবীয় আনন্দেরই যে সর্বোত্তম নিদর্শন।
মানুষের যাহা কত শত আনন্দ লব্ধলোকে এক হন।
লব্ধলোক পিতৃগণের শত আনন্দ গন্ধর্ব আনন্দ এক
শত গন্ধর্ব আনন্দ হয় কর্মদেব আনন্দ এক
কর্মের দ্বারা দেবত্ব পায়
শত আনন্দ আজান দেব হয়
শ্রোত্রিয় যিনি নিষ্পাপ যিনি অকামহত যে জন
তাঁর আনন্দ সেইরূপ জেন—তারো শত গুণ হন।
প্রজাপতি লোকে এক আনন্দ। শত গুণ তার হয়
হিরণ্যগর্ভের এক আনন্দ শেষে আনন্দময়
যিনি শ্রোত্রিয় নিষ্পাপ জন
অকামহত সে আনন্দ হন
ওহে সম্রাট এরপর জেন পরমানন্দ জন
ইনিই ব্রহ্মরূপ লোক জেন যাজ্ঞবল্ক্য কন।
জনক কহেন সহস্র গাভী তোমায় করিব দান
এরপর মোরে মুক্তি বিষয় কহ ওহে মতিমান।

যাজ্ঞবল্ক্য মনে ভয় পায়
প্রশ্ন মীমাংসা রাজা জিজ্ঞাসায়
মেধাবী সে রাজা সকল বিষয় সমাধান মনে চায়
(বচন অতীত যাহার মহিমা কেবা বর্ণিবে হায়।

স বা এষ এতস্মিন্ স্বপ্নান্তে রত্বা চরিত্বা দষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি বুদ্ধান্তায়ৈব ॥ ৩৪

এই আত্মাই সুষুপ্তি পরে সুখ বিচরণ করি
বিপরীত ভাবে ফিরিয়া সে আসে জাগরণ রূপ ধরি।

তদ্ যথাঽনঃ সুসমাহিতমুৎসর্জদ্ যায়াদেবমেবায়ং শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনাঽন্বারূঢ় উৎসর্জন্ যাতি যত্রৈতদূর্ধ্বোচ্ছ্বাসী ভবতি ॥ ৩৫

ভারাক্রান্ত শকট যেমন উচ্চ শব্দ করে
কোনমতে টেনে চলে প্রাণপণে ভারসহ গাড়ীটিরে
তেমনি জীবাত্মা উর্দ্ধশ্বাসী হন
পারেন না ভার বহিতে যখন
শরীরাধিষ্ঠিত জীবাত্মা তবে মিলিবার তরে যান
পরমাত্মায় হয়ে অধিষ্ঠিত, (দেহ ছাড়ে যবে প্রাণ)।

স যত্রায়মণিমানং ন্যেতি জরয়া বোপতপতা বাঽণিমানং নিগচ্ছতি তদ্ যথাম্রং বোদুম্বরং বা পিপ্পলং বা বন্ধনাৎ প্রমুচ্যত এবমেবায়ং পুরুষ এভ্যোঽঙ্গেভ্যঃ সংপ্রমুচ্য পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি প্রাণায়ৈব ॥ ৩৬

এই দেহ যবে কৃশ হয় জরা রোগেতে শীর্ণ হয়
আম বা ডুমুর পিপ্পল যথা বৃন্তচ্যুত সে হয়
লিঙ্গাত্মা এই দেহরে ছাড়িয়া
(প্রাণের) বিশেষ অভিব্যক্তি লভিয়া
বিপরীত ক্রমে যথোচিত দেহে ফিরিয়া জেন সে যান।
(এই দেহ ছাড়ি অন্য দেহতে আত্মা তখন যান)

তদ্ যথা রাজানমায়ান্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যোঽন্নৈঃ পানৈরাবসথৈঃ প্রতিকল্পন্তেঽয়মায়াত্যয়মাগচ্ছতীত্যেবং হৈবং বিদং সর্বাণি ভূতানি প্রতিকল্পন্ত ইদং ব্রহ্মায়াতীদমাগচ্ছতীতি ॥ ৩৭

রাজ আগমন জানিয়া যেমন শান্তিরক্ষক জন
বিচারক আর সূতও গ্রামের নেতৃবৃন্দগণ
অন্নপানীয় গৃহ সে সাজায়
আসেন বলিয়া রয় প্রতীক্ষায়
তেমনি এ জ্ঞানী তরেতে সকলে প্রতীক্ষা রত রয়
ঐ আসিতেছেন ব্রহ্ম বলিয়া সকলেই তাহা কয়।

তত্তথা রাজানং প্রয়িয়াসন্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যোঽভিসমায়ন্ত্যেবমেবেমমাত্মানমন্তকালে সর্বে প্রাণা অভিসমায়ন্তি যত্রৈতদূর্ধ্বোচ্ছ্বাসী ভবতী ॥ ৩৮

ফিরিবার কালে রাজার কাছেতে সবে সমাগত হয়
শান্তিরক্ষক বিচারক সূত গ্রামের নেতারা রয়
তেমনি এ দেহে আত্মা যখন
অন্তকালেতে উর্দ্ধশ্বাসী হন
তখন প্রাণেরা তাঁহার কাছেতে আসিয়া ঘিরিয়া রয়
ফিরিবার কালে রাজার কাছেতে সকলে যেমন যায়।

চতুর্থাধ্যায়—চতুর্থ ব্রাহ্মণ

স যত্রায়মাত্মাঽবল্যং ন্যেত্য সংমোহমিব ন্যেত্যথৈনমেতে প্রাণা অভিসমায়ন্তি স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি স যত্রৈষ চাক্ষুষঃ পুরুষঃ পরাঙ্‌ পর্যাবর্ত্ততেঽথারূপজ্ঞো ভবতি ॥ ১

আত্মা যখন দুর্বল হয়ে সংজ্ঞাহীন সে হন
ইন্দ্রিয় দল তাঁহার নিকটে সমাগত তবে হন
ইন্দ্রিয় দলে করিয়া গ্রহণ
হৃদয় আকাশে করেন গমন
চক্ষু দেবতা সব দিক হতে বিমুখ যখন হন
মুমূর্ষু লোকে রূপ জ্ঞান আর নাহি হয় দরশন।

একী ভবতি ন পশ্যতীত্যাহুরেকীভবতি ন জিঘ্রতীত্যাহুরেকীভবতি ন রসয়ত ইত্যাহুরেকীভবতি ন বদতীত্যাহুরেকীভবতি ন শৃণোতীত্যাহুরেকীভবতি ন মনুত ইত্যাহুরেকীভবতি ন স্পৃশতীত্যাহুরেকীভবতি ন বিজানাতীত্যাহুস্তেস্য হৈতস্য হৃদয়স্যাগ্রং প্রদ্যোততে তেন প্রদ্যোতেনৈষ আত্মা নিষ্ক্রামতি চক্ষুষ্টো বা মূর্ধ্নো বাহন্যেভ্যো বা শরীরদেশেভ্যস্তমুৎক্রামন্তং প্রাণোহনূৎক্রামতি প্রাণমনূৎক্রামন্তং সর্বে প্রাণা অনূৎক্রামন্তি সবিজ্ঞানো ভবতি সবিজ্ঞানমেবান্ববক্রামতি। তং বিদ্যাকর্মণী সমন্বারভেতে পূর্বপ্রজ্ঞাচ॥ ২

চক্ষু যখন হৃদয় আকাশে একী ভূত হয়ে যায়
ইনি না দেখেন এই কথা লোকে সকলে তখন কয়
ঘ্রাণ একীভূত হয় সে যখন
বলে আঘ্রাণ করেনা এখন
রসনা যখন হয় একীভূত আস্বাদ নাহি করে
বাক্য যখন একী ভূত হয় বাক তার নাহি স্ফুরে
শ্রবণ যখন হয় একীভূত শ্রবণ করেনা বলে
মন একীভূত হইলে তখন চিন্তা সে নাহি চলে
ত্বক একীভূত হয় সে যখন
লোকে বলে স্পর্শ করেনা এখন
বুদ্ধি যখন একীভূত হয় জানিতে পারেন নাত
নিষ্ক্রমণের হৃদয়ের দ্বার উজ্জ্বল হয় সেত।

ব্রহ্মরন্ধ্র বা চক্ষু অপর দেহ অবয়ব হতে
জীবাত্মা ঐ জ্যোতিরে ধরিয়া বাহিরায় সেই পথে
তিনি নিষ্ক্রান্ত হন সে যখন
প্রাণ বাহিরায় জানিও তখন
তাহার পরেতে সব ইন্দ্রিয় বাহির জানিও হয়
তখন জীব সে বিশেষ জ্ঞানেতে বিজ্ঞানবান হয়
উক্ত বিশেষ বিজ্ঞান দ্বারা উদ্ভাসিত সে হয়
দেহান্তরকে প্রাপ্ত হয়েন (শাস্ত্র ইহাই কয়)
বিদ্যা ও কর্মের ফল তার যত
অতীত সংস্কার সাথে তার রত।

তদ যথা তৃণজলায়ুকা তৃণস্যান্তং গত্বাঽন্যমাক্রম মাক্রম্যাত্মানমুপ সংহরত্যেবমেবায়মাত্মেদং শরীরং নিহত্যাবিদ্যাং গময়িত্বাঽন্যমাক্রম মাক্রম্যাত্মানমুপসংহরতি॥ ৩

উপমা এই যে তৃণের আগায় জোঁক ঠিক যেই মত
অপর তৃণতে উঠাইয়া লয়—জীব ঠিক সেই মত
অচেতন এই শরীর ত্যজিয়া
অন্য শরীরে উঠেন যাইয়া।

তদ্ যথা পেশস্কারী পেশসো মাত্রামপাদায়ান্যন্নবতরং কল্যাণতরং রূপং তনুত এবমেবায়মাত্মেদং শরীরং নিহত্যাবিদ্যাং গময়িত্বাঽন্যন্নবতরং কল্যাণতরং রূপং কুরুতে পিত্র্যং বা গান্ধর্বং বা দৈবং বা প্রাজাপত্যং বা ব্রাহ্মং বাঽন্যেষাং বা ভূতানাম্॥ ৪

উপমা এই যে স্বর্ণকার সে কিছু স্বর্ণ সে লয়ে
নতুন করিয়া গড়ে যেইমত নতুন রূপ সে দিয়ে
তেমনি জীব এ শরীর ত্যাগিয়া
একে বিচেতন দেয় যে করিয়া

পিতৃলোক ওগন্ধর্বলোক প্রজাপতি ব্রহ্মলোক হয়
অথবা অপরলোক তরেতে উপযোগী সে করয়।
অভিনব আর অধিকতর সে উত্তম দেহ করে
নির্মাণ করি—দেহান্তব সে জীবেরে তাহাতে করে।

স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ প্রাণময়শ্চক্ষুর্ময়ঃ শ্রোত্রময়ঃ পৃথিবীময় আপোময়ো বায়ুময় আকাশময় স্তেজোময়ঃ কামময়োঽকামময়ঃ ক্রোধময়োঽক্রোধময়ো ধর্মময়োঽধর্মময়ঃ সর্বময়স্তদ্ যদেতদিদংময়োঽদোময় ইতি যথাকারী যথাচারী যথা ভবতি সাধুকারী সাধুর্ভবতি পাপকারী পাপো ভবতি পুণ্যঃ পুণ্যেন কর্মণা ভবতি পাপঃ পাপেন। অথো খল্বাহুঃ কামময় এবায়ং পুরুষ ইতি স যথাকামো ভবতি তৎক্রতুর্ভবতি যৎক্রতুর্ভবতি তৎ কর্ম কুরুতে যৎ কর্ম কুরুতে তদভি সম্পদ্যতে ॥ ৫

এই আত্মাই ব্রহ্ম ইনিই বিজ্ঞানময় জন
মনোময় ইনি প্রাণোময় ইনি চক্ষুময় যে হন
শ্রোত্রময় ও পৃথিবীময় এ
জলময় আর বায়ুময় হয়ে
আকাশময় ও তেজোময় আর অতেজোময় এ হয়
কামময় ইনি অকামময় ও ক্রোধময় হয়ে রয়
অক্রোধময় এ ধর্মাধর্মময় হয় এই জন
সর্বময় এ লোকে বলে ইনি ইদংময় অদোময়
যেমন কাজ সে আচরণ করে
গঠিত হইয়া সেই রূপ ধরে
সাধুকারী সাধু পাপকারী পাপী জেন এইমত হন
জীব কামময়, যেমন সে চায় জেনো সে লভ্য হন
যেই কাজ করে সেই মত ফল জেন সেই জন পায়।
(তাঁহারে চাইলে তাঁহাতে মিশিয়া উর্দ্ধ পানেতে ধায়)

তদেষ শ্লোকো ভবতি—

তদেব সক্তঃ সহ কর্মণৈতি লিঙ্গং মনো যত্র নিষক্তমস্য প্রাপ্যান্তং কর্মণস্তস্য যৎকিঞ্চেহ করোত্যয়ম্। তস্মাল্লোকাৎ পুনরৈত্যস্মৈ লোকায় কর্মণে ॥

ইতি নু কাময়মানোঽথাকাময়মানো যোঽকামো নিষ্কাম আপ্তকাম আত্মকামো ন তস্য প্রাণা উৎক্রামন্তি ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি ॥ ৬

ঐ বিষয়েতে মন্ত্র এই যে আসক্তময় জীব
সেই ফলই পান যাহা তার মন চায় যেই মত ঠিক
ইহলোক সেই যেই কাজ করে
সেই কর্মের ফলভোগ তরে
ভোগশেষ হলে পরলোক হতে ইহলোকে সেই যায়
ফলকামী জন এইভাবে ফল জেন সেই তার পায়।
কামনা কিছুই নাহিক যাহার নিষ্কাম যেই জন
আপ্তকামের ইন্দ্রিয় তার না করে উৎক্রমন
ব্রহ্মস্বরূপ হন সেই জন
ব্রহ্মের মাঝে লীন হয়ে র'ন।

তদেষ শ্লোক ভবতি—

যদা সর্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ অথ মর্ত্যোঽমৃতো ইতি ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ॥ ইতি।

তদ্ যথাঽহির্নির্ল্বয়নী বল্মীকে মৃতা প্রত্যস্তা শয়ীতৈবমেবেদং শরীরং শেতেঽথায়মশরীরোঽমৃতঃ প্রাণো ব্রহ্মৈব তেজ এব সোঽহং ভগবতে সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহ ॥ ৭

উক্ত বিষয়ে মন্ত্র এই যে মানুষ বুদ্ধি মাঝে
যত সে তৃষ্ণা আশ্রিত হয়ে যেন যত রহিয়াছে
তাহারা সমূলে বিনষ্ট হয়
মর মানুষ সে অমর যে হয়

এই দেহতেই ব্রহ্মভাব সে প্রাপ্ত তখন হয়
তাহার বিষয়ে দৃষ্টান্ত এই শাস্ত্রেতে ইহা কয়।
প্রাণহীন যেই সাপের খোলস উইঢিবি পড়ে রয়
ব্রহ্মজ্ঞের শরীরও জেন সেই মত পড়ে রয়
ইহার পরেতে অশরীর হয়
অমৃত, প্রাণ, ও ব্রহ্ম, তেজ হয়।
বৈদেহ জনক বলেন উপদিষ্ট তোমা হতে আমি হই
সহস্র গাভী দান করি আমি—আপনাকে আজ তাই।

তদেতে শ্লোকা ভবন্তি—

অণুঃ পন্থা বিততঃ পুরাণো মাং স্পৃষ্টোঽনুবিত্তো ময়ৈব।
তেন ধীরা অপিযন্তি ব্রহ্মবিদঃ স্বর্গং লোকমিত ঊর্দ্ধং বিমুক্তাঃ॥ ৮

এই বিষয়েতে মন্ত্র সকল রহিয়াছে এই মত
সূক্ষ্ম বিস্তীর্ণ পুরাতন সেই জ্ঞানমার্গ সে যত
আমাকেই সেই পরশ করেছে
আমার দ্বারাই লব্ধ হয়েছে
আমার দ্বারাই অবশ্যই তাহা অনুভূত জানি হয়
ধীরে ব্রহ্মজ্ঞ মার্গেমুক্ত দেহ ত্যেজি মোক্ষে যায়।

তস্মিঞ্ছুক্লমুত নীলমাহুঃ পিঙ্গলং হরিতং লোহিতং চ।
এষ পন্থা ব্রহ্মণা হানুবিত্তস্তেনৈতি ব্রহ্মবিৎ পুণ্যকৃৎ তৈজসশ্চ॥ ৯

মার্গ বিষয়ে কেহ কেহ বলে শুভ্রই উহা হয়
নীল পিঙ্গল হরিৎ বা কেহ কেহ বা লোহিত কয়
ঐ মোক্ষ মার্গলব্ধ যে হয়
ব্রহ্মজ্ঞই জেন তাহা পায়
অন্য যেজন পুণ্যবান ও ব্রহ্মবিদ ও ব্রহ্মভূত হয়
তিনিও ওপথে করেন গমন জেনো তাই নিশ্চয়।

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতাঃ॥ ১০

অবিদ্যা যারা করে উপাসনা দরশনে বাধা পায়
অন্ধকারেতে প্রবেশি তাহারা (পথ খুঁজে নাহি পায়)
আবার যাহারা বেদবিদ্যায়
রত হয় যারা তাহারা যে হায়
উহার চাইতে অধিকতর সে আঁধারে প্রবেশ করে
(অন্ধকারেতে পথহারা হয়ে অকারণ ঘুরে মরে)।

অনন্দা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্ত্যবিদ্বাংসোঽবুধো জনাঃ॥ ১১

নিরানন্দ বলে পরিচিত যারা অজ্ঞান তিমিরে ঘেরা
সে সকল লোক মরণের পর অবোধ বিদ্যাহীনরা যায় যেথা।।

আত্মানং চেদ্ বিজানীয়াদয়মস্মীতি পুরুষঃ।
কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসঞ্জ্বরেৎ॥ ১২

পরমাত্মাকে আমি ইনি এই রূপে যেই জন জানে
তবে তিনি আর কিবা চাহিবেন কিবা আর প্রয়োজনে
শরীরের দুঃখে দুখী সেই নয়
(সর্বাত্মক বলি ভিন্ন সে নয়)

যস্যানুবিত্তঃ প্রতিবুদ্ধ আত্মাঽস্মিন্ সংদেহ্যে গহনে প্রবিষ্টঃ।
স বিশ্বকৃৎ স হি সর্বস্য কর্তা তস্য লোকঃ স উ লোক এব॥ ১৩

অনর্থময় বিষম এ দেহে প্রবিষ্ট আত্মা রয়
তাহারে লভিয়া তার সাক্ষাৎ যেই জন জেন পায়
এই বিশ্বের কর্তা সেজন
সকলের তিনি আত্মাই হন
(সকল আত্মা তাহার সাথেতে অভেদ মিশিয়া রয়
ব্রহ্মকে লভি ধন্য সেজন সেজন ব্রহ্মময়)।

ইহৈব সন্তোঽথ বিদ্মস্তদ্বয়ং ন চেদবেদির্মহতী বিনষ্টিঃ।
যে তদ্ বিদুরমৃতাস্তে ভবন্ত্যথেতরে দুঃখমেবাপিযন্তি ॥ ১৪

এই দেহে থেকে কোন প্রকারেতে ব্রহ্মকে জানিয়াছি
যদি নাহি জানি জ্ঞানহীন হয়ে মহা বিনাশেতে আছি
তাঁকে জানে যেই অমর সেজন
অপরবা জেন শুধু দুখ পান।

যদৈতমনুপশ্যত্যাত্মানং দেবমঞ্জসা
ঈশানং ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে ॥ ১৫

গুরু উপদেশ অনুসারে যদি সাক্ষাৎ কেহ পায়
ত্রিকালের সেই ঈশ্বর যিনি যেজন জ্যোতির্ময়
কাহারও নিন্দা তিনি না করেন
(সবেতেই তিনি অভেদ ত নন)

যস্মাদর্বাক্ সংবৎসরোঽহোভিঃ পরিবর্ততে।
তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেঽমৃতম্ ॥ ১৬

যাঁহার নিম্নে সারাটি বছর দিক সমূহের সাথে
আবর্তিত সে হতেছে সতত (যাঁহার চরণ পাতে)
জ্যোতির্ময় সে অমব জ্যোতিকে
দেব গণ পূজে আয়ু বলি তাকে।

যস্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চ প্রতিষ্ঠিতঃ
তমেব মন্য আত্মানং বিদ্বান্ ব্রহ্মামৃতোঽমৃতম্ ॥ ১৭

পঞ্চ মানব জাতি ও আকাশ যাহাতে প্রতিষ্ঠিত
সেই আত্মাকে অমর ব্রহ্ম বলে মনে করি স্থিত।
অমৃত স্বরূপ তাহারে জানিয়া
অমর হয়েছি অমৃত হইয়া।

প্রাণস্য প্রাণমুত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং।
মনসো যে মনোবিদুঃ। তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্যম ॥ ১৮

পরাণের প্রাণ নয়নে নয়ন শ্রবণে শ্রবণ যেই
মনের যে মন তাহারে যে জানে জানিয়াছে জেন সেই
শাশ্বত সেই অনাদি জনকে
নিশ্চিত রূপে জানিয়াছে তাঁকে।

মনসৈবানুদ্রষ্টব্যং নেহ নানাইস্তি কিঞ্চন।
মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি ॥ ১৯

মনের দ্বারাই হের ব্রহ্মকে প্রভেদ কিছুই নাই
মন ও ব্রহ্মে পৃথক জানিলে মৃত্যু অধীন সেই।

একধৈবানুদ্রষ্টব্যমেতদপ্রময়ং ধ্রুবম্।
বিরজঃ পর আকাশাদজ আত্মা মহান্ ধ্রুবঃ ॥ ২০

অপরিমেয় সে ধ্রুব আত্মাকে একের মাঝেতে দেখো
নিরমল সেই আকাশের চেয়ে বড় সেই জেনে রেখো
জন্মবিকার শূন্য সেজন
চির অবিনাশী মহান সেজন
(সকল ব্যাপীয়া অনন্ত সেই পরিমাণহীন জন
হে মন হইয়া একাগ্রচিত্ত কর তাঁরে দরশন)।

তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত ব্রাহ্মণঃ।
নানুধ্যায়াদ্ বহুঞ্ছব্দান্ বাচো বিগ্লাপণং হি তৎ ইতি ॥ ২১

জ্ঞানী সুধীজন ধীর ব্রাহ্মণ তাঁরে অবগত হয়ে
প্রজ্ঞাসাধন করিবেন তিনি নির্ব্বাক মত রয়ে
বাক্য সাধনে শুধু শ্রম সার
অকথিত তাহা নহে বলিবার।

স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিঞ্ছেতে সর্বস্য বশ সর্বস্যেশানঃ সর্বস্যাধিপতিঃ স ন সাধুনা কর্মণা ভূয়ান্নো এবাসাধুনা কনীয়ানেষ সর্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্বিধরণ এষাং লোকানামসংভেদায় তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদষন্তি যজ্ঞেন দানেন তপসাঽনাশাকেনৈতমেব বিদিত্বা মুনির্ভবতি। এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি। এতদ্ধ স্ম বৈ তৎ পূর্বে বিদ্বাংসঃ প্রজাং ন কাময়ন্তে কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মাঽয়ং লোক ইতি তে হ স্ম পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্যং চরন্তি যা হ্যেব পুত্রৈষণা সা বিত্তৈষণা যা বিত্তৈষণা সা লোকৈষণোভে হ্যেতে এষণে এব ভবতঃ। স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্যো ন হি শীর্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যত্যেতমু হৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরবমিত্যতঃ কল্যাণমকরবমিত্যুভে উ হৈবৈষ এতে তরতি নৈনং কৃতাকৃতে তপতঃ॥ ২২

প্রাণসমূহের মধ্যেতে যিনি বিজ্ঞানময় জন
হৃদয় মাঝারে আকাশেতে স্থিত ঈশ্বর যেইজন
সকলজনের নিয়ামক সেই
সব অধিপতি হন জেনো সেই
সাধু কর্মেতে শ্রেষ্ঠ না হন অসাধুতে হীন নন
সব ঈশ্বর অধিপতি সেই জীবের পালক হন।
লোকসমূহেরে বাঁধিয়া রাখিতে সেতুরূপে ইনি র'ন
ইহারে জানিতে স্বাধ্যায় যাগ করে যত মুনিগণ
মানব ইহারে জেনে মুনি হয়
ইহারে চাহিয়া প্রব্রজ্যা লয়
এই জন্যই প্রাচীন কালেতে যত বিদ্বানগণ
সন্তান নাহি করিত কামনা, লভিয়া ব্রহ্মধন

পুত্র কামনা বিত্ত কামনা লোক কামনা না করে
জীবন তাঁহারা কাটাতেন শুধু ভিক্ষাচর্য করে
এই আত্মাই যাহা নেতি কয়
ইহা নয় তার অর্থ যে হয়
অগ্রাহ্য ইহা গ্রহণ না হয় অশীর্য্য শীর্ণ নন
অসঙ্গ ইনি আসক্ত নন অবদ্ধ এই জন
পাপ করিয়াছি বলে না একথা
পুণ্য করেছি বলেন না তথা
পাপ ও পুণ্য কোন চিন্তাই আকুল এরে না করে
কৃত ও অকৃত কর্মের তরে সন্তাপ নাহি করে।

তদেতদৃচাঽভ্যুক্তম্—এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন বর্ধতে কর্ম্মণা নো কনীয়ান্। তস্যৈব স্যাৎ পদবিত্তং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাপকেনেতি। তস্মাদেবং বিচ্ছান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যতি সর্বমাত্মানং পশ্যতি নৈনং পাপ্মা তরতি সর্বং পাপ্মানং তরতি নৈনং পাপ্মা তপতি সর্বং পাপ্মানং তপতি বিপাপো বিরজোঽবিচিকিৎসো ব্রাহ্মণো ভবত্যেষ ব্রহ্মলোক সম্রাড়েনং প্রাপিতোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ সোঽহং ভগবতে বিদেহান্ দদামি মাং চাপি সহ দাস্যায়েতি ॥ ২৩

একটি ঋকেতে প্রকাশিত আছে নিত্য মহিমা এর।
কর্মের দ্বারা নহে বর্দ্ধিত বা হ্রাস ব্রহ্মজ্ঞের
ঐ মহিমার স্বরূপ জানিলে
পাপেতে লিপ্ত কখন না হবে
এই জ্ঞানীজন শান্ত দান্ত তিতিক্ষু উপরত
দেহেন্দ্রিয়তে আত্মাকে হেরি সেইজন সমাহিত।
নিখিল বস্তু আত্মার মাঝে দরশ সেজন করে
পাপ এঁরে কভু পরশিতে নারে, পাপ হতে রহে সরে।

পাপ সন্তপ্ত করিতে না পারে
সমস্ত পাপেরে পুড়ায়ে সে মারে
বিগত পাপ এ বিগত কাম এ বিগত এ সংশয়
সবের উর্দ্ধে সবের অতীত ব্রহ্মজ্ঞ এ জন হয়।
ওহে সম্রাট ইহাই ব্রহ্মরূপ লোক জেন হয়
আপনি ইহারে হয়েছ প্রাপ্ত" যাজ্ঞবল্ক্য কয়।
জনক বলেন উপদেশ পেয়ে
কৃতার্থ আমি হইয়াছি যে হে
বিদেহরাজ্য সাথে আপনারে দান কর্মের তরে
করিলাম দান (করহ গ্রহণ তুমি প্রভু দয়া করে)।

স বা এষ মহানজ আত্মাঽন্নাদো বসুদানো বিন্দতে বসু য এবং বেদ ॥ ২৪

যাজ্ঞবল্ক্য বলেন ইনিই অজ ও আত্মা হন
অন্নদাতা ও ধনদাতা জেন সেও ইনি জেন হন
যিনি এই কথা মনেতে জানেন
তিনি ধন লাভ ইহাতে করেন।

স বা এষ মহানজ আত্মাঽজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্মাভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদ ॥ ২৫

এই আত্মাই জন্মরহিত অজর অমর হন
ইনি অমৃত ইনিই অভয় ইনিই ব্রহ্মধন
যিনি এইরূপে ইহারে জানেন
তিনিই অভয় ব্রহ্ম যে হন।

চতুর্থাধ্যায়—পঞ্চম ব্রাহ্মণ

অথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্যে বভূবতুর্মৈত্রেয়ী চ কাত্যায়নী চ তয়োর্হ মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী বভূব স্ত্রী প্রজ্ঞৈব তর্হি কাত্যায়ন্যথ হ যাজ্ঞবল্ক্যোঽন্যদ্ বৃত্তমুপাকরিষ্যন্ ॥ ১

যাজ্ঞবল্ক্যের দুইটি পত্নী, মৈত্রেয়ী একজন
অপরা কাত্যায়নী সেই হয় সপত্নী দুইজন

ব্রহ্মবাদিনী মৈত্রেয়ী হয়
কাত্যায়নী সে স্ত্রী বুদ্ধিময়

যাজ্ঞবল্ক্য সংসার ত্যজি প্রব্রজ্যা লতে চায়
মৈত্রেয়ীরে ডাকি বলিলেন তবে এই কথা এ সময়।

মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ প্রব্রজিষ্যন্ বা অরেঽহমস্মাৎ স্থানাদস্মি হন্ত তেঽনয়া কাত্যায়ন্যাঽন্তং করবাণীতি ॥ ২

আমি চলে যাব, তোমাদের দোহে সম্পত্তি ভাগ করি
দিয়ে যেতে চাই বল কি ইচ্ছা প্রিয়ে তুমি স্থির করি।

সা হোবাচ মৈত্রেয়ী যন্নু ম ইয়ং ভগোঃ সর্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ স্যাং ন্বহং তেনামৃতাহো৩ নেতি নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যথৈবোপকরণবতাং জীবিতং তথৈব তে জীবিতং স্যাদমৃতত্বস্য তু নাশাঽস্তি বিত্তেনেতি ॥ ৩

মৈত্রেয়ী কন ওহে ভগবন এই ধন পরিপূরা
সমস্ত যদি হয়গো আমার এ সারা বসুন্ধরা

অমর কি আমি হইব তাহায়
যাজ্ঞবল্ক্য কহেন তা নয়

ভোগ পরায়ণ বিত্তশালীর জীবন যেমন হয়
তোমার জীবন হইবে তেমন বিত্তে অমর নয়!

সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্যাং যদেব ভগবান্ বেদ তদেব মে ব্রূহীতি ॥ ৪

মৈত্রেয়ী বলে যাহার দ্বারায় অমর আমি না হই
সে ধন লইয়া কি হইবে লাভ অমৃত যাহাতে নাই

অমরত্বের করিতে সাধন
যাহা জান তাই বলহ এখন

এ বিষয় যাহা লভিয়াছ জ্ঞান তাহার অংশ দাও
ধন বিত্তেতে কিবা হবে লাভ যাহা মোরে দিতে চাও।

স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ প্রিয়া বৈ খলু নো ভবতী সতী প্রিয়মবৃধদ্ধন্ত তর্হি ভবত্যেতদ্ব্যাখ্যাস্যামি তে ব্যাচক্ষাণস্য তু মে নিদিধ্যাসস্বেতি ॥ ৫

যাজ্ঞবল্ক্য বলেন হে প্রিয়া আদরিণী তুমি তাই
মোর চিত্তের অনুকূল কথা বলিলে তুমি তো তাই
এস বস আমি ব্যাখ্যা করিব
যাহা জানি তাহা বুঝাইয়া দিব
বলিব যখন শুন মন দিয়ে ধ্যান তাহা তুমি করো
আমাব কথার অর্থ বুঝিতে একাগ্র চিত্ত করো।

স হোবাচ ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবত্যাত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পুত্রাঃ প্রিয়াভবন্তি। ন বা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি নবা অরে পশূনাং কামায় পশবঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পশবঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। ন বা অরে ক্ষত্রস্য কামায় ক্ষত্রং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বেদানাং কামায় বেদাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্বস্য কামায় সর্বং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় সর্বং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো মৈত্রেয্যাত্মনি খল্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদং সর্বং বিদিতম ॥ ৬

যাজ্ঞবল্ক্য কহেন তখন শুন প্রিয়া দিয়ে মন
পতির জন্য প্রিয় পতি তাহা ভাবিও না কদাচন
আত্মা তুষ্টি তরে প্রিয় পতি
পত্নীও প্রিয় জানিও তেমতি

নিজ প্রয়োজনে পুত্র সে প্রিয় পুত্র বলিয়া নয়
আত্ম তুষ্টি তরে প্রিয় সব আত্মাই প্রিয় হয়।
বিত্তের তরে বিত্ত যে প্রিয় এ কথা কখন নয়
বিত্তের দ্বারা আত্মতুষ্টি তাই সেই প্রিয় হয়
ব্রাহ্মণ বলি ব্রাহ্মণ প্রিয়
নহে কখনই মনে জেনে নিও

আত্ম প্রয়োজন হয় বলে তবে ব্রাহ্মণ প্রিয় হয়
যত কিছু প্রিয় সবি আত্মার তুষ্টির তরে রয়।
ক্ষত্রিয় বলি ক্ষত্রিয় জেন প্রিয় সে কখন নয়
ক্ষত্রিয় দ্বারা নিজ প্রয়োজন সাধিত যখন হয়
আত্মতুষ্টি তরে সব প্রিয়
লোকসমূহেও এই জেনে নিও

লোক লাভ দ্বারা তুষ্ট আত্মা তাই তাহা সবে চায়
দেবতার দ্বারা নিজে লাভবান তাই দেবতাকে চায়।
জীবগণ বলি ভালোবাসে জীবে এ কথা তো ঠিক নয়
আপনারে ভালোবাসে বলি জেন ভালোবাসে নিশ্চয়
সর্ববস্তু তরে প্রিয় হয়
সর্ববস্তু তাত কভু নয়

আত্মার তরে সর্ববস্তু জেন সব প্রিয় হয়
শ্রবণ মনন ধ্যানের দ্বারায় আত্মা দরশ হয়।
তাহা হইলেই এ সব তথ্য সহজেই জানা যায়
বিশেষ জ্ঞান এ আত্মা দরশ যাহে জ্ঞাত সমুদয়।

ব্রহ্ম তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনো ব্রহ্ম বেদ ক্ষত্রং তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনঃ ক্ষত্রং বেদ লোকাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ দেবাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ দেবাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো বেদান্ বেদ ভূতানি তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো ভূতানি বেদ সর্বং তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনো সর্বং বেদেদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমে বেদা ইমানি ভূতানীদং সর্বং যদয়মাত্মা ॥ ৭

ব্রাহ্মণ জাতি আত্মা হইতে পৃথক যেজন জানে
ব্রাহ্মণ জাতি ত্যাগ করে তারে এ কথা সবাই মানে

ক্ষত্রিয় যদি আত্মা না হয়
আত্মা হইতে পৃথক যে কয়

সেই ক্ষত্রিয় ত্যাগ করে তায় জেন চিরদিন তরে
লোকসমূহকে আত্মা হইতে পৃথক যে মনে করে।
সব লোক হতে প্রত্যাখ্যান জেন নিশ্চয় হয়
দেবতারে যেই আত্মা হইতে পৃথক জানিও কয়।

দেবতারা তারে প্রত্যাখ্যান করে
জীব সবে যেই আত্মা না স্মরে

সব জীব তাকে পরিত্যাগ সে করিবেই নিশ্চয়
আত্মা হইতে পৃথক যেভাবে বস্তু সে সমুদয়।
সকল বস্তু ত্যাগ করে তারে। জেনো মনে নিশ্চয়
সবের মাঝারে আত্মা বিরাজে আত্মা সে অক্ষয়

ব্রাহ্মণ আর ক্ষত্রিয় যত
যত লোক আর দেব আছে যত

যত জীব আর নিখিল বস্তু যেখানে যা কিছু রয়
সবাকার মাঝে আত্মা বিরাজে সকলি আত্মাময়।
সৃষ্টি কালেতে আত্মা হইতে বিশ্ব সৃষ্ট হয়
স্থিতিকালে জেন তাতেই বিরাজে প্রলয়েতে লীন হয়

আত্মা হইতে ভিন্ন সে নয়
এই কথা মনে জেন নিশ্চয়।

স যথা দুন্দুভের্হন্যমানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় দুন্দুভেস্তু গ্রহণেন দুন্দুভ্যাঘাতস্য বা শব্দো গৃহীতঃ ॥ ৮

দণ্ড দ্বারায় বাজে দুন্দুভি ধ্বনি নির্গত হয়
পৃথক ভাবেতে করিতে গ্রহণ পারা কভু নাহি যায়
কিন্তু যদি তা সামান্য হয়
ধ্বনিগুলি তার গৃহীত যে হয়
বিভিন্ন ধ্বনিরে শুনিয়া তখন পুলকিত হয় প্রাণ
মৃদু ভাবে যদি কেহ তা বাজায় মন্দ মধুর তান।

স যথা শঙ্খস্য ধ্মায়মানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় শঙ্খস্য তু গ্রহণেন শঙ্খধ্মাস্য বা শব্দো গৃহীতঃ ॥ ৯

যেমন শঙ্খ নিনাদিত হলে উচ্চ ধ্বনিয়া হয়
তাহে নির্গত বিশেষ ধ্বনিরে পৃথক না শোনা যায়
যদি বাজে শাঁখ ধীরে অতি ধীরে
তার ধ্বনি তবে হৃদয়েতে ভরে
বিভিন্ন ধ্বনিরে শুনিয়া মুগ্ধ সকলে তখন হয়
যদি বাজে শাখ মৃদু মন্দ্রে সন্ধ্যা যখন হয়।

স যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্য বা শব্দো গৃহীতঃ ॥ ১০

বীণা রব যদি ঝঙ্কৃত হয় ঝন্ ঝন্ ঝন্ রবে
তাহার মধ্যে বিশেষ সুরটি নির্ণয় কেবা করে
কিন্তু যদি সে ধীরে ধীরে ধীরে
বাজে সে মধুর সুমধুর স্বরে
তাহলে তাহার বিভিন্ন সুর ধরা সে যেমন যায়
তেমনি আত্মা হতে যা বাহির দিশা পাওয়া তার দায়
আত্মতত্ত্ব জানিলে জানিবে যাহা কিছু সমুদয়
আত্মা হইতে নির্গত যাহা তাহারে জানিলে নয়।

স যথার্দ্রৈধাগ্নেরভ্যাহিতস্য পৃথগ ধুমা বিনিবচরন্ত্যেবং বা অরেঽস্য মহতো ভূতস্যনিঃশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকা সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টং হুতমাশিতং পায়িতময়ং চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতান্যস্যৈবৈতানি সর্বাণি নিঃশ্বসিতানি ॥ ১১

ভিজে কাঠ দিয়ে জ্বালিলে আগুন ধূম নির্গত হয়
অগ্নি হইতে হইয়া পৃথক পৃথক দিকে তা বয়
পরমাত্মার নিঃশ্বাস মত
চারি বেদ আর ইতিহাস যত
উপনিষদের শ্লোকও সেই মত নির্গত জেনো হয়
এ সকল জেন ইহারই মধ্যে নিঃশ্বাস হয়ে রয়।
যজ্ঞ আহুতি অন্ন পানীয় ইহলোক পরলোক
সকল প্রাণীই পরমাত্মার নিশ্বাস সম হয়।

স যথা সর্বাসামপাং সমুদ্র একায়নমেবং সর্বেষাং স্পর্শানাং ত্বগেকায়নমেবং সর্বেষাং গন্ধানাং নাসিকে একায়নমেবং সর্বেষাং রসানাং জিহ্বৈকায়নমেবং সর্বেষাং রূপানাং চক্ষুরেকায়নমেবং সবেষাং শব্দানাং শ্রোত্রমেকায়নমেবং সর্বেষাং সঙ্কল্পানাং মন একায়নমেবং সর্বাসাং বিদ্যানাং হৃদয়মেকায়নমেবং সর্বেষাং কর্মণাং হস্তাবেকায়নমেবং সর্বেষামানন্দানামুপস্থ একায়নমেবং সর্বেষাং বিসর্গানাং পায়ুরেকানেয়মেবং সর্বেষামধ্বনাং পাদাবেকায়নমেবং সর্বেষাং বেদানাং বাগেকায়নম্ ॥ ১২

সমুদ্র যথা সকল জলের একই মিলনাধার
ত্বকই তেমন স্পর্শের গতি একমাত্রই তার
নাসিকাদ্বয়ের গতি জেন হয়
একমাত্রই গন্ধতে বয়
সকল রসের গতি সে জিহ্বা একমাত্রই হয়
চক্ষু সকল রূপের সে গতি দরশন রূপে রয়

একমাত্রই গতি কর্ণের শব্দের মাঝে রয়
মনেরে জানিও সংকল্পের একমাত্র গতিময়

একমাত্রই গতিই হৃদয়ের
বিদ্যা বুদ্ধি একই জেন এর

হস্তদ্বয় কর্মের জেনো একমত গতি হয়
সব আনন্দ গতিপথ জেনো জননেন্দ্রিয়ে যায়।
গুহ্যেন্দ্রিয় মলত্যাগের এক গতি পথ হয়
সকল পথের গতি সে চরণ বাক্ বেদগতিময়।

স যথা সৈন্ধবঘনোঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নো রসঘন এবৈবং বা অরেঽয়মাত্মাঽনন্তরোঽব'হ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাঽস্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ॥ ১৩

লবণখণ্ড ভিতর-বাহির সবেতেই সমরস
তেমনিই প্রিয়ে আত্মায় জেন প্রজ্ঞান ঘনরস

বাহির-ভিতর দুই এক হয়
সকল সময় সমভাবে রয়

তেমনিই প্রিয়ে অনন্ত এই অপার আত্মা হয়
সমুদয় ভূত ইহাতে উঠিয়া ইহাতে বিনাশ পায়।
আত্মার এই খণ্ডিত ভাব ইন্দ্রিয়ে গড়া যাহা
ভূতবর্গের কারণবশতঃ প্রকাশিত হয় তাহা

মৃত্যু হইলে নাহি থাকে জ্ঞান
সেই ইন্দ্রিয় সব অবসান

এই কথা বলি তোমাকে গো প্রিয়া শোন তুমি
দিয়া মন

আত্ম তত্ত্ব কহিয়া যাজ্ঞবল্ক্য নিরব হন।

সা হোবাচ মৈত্রেয্যত্রৈব মা ভগবান্ মোহান্তমাপীপিপন্ন বা অহমিমং বিজানামীতি স হোবাচ ন বা অরেঽহং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়ং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মাঽনুচ্ছিত্তিধর্মা ॥ ১৪

মৈত্রেয়ী কন এখানে আপনি আনিলেন সংশয়
আত্মাকে আমি পারিনি বুঝিতে সরল করিয়া কয়

যাজ্ঞবল্ক্য কহেন তখন
বলিয়াছি যাহা সত্যকথন

এই আত্মাই অক্ষয় এর বিনাশ জানিও নাই
(স্বরূপেতে স্থিত বিজ্ঞান ঘন উপমা কোথায় পাই)।

যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি তদিতর ইতরং জিঘ্রতি তদিতর ইতরং রসয়তে তদিতর ইতরমভিবদতি তদিতর ইতরং শৃণোতি তদিতর ইতরং মনুতে তদিতর ইতরং স্পৃশতি তদিতর ইতরং বিজানাতি যত্র ত্বস্য সর্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ তৎ কেন কং জিঘ্রেৎ তৎ কেন কং রসয়েৎ তৎ কেন কমভিবদেৎ তৎকেন কং শৃণুয়াৎ তৎ কেন কং মন্বীত তৎ কেন কং স্পৃশেৎ তৎ কেন কং বিজানীয়াদ্ যেনেদং সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াৎ স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্যো ন হি শীর্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যতি বিজ্ঞাতারমরে কেন বিজানীয়া-দিত্যুক্তানুশাসনাঽসি মৈত্রেয্যেতাবদরে খল্বমৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞ-বল্ক্যো বিজহার॥ ১৫

দ্বিতীয় জন সে কেহ যদি থাকে তখনও সেই জন
তাকে আঘ্রাণে আস্বাদে তারে বলে শোনে করে মন

একে অপরেরে পরশ সে করে
একে অপরকে চায় জানিবারে

কিন্তু যখন সব এক হয়, তখন দেখিবে কারে
কারে আঘ্রাণি আস্বাদি সেই বলিবে শুনিবে কারে?
কি দিয়া ভাবিবে কি দিয়া ছুঁইবে জানিবে কাহারে আর
যাঁহারে জানিলে সব জানা যায় অপার মহিমা তাঁর?

যাঁরে নেতি নেতি বলে সুধীজন
ইনিই আত্মা গ্রহণ না হন

ইনি অক্ষয় ইনি অসঙ্গ বদ্ধ ত ইনি নন্
ব্যথা নাই এর বিনাশও ত নাই অতীত সবার হন
সকলের জ্ঞাতা যেই বিজ্ঞাতা জানা ত সহজ নয়
মৈত্রেয়ী তোমা এই উপদেশ। অমৃত ইহারে কয়।
যাজ্ঞবল্ক্য সন্ন্যাস নিয়া
চলিলেন তবে বিদায় লইয়া।

চতুর্থাধ্যায়—ষষ্ঠ ব্রাহ্মণ

অথ বংশঃপৌতিমাষ্যো গৌপবনাদ্‌গৌপবনঃ পৌতিমাষ্যাৎ পৌতিমাষ্যো গৌপবনাদ্ গৌপবনঃ কৌশিকাৎ কৌশিকঃ কৌণ্ডিন্যাৎ কৌণ্ডিন্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গৌতমাচ্চ গৌতমঃ॥ ১

অনন্তর বংশঃ (গুরুশিষ্য পারম্পর্য্য) (১) পৌতিমাষ্য গৌপবন হইতে। (২) গোপবন পৌতিমাষ্য হইতে (৩) পৌতিমাষ্য গৌপবন হইতে (৪) গৌপবন কৌশিক হইতে। (৫) কৌশিক কৌণ্ডিন্য হইতে। (৬) কৌণ্ডিন্য শাণ্ডিল্য হইতে। (৭) শাণ্ডিল্য কৌশিক ও গৌতম হইতে (৮) গৌতম।

অগ্নিবেশ্যাদাগ্নিবেশ্যো গার্গ্যাদ্গার্গ্যো গার্গ্যাদ্গার্গ্যো গৌতমো-দ্গৌতমঃ সৈতবাৎসৈতবঃ পারাশর্য্যায়ণাৎপারাশর্য্যায়ণো গার্গ্যায়ণা-দ্গার্গ্যায়ণ উদ্দালকায়নাদুদ্দালকায়নো জাবালায়নাজ্জাবালায়নো মাধ্যন্দিনায়নান্মাধ্যন্দিনায়নঃ সৌকরায়ণাৎ সৌকরায়ণঃ কাষায়ণাৎ কাষায়ণঃ সায়কায়নাৎ সায়কায়নঃ কৌশিকায়নেঃ কৌশিকায়নিঃ॥ ২

অগ্নিবেশ্য হইতে (৯) অগ্নিবেশ্যগার্গ্য হইতে (১০) গার্গ্য—গার্গ্য হইতে (১১) গার্গ্য গৌতম হইতে। (১২) গৌতম সৈতব হইতে (১৩) সৈতব পারাশর্য্যায়ণ হইতে (১৪) পারাশর্য্যায়ণ গার্গ্যায়ন হইতে (১৫) গার্গ্যায়ন উদ্দালকায়ন হইতে (১৬)

উদ্দালকায়ন জাবালরান হইতে (১৭) জাবালয়ান মাধ্যন্দিনাসন হইতে (১৮) মাধ্যন্দিনায়ন সৌকায়ণ হইতে (১৯) সৌকায়ণ কাষাষণ হইতে (২০) কাষায়ণ সায়কায়ণ হইতে (২১) সায়কায়ণ কৌশিকায়ন হইতে (২২) কৌশিকায়নি।

ঘৃতকৌশিকাদ্ ঘৃতকৌশিকঃ পারাশর্ষায়ণাৎ পারাশর্যায়ণঃ পারাশর্যাৎ পারাশর্যো জাতুকর্ণ্যাজ্জাতুকর্ণ্য আসুরায়ণাচ্চ যাস্ক.চ্চাসুরায়ণ স্ত্রৈবণে ত্রৈবণি রৌপজন্ধনে রৌপজন্ধনিরাসুরেরাসুরির্ভারদ্বাজাদ্ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ো মাণ্টের্মাণ্টি গৌতমাদ্গৌতমো গৌতমাদ্গৌতমো বাৎস্যাদ্বাৎস্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্যাৎকাপ্যাৎকৈশোর্যঃ কাপ্যঃ কুমার হারিতাৎ কুমার হারিতো গালবাদ্গালবো বিদর্ভী কৌণ্ডিন্যাদ্বিদর্ভী কৌণ্ডিন্যো বৎসনপাতো বাভ্রবাদ্বৎসনপাদ্বাভ্রবঃ পথঃ সৌভরাৎপন্থাঃ সৌভরোঽয়াস্যাদাঙ্গিরসাদয়াস্য আঙ্গিরস আভূতে স্বাষ্ট্রাদাভূতিস্বাষ্ট্রো বিশ্বরূপাত্ত্বাষ্ট্রাদ্বিশ্বরূপস্বাষ্ট্রোঽশ্বিভ্যামশ্বিনৌ দধীচ আথর্বণাদ্দধ্যঙঙার্থর্বণো দৈবাদথর্বা দৈবো মৃত্যোঃ প্রাধ্বংসনান্মৃত্যুঃ প্রাধ্বংসনঃ প্রধ্বংসনাৎ প্রধ্বংসন একর্ষেরেকর্ষি বিপ্রচিত্তেবিপ্রচিত্তির্ব্যষ্টের্ব্যষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎসনগঃ পরমেষ্ঠিনঃ পরমেষ্ঠী ব্রহ্মণোব্রহ্ম স্বয়ংভু ব্রহ্মণে নমঃ ॥ ৩

ঘৃতকৌশিক হইতে (২৩) ঘৃতকৌশিক পারাশর্যায়ণ পারাশর্য্য হইতে (২৫) পারাশর্য্য জাতুকর্ণ্য আসুরায়ণ হইতে ও যাস্ক হইতে (২৭) আসুরায়ণ ত্রৈবণি হইতে (২৮) ত্রৈবণি ঔপজন্ধণি হইতে (২৯) ঔপজন্ধণি আসুরি হইতে (৩০) আসুরি ভরদ্বাজ হইতে (৩১) ভরদ্বাজ আত্রেয় হইতে (৩২) আত্রেয় মাণ্টি হইতে (৩৩) মাণ্টি গৌতম হইতে (৩৪) গৌতম গৌতম হইতে (৩৫) গৌতম বাৎস্য হইতে (৩৬) বাৎস্য শাণ্ডিল্য হইতে (৩৭) শাণ্ডিল্য কৌশোর্য্য কাপ্য হইতে (৩৮) কৌশোর্য্যকাপ্য কুমার হারিত হইতে (৩৯) কুমার হারিত গালব হইতে (৪০) গালব বিদর্ভী

কৌণ্ডিন্য হইতে (৪১) বিদর্ভী কৌণ্ডিন্য বৎসনপাৎ বাভ্রব হইতে (৪২) বৎসনপাৎ বাভ্রব পন্থাসৌভর হইতে (৪৩) পন্থাসৌভর অয়াস্য আঙ্গিরস হইতে (৪৪) অয়াস্য আঙ্গিরস আভূতি ত্বাষ্ট্র হইতে (৪৫) আভূতি ত্বাষ্ট্র বিশ্বরূপ ত্ব(ষ্ট্র হইতে (৪৬) বিশ্বরূপ ত্বাষ্ট্র অশ্বিদ্বয় হইতে (৪৭) আশ্বিদ্বয় দধ্যঙ্ আর্থর্ব্বণ হইতে (৪৮) দধ্যঙ্ আথর্ব্বণ অথর্ব্বা দৈব হইতে (৪৯) অথর্ব্বাদৈব মৃত্যু প্রাধ্বংসন হইতে (৫০) মৃত্যু প্রাধ্বংসন প্রধ্বংসন হইতে (৫১) প্রধ্বংসন একর্ষি হইতে (৫২) একর্ষি বিপ্রচিত্তি ব্যাষ্টি সনারু হইতে (৫৪) সনারু সনাতন হইতে (৫৬) সনাতন সনগ পরমেষ্ঠী হইতে (৫৮) পরমেষ্ঠী ব্রহ্ম হইতে (৫৯) ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মকে নমস্কার।

পঞ্চমাধ্যায়—প্রথম ব্রাহ্মণ

ওঁ॥ পুর্ণমদঃ পূর্ণমিদং পুর্ণাৎ পুর্ণমুদচ্যতে
পুর্ণস্য পুর্ণমাদায় পুর্ণ মেবাবশিষ্যতে।

পুর্ণই তিনি পূর্ণই ইনি পূর্ণ উদ্গত হন
পূর্ণ হইতে লইলে পূর্ণ পূর্ণই বাকি রন।

ওঁ খং ব্রহ্ম। খং পুরাণং বায়ুরং খমিতি হ স্মাহকৌরব্যায়ণীপুত্রো বেদোহয়ং ব্রাহ্মণা ব্রাহ্মণা বিদুর্বে দৈনেন যদ্বেদিতব্যম্॥ ১

ওমই আকাশ ব্রহ্ম জানিও আকাশ চিরন্তন
কৌরব্যায়নী পুত্র যেজন তিনিই একথা কন
বায়ুর আধারই আকাশ যে হন
প্রণব দ্বারায় জানে জ্ঞানীজন
ইহা বেদ বলি ব্রাহ্মণগণ সবে এই কথা জানে
ইহার দ্বারায় সমুদয় বেদ বিষয়কে সবে জানে।

পঞ্চমাধ্যায়—দ্বিতীয় ব্রাহ্মণ

ত্রয়াঃ প্রাজাপত্যাঃ প্রজাপতৌ পিতরি ব্রহ্মচর্যমূষুর্দেবা মনুষ্যা অসুরা উষিত্বা ব্রহ্মচর্যং দেবা উচুর্ব্রবীতু নো ভবানিতি তেভ্যো হৈতদক্ষর মুবাচ দ ইতি ব্যজ্ঞাসিষ্টা ৩ ইতি ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দাম্যতেতি ন আত্থেত্যোমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি ॥ ১

প্রজাপতির তিন সন্তান সুর অসুর নর হয়
এরা তিনজন শিষ্য হইয়া ব্রহ্মচর্যে রয়

প্রজাপতি প্রতি কয় দেবগণ
উপদেশ মোরে দেহ গো এখন

প্রজাপতি তবে দ অক্ষরেরে করেন উচ্চারণ
বুঝিয়াছ কিছু ? অর্থ ইহার তখন জিজ্ঞাসন।
দেবতারা কহে বুঝিয়াছি সবে দান্ত হইতে বল
প্রজাপতি কহে ঠিক বুঝিয়াছ ওই মত সব চলো।

অথ হৈনং মনুষ্যা উচুর্ব্রবীতু নো ভবানিতি তেভ্যো হৈতদেবাক্ষর মুবাচ দ ইতি ব্যজ্ঞাসিষ্টা ৩ ইতি ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দত্তেতি ন আত্থেত্যোমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি ॥ ২

ইহার পরেতে মানুষেরা কন উপদেশ প্রভু দাও
দ অক্ষরটি বলে প্রজাপতি বলিলেন বুঝে নাও।

বলেন মানব দান করো কও
ব্রহ্মা কহেন ঐ পথে যাও

বুঝিয়াছ ঠিক দান করা চাই উপদেশ মোর এই
এক অক্ষরে সবার মন্ত্র জেনে নাও মনে সেই।

অথ হৈনমসুরা উচুর্ব্রবীতু ন ভবানিতি তেভ্যো হৈতদেবাক্ষরমুবাচ দ ইতি ব্যজ্ঞাসিষ্টা ৩ ইতি ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দয়ধ্বমিতি ন আত্থেত্যোমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি তদেতদেবৈষা দৈবী বাগনুবদতি স্তনয়িত্নুর্দ দ দ ইতি দাম্যত দত্ত দয়ধ্বমিতি তদেতৎ ত্রয়ং শিক্ষেদ্ দমং দানং দয়ামিতি ॥ ৩

অসুরেরা কন ওহে প্রজাপতি উপদেশ মোরে দাও
প্রজাপতি কন্ দ এ অক্ষরে অর্থ বুঝিয়া নাও
বুঝিয়াছ মানে ব্রহ্মা কহেন
অসুরেরা বলে দয়া করো কন
প্রজাপতি কন বুঝিয়াছ ঠিক অর্থ ইহার এই
দয়া করো সবে তোমাদের পরে উপদেশ মোর এই।
দান্ত হইও দান কর সবে সবাকারে দয়া করো
এ তিন শিক্ষা দেন প্রজাপতি সকল সময়ে স্মরো
মেঘ গরজনে ঐ কথা কয়
দ দ দ শব্দ দেখো সে করয়
মানুষেব মাঝে তিন রূপ রাজে দেবতা অসুর নর
দমন কর গো দান কর সবে দয়া কর দয়া কর।

পঞ্চমাধ্যায়—তৃতীয় ব্রাহ্মণ

এষ প্রজাপতির্যদ্ধৃদয়মেতদ্ ব্রহ্মৈতৎ সর্বং তদেতৎ ত্র্যক্ষরং হৃদয়মিতি হৃ ইত্যেকমক্ষরমভিহরন্ত্যস্মৈ স্বাশ্চান্যে চ য এবং বেদ ইত্যেকমক্ষরং দদত্যস্মৈ স্বাশ্চান্যে চ য এবং বেদ যমিত্যেকমক্ষরমেতি স্বর্গং লোকং য এবং বেদ॥ ১

এই হৃদয়ই হন প্রজাপতি ব্রহ্মও সমুদয়
তিন আখরেতে নামটি তাহাব জেন এই মত হয়
হৃ একটি সে অক্ষর হয়
যে ইহারে জানে জেন নিশ্চয়
তাহার জন্য আত্মীয় পর উপহার সবে আনে
দ এক আখর, যেবা জানে তারে জ্ঞাতিগণ জেন দানে।
য় এক আখর তাহার অর্থ জানে বুঝে যেই জন
তাহার ফলেতে স্বর্গ লোকেতে যায় জেন সেই জন।

পঞ্চমাধ্যায়---চতুর্থ ব্রাহ্মণ

তদ্বৈ তদেতদেব তদাস সত্যমেব স যো হৈতং মহদ্‌ যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি জয়তীমাঁল্লোকাঞ্জিত ইন্ন্বসাবসদ্‌ য এবমেতন্মহদ্‌ যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি সত্যং হ্যেব ব্রহ্ম ॥ ১

সেই যে হৃদয় ব্রহ্ম তিনিই সংরূপে খ্যাত হন
ত্যং স্বরূপেতে তিনিই রহেন জানে তাহা জ্ঞানীগণ
প্রথমজ এই সত্য ব্রহ্মে
জানে যেই জন লভে লোক জয়ে
এই প্রকারেই তাঁহার শত্রু জিত নির্মূল হয়
মহান পূজ্য সত্য ব্রহ্মে জানে যেই নিশ্চয়।

পঞ্চমাধ্যায়—পঞ্চম ব্রাহ্মণ

আপ এব ইদমগ্র আসুস্তা আপঃ সত্যমসৃজন্ত সত্যং ব্রহ্ম ব্রহ্ম প্রজাপতিং প্রজাপতির্দেবাংস্তে দেবাঃ সত্যমেবোপাসতে তদেতৎ ত্র্যক্ষরং সত্যমিতি স ইত্যেকমক্ষরং তীত্যেকমক্ষরং যমিত্যেকমক্ষরং প্রথমোত্তমে অক্ষরে সত্যং মধ্যতোঽনৃতং তদেতদনৃতমুভয়তঃ সত্যেন পরিগৃহীতং সত্যভূয়মেব ভবতি নৈবং বিদ্বাংসমনৃতং হিনস্তি ॥ ১

এ জগৎ আগে জল রূপে জেন বর্তমান সে রয়
এই জল হতে সত্য সৃষ্ট সত্যে ব্রহ্ম হয়
ব্রহ্ম হইতে প্রজাপতি হন
প্রজাপতি হতে হন দেবগণ
সেই দেবগণ সত্যের জেন উপাসনা সবে করে
স এক আখর তি এক আখর যম এক আখর স্মরে।

প্রথম এবং শেষ অক্ষর সত্য জানিও হয়
মধ্যবর্তী অক্ষর জেন অসত্য হয়ে রয়
দুধারেতে তার সত্যকে দিয়ে
বেষ্টিত রয় দুজনেরে লয়ে
এইজন্যই অসত্য হয়ে সত্য ভাব সে পায়
একথা যে জানে মিথ্যা তাহার ক্ষতি কভু না করয়।

তদ যৎ তৎ সত্যমসৌ স আদিত্যো য এষ এতস্মিন্মণ্ডলে পুরুষো যশ্চায়ং দক্ষিণেক্ষণ্ পুরুষস্তাবেতাবন্যোন্যস্মিন্ প্রতিষ্ঠিতৌ রশ্মিভি-রেষোঽস্মিন্ প্রতিষ্ঠিতঃ প্রাণৈরয়মমুষ্মিন্ স যদোৎক্রমিষ্যন্ভবতি শুদ্ধমেবৈতন্মণ্ডলং পশ্যতি নৈনমেতে রশ্ময়ঃ প্রত্যায়ন্তি ॥২

এই যে সত্য তাহারেই জেন আদিত্য সবে কয়
আদিত্য মণ্ডলে যে পুরুষ এবং ডান চোখে যেই রয়
উভয় পুরুষ পরস্পরেতে
প্রতিষ্ঠিত যে জেন সেই মতে
আদিত্য পুরুষ রশ্মির দ্বারা চাক্ষুষ পুরুষে রয়
চাক্ষুষ পুরুষ প্রাণের দ্বারায় আদিত্য পুরুষে রয়
মুমূর্ষু কালে আদিত্য মণ্ডল রশ্মিহীন সে দেখে
রশ্মিসকল কাছে নাহি আসে (আদিত্য মাঝে থাকে)।

য এষ এতস্মিন্মণ্ডলে পুরুষস্তস্য ভূরিতি শির একং শির একমেত-দক্ষরং ভুব ইতি বাহূ দ্বে এতে অক্ষরে স্বারতি প্রতিষ্ঠা দ্বে প্রতিষ্ঠে দ্বে এতে অক্ষরে তস্যোপনিষদহরিতি হন্তি পাপ্মানং জহাতি চ য এবং বেদ ॥৩

সূর্য মণ্ডলে যে পুরুষ রয় ভূঃ তাহার শির হয়
শিরও একটি ভূঃ শব্দেও একটি আখর রয়
ভূবঃ তাহার দুই বাহু জেন হয়
বাহুও দুইও ভূবঃ দুই হয়

স্বর্ ইহার চরণ, তুইটি চরণ এতেও তুইই হয়
রহস্য নাম অহম্ ইহার শাস্ত্রে এ কথা কয়।
বাহৃতি শরীর সত্য ব্রহ্মে এভাবে জানে যেজন
পাপকে বিনাশ ও পরিহার করে পুণ্যলোকেতে র'ন।

যোহয়ং দক্ষিণেহক্ষন্ পুরুষস্তস্য ভূরিতি শির একং শির একমেতদক্ষরং ভুব ইতি বাহূ দ্বৌ বাহূ দ্বে এতে অক্ষরে স্বরিতি প্রতিষ্ঠা দ্বে প্রতিষ্ঠে দ্বে এতে অক্ষরে তস্যোপনিষদহমিতিহন্তি পাপ্মানং জহাতি চ য এবং বেদ ॥৪

দক্ষিণ চোখে এই যে পুরুষ মস্তক ভূঃ হয়
মস্তক এক ভূঃ অক্ষরেও একই জানিও বয়
বাহুদ্বয় তার ভূব জেন হয়
বাহু তুই ভূব তু আখর হয়
চরণ তুইটি স্বর্। চরণও তুইটি জানিও হয়
রহস্য নাম অহম্ ইহার ইনিই জগৎময়।
এইভাবে এরে জানে যেইজন পাপকে বিনাশ করে
পাপে পরিহরি (পুণ্যলোকেতে পূণ্যেতে সেই ভরে)।

পঞ্চমাধ্যায়—ষষ্ঠ ব্রাহ্মণ

মনোময়োহয়ং পুরুষো ভাঃসত্যস্তস্মিন্নন্তর্হৃদয়ে যথা ব্রীহির্বা যবো বা স এষ সর্বস্যেশানঃ সর্বস্যাধিপতিঃ সর্বমিদং প্রশাস্তি যদিদং কিঞ্চ ॥ ১

হৃদয় ভিতরে যে পুরুষ রয় মনোময় যিনি হন
জ্যোতির স্বরূপ ব্রীহিবা যবের মতই সূক্ষ্ম হন
বিশিষ্টরূপে জেন সেই জন
যোগীর হৃদয়ে অনুভূত হন
তিনি সকলের ঈশ্বর সেই সব অধিপতি জন
এ জগৎ মাঝে তাহারই শাসনে চলে যত জীবগণ।

পঞ্চমাধ্যায়—সপ্তম ব্রাহ্মণ

বিদ্যুদ্ ব্রহ্মেত্যাহুর্বিদানাদ্ বিদ্যুদ্ বিদ্যত্যেনং পাপ্মনো য এবং বেদ বিদ্যুদ্ ব্রহ্মেতি বিদ্যুদ্ধ্যেব ব্রহ্ম ॥ ১

জ্ঞানীজন বলে বিদ্যুৎ ব্রহ্ম বিদীর্ণ সেই হয়
সেই কারণেতে বিদ্যুৎ বলি নাম তার জেন হয়
বিদ্যুৎ ব্রহ্ম জানে যেই জন
পাপরাশি তার বিনাশে তখন।

পঞ্চমাধ্যায়—অষ্টম ব্রাহ্মণ

বাচং ধেনুমুপাসীত তস্যাশ্চত্বারঃ স্তনাঃ স্বাহাকারো বষট্‌কারো হন্তকারঃ স্বধাকারস্তস্যৈ দ্বৌ স্তনৌ দেবা উপজীবন্তি স্বাহাকারং চ বষট্‌কারং চ হন্তকারং মনুষ্যাঃ স্বধাকারং পিতরস্তস্যাঃ প্রাণ ঋষভো মনো বৎসঃ ॥ ১

বাগরূপিনী সে ধনুকে পূজিয়া উপাসনা তবে করো
স্বাহাকার বষট্‌কার হন্তকার আর স্বধাকার স্তন স্মরো
স্বাহাকার আর বষট্‌কার স্তন
দেবতাগণের করেন পালন
হন্তকার মাঝে মানুষ আর স্বধাকারে পিতৃগণ
প্রাণ ঐ বাকের বৃষ আর বৎস তাঁহার হইল মন।

পঞ্চমাধ্যায়—নবম ব্রাহ্মণ

অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃপুরুষে যেনেদমন্নং পচ্যতে যদিদ মদ্যতে তস্যৈষ ঘোষো ভবতি যমেতৎ কর্ণাবপিধায় শৃণোতি স যদোৎক্রমিষ্যন্ ভবতি নৈনং ঘোষং শৃণোতি ॥ ১

মানুষের মাঝে যে অগ্নি দ্বারা অন্ন ভূক্ত হয়
বৈশ্বানর তাহা তাহারই দ্বারায় পরিপাক জেন হয়
কর্ণ দুটিরে হাতে ঢাকা দিলে
এই অগ্নিরই শব্দ যে মেলে
মানুষ যখন দেহত্যাগ করে এরে না শুনিতে পায়
জঠরাগ্নিকে বিরাট জানিলে বৈরাজত্ব লাভ হয়।

পঞ্চমাধ্যায়—দশম ব্রাহ্মণ

যদা বৈ পুরুষোহস্মাল্লোকাৎ প্রৈতি স বায়ুমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা রথচক্রস্য খং তেন স ঊর্দ্ধ আক্রমতে স আদিত্যমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা লম্বরস্য খং তেন স ঊর্দ্ধ আক্রমতে স চন্দ্রমসমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা দুন্দুভেঃ খং তেনস ঊর্দ্ধ আক্রমতে স লোকমাগচ্ছত্যশোকমহিমং তস্মিন্ বসতি শাশ্বতীঃ সমোঃ॥ ১

ঐ জ্ঞানীজন দেহত্যাগে যবে বায়ুকে প্রাপ্ত হন
তাহার জন্য বায়ু আপনাতে ছিদ্র করিয়া লন
রথচক্রের ছিদ্রের মত
ছিদ্র করেন ঠিক সেইমত
ছিদ্র পথেতে ঊর্দ্ধেতে উঠে আদিত্য তিনি পায়
আদিত্য তবে তাহার তরেতে ছিদ্র করে সে গায়।
লম্বর নামে বাদ্য যন্ত্রে ছিদ্র যেরূপ রয়
এই ছিদ্রও জেন সেই মত আদিত্য করে তায়
সেই ছিদ্রেতে ঊর্দ্ধে উঠিয়া
চন্দ্র লোকেতে যায় সে চলিয়া

মন্ত্র তখন আপনার গায় ছিদ্র তখন করে
দুন্দুভির মত ছিদ্র সে হয়—উঠে সে ছিদ্র ধরে
উর্দ্ধে উঠিয়া শোক আর হিম রহিত লোকে সে যায়
সেই লোকে তার চিরকাল বাস শাস্ত্রে ইহাই গায়।

পঞ্চমাধ্যায়—একাদশ ব্রাহ্মণ

এতদ্বৈ পরমং তপো যদ্ব্যাহিতস্তপ্যতে পরমং হৈব লোকং জয়তি য এবং বেদৈতদ্বৈ পরমং তপো যং প্রেতমরণ্যং হরন্তি পরমং হৈব লোকং জয়তি য এবং বেদৈতদ্বৈ পরমং তপো যং প্রেতমগ্নাবভ্যাদধতি পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ ॥১

ব্যাধিগ্রস্থ সে সন্তাপিত হয় জেনো তপস্যা সেই
একথা জানিয়া ব্যাধি পায় যেই পরমলোকেতে সেই
গমন করিয়া সুখমাঝে রন
ব্যাধি যন্ত্রণা হয় নিবারণ
মৃতব্যক্তিকে গ্রামের বাহিরে অরণ্যে লয়ে যায় (শ্মশানে)
ইহাও তপস্যা মনে জেন যেন বানপ্রস্থের প্রায়।
মৃতব্যক্তিকে অগ্নিতে স্থাপন তপস্যা জেন হয়
জানে ইহা যেই পরমলোক সে আপনি প্রাপ্ত হয়।

পঞ্চমাধ্যায়—দ্বাদশ ব্রাহ্মণ

অন্নং ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা পূয়তি বা অন্নমৃতে প্রাণাৎ প্রাণো ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা শুষ্যতি বৈ প্রাণ ঋতেঽন্নাদেতে হ ত্বেব দেবতে একধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতস্তদ্ধ স্মাহ প্রাতৃদঃ পিতরং কিংস্বিদেবৈবং

বিদুষে সাধু কুর্যাং কিমেবাস্মা অসাধু কুর্য্যামিতি স হ স্মাহ পাণিনা মা প্রাতৃদ কস্তেনয়োরেকধাভুয়ং ভূত্বা পরমতাং গচ্ছতীতি তস্মা উ হৈতদুবাহ বীত্যন্নং বৈ ব্যন্নে হীমানি সর্বাণি ভুতাণি বিষ্টানি রমিতি প্রাণো বৈ রং প্রাণে হীমানি সর্বাণি ভূতানি রমন্তে সর্বাণি হ বা অস্মিন্ ভূতানি বিশন্তি সর্বাণি ভূতানি রমন্তে য এবং বেদ ॥ ১

কেহ কেহ বলে অন্ন ব্রহ্ম, ইহা ঠিক কথা নয়
কারণ প্রাণের অভাবেতে দেখ অন্ন পচিয়া যায়
কেহ কেহ বলে প্রাণই ব্রহ্ম
ইহা ঠিক নয় মনে জেনে নিও
কাবণ অন্ন অভাবেতে প্রাণ শুখাইয়া দেখ যায়
(পরন্ত) এই দুইজনে একীভূত হয়ে ব্রহ্মত্ব জানিও পায়।
এইরূপ স্থির করি প্রাতৃদ পিতা প্রতি তবে কন
একথা যেজানে তাব প্রতি বল কর্ম করিব কোন ?
শুভ বা অশুভ কার্য করিয়া
বল কিবা হবে বৃথা জানি তাহা
পিতা হাত ধরি করেন বারণ না প্রাতৃদ তাহা নয়
অন্নও ব্রহ্মের একত্ব জ্ঞানে ব্রহ্মত্ব না লাভ হয়।
কহিলেন পিতা ইনি বি অর্থ অন্নই বি হয়
সকল প্রাণীই অন্নেব মাঝে প্রবিষ্ট হয়ে রয়
ইনিই রস অর্থাৎ প্রাণ রস হয়
প্রাণ থাকিলেই প্রাণী রতিময়
প্রাণের দ্বারাই আনন্দ লাভ ক'রে জেন জীবগণ
একথা যে জানে নিখিল প্রাণের আনন্দ তিনি হন।

পঞ্চমাধ্যায়—ত্রয়োদশ ব্রাহ্মণ

উক্থং প্রাণো বা উক্থং প্রাণো হীদং সর্বমুত্থাপয়ত্যুদ্ধাস্মাদুক্থ-বিদ্বীরস্তিষ্ঠত্যুক্থস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ১

প্রাণকে উক্থ দৃষ্টি লইয়া উপাসনা এবে কর
প্রাণই উক্থ প্রাণের দ্বারাই উত্থিত সবে কর
প্রাণই সবেরে উত্থাপিত করে
একথা জানিয়া যেই জন স্মরে
বীর পুত্র সে লাভ হয় তাঁর, উক্থ সহিত তাঁর
সাযুজ্য আর সালোক্য লভি (উর্দ্ধেতে গতি তাঁর)।

যজুঃ প্রাণো বৈ যজুঃ প্রাণে হীমানি সর্বাণি ভূতানি যুজ্যন্তে যুজ্যন্তে হাস্মৈ সর্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ২

প্রাণই যজু কারণ প্রাণের সাথেতে সকল যুক্ত হয়
একথা যে জানে তাঁরে বড় মেনে সব জীব সেথা রয়
যজু ও সাজুয্য সহিত তখন
সালোক্য লাভ করে সেই জন

সাম প্রাণো বৈ সাম প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি সম্যঞ্চি সম্যঞ্চি হাস্মৈ সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় কল্পন্তে সাম্নঃ সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩

প্রাণকে সাম বলি উপাসনা করিও প্রাণই সাম
(কারণ) প্রাণ থাকিলেই সমস্ত প্রাণী সাম্য প্রাপ্ত হন
যিনি এইরূপ মনেতে জানয়
সব প্রাণী তাতে সঙ্গত হয়
তাঁরে শ্রেষ্ঠতা সম্পাদনেতে সবে সমর্থ হয়
তিনি সামরূপী প্রাণের সাযুজ্য ও সালোক্য প্রাপ্ত হয়।

ক্ষত্রং প্রাণো বৈ ক্ষত্রং প্রাণো হি বৈ ক্ষত্রং ত্রায়তে হৈনং প্রাণঃ ক্ষণিতোঃ প্র ক্ষত্রমত্রমাপ্নোতি ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৪

এই প্রাণকেই ক্ষত্র বলিয়া উপাসনা তবে করে
প্রাণই ক্ষত্র এই দেহকে সে ক্ষত হতে ত্রাণ করে
যিনি এইরূপে জানেন কথন
অনন্যাশ্রিত হন সেই জন
পরিত্রাতাহীন ক্ষত্র লভিয়া প্রাণকে প্রাপ্ত হন
ক্ষত্ররূপী সে প্রাণের সাযুজ্য সালোক্য লভি লন।

পঞ্চমাধ্যায়—চতুর্দশ ব্রাহ্মণ

ভূমিরন্তরিক্ষং দ্যৌরিত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদ-মেতত্নু হৈবাস্যা এতৎ স যাবদেষু ত্রিষু লোকেষু তাবদ্ধ জয়তি যোঽস্যা এত দেবং পদং বেদ ॥ ১

ভূমি অন্তরীক্ষ ও দ্যৌস এই আট অক্ষর
গায়ত্রীর প্রথম পাদেও দেখ আট অক্ষর
গায়ত্রীর এ প্রথম পাদ হয়
ত্রিলোকাত্মকই হয় নিশ্চয়
গায়ত্রীয় এই পাদটিকে যেই এইরূপ ভাবে জানে
এই তিন লোকে যাহা কিছু আছে সব জয় করে আনে।

ঋচো যজূংষি সামানীত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্রৈ পদমেতত্নু হৈবাস্যা এতৎ স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা তাবদ্ধ জয়তি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ২

ঋচঃ যজূংষি সামানি এই আট অক্ষর যেই
গায়ত্রীর এই দ্বিতীয় পাদেও আট অক্ষর জেন সেই

গায়ত্রী এই দ্বিতীয় পাদ যে
ত্রিবেদাত্মক জানিও হয় সে
যিনি গায়ত্রীর এই পাদটিকে এইরূপ যেই জনে
ত্রয়ী বিদ্যায় যত ফল হয় লাভ করে সেইখানে।

প্রাণোঽপানো ব্যান ইত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ স যাবদিদং প্রাণি তাবদ্ধ জয়তি যোঽস্যা এতদেবং পদং বেদাথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি যদ্বৈ চতুর্থং তৎ তুরীয়ং দর্শতং পদমিতি দদৃশ ইব হ্যেষ পরোরজা ইতি সর্বমু হ্যেবৈষ রজ উপর্যুপরি তপত্যেবং হৈব শ্রিয়া যশসা তপতি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩

প্রাণ অপান ও ব্যান এই আট অক্ষর হয়
গায়ত্রীর সে তৃতীয় পাদেতে আট অক্ষরই রয়
গায়ত্রীর এই তৃতীয় পাদটি
প্রাণাপানব্যানাত্মক জেন সেটি
গায়ত্রীর এই তৃতীয় পাদকে এইরূপে যেই জানে
এ জগৎ মাঝে যত প্রাণী আছে জয় করে সেইখানে।
অনন্তর এ তাপদানকারি সূর্য নামে যেইজন
আকাশের পরপারে রহি তিনি দেন সবে দরশন
তিনি গায়ত্রীর তুরীয় পাদ হয়
সূর্যমণ্ডলেতে যারে দেখা যায়
যাহা চতুর্থ তাহাই তুরীয় ইহারে যেজন জানে
শ্রী ও যশ লভি উজলিত হয়ে উত্তাপ সেই দানে।

সৈষা গায়ত্র্যেতস্মিংস্তুরীয়ে দর্শতে পদে পরোরজসি প্রতিষ্ঠিতা তদ্বৈ তৎ সত্যে প্রতিষ্ঠিতং চক্ষুর্বৈ সত্যং চক্ষুর্হি বৈ সত্যং তস্মাদ্‌ যদিদানীং দ্বৌ বিবদমানাবেয়াতামহমদর্শমহমশ্রৌষমিতি য এবং ব্রূয়াদহমদর্শমিতি তস্মা এব শ্রদ্দধ্যাম তদ্বৈ তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতং প্রাণো বৈ বলং তৎপ্রাণে প্রতিষ্ঠিতং তস্মাদাহুর্বলং সত্যাদোগীয় ইত্যেবম্বেষা

গায়ত্র্যধ্যাত্মং প্রতিষ্ঠিতা সা হৈষা গয়াংস্তত্রে প্রাণা বৈ গয়াস্তৎ প্রাণাংস্তত্রে তদ্ যদ্ গয়াংস্তত্রে তস্মাদ্ গায়ত্রী নাম স যামেবামূং সাবিত্রীমন্বাহৈষৈব সা স যস্মা অন্বাহ তস্য প্রাণাংস্ত্রায়তে ॥ ৪

ত্রিপাদ যুক্ত এই গায়ত্রী আকাশ উপরে রয়
দর্শনীয় পাদে প্রতিষ্ঠিত। ইহা সত্যে প্রতিষ্ঠিত হয়
চক্ষু সত্য জেন নিশ্চয়
যদি দুইজনে বিবাদ করয়
দেখিয়াছি তাহা বলে একজন শুনিয়াছি কেহ বলে
দেখিয়াছি বলি বলে যেই লোকে তাহাই সত্য বলে।
সেই সত্যই বলে প্রতিষ্ঠিত প্রাণ বল বলে জেনো
এইজন্যই বল সত্য হতে শ্রেষ্ঠ বলিয়া মেনো
এইভাবে জেন গায়ত্রী রয়
অধ্যাত্ম প্রাণে প্রতিষ্ঠিত হয়
গয় সমূহকে ত্রাণ করে তাই গায়ত্রী নাম ধরে
গয় মানে প্রাণ আচার্যগণ সাবিত্রী বলি স্মরে।
শিষ্যগণকে আচার্য সাবিত্রী শিক্ষা যাহা সে দেয়
এই শিক্ষায় প্রাণ সমূহকে রক্ষা করিয়া যায়।

তাং হৈতামেকে সাবিত্রীমনুষ্টুভমন্বাহুর্বাগনুষ্টুবেতদ্বাচমনুব্রূম ইতি ন তথা কুর্যাদ্ গায়ত্রীমেব সাবিত্রীমনুব্রূয়াদ্ যদি হ বা অপ্যেবংবিদ বহ্বিব প্রতিগৃহ্ণাতি ন হৈব তদ্ গায়ত্র্যা একংচন পদং প্রতি ॥ ৫

বাক অনুষ্টুপ উপনয়ান্তে এই উপদেশ দেয়
কেহ প্রসিদ্ধ অনুষ্টুপ ছন্দে সাবিত্রী-মন্ত্র দেয়
উহা ঠিক নয় কখন না দিবে
গায়ত্রীরূপিনী সাবিত্রী-মন্ত্র দিবে
এই জ্ঞানবান ব্যক্তি সে যদি বহু দান মনে করি
ধন প্রতিগ্রহ করে, তা গায়ত্রী একপাদ নয় স্মরি।

স য ইমাংস্ত্রীঁল্লোকান্ পূর্ণান্ প্রতিগৃহ্ণীয়াৎ সোঽস্যা এতৎ প্রথমং পদমাপ্নুয়াদথ যাবতীয়ং এয়ী বিদ্যা যস্তাবৎ প্রতিগৃহ্ণীয়াৎ সোঽস্যা এতদ্‌দ্বিতীয়ং পদমাপ্নুয়াদথ যাবদিদং প্রাণি যস্তাবৎ প্রতিগৃহ্ণীয়াৎ সোঽস্যা এতৎ তৃতীয়ং পদমাপ্নুয়াদথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি নৈব কেনচনাপ্যং কুত উ এতাবৎ প্রতিগৃহ্ণীয়াৎ ॥৬

এই তিন লোক নানা বস্তুতে পরিপূর্ণ যা রয়
তাহা দানরূপে প্রতি গ্রহ যদি কোন জন তাহা লয়
তাহাতে জানিও মনে নিশ্চয়
গায়ত্রীর প্রথম পাদ প্রাপ্ত হয়
ত্রয়ী বিদ্যার ক্ষমতা যত সে বিস্তৃত জেন রয়
তাহা দান পেলে গায়ত্রীর দ্বিতীয় পাদ সম লাভ হয়
প্রাণবান জগৎ যত বিস্তৃত তত দান গ্রহণ করে
গায়ত্রীর তৃতীয় পাদের সমান জেন সেই লাভ করে
আকাশ উপরে আর যিনি রন
সবেরে তাপেতে বাঁচান যেজন
সেই দর্শনীয় তুরীয় পাদকে জেন কেহ নাহি পায়
সেই পরিমাণ দান গ্রহণিতে শক্তি কাহার হয় ?

তস্যা উপস্থানং গায়ত্র্যস্যেকপদী দ্বিপদী ত্রিপদী চতুষ্পদ্যপদসি নহি পদ্যসে। নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজসেঽসাবদো মা প্রাপদিতি যং দ্বিষ্যাদসাবস্মৈ কামো মা সমৃদ্ধীতি বা ন হৈবাস্মৈ স কামঃ সমৃধ্যতে যস্মা এবমুপতিষ্ঠতেঽহমদঃ প্রাপমিতি বা ॥ ৭

গায়ত্রী প্রণাম—ওগো গায়ত্রী একপদী তুমি হও
তুমিই দ্বিপদী ত্রিপদী চতুষ্পদী—পুনঃ পদহীনা হও
ধ্যানের অতীত ওরূপ তোমার
হে পাদরূপিনী করি নমস্কার

তুরীয় দর্শত পরোরজা রূপে প্রণাম জানাই আমি
তোমারে লভিতে পাপ শত্রুতে বাধা নাহি পাই আমি।
শত্রু আমার তার অভিপ্রেত সমৃদ্ধি নাহি পায়
একথা বলিলে শত্রু কামনা পূরণ কখন নয়
(প্রণাম জানায়ে যাহা যেই চায়
তাই পায় এর অর্থ এ হয়
কামনাবিহীন সাধুসজ্জন কখন ইহা না চায়
গায়ত্রী নাম মহিমা বলিতে উপমা ইহা যে হয়)
অভিচার রূপ যজ্ঞ অর্থে কথিত ইহাও হয়
শত্রুর চাওয়া জিনিষ যেন গো আমি পাই সে না পায়।

এতদ্ধ বৈ তজ্জনকো বৈদেহো বুড়িলমাশ্বতরাশ্বিমুবাচ যন্নু হো তদগায়ত্রীবিদব্রূথা অথ কথং হস্তীভূতো বহসীতি মুখং হ্যস্যাঃ সম্রাণ্ন বিদাঞ্চকারেতি হোবাচ তস্যা অগ্নিরেব মুখং যদি হ বা অপি বহ্বিবাগ্না-বভ্যাদধতি সর্বমেব তৎ সংদহত্যেবং হৈবৈবংবিদ্ যদ্যপি পাপং কুরুতে সর্বমেব তৎ সম্প্সায় শুদ্ধঃ পূতোহজরোঽমৃতঃ সম্ভবতি ॥৮

বিশ্রুতি আছে গায়ত্রী বিদ্যা বিষয়ে প্রবাদ এই
অশ্বতরাশ্বের পুত্র বুড়িলে জনক বলেন যেই
গায়ত্রীবিদ বল আপনারে
গজ হয়ে কেন বহিছ আমারে
বুড়িল বলেন ওহে মহারাজ গায়ত্রীর মুখ যে জানিনা তাই
জনক বলেন অগ্নি সে মুখ দগ্ধ করে সে তাই।
অগ্নিতে যথা যত কাঠ দাও সবই দগ্ধ করে
তেমনি এ জ্ঞানে জ্ঞানী যেই জন বহু পাপ যদি করে
সব পাপ তার পুড়ে ক্ষয় হয়
শুদ্ধ পূত সে অমৃতময়।

পঞ্চমাধ্যায়—পঞ্চদশ ব্রাহ্মণ

হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্
তৎ ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্মায় দৃষ্টয়ে।
পূষন্নেকর্ষে যম সূর্য প্রাজাপত্য ব্যূহ রশ্মীন
সমূহ তেজো যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি
যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি।
বায়ুরনিলমমৃতমথেদং ভস্মান্তং শরীরম্।
ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ক্রতো স্মর কৃতং স্মর।
অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্
বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্।
যুযোধ্যস্মজ্জুহুরাণমেনো
ভূয়িষ্ঠাং তে নমউক্তিং বিধেম॥ ১

হিরণ্ময়ের পাত্রের মাঝে ঢাকা সত্যের মুখ
হে পুষন্ তুমি আবরণ খোল তার,
সত্যধর্মা মোর দরশনে তোমার কৃপা যে চাই
সংবর তব আলোর অন্ধকার।
হে পুষন্ ওহে একর্ষি যম হে সূর্য প্রজাপত্য
তোমার প্রভার যবনিকা যাক সরে,
সত্যের সেই অরূপ বিভায় বিকশিয়া যেন উঠি
চির শিবময় সত্যে দরশ করে।
হে একা পুষন্ অনাদি৽কালের তুমি নিয়ন্তা নিজে
স্বরূপ তোমার বারেক হেরিতে চাই,
কল্যাণময় মূরতি তোমার আমার নয়ন ভরি
বিকশিত করো দরশ যেন গো পাই।

সংবর তব রুদ্র ওরূপ তুমি মঙ্গলময়

আমারে তোমার শিবরূপে দাও দেখা,

তোমার মাঝারে আমারে হেরিয়া বিস্ময়ে ভবে প্রাণ

অভিন্ন তবু যাচি ও আশীষ লেখা।

এই প্রাণবায়ু মহাবায়ু সাথে অমৃতেতে হোক লীন

এ দেহ হউক ভস্মেতে পরিণত,

ওঁকারময় সঙ্কল্পাত্মা অগ্নি স্মরণ করো

এ জীবন মাঝে করিয়াছি কাজ যত।

হে অগ্নি সেই ফললাভ তরে সুপথে লইয়া চল

মানস প্রজ্ঞা অবগত তুমি হও,

পাপ হতে মোরে মুক্ত করিয়া শুদ্ধ কর গো তুমি

প্রণাম আমাব শতেক প্রণাম লও।

ষষ্ঠাধ্যায়—প্রথম ব্রাহ্মণ

ওঁ॥ যো হ বৈ জ্যেষ্ঠং শ্রেষ্ঠং চ বেদ জেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ স্বানাং ভবতি প্রাণো বৈ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভুষতি য এবং বেদ ॥ ১

জ্যেষ্ঠ শ্রেষ্ঠে জানে যেই জন

জ্ঞাতিজন মাঝে শ্রেষ্ঠ সে হন

আত্মীয়গণ মধ্যে শ্রেষ্ঠ সেইজন জেনো হন

যাহাদের মাঝে ইচ্ছা করেন সেখানে শ্রেষ্ঠ হন।

যো বৈ বসিষ্ঠাং বেদ বসিষ্ঠঃ স্বানাং ভবতি বাগ্বৈ বসিষ্ঠা বসিষ্ঠঃ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভুষতি য এবং বেদ ॥ ২

বসিষ্ঠাকে জানে যেই জ্ঞানীজন
আত্মীয় মাঝে বসিষ্ঠ হন
বাক বসিষ্ঠা বাগ্মী হইয়া ধনোপার্জন করে
বাগ্মীতা দ্বারা অপর জনেরে পরাজিত সেই করে।
এ কথা যে জানে স্বজনের মাঝে বসিষ্ঠ তিনি হন
যাহাদের মাঝে বসিষ্ঠ হন যা তাঁর ইচ্ছা হন।

যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ প্রতিতিষ্ঠতি সমে প্রতিতিষ্ঠতি দুর্গে চক্ষুর্বৈ প্রতিষ্ঠা চক্ষুষা হি সমে চ দুর্গে চ প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি সমে প্রতিতিষ্ঠতি দুর্গে য এবং বেদ ॥ ৩

প্রতিষ্ঠাকে যে জানে যেই জন সুগম দেশে বা কালে
দুর্গম দেশে অথবা অকালে প্রতিষ্ঠিত সে চলে
চোখ প্রতিষ্ঠা নয়নের দ্বারা
সম বা বিষম পার হয় তারা
চক্ষের দ্বারা সকল বিপদ দেখে সেই হয় পার
প্রতিষ্ঠা সেই করে আপনারে হার কভু নয় তার।

যো হ বৈ সম্পদং বেদ সং হাস্মৈ পদ্যতে যং কামং কাময়তে শ্রোত্রং বৈ সম্পচ্ছ্রোত্রে হীমে সর্বে বেদা অভিসম্পন্নাঃ সং হাস্মৈ পদ্যতে যং কামং কাময়তে য এবং বেদ ॥ ৪

সম্পদকে যেই জানে সেই জন যা-কিছু কামনা করে
তাহার জন্য হয় তা তখন—(সম্পদে সেই ভরে)
শ্রোত্রই সম্পদ হয় জেন হয়
শ্রোত্রেই বেদ অধিগত হয়
যিনি এইরূপ জানেন সেজন যা-কিছু কামনা করে
তাহাই জানিও তাহার তরেতে পূর্ণতা হয়ে ভরে।

যো হ বা আয়তনং বেদায়তনং স্বানাং ভবত্যায়তনং জনানাং মনো বা আয়তনমায়তনং স্বানাং ভবত্যায়তনং জনানাং য এবং বেদ ॥ ৫

আয়তনে যিনি জানেন সবার আয়তন তিনি হন
মন আয়তন একথা যে জানে—তিনি আশ্রয় হন।

যো হ বৈ প্রজাতিং বেদ প্রজায়তে হ প্রজয়া পশুভী রেতো বৈ প্রজাতিঃ প্রজায়তে হ প্রজয়া পশুভির্য এবং বেদ ॥ ৬

প্রজাতিকে জানে যেই জন তিনি সন্তান পশু লভে
জননেন্দ্রিয়ই প্রজাতি যে হয়। জানে যেইজন তবে
সন্তান পশু লভে সেই জন
এই সম্পদে সমৃদ্ধ হন।

তে হেমে প্রাণা অহংশ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুস্তদ্ধোচুঃ কো নো বসিষ্ঠ ইতি তদ্ধোবাচ যস্মিন্ ব উৎক্রান্ত ইদং শরীরং পাপীয়ো মন্যতে স বো বশিষ্ঠ ইতি ॥ ৭

ইন্দ্রিয় দল কেবা বড় তাহা স্থির করিবার তরে
কলহ করিয়া ব্রহ্মার কাছে যান তারা তারপরে
জিজ্ঞাসে তাঁরে কেবা বড় বল
ব্রহ্মা বলেন নিজে স্থির কর
তোমাদের মাঝে যেই বাহিরিলে দেহ সে নষ্ট হয়
সেই জন বড় তোমাদের মাঝে মনে জেন নিশ্চয়

বাগ্‌ঘোচ্চক্রাম সা সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি তে হোচুর্যথাইকলা অবদন্তো বাচা প্রাণন্তঃ প্রাণেন পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ বিদ্বাংসো মনসা প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ বাক্ ॥ ৮

তখন বাক্য দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
এক বৎসর প্রবাসে থাকিয়া ফিরে দেহে পুনরায়
শুধান তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে

বলে সকলেতে মূকেরা যেমন জীবন ধারণ করে
কথা না বলিয়া আছিলাম বেঁচে আমরা তেমন করে।
প্রাণের দ্বারায় জীবন ধরিয়া চক্ষুর দ্বারা দেখিয়া
কানের দ্বারায় শুনিয়া এবং মনের দ্বারায় জানিয়া
জননেন্দ্রিয়ে লভি সন্তান
বাঁচে সে যেমন তাই বাঁচিলাম
শুনি এই কথা বাক সে দেহতে প্রবেশ তখন করে
(বাক্য শ্রেষ্ঠ নহে যে আপনি বুঝিল এমনি করে)।

চক্ষুর্হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি তে হোচুর্যথাঽন্ধা অপশ্যন্তশ্চক্ষুষা প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ বিদ্বাংসো মনসা প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ চক্ষুঃ ॥ ৯

তখন চক্ষু দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
বছর কাটিল প্রবাসে থাকিয়া ফিরে দেহে পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে
অপরেরা কন অন্ধ যেমন জীবন ধারণ করে
না দেখিয়া তবু ছিলাম যে বেঁচে আমিও তেমন করে।
বাক্যের দ্বারা কথা সে বলিয়া প্রাণেতে জীবন ধরিয়া
কানের দ্বারায় শুনিয়া এবং মনের দ্বারাই জানিয়া
জননেন্দ্রিয়ে লভি সন্তান
বাঁচে সে যেমন তাই বাঁচিলাম
শুনে এই কথা চক্ষু তখন দেহতে প্রবেশ করে
চক্ষু শ্রেষ্ঠ নহে যে আপনি বুঝিল এমনি করে।

শ্রোত্রং হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি তে হোচুর্যথা বধিরা অশৃণ্বন্তঃ শ্রোত্রেণ প্রাণন্তঃ

প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা বিদ্বাংসো মনসা প্রজায়মানা রেত-সৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ শ্রোত্রম্ ॥ ১০

কর্ণ তখন দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
এক বৎসর প্রবাসেতে থেকে দেহে ফেরে পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে
অপরেরা ক'ন বধির যেমন জীবন ধারণ করে।
না শুনিয়া তবু রহি যে বাঁচিয়া আমরা তেমনি করে।
বাক্যের দ্বারা কথা সে বলিয়া চক্ষুর দ্বারা দেখিয়া
প্রাণের দ্বারায় জীবন ধরিয়া মনের দ্বারায় জানিয়া
জননেন্দ্রিয়ে লভি সন্তান
বাঁচে সে যেমন তাই বাঁচিলাম
শুনি এই কথা কর্ণ তখন দেহতে প্রবেশ করে
কর্ণ শ্রেষ্ঠ নহে তা তখন জানিল এমন করে।

মনো হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি তে হোচুর্যথা মুগ্ধা অবিদ্বাংসো মনসা প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ প্রজায়মানা রেত-সৈবমজীবিষ্মেতি প্রবিবেশ মনঃ ॥ ১১

মন এইবার দেহ ছেড়ে তবে প্রবাসেতে যেতে চায়
এক বৎসর প্রবাসেতে থেকে দেহে ফেরে পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে
অপরেরা কয় অমনা শিশুরা যেমন করিয়া রয়
ঠিক সেইভাবে রহি যে বাঁচিয়া দুঃখ করিয়া কয়।
বাক্যের দ্বারা কথা যে বলিয়া প্রাণের দ্বারায় বাঁচিয়া
কর্ণের দ্বারা শুনিয়া এবং চক্ষের দ্বারা দেখিয়া

জননেন্দ্রিয়ে লভি সন্তান
বাঁচে সে যেমন তাই বাঁচিলাম

শুনি এই কথা মন সে তখন দেহ মাঝে তবে ফেরে
মন যে শ্রেষ্ঠ নহে তা তখন জানিল এমন করে।

রেতো হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি তে হোচুর্যথা ক্লীবা অপ্রজায়মানা রেতসা প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ বিদ্বাংসো মনসৈবম-জীবিষ্মেতি প্রবিবেশ হ রেতঃ॥ ১২

জননেন্দ্রিয় দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
এক বৎসব প্রবাসে থাকিয়া ফিরে দেহে পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমাব বিহনে ছিলে কি প্রকাবে
কহিলেন তারা ক্লীবেরা যেমন করিয়া বাঁচিয়া রয়
জননেন্দ্রিয়ে পুত্রোৎপাদন না করিয়া যথা রয়।
প্রাণের দ্বারায় জীবন ধরিয়া বাক্যেতে কথা কহিয়া
চক্ষুব দ্বারা দেখিয়া এবং কানের দ্বারায় শুনিয়া
মনের দ্বারায় জানিয়া তেমন
বাঁচে সে যেমন তাই বাঁচিলাম
শুনি এই কথা জননেন্দ্রিয় দেহতে প্রবেশ করে
শ্রেষ্ঠ আপনি নহে যে এ কথা জানিল এমন করে।

অথ হ প্রাণ উৎক্রমিষ্যন্ যথা মহাসুহয়ঃ সৈন্ধবঃ পড্বীশ শঙ্কূন সংবৃহেদেবং হৈবেমান্ প্রাণান্ সংববর্হ তে হোচুর্মা ভগব উৎক্রমীন বৈ শক্ষ্যামস্ত্বদৃতে জীবিতুমিতি তস্যো মে বলিং কুরুতেতি তথেতি॥ ১৩

ইহার পরেতে প্রাণ সে যখন উৎক্রমনেতে যায়
অশ্ব যেমন পাদবন্ধনে শঙ্কুরে ছিড়ি লয়—
আপনার সাথে ইন্দ্রিয়গণ
স্থানভ্রষ্ট যে হইল তখন

কহিলেন তারা তুমি শ্রেষ্ঠ যেও না বধিয়া সবে
প্রাণ বলিলেন আমার তরেতে বলির বিধান হবে।
ইন্দ্রিয়গণ কহেন তখন
তাহাই হইবে জানিও এখন।

সা হ বাগুবাচ যদ্বা অহং বসিষ্ঠাঽস্মি ত্বং তদ্বসিষ্ঠোঽসীতি যদ্বা অহং প্রতিষ্ঠাঽস্মি ত্বং তৎপ্রতিষ্ঠোঽসীতি চক্ষুর্যদ্বা অহং সম্পদস্মি ত্বং তৎসম্পদসীতি শ্রোত্রং যদ্বা অহমায়তনমস্মি ত্বং তদায়তনমসীতি মনো যদ্বা অহং প্রজাতিরস্মি ত্বং তৎপ্রজাতিরসীতি রেতস্তস্যো আ কিং অন্নং কিং বাস ইতি যদিদং কিঞ্চা শ্বভ্য অ কৃমিভ্য আ কীটপতঙ্গেভ্যস্তত্তেঽন্নমাপো বাস ইতি ন হ বা অস্যানন্নং জগ্ধং ভবতি নানন্নং প্রতিগৃহীতং য এবমেতদনস্যান্নং বেদ তদ্বিদ্বাংসঃ শ্রোত্রিয়া অশিষ্যন্ত আচামন্ত্যশিত্বাচামন্ত্যেতমেব তদনমনগ্নং কুর্বন্তো মন্যন্তে ॥ ১৪

বাক বলিলেন যেই গুণে আমি বসিষ্ঠা হয়ে রই
বসিষ্ঠত্ব গুণ আপনারই বসিষ্ঠ আমি নই
চক্ষু বলেন প্রতিষ্ঠা যে হয়
সে গুণ তোমারি জানি নিশ্চয়
শ্রোত্র বলেন সম্পদ গুণ তোমারই আমার নয়
মন বলিলেন আয়তনত্ব গুণ তোমারই জেনেছি হয়।
জননেন্দ্রিয় বলেন তখন প্রজাতি তোমারই হয়
প্রাণ কন তবে আমার অন্ন পরিধান কিসে হয়?
বলিলেন তাঁরা কুক্কুর আর
কৃমি কীট যত পতঙ্গ আর
এদের অন্ন তোমার অন্ন হইয়া জানিও রয়
জল পরিধেয় হইবে তোমার জানিও সুনিশ্চয়।
প্রাণের অন্ন বিদিত যেজন এমন কিছু না খায়
অন্ন যা নয় এমন দান সে কখনই নাহি লয়

বেদ জানে যারা সেই জ্ঞানীগণ
ভোজন অন্তে করে আচমন
মনে জানে তারা প্রাণের নগ্নতা দূর করে সেইভাবে
(প্রাণ উপাসক প্রাণেরে দানিয়া গ্রহণ করেন তবে)।

ষষ্ঠাধ্যায়—দ্বিতীয় ব্রাহ্মণ

শ্বেতকেতুর্হ বা আরুণেয়ঃ পঞ্চালানাং পরিষদমাজগাম স আজগাম জৈবলিং প্রবাহণং পরিচারয়মাণং তমুদীক্ষ্যাভ্যুবাদ কুমারা ৩ ইতি স ভো ৩ ইতি প্রতিশুশ্রাবানুশিষ্টো ন্বসি পিত্রেত্যোমিতি হোবাচ ॥ ১

অরুণ পৌত্র শ্বেতকেতু তবে পঞ্চাল সভায় যায়
জীবল পুত্র রাজা প্রবাহনে ভৃত্যেরা সেবে তায়
আসিলেন তিনি এমন সময়
অভ্যর্থনা করি রাজা কয়
'বৎস'—তখন শ্বেতকেতু 'ভো' বলি উত্তর দেন
পিতার নিকট উপদিষ্ট ত ? রাজা তার প্রতি কন।
শ্বেতকেতু তার উত্তর দেন
হ্যাঁ বলি যা তবে রাজা প্রতি কন।

বেত্থ যথেমাঃ প্রজাঃ প্রয়ত্যো বিপ্রতিপদ্যন্তা ৩ ইতি নেতি হোবাচ বেত্থো যথেমং লোকং পুনরাপদ্যন্তা ৩ ইতি নেতি হৈবোবাচ বেত্থো যথাঽসৌ লোক এবং বহুভিঃ পুনঃ পুনঃ প্রয়দ্ভির্ন সম্পূর্যতা ৩ ইতি নেতি হৈবোবাচ বেত্থো যতিথ্যামাহুত্যাং হুতায়ামাপ পুরুষবাচো ভূত্বা সমুত্থায় বদন্তী ৩ ইতি নেতি হৈবোবাচ বেত্থো দেবযানস্য বা পথঃ প্রতিপদং পিতৃযাণস্য বা যৎ কৃত্বা দেবযানং বা পন্থানং প্রতিপদ্যন্তে পিতৃযাণং বাঽপি হি ন ঋষের্বচঃ শ্রুতং—

দ্বে স্রুতী অশৃণবং পিতৃণামহং দেবানামুত মর্ত্যানাম্
তাভ্যামিদং বিশ্বমেজৎসমেতি যদন্তরা পিতরং মাতরংচ। ইতি নাঽমত একঞ্চন বেদেতি হোবাচ ॥ ২

রাজা ক'ন তবে মানুষেরা সবে মরণের পরে যায়
বিভিন্ন পথে কেমন করিয়া জান কি তুমি হে তায়
শ্বেতকেতু ক'ন জানি না রাজন
রাজা পুনরায় বলেন তখন
কিরূপে তাহারা পুন ইহ লোকে ফিরিয়া আসে কি জান
শ্বেতকেতু ক'ন জানি না ত আমি রাজা ক'ন তবে জান ?
বার বার এই বহু জীব গিয়ে পরলোক পূর্ণ না হয় ?
শ্বেতকেতু বলে জানি না তখন প্রবাহন পুনঃ কয়
যত সংখক আহুতি প্রদত
হলে জল, কথা বলে নরমত
মানুষ সুলভ বাক্য শক্তি যুক্ত হইয়া হয়
শ্বেতকেতু ক'ন জানি না রাজন—কহ তুমি মহাশয়।
দেবযান আর পিতৃযানের পথ কিসে লাভ হয়
জান কি ? আমরা ঋষির বচনে শুনেছি একথা হয়
দেবলোক আর পিতৃলোকের
মনুষ্য সম্বন্ধ দুইটি পথের
কথা যা শুনেছি দুই পথে গিয়ে দুয়ে একীভূত হয়
মার্গ যাদের মধ্যবর্তী দ্যুলোক ভূলোকময়।
শ্বেতকেতু তবে বলেন বচন
এ প্রশ্ন কিছুই জানিনা এমন।

অথৈনং বসত্যোপমন্ত্রয়াঞ্চক্রেঽনাদৃত্য বসতিং কুমারঃ প্রদুদ্রাব স আজগাম পিতরং তং হোবাচেতি বাব কিল নো ভবান্ পুরাঽনুশিষ্টান বোচ ইতি কথং সুমেধ ইতি পঞ্চ মা প্রশ্নান্ রাজন্যবন্ধুরপ্রাক্ষীৎ ততো নৈকঞ্চন বেদেতি কতমে ত ইতীম ইতি হ প্রতীকান্যুদাজহার॥ ৩

ইহার পরেতে সেথা বাস তরে রাজা তবে তারে কয়
উপেক্ষা করি কুমার তখন সেথা হতে চলে যায়
পিতার নিকট আসি তবে ক'ন
উপদিষ্ট হলে কহিলে কেমন
পিতা ক'ন কহ সুমেধ কেমনে ব্যথিত এমন হলে
শ্বেতকেতু ক'ন রাজবন্ধু সে প্রশ্ন যা কিছু বলে
পাঁচ প্রশ্ন সে জিজ্ঞাসে মোরে জানি না একটি তার
কি সেই প্রশ্ন পিতা জিজ্ঞাসে—বলেন পুনর্ব্বার।

স হোবাচ তথা নস্ত্বং তাত জানীথা যথা যদহং কিঞ্চ বেদ সর্বমহং তৎ তুভ্যমবোচং প্রেহি তু তত্র প্রতীত্য ব্রহ্মচর্যং বৎস্যাব ইতি ভবানেব গচ্ছত্বিতি স আজগাম গৌতমো যত্র প্রবাহণস্য জৈবলেরাস তস্মা আসন মাহৃত্যো দকমাহারয়াঞ্চকারাথ হাস্মা অর্ঘ্যং চকার তং হোবাচ বরং ভগবতে গৌতমায় দদ্ম ইতি ॥ ৪

পিতা কহিলেন বিশ্বাস কর বলিয়াছি যা যা জানি
তবে চল মোরা ব্রহ্মচর্য বাস করি গিয়া সেইখানই
শ্বেতকেতু কয় আপনিই যান
দরবার করে রাজা প্রবাহন
গৌতম গেলে আসন প্রদানি জল আনয়ন করে,
অর্ঘ্য বিধান করি তবে রাজা গৌতম প্রতি বলে
ওহে ভগবান গৌতম শুন
বর দিতে চাই কহেন তখন

স হোবাচ প্রতিজ্ঞাতো ম এষ বরো যং তু কুমারস্যান্তে বাচম ভাষথাস্তাং মে ব্রূহীতি ॥ ৫

বর দিবে বলি শপথ করেছ গৌতম তবে কয়
কুমারে বলেছ যা যা কথা মোরে বল তাহা মহাশয়।

স হোবাচ দৈবেষু বৈ গৌতম তদ্বরেষু মানুষাণাং ব্রূহীতি ॥ ৬

রাজা ক'ন উহা দৈব বর হয়
মানবীয় বর চাহ মহাশয়।

স হোবাচ বিজ্ঞায়তে হাস্তি হিরণ্যস্যাপাত্তং গো অশ্বানাং দাসীনাং প্রবারাণাং পরিধানস্য মা নো ভবান বহোরনন্তস্যাপর্যন্তস্যাভ্যবদান্যো-ভূদিতি স বৈ গৌতম তীর্থেনেচ্ছাসা ইত্যুপৈম্যহং ভবন্তমিতি বাচা হ স্মৈব পূর্ব উপযন্তি স হোপায়নকীর্ত্যোবাস ॥ ৭

জানেন আপনি প্রচুর স্বর্ণ গো অশ্ব যত হয়
দাসী পরিবার বস্ত্রাদি মোর প্রচুরতম সে রয়

যাহা বহু যাহা অনন্ত হয়
অশেষ বিদ্যা কহ মহাশয়

প্রবাহন ক'ন যথারীতি তবে বিদ্যা লাভ সে কর
গৌতম ক'ন তোমার শিষ্য হইব—গ্রহণ করো।

প্রাচীন কালের শিক্ষার্থীগণ এরূপ তখন হয়
মুখের কথায় পাদবন্দনা না করি শিষ্য হয়।

দীক্ষা লয়েছি বলেন তখন
শিষ্য হইয়া রহেন তখন।

স হোবাচ তথা নস্ত্বং গৌতম মাইপরাধাস্তব চ পিতামহা যথেয়ং বিদ্যেতঃ পূর্বং ন কস্মিংশ্চন ব্রাহ্মণ উবাস তাং ত্বহং তুভ্যং বক্ষ্যামি কো হি ত্বৈবং ব্রুবন্তমর্হতি প্রত্যাখ্যাতুমিতি ॥ ৮

গৌতম প্রতি প্রবাহন কহে তব পিতামহগণ
আমাদের পিতামহ অপরাধ করেন নি গ্রহণ

তেমনি আমার অপরাধ যত
ক্ষমিও তেমনি তুমিও সেমত

এই বিদ্যা সে ইহার পূর্বে কোন ব্রাহ্মণ জন
আয়ত্ত কভু করে নাই তবু বলিব তাহা এখন
যেভাবে বিদ্যা চাহিয়াছ তুমি দিব তাহা নিশ্চয়
কে বল ফিরাতে পারে গো তোমারে প্রবাহন তবে কয়।

অসৌ বৈ লোকোঽগ্নির্গৌতম তস্যাদিত্য এব সমিদ্রশ্ময়ো ধূমোঽহরর্চির্দিশোঽঙ্গারা অবান্তরদিশো বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি তস্যা আহুত্যৈ সোমো রাজা সম্ভবতি ॥ ৯

গৌতম এই দ্যুলোক অগ্নি সূর্য সে ইন্ধন
রশ্মি ইহার ধূম হয় জেন অঙ্গার দিকগণ
বিস্ফুলিঙ্গ হয় দিক কোণ
সেই অগ্নিতে যত দেবগণ
শ্রদ্ধাকে জেন আহুতি যে দেন—(শোন তবে দিয়া মন)
সে আহুতি হতে রাজা সোম সেই সমুদ্ভুত যে হন।

পর্জন্যো বা অগ্নির্গৌতম তস্য সংবৎসর এব সমিদভ্রাণি ধূমো বিদ্যুদর্চিরশনিরঙ্গারা হ্রাদুনয়ো বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ সোমং রাজানং জুহ্বতি তস্যা আহুত্যৈ বৃষ্টিঃ সম্ভবতি ॥ ১০

ওহে গৌতম পর্জন্য জেন অগ্নিই সেই হয়
সম্বৎসর সমিধ মেঘ ধূম তার বিদ্যুৎ শিখা হয়
বজ্র তাহার অঙ্গার হয়
মেঘগর্জন স্ফুলিঙ্গময়
এই অগ্নিতে দেবগণ রাজা সোমকে আহুতি দেন
সে আহুতি হতে বৃষ্টি হইয়া হয় জেন বরিষণ।

অয়ং বৈ লোকাঽগ্নির্গৌতম তস্য পৃথিব্যেব সমিদগ্নির্ধূমো রাত্রিরর্চিশ্চন্দ্রমা অঙ্গারা নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা বৃষ্টিং জুহ্বতি তস্যা আহুত্যা অন্নং সম্ভবতি ॥ ১১

ওহে গৌতম ইহলোকই জেন অগ্নি রূপেতে রয়
পৃথিবী তাহার ইন্ধন, অগ্নি ধূম, রাত্রি শিখা হয়
চন্দ্রমা হয় অঙ্গার তার
নক্ষত্রকুল স্ফুলিঙ্গ তার
এই অগ্নিতে দেবগণ সবে বৃষ্টি আহুতি দেয়
এ আহুতি হতে অন্ন সৃজন উৎপন্ন জেন হয়।

পুরুষো বা অগ্নির্গৌতম তস্য ব্যাত্তমেব সমিৎ প্রাণোধুমো বাগর্চিশ্চক্ষুরঙ্গারাঃ শ্রোত্রং বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা অন্নং জুহ্বতি তস্যা আহুত্যৈ রেতঃ সম্ভবতি ॥ ১২

ওহে গৌতম পুরুষই অগ্নি মুখ সে সমিধ হয়
প্রাণ ধূম তার বাক্য সে শিখা চক্ষু অঙ্গার হয়

কর্ণ তাহার স্ফুলিঙ্গ হয়
এই অগ্নিতে দেবতা নিচয়

অন্নকে সবে আহুতি প্রদানি অঞ্জলি তাতে দেয়
সে আহুতি হতে রেতের সৃজন জানিও তাহাতে হয়।

যোষা বা অগ্নির্গৌতম তস্যা উপস্থ এব সমিল্লোমানি ধূমো যোনিরর্চির্যদন্তঃ করোতি তেঽঙ্গারাঃ অভিনন্দা বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা রেতো জুহ্বতি তস্যা আহুত্যৈ পুরুষঃ সম্ভবতি স জীবতি যাবজ্জীবত্যথ যদা ম্রিয়তে ॥ ১৩

এই যোষা জেন অগ্নি—ইহাতে দেবেরা আহুতি দেয়
শুক্র আহুতি। সে আহুতি হতে পুরুষ জাত যে হয়

বাঁচে যতদিন পরমায়ু রয়
ইহার পরেতে মৃত্যু লভয়।

অথৈনমগ্নয়ে হরন্তি তস্যাগ্নিরেবাগ্নির্ভবতি সমিৎ সমিদ্ধূমো ধুমোঽর্চিরঙ্গারা বিস্ফুলিঙ্গা বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ পুরুষং জুহ্বতি তস্যা আহুত্যৈ পুরুষো ভাস্বরবর্ণঃ সম্ভবতি ॥ ১৪

যখন তাঁহারে দহনের তরে লইয়া সকলে যান
শ্মশানই অগ্নি হোমের অগ্নি চিতাকাঠ সমিধ হন

চিতার শিখা সে যজ্ঞের শিখার
চিতা অঙ্গার হোমাগ্নি শিখার

চিতার আগুনে স্ফুলিঙ্গ যাহা হোমাগুন সম হয়
ঐ অগ্নিতে দেবতারা সবে পুরুষে আহুতি দেয়
সে আহুতি হতে পুরুষ উজ্জল সূরয বরণ হন
ভাস্বর রূপে দিক উজলিয়া নির্গত সেই জন।

তে য এবমেতদ্‌ বিদুর্যে চামী অরণ্যে শ্রদ্ধাং সত্যমুপাসতে তে অর্চিরভিসম্ভবন্ত্যর্চিষোঽহরহ্ন আপূর্যমাণ পক্ষমাপূর্যমাণপক্ষাদ যান্‌ ষণ্মাসানুদঙ্ঙাদিত্য এতি মাসেভ্যো দেবলোকং দেবলোকাদাদিত্য মাদিত্যাদ্বৈদ্যুতং বৈদ্যুতান্‌ পুরুষো মানস এত্য ব্রহ্মলোকান্‌ গময়তি তে তেষু ব্রহ্মলোকেষু পরাঃ পরাবতো বসন্তি তেষাং ন পুনরাবৃত্তিঃ ॥ ১৫

গৃহস্থ যাঁরা পঞ্চ অগ্নি বিদ্যা যাহারা জানে
বনে বাস করে সত্যব্রহ্মে যেইজন আরাধনে
শ্রদ্ধা সহিত করি উপাসনা
অর্চি দেবেরে লভে দুইজনা

অর্চি হইতে অহ দেবতাকে অহ হতে শুক্লপক্ষ পায়
শুক্লপক্ষ হইতে জানিও উত্তরায়ণ দেবতাকে পায়
উত্তরায়ণ দেবতা হইতে দেবলোক দেবতা পায়
দেবলোক হইতে আদিত্য আর আদিত্য হতে বিদ্যুতে পায়
বিদ্যুত মাঝে আসিলে তখন
মানস পুরুষ আসেন যখন

তাঁহাদের সবে ব্রহ্মলোকেতে লইয়া তখন যায়
উত্তমাবস্থা প্রাপ্ত হইয়া বহু কল্প সেথা রয়
এই সংসারে পুনরায় তারা কখন না আর আসে
(কল্পলোকেতে কল্প যুগ সে কল্পতরুর পাশে)।

অথ যে যজ্ঞেন দানেন তপসা লোকাঞ্জয়ন্তি তে ধূমমভিসম্ভবন্তি-ধূমাদ্রাত্রিং রাত্রেরপক্ষীয়মাণপক্ষমপক্ষীয়মাণপক্ষাদ্‌ যান্‌ ষণ্মাসান দক্ষিণাদিত্য এতি মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাচ্চন্দ্রং তে চন্দ্রং প্রাপ্যান্নং ভবন্তি তাংস্তত্র দেবা যথা সোমং রাজানমাপ্যায়স্বাপক্ষীয়স্বেত্যেবমেনাংস্তত্র ভক্ষয়ন্তি তেষাং যদা তৎ পর্যবৈত্যথেমমেবাকাশমভিনিষ্পদ্যন্ত আকাশদ্বায়ুং বয়োর্বৃষ্টিং বৃষ্টেঃ পৃথিবীং তে পৃথিবীং প্রাপ্যান্নং ভবন্তি তে পুনঃ পুরুষাগ্নৌ হূয়ন্তে ততো যোষাগ্নৌ জায়ন্তে লোকান্‌ প্রত্যুত্থায়িনস্ত এবমেবানুপরিবর্তন্তেঽথ য এতৌ পন্থানৌ ন বিদুস্তে কীটাঃ পতঙ্গা যদিদং দন্দশূকম্‌ ॥ ১৬

প্রত্যুত যাঁরা যজ্ঞ দান ও তপস্থায় করে জয়
লোক সমূহকে জয় করে তারা ধূম দেবতাকে পায়
ধূম হতে পায় রাত্রি দেবতা
রাত্রি হইতে কৃষ্ণপক্ষ দেবতা
কৃষ্ণপক্ষ দেবতা হইতে দক্ষিণায়ন দেব পায়
দক্ষিণায়ন হতে পিতৃদেবতা তাহতে চন্দ্রে পায়
চন্দ্রে লভিয়া অন্ন যে হন
তখন সকল ঋত্বিকগণ
বর্ধিত হও বলি উজ্জল সোমকে করেন পান
এইরূপে সব দেবতার মাঝে ভক্ষিত তাঁরা হন
তাহাদের ঐ কর্ম যখন ক্ষীণ হয় পুনরায়
তখন তাহারা এই আকাশকে আবার প্রাপ্ত হয়
আকাশ হইতে বায়ু মাঝে র'ন
বায়ু হতে পুন বৃষ্টিতে যান
বৃষ্টি হইতে পৃথিবীতে এসে আবার অন্ন হন
পুরুষাগ্নিতে হুত হয়ে পুন যোষাগ্নি জাত হন
লোকসমূহকে লাভ করিবারে কর্মানুষ্ঠাতা যেজন
এইরূপে তাঁরা চন্দ্র আকারে করেন পরিভ্রমণ
উভয় পথটি জানেন না যারা
কীট-পতঙ্গ হয়ে রয় তারা।

ষষ্ঠাধ্যায়—তৃতীয় ব্রাহ্মণ

স যঃ কাময়েত মহৎ প্রাপ্নুয়ামিত্যুদগয়ন আপূর্যমাণ পক্ষস্য পুণ্যাহে দ্বাদশাহমুপসদ্‌ব্রেতী ভূত্বৌদুম্বরে কংসে চমসে বা সর্বৌষধং ফলানীতি

সংভৃত্য পরিসমুহ্য পরিলিপ্যাগ্নিমুপসমাধায় পরিস্তীর্যাবৃতাজ্যং সংস্কৃত্য পুংসা নক্ষত্রেণ মন্থং সংনীয় জুহোতি।
যাবন্তো দেবাস্ত্বয়ি জাতবেদস্তির্যঞ্চো ঘ্নন্তি পুরুষস্য কামান্।
তেভ্যোঽহং ভাগধেয়ং জুহোমি তে মা তৃপ্তাঃ সর্বৈঃ কামৈস্তর্পয়ন্তু স্বাহা।
যা তিরশ্চী নিপদ্যতেঽহং বিধরণী ইতি।
তাং ত্বা ঘৃতস্য ধারয়া যজে সংরাধনীমহং-স্বাহা ॥ ১

যে কামনা করে মহান হইব শুক্লপক্ষকালে
পুং নক্ষত্রেতে শুভতিথি দেখি উপসদ ব্রত পালে
শুধু দুধ খেয়ে সেই জন রয়
গাভীর স্তন্য বাড়ায় কমায়
অন্য কিছুই করে না আহার এই ব্রতধারীজন
ডুমুর কাঠের পাত্রে চমসা সর্বৌষধি তবে লন।
ফল সংগ্রহ ভূমি মার্জিত লেপিত করিয়া তবে
অগ্নি জ্বালিয়া কুশ বিছাইয়া আজ্য হবিরে লবে
মন্থকে তবে করিবে স্থাপন
আপনও অগ্নি মাঝে সেইজন
এ মন্ত্র স্মরি করিবেন হোম হে অগ্নি তুমি শোন
বক্রমতি যে দেবতা সকল তোমার অধীনে র'ন
পুরুষের সব কামনা সকল
বাধা দেন যারা সকলে কেবল
তাঁদের তরেতে আমার অংশ আহুতি প্রদান করি
তৃপ্ত হইয়া কাম্য বস্তু আমায় দিন গো ভরি
কুটীলমতি যে দেবতা সকল নিম্নেতে তাব রয়
আমি সকলের ধারণকারী এ ভাবিয়া পৃথকে রয়
সে সর্বসাধক দেবতার তরে—
ঘৃত দ্বারা হোম করি আমি তাঁরে।

জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহা স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি প্রাণায় স্বাহা বসিষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি বাচে স্বাহা প্রতিষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি চক্ষুষে স্বাহা সম্পদে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি শ্রোত্রায় স্বাহায়তনায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি মনসে স্বাহা প্রজাত্যৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি রেতসে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ॥ ২

জ্যেষ্ঠ উদ্দেশে স্বাহা ও শ্রেষ্ঠ উদ্দেশে স্বাহা বলি
অগ্নির মাঝে আহুতি প্রদানি সংস্রব মন্থে ফেলি
প্রাণ উদ্দেশে এ স্বাহা বলিয়া
বশিষ্ঠ উদ্দেশে এ স্বাহা বলিয়া
আহুতি প্রদানি সংস্রব নিক্ষেপি বাক্য উদ্দেশে স্বাহা
প্রতিষ্ঠা উদ্দেশে স্বাহা এ বলিয়া মন্ত্রে আহুতি দিয়া।
সংস্রবকেই মন্থে নিক্ষেপ করিবেন সেই ক্ষণ
চক্ষুকে স্বাহা সম্পদে স্বাহা বলিয়া আহুতি দেন
মন্ত্র এ দুই বলি তার পরে
স্রব সংলগ্ন মন্থ নিক্ষেপ করে
শ্রোত্রকে স্বাহা আয়তনে স্বাহা বলিয়া পুনর্ব্বার
স্রব সংলগ্ন মন্থ নিক্ষেপ করিবেন আর বার।
মনকে স্বাহা ও প্রজাপতিকে স্বাহা এ দুই মন্ত্র বলে
অগ্নিতে আহুতি স্রবসংলগ্নাংশ মন্থেরে দিবে ফেলে
রেতসকে স্বাহা এ মন্ত্র বলি
আগুনে আহুতি মন্থরে ফেলি
স্রব সংলগ্ন অংশ তখন নিক্ষেপ তবে করে
জ্যেষ্ঠকে স্বাহা শ্রেষ্ঠকে স্বাহা এ মন্ত্র যেই স্মরে।

অগ্নয়ে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি সোমায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ভূঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ভুবঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি স্বঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ভূর্ভুবঃস্বঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ব্রহ্মণে স্বাহেত্যগ্নৌ মন্থে সংস্রবমবনয়তি ক্ষত্রায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ভূতায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ভবিষ্যতে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি বিশ্বায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি সর্বায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি প্রজাপতয়ে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ॥ ৩

অগ্নিকে স্বাহা এই মন্ত্রেতে আগুনে আহুতি দিয়া
স্রব সংলগ্নাংশ মন্থ সকল তাহাতে নিক্ষেপিয়া

সোমকে স্বাহা এ মন্ত্র বলিয়া
স্রব সংলগ্নাংশ মন্থে নিক্ষেপিয়া

ভূঃকে স্বাহা এই মন্ত্র বলিয়া আহুতি আগুনে দিবে
স্রব সংলগ্নাংশ মন্থ তখন তাহাতে নিক্ষেপিবে।
ভুবঃ স্বাহা এই মন্ত্র বলিয়া আবার পুনর্ব্বার
স্রব সংলগ্নাংশ মন্থ নিক্ষেপ করিবে সে আর বার

স্বঃকে স্বাহা এই মন্ত্র বলিয়া
স্রব সংলগ্নাংশ মন্থে নিক্ষেপিয়া

ভূ ভুবঃ স্বঃকে স্বাহা বলি মন্ত্র আহুতি আগুনে দিবে
স্রব সংলগ্নাংশ মন্থ তখন তাহাতে নিক্ষেপিবে।
ব্রাহ্মণে স্বাহা ক্ষত্রিয়ে স্বাহা অতীতকে স্বাহা বলি
ভবিষ্যতকে স্বাহা বিশ্বকে স্বাহা সকলকে স্বাহা বলি

প্রতিবার এক মন্ত্র বলিয়া
স্রব সংলগ্নাং মন্থে নিক্ষেপিয়া

প্রজাপতি স্বাহা এ মন্ত্র বলি আগুনে আহুতি দিবে
স্রব সংলগ্নাংশ মন্থ তখন তাহাতে নিক্ষেপিবে।

অথৈনমভিমৃশতি ভ্রমদসি জ্বলদসি পূর্ণমসি প্রস্তব্ধমস্যেক **সভমসি** হিংকৃতমসি হিংক্রিয়মাণমস্যুদগীথমস্যুদ্গীয়মানমসি শ্রাবিতমসি প্রত্যা-শ্রাবিতমস্যার্দ্রে সংদীপ্তমসি বিভূরসি প্রভূরস্যন্নমসি জ্যোতিরসি নিধন-মসি সংবর্গোঽসীতি ॥ ৪

ইহার পরেতে এই মন্ত্রেতে মন্থে পরশ করি
বলিবেন তুমি সর্ব দেহতে রয়েছ ভ্রমণকারী
তুমিই পূর্ণ তুমি সমুজ্জ্বল
মিলনক্ষেত্র তুমি অবিচল
যজ্ঞারম্ভে হিংকার তুমি যজ্ঞেতে হিংকৃত
যজ্ঞমধ্যে উদগীয়মান আরম্ভে উদগীথ
যজ্ঞারম্ভে অধ্বর্যুগণ শোনান তোমারই কথা
যজ্ঞের মাঝে আগ্নীধ্রগণ তব নাম গান রতা
আর্দ্রের মাঝে সন্দীপ্ত হও
তুমি প্রভু বিভু অন্নও হও
তুমি জ্যোতি তুমি প্রলয়ের স্থল তুমিই সর্ব গ্রাস
(তাইত তোমারে পাইবার তরে মুনীজন অভিলাষ)।

অথৈনমুদ্যচ্ছত্যামংস্যামংহি তে মহি স হি রাজেশানোঽধিপতিঃ স মাং রাজেশানোঽধিপতিং করোত্বিতি ॥ ৫

ইহার পরেতে এই মন্ত্রেতে মন্থকে তুলে ধরে
বলেন সকলি জান তুমি প্রভু মহান ওরূপ স্মরে
তিনি রাজা ঈশান অধিপতি হন
(আমায়) ঈশান সে রাজা অধিপতি করুন।
(ইহার অর্থ অভেদ মিলন সকলি ব্রহ্মময়
অকথিত যাহা অতুলন যাহা কেমনে প্রকাশি কয় ?)

অথৈনমাচামতি—তৎসবিতুর্বরেণ্যম্। মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। ভূঃস্বাহা। ভর্গো দেবস্য ধীমহি।

মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধুদ্যৌরস্তু নঃ পিতা। ভুবঃ স্বাহা। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ।

মধুমান্নো বনস্পতির্মধুমাঁ অস্তু সূর্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তুনঃ। স্বঃ স্বাহেতি। সর্বাং চ সাবিত্রীমন্বাহ সর্বাশ্চ মধুমতীরহমেবেদং সর্বং ভূয়াসং ভূর্ভুবঃ স্বঃ স্বাহেত্যন্তত আচম্য পাণীপ্রক্ষাল্য জঘনেনাগ্নিং প্রাক্‌শিরাঃ সংবিশতি প্রাতরাদিত্যমুপতিষ্ঠতে দিশামেক পুণ্ডরীকমস্যহং মনুষ্যাণামেকপুণ্ডরীকং ভূয়াসমিতি যথেতমেত্য জঘনেনাগ্নিমাসীনো বংশং জপতি ॥ ৬

ইহার পরেতে এই মন্ত্রেতে মন্থ সে জন খায়
সবিতায় সেই বরণীয় যিনি যেজন সর্বময়—
মধুর রূপেতে বায়ু যেন বয়
নদী সব যেন হয় মধুময়

ওষধি সকল আমাদের কাছে হয় যেন মধুময়
ভূঃ স্বাহা বলিয়া ধ্যান কহি তারে যে দেব ঐশ্বর্যময়
রাত্রি ও দিন হোক মধুময় পৃথিবীর ধূলি যত
হোক মধুময়—আমাদের পিতা সুখপ্রদ যেই মত
দ্যুলোকে যে পিতা হোক সুখময়
স্বঃ স্বাহা বলিয়া মন্ত্র এ হয়

সোম আমাদের সুস্বাদ হোক সূর্য সে সুখময়
আমাদের কাছে হোক সুখকর দিক যাহা সমুদয়।
ইহার পরেতে সব গায়ত্রী বলে তবে সেইজন
মধুমতী করে পুনরাবৃত্তি—(মন্থরে ভক্ষণ)

আমি যেন ইহা হই সমুদয়
ভূঃ ভুবঃ স্বঃ স্বাহা অর্থ এ হয়
দুটি হাত ধুয়ে অগ্নি পিছনে পূর্ব শিয়রে শোয়
প্রত্যুষে উঠি এ মন্ত্র বলি সূর্যরে প্রণময়।
আপনি যেমন দিক সকলেব মাঝেতে পদ্মসম
অদ্বিতীয় তুমি নাহিক উপমা তুমি সেই অনুপম
আমিও যেন এ মানুষের মাঝে
অদ্বিতীয় হয়ে রইগো সে সাজে।
(ইহার অর্থ তোমায় আমায় এক হয়ে যেতে চাই;
তোমার সাথেতে অভেদ মিলন এর মাঝে ভুল নাই)।
ইহার পবেতে যে পথে গিয়াছ সেই পথ ধরে ফেরে
অগ্নি পেছনে বসি সেই জন বংশাবলী জপ করে।

তং হৈতমুদ্দালক আরুণির্বাজসনেয়ায় যাজ্ঞবল্ক্যায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৭

উদ্দালক আরুণি স্বশিষ্য বাজসনেয় যাজ্ঞবল্ক্যকে ইহা কন
মৃত বৃক্ষকাণ্ডে যদি কোন জন করে ইহা নিষিঞ্চন
তবে শাখা তার বাহির হইবে
পত্র সমূহ নির্গত হবে।

এতমু হৈব বাজসনেয়ো যাজ্ঞবল্ক্যো মধুকায় পৈঙ্গ্যায়ান্তে বাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৮

বাজসনেয় যাজ্ঞবল্ক্য স্বশিষ্য পৈঙ্গিপুত্র মধুককে ইহাই উপদেশ দিয়া বলিয়াছিলেন 'কেহ যদি—ইত্যাদি।'

এতমু হৈব মধুকঃ পৈঙ্গ্যশ্চূলায় ভাগবিত্তয়েঽন্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৯

পৈঙ্গিপুত্র মধুক স্বশিষ্য ভগবিত্ত পুত্র কুলককে ইহাই উপদেশ দিয়া বলিয়াছিলেন ইত্যাদি—

এতমু হৈব চুলো ভাগবিত্তির্জানকায় আয়স্থূণায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্রবাহেয়ুঃ পলাশানীতি ॥ ১০

ভগবিত্ত পুত্র চুল স্বশিষ্য অয়স্থূণ পুত্র জানকিকে ইহাই উপদেশ দিয়া বলিয়াছিলেন—ইত্যাদি।

এতমু হৈব জানকিরায়স্থূণঃ সত্যকামায় জাবালায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিধিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ু পলাশানীতি ॥ ১১

অয়স্থূণ পুত্র জানকি স্বশিষ্য জাবালা পুত্র সত্যকামকে ইহাই উপদেশ দিয়া বলিয়াছিলেন—কেহ (ইত্যাদি)

এতমু হৈব সত্যকামো জাবালোঽন্তেবাসিভ্য উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি তমেতং নাপুত্রায় বাঽনন্তেবাসিনে বা ব্রূয়াৎ ॥ ১২

জবালা পুত্র সত্যকাম সে নিজের শিষ্যগণে
এই উপদেশ দিয়া তবে কন জানিও সকলে মনে
মৃত বৃক্ষের কাণ্ডেও যদি
এ মন্ত্র কেহ বলি নিরবধি
জল সিঞ্চন করিলে তাহাতে শাখা পাতা বাহিরায়
পুত্র শিষ্য ইহাদের ছাড়া ইহা নাহি বলা যায়
এ বিদ্যা লাভে এই ছয় জনের অধিকার আছে—

ব্রহ্মচারী ধনদায়ী মেধাবী শ্রোত্রিয়প্রিয়ঃ
বিদ্যয়া বা বিদ্যাং প্রাহ তানি তীর্থানি ষণ্মম ॥

চতুরৌদুম্বরো ভবত্যৌদুম্বর স্রুব ঔদুম্বরশ্চমস ঔদুম্বর ইধ্ম। ঔদম্বর্যা উপমন্থন্যৌ দশ গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি ব্রীহিযবাস্তিলমাষা অণুপ্রিয়ঙ্গবো গোধূমাশ্চ মসূরাশ্চ খল্বাশ্চ খলকুলাশ্চ তান্ পিষ্টান্ দধনি মধুনি ঘৃত উপসিঞ্চত্যাজ্যস্য জুহোতি ॥ ১৩

ডুমুর কাঠের চারটি দ্রব্য জানিও এমন হয়
শ্রুব ও চমস ডুমুরের কাঠ উপমন্থনীদ্বয়
গ্রামের শস্য দশ প্রকারের হয়
ধান্য যব তিল মাষ অনু প্রিয়ঙ্গু চয়
গোধূম মসূর খল্ব ও খলকুল এইসব তবে দিয়ে
পিষে দধি মধু ঘৃতেতে ভিজায়ে আজ্য হবন হয় এ।

ষষ্ঠাধ্যায়—চতুর্থ ব্রাহ্মণ

এষাং বৈ ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপোহপামোষধয় ওষধীনাং পুষ্পাণি পুষ্পাণাং ফলানি ফলানাং পুরুষঃ পুরুষস্য রেতঃ ॥ ১

ভূতবর্গের সার এ পৃথিবী পৃথিবীর জল সার
জলের সার সে ওষধি ওষধির সার হয় ফুল তার
ফুলের সার সে হয় ফল তার
ফলের সার সে পুরুষ আকার
পুরুষের সার শুক্র জানিও পুরুষ অন্নময়
পুরুষের সর্ব শরীর হইতে শুক্র নিঃসৃত হয়।

স হ প্রজাপতিরীক্ষাং চক্রে হন্তাস্মৈ প্রতিষ্ঠাং কল্পয়ানীতি স স্ত্রিয়ং সসৃজে তাং সৃষ্ট্বাহধ উপাস্ত তস্মাৎ স্ত্রিয়মধ উপাসীত স এতং প্রাঞ্চং গ্রাবাণমাত্মন এব সমুদপারয়ত্তেনৈনামভ্যসৃজৎ ॥ ২

প্রজাপতি তবে আলোচনা এই কথা মনে করে
মানব বীজের আধার করিয়া স্ত্রীরূপ সৃজন করে।

তস্যা বেদিরুপস্থো লোমানি বর্হিশ্চর্মাধিষবণে সমিদ্ধো মধ্যতস্তৌ মুষ্কৌ স যাবান্ হ বৈ বাজপেয়েন যজমানস্য লোকো ভবতি তাবানস্য লোকো ভবতি য এবং বিদ্বানধোপহাসং চরত্যাসাং স্ত্রীণাং সুকৃতং বৃঙক্তেঽথ য ইদমবিদ্বানধোপহাসং চরত্যাঽস্য স্ত্রিয়ঃ সুকৃতং বৃঞ্জতে॥ ৩

পুষ্পিত করি দেহ বল্লরী বিধাতা সৃজন করে
বিশ্বমাতার দেহ নির্মাণ জগত সৃষ্টি তরে

সত্য যা তাহা বলিবার তরে
দ্বিধা সঙ্কোচ সরাইয়া দূরে

পৃথক দৃষ্টি দিয়ে যদি দেখ দেখিবে যে রূপ তারি
নারী হয়ে নারী দেহ বর্ণিব জগৎ সৃষ্টিকারী।
স্ত্রীর উপস্থে বেদি মনে কর লোমে কুশ মনে কর
কর্মরে জেন চর্ম বলিয়া—মাংসদ্বয় এইভাবে স্মর

সোম পেষণের পাষাণ খণ্ড
দুইটি সে হয় তেমনি কাণ্ড

এই মনে করে যাজ্ঞিক পুরুষ এই কাজ যদি করে
জেন সেই জন যজ্ঞের ফল পায় সেই জ্ঞানী নরে।
ঘৃণা বা কুৎসা করা জেন ভুল যা হতে সৃষ্টি হয়
সত্য সেকথা জানে যেই জন সেজন পুণ্যময়

নারীর পুণ্য আহরে সেজন
যথেচ্ছাচারী হয় যেই জন

উপহাস করি কর্ম আচরী সে নাহি পুণ্য লয়
নারীরা তাহার পুণ্য লভিয়া—পুণ্য হরিয়া লয়।

এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানুদ্দালক আরুণিরাহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্নাকো মৌদ্গল্য আহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্কুমারহারিত আহ বহবো মর্যা ব্রাহ্মণায়না নিরিন্দ্রিয়া বিসুকৃতোঽস্মাল্লোকাৎ প্রয়ন্তি য ইদমবিদ্বাং-সোঽধোপহাসং চরন্তীতি বহু বা ইদং সুপ্তস্য বা জাগ্রতো বা রেতঃ স্কন্দতি॥ ৪

এ বিষয় জানি উদ্দালক আরুণি বলিয়াছিলেন তবে
মৌদগল্য পুত্র নাক নামে ঋষি তিনিও কহেন তবে
কুমার হারিত এ বিষয় জানি
বলিয়াছিলেন তবে এই বাণী
আচারবিহীন অনেক মানুষ না জেনে এ কাজ করে
নিরিন্দ্রিয় সে সুবর্মহীন ইহলোক হতে সরে।
যদি নিদ্রিত বা জাগরিত প্রচুর বা কম হয়
ঐ পুরুষের দেহ হতে যদি রেতঃ স্খলন হয়।

তদভিমৃশেদনু বা মন্ত্রয়েত—

যন্মেঽদ্য রেতঃ পৃথিবীমস্কান্‌ৎসীদ্ যদোষধীরপ্যসরদ্ যদপঃ। ইদমহং তদ্রেত আদদে পুনর্মামৈত্বিন্দ্রিয়ং পুনস্তেজঃ পুনর্ভগঃ। পুনরগ্নির্ধিষ্ণ্যা যথাস্থানং কল্পন্তাম্ ইত্যনামিকাঙ্গুষ্ঠাভ্যামাদায়ান্তরেণ স্তনৌ বা ভ্রুবৌ বা নিমৃজ্যাৎ ॥ ৫

সেই নির্গত শুক্রটুকুকে মার্জ্জনা তবে করো
এ মন্ত্র জপ—আজ পৃথিবীতে যে রেত স্খলন হোলো
অথবা যে রেত ওষধি জলেতে
হল নির্গত আজ এই মতে
গ্রহণ করেছি বলি এই কথা অঙ্গুষ্ঠ আঙ্গুল দিয়া
সেই রেত লয়ে বলিবে আমায় আসে যেন সে ফিরিয়া
তেজ সৌভাগ্য ও জ্ঞানরূপে যেন সে পুনঃ ফিরিয়া আসে
অগ্নির মাঝে যত দেবগণ তাঁদের আশীর্ব্বাদে
যথা স্থানেতে করেন স্থাপন
বলি ভ্রূ মধ্যে করো মার্জ্জন।

অথ যদ্যুদক আত্মানং পশ্যেৎতদভিমন্ত্রয়েত— ময়ি তেজ ইন্দ্রিয়ং যশো দ্রবিণং সুকৃতমিতি শ্রীর্হ বা এষা স্ত্রীণাং যন্মলোদ্বাসাস্তস্মান্মলোদ্বাসসং যশস্বিনী মভিক্রম্যোপমন্ত্রয়েত ॥ ৬

জলেয় মধ্যে আপনার ছায়া যদি সে দরশ করে
'ময়ি তেজঃ ইন্দ্রিয়ঃ' এই কথা বলি জপ যেন সেই করে
স্ত্রী মধ্যে এই লক্ষ্মী সমান
তাহাকে ডাকিবে সেই মতিমান
রজঃস্বলার বস্ত্র ত্যাগিয়া তিন রাত্রের পর
স্নান যে করেছে তাহার কাছেতে যাইবে অতঃপর।
সন্তান তরে কায় মনো প্রাণে কামনা তখন করে
পুত্রের তরে এই কাজ করে মনেতে চিন্তা করে।

সা চেদস্মৈ ন দদ্যাৎ কামমেনামবক্রীণীয়াৎ সা চেদস্মৈনৈব দদ্যাৎ কামমেণাং যষ্ট্যা বা পাণিনা বোপহত্যাতিক্রামেদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদদ ইত্যযশা এব ভবতি ॥ ৭

তখন স্ত্রী যদি খুসী মনে তার দেহ দান নাহি করে
কাপড় গহনা যাহা চায় তাহা দিয়ে যেন খুসী করে
তাহাতেও যদি রাজী নাহি হয়
হাত ধরি যেন এ কথা বলয়
আমি ইন্দ্রিয় রূপ যশ দিয়ে তোমার যশ যে চাই
বুঝাইবে তারে এরূপ বিহারে বাধা দিতে কভু নাই
তাহাতেও যদি রাজী সেই নয়
দুর্ভাগা হবে সেই নিশ্চয়।

সা চেদস্মৈ দদ্যাদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদধামীতি যশস্বিনাবেব ভবতঃ ॥ ৮

যদি সেই স্ত্রী সে স্বামীর জন্য দেহ খুসী হয়ে দেয়
"মোর ইন্দ্রিয় যশ তব মাঝে" রাখি স্বামী ইহা কয়
তখন তাহাতে উপগত হবে
উভয়েই তবে যশস্বী হবে।

সা যামিচ্ছেৎ কাময়েত মেতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়োপস্থমস্যা অভিমৃশ্য জপেদঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে। স ত্বমঙ্গকষায়োঽসি দিগ্ধবিদ্ধামিব মাদয়েমামমূং মন্নীতি ॥ ৯

এ পুরুষ যবে যাহাকে কামনা করিয়া তাহারে লন
তাহার দেহতে আপনার দেহ নিক্ষেপ করিয়া দেয়
মুখের সাথেতে মুখ মিলাইয়া
অদঙ্গাৎ এ মন্ত্র জপিয়া।

অথ যামিচ্ছেন্ন গর্ভং দধীতেতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াভিপ্রাণ্যাপান্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদ ইত্যরেতা এব ভবতি ॥ ১০

যদি মনে করে স্ত্রী তাহার যেন গর্ভিণী নাহি হয়
পূর্বের মত মিলাইয়া দেহ স্ত্রীদেহতে বায়ু দেয়
"ইন্দ্রিয়েন তে" মন্ত্র বলিয়া
আপন বায়ুর কার্য করিয়া
এ ভাবে করে যে তার স্ত্রী তখন গর্ভিণী নাহি হয়
জানিনা ইহার অর্থ কেমন পুত্র তরে যা নয়।
এমন অর্থ হইতেও পারে পালনে ক্ষমতা নাই
প্রতিকূল হয় ক্ষেত্র সকল হইতেও পারে তাই।

অথ যামিচ্ছেদ্দধীতেতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াপ্রাণ্যাভিপ্রাণ্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদধামীতি গর্ভিণ্যেব ভবতি ॥ ১১

স্ত্রীকে গর্ভধারিণী করিতে ইচ্ছা যখন করে
পূর্বের মত মিলাইয়া দেহ দেয় দোহে দোহা পরে
স্ত্রীদেহ হইতে বায়ু টানি লয়
'ইন্দ্রিয়েন তে' এ মন্ত্র বলয়
ইহার পরেতে আপনার বায়ু স্ত্রীদেহে সেচন করে
এভাবে করিলে গর্ভিনী তবে হবেন পুত্র তরে।

অথ যস্য জায়ায়ৈ জারঃ স্যাত্তং চেদ্ দ্বিষ্যাদামপাত্রেঽগ্নি মুপসমাধায় প্রতিলোমং শরবর্হিস্তীর্ত্বা তস্মিন্নেতাঃ শরভৃষ্টীঃ প্রতিলোমাঃ সর্পিষাঽক্তা জুহুয়ান্মম সমিদ্ধেঽহৌষীঃ প্রাণাপানৌ ত আদদেঽসাবিতি ৷মম সমিদ্ধেঽহৌষীঃ পুত্রপশূংস্ত আদদেঽসাবিতি মম সমিদ্ধেঽহৌষীরিষ্টাসুকৃতে ত আদদেঽসাবিতি মম সমিদ্ধেঽহৌষীরাশাপরাকাশৌ ত আদাদেঽসাবিতি স বা এষ নিরিন্দ্রিয়ো বিসুকৃতোঽস্মাল্লোকাৎ প্রৈতি যমেবংবিদ্ ব্রাহ্মণঃ শপতি তস্মাদেবং বিচ্ছ্রোত্রিয়স্যদারেণ নোপহাসমিচ্ছেদুত হ্যেবংবিৎ পরো ভবতি ॥ ১২

যার স্ত্রীর পুনঃ উপপতি রয় তার প্রতি দ্বেষ করি
অভিচার করে মন্ত্র বলিয়া অনিষ্ট তার স্মরি
কাঁচা মাটি দিয়ে পাত্র করয়
অগ্নির মাঝে জ্বালিয়া রাখয়
বিপরীত দিকে শর এবং কুশ বিস্তীর্ণ তবে করে
এই অগ্নিতে সমুদয় শরগুচ্ছ ঘৃততে ভরে—
মন্ত্র বলিবে 'মম যৌবনে' জ্বালিত স্ত্রীরূপ ধরে
অগ্নি যা হয় তাহাতে আহুতি দিয়াছ যেমন করে
তোমার প্রাণ আপনে লইয়া
লইলাম আমি গ্রহণ করিয়া
ইহা বলি তার সহ নিজ নাম উল্লেখ যেন করে
পশু সন্তান শত্রু না লভে সেই যেন লাভ করে।
এইভাবে সেই ব্রাহ্মণ যারে অভিশাপ দেন যারে
ইন্দ্রিয় শক্তি রহিত হইয়া পুণ্য হারায়ে মরে
তাই সাবধান ওহে মূঢ় জন
অপরের স্ত্রীতে রত কভু নন
অপরের স্ত্রীকে উপহাস ও কভু যেন নাহি কেহ করে
সাধু জ্ঞানী জনও এই কারণেতে শত্রু হইতে পারে।

অথ যস্য জায়ামার্ত্তবংবিন্দেৎ ত্র্যহং কংসেন পিবেদহতবাসা নৈনাং বৃষলো ন বৃষল্যুপহন্যাৎ ত্রিরাত্রান্ত আপ্লুত্য ব্রীহীনবঘাতয়েৎ ॥ ১৩

কাহারও স্ত্রী সে ঋতুকাল হলে তিনদিন সেই ধরে
কাঁসার পাত্রে জল যেন সেই তিনদিন পান করে
শূদ্রে যেন না স্পর্শ করয়
তিনদিন তার গত যবে হয়
নূতন বস্ত্র করি পরিধান শুদ্ধ যখন হয়
তখন ইহার দ্বারা স্বামী তার অন্ন লভিয়া লয়।

স য ইচ্ছেৎ পুত্রোমে শুক্লো জায়েত বেদমনুব্রুবীত সর্বমায়ুরিয়াদিতি ক্ষীরৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৪

যদি কেহ চায় গৌর বরণ পুত্র তাহার হয়
পূর্ণায়ু লভি পুত্র যেজন বেদাধ্যয়নে রয়
তখন দুজনে মিলিয়া তখন
দুধেতে অন্ন রাঁধিয়া তখন
ঘৃত সংযোগে করিলে আহার লভিবে সে নিশ্চয়
ইচ্ছা মতন অমনি পুত্র যেমন তাহারা চায়।

অথ য ইচ্ছেৎ পুত্রো মে কপিলঃ পিঙ্গলো জায়তে দ্বৌ বেদাবনুব্রুবীত সর্বমায়ুরিয়াদিতি দধ্যোদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৫

আর যেই জন কপিল বর্ণ অথবা পিঙ্গল হয়
পুত্র যে চায়—দুইটি বেদ সে পাঠে যেন রত রয়
পূর্ণায়ু হয় পুত্র তাহার
এ কামনা হয় মনেতে যাহার
দধি মিশ্রিত অন্ন রাঁধিয়া ঘৃত সংযোগ করি
খায় দুইজনে—লভে সে পুত্র যেমন কামনা তারি।

অথ য ইচ্ছেৎ পুত্রো মে শ্যামো লোহিতাক্ষো জায়েত ত্রীন্ বেদাননু-ব্রুবীত সর্বমায়ুরিয়াদিত্যুদোদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৬

শ্যাম বর্ণের লোহিত চক্ষু পুত্র যেজন চায়
তিনটি বেদ সে অধ্যয়ন করি পূর্ণায়ু যেন হয়
জলেতে অন্ন করি রন্ধন
ঘৃত সহযোগে করিবে ভোজন
দুইজনে মিলি সন্তান লাভে সমর্থ তবে হয়
শ্যামবর্ণের লোহিত চক্ষু পুত্র যাহারা চায়।

অথ য ইচ্ছেদ্দুহিতা মে পণ্ডিতা জায়েত সর্বমায়ুরিয়াদিতি তিলৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৭

পূর্ণায়ু সহ পণ্ডিতা কন্যা যেজন কামনা করে
তিল মিশ্রিত অন্ন রাঁধিয়া ঘৃত সংযোগ করে
দুইজন মিলি তাহা যদি খান
পণ্ডিতা কন্যা তাঁহারা যে পান।

অথ য ইচ্ছেৎ পুত্রো মে পণ্ডিতো বিগীতঃ সমিতিঙ্গমঃ শুশ্রূষিতাং বাচং ভাষিতা জায়েত সর্বান্ বেদাননুব্রুবীত সর্বমায়ুরিয়াদিতি মাংসৌদন পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবা ঔক্ষেণ বার্ষভেণ বা ॥ ১৮

আর যিনি চান পণ্ডিত আর বিখ্যাত পুত্র হয়
সমিতিঙ্গম বক্তা পুত্র সব বেদ অধ্যায়
পূর্ণায়ু যেন হয় সেই জন
দুজনে তখন আহার করেন
ষাড়ের মাংসে পোলাউ রাঁধিয়া দুইজনে যেন খায়
বিখ্যাত আর বক্তা পুত্র যাহারা দুজনে চায়।

অথাভিপ্রাতরেব স্থালীপাকাবৃতাজ্যং চেষ্টিত্বা স্থালীপাকস্যোপঘাতং জুহোত্যগ্নয়ে স্বাহাঽনুমতয়ে স্বাহা দেবায় সবিত্রে সত্যপ্রসবায় স্বাহেতি হুত্বোদ্ধৃত্য প্রাশ্নাতি প্রাশ্যেতরস্যাঃ প্রযচ্ছতি প্রক্ষাল্য পাণী উদপাত্রং পুরয়িত্বা তেনৈনাং ত্রিরভ্যুক্ষত্যুত্তিষ্ঠাতো বিশ্বাবসোঽন্যামিচ্ছ প্রপূর্ব্যাং সং জায়াং পত্যা সহেতি ॥ ১৯

ইহার পরেতে প্রাতঃকালেতে স্থালীপাক অনুসারে
নিয়ম মতন আজ্য সংস্কার তরে সেই জন করে
হোম দ্রব্যকে গ্রহণ করিয়া
আগুনের মাঝে আহুতি সে দিয়া
অগ্নিরে স্বাহা অনুমতি স্বাহা বলে তবে সেই জন
সত্য প্রসবিতা সবিতৃ দেবে স্বাহা বলে আরাধন।
আহুতির পরে ভক্ষ্য দ্রব্য দুজনেতে তবে খায়
আপনি আহরি অবশিষ্ট যাহা স্ত্রীকে তবে তাহা দেয়।
ইহার পরেতে হাত দুটি ধুয়ে জলপাত্রতে করে
জল ভরি তাতে স্ত্রীকে তিনবার সেজন সিক্ত করে
এ মন্ত্র তবে বলে সে তখন
হে বিশ্ববসু করহ গমন
অন্যত্র তুমি অন্যে নারীকে তুমি সে কামনা কর—
এই কথা বলি সে নারীর সাথে দেহরে যুক্ত কর।

অথৈনামভিপদ্যতেঽমোঽহমস্মি সা ত্বং সা ত্বমস্যমোঽহং সামাহমস্মি ঋক্ত্বং দ্যৌরহং পৃথিবী ত্বং তাবেহি সংরভাবহৈ সহ রেতো দধাবহৈ পুংসে পুত্রায় বিত্তয় ইতি ॥ ২০

এ মন্ত্র বলি আলিঙ্গি তারে তখন সেজন বলে
আমি প্রাণ তুমি বাক্য—আমি সাম তুমি ঋক হলে
আমি সে স্বরগ দ্যুলোক যে হয়
তুমি সে পৃথিবী জেন নিশ্চয়

এস দুইজনে মোরা একমনে পুত্র কামনা করি
পুত্রের তরে দুইজনে তবে এভাবে যতন করি।

অথাস্যা উরূ বিহাপয়তি বিজিহীথাং দ্যাবাপৃথিবী ইতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায় ত্রিরেনামনুলোমামনুমার্ষ্টি—

বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু।
আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে।
গর্ভংধেহি সিনীবালি গর্ভং ধেহি পৃথু ষ্টুকে।
গর্ভংতে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ ॥ ২১

ইহার পরেতে 'বিজিহীথাং দ্যাবা' পৃথিবী এ কথা বলি
স্ত্রীর উরুদ্বয়ে পৃথক করিয়া পূর্ব্বের মত করি
মুখে মুখ তবে করিবে স্থাপন
গাত্র তাহার করি মার্জ্জন
'বিষ্ণুর্যোনিং কল্পয়তু' মন্ত্র তিনবার পাঠ করে
গর্ভধারণ যোগ্য করিও এই কথা তবে বলে।

হিরণ্ময়ী অরণী যাভ্যাং নির্মন্থতামশ্বিনৌ।
তং তে গর্ভং হবামহে দশমে মাসি সূতয়ে।
যথাঽগ্নিগর্ভা পৃথিবী যথা দ্যৌরিন্দ্রেণ গর্ভিণী।
বায়ুর্দিশাং যথা গর্ভ এবং গর্ভং দধামি তেঽসাবিতি ॥ ২২

অশ্বিদ্বয় হিরণ্ময় সে অরনীদ্বয়ের দ্বারা
করে মন্থন। আমিও তেমনি তোমার তরেতে ত্বরা
দশম মাসেতে প্রসব যে হয়
এই কথা বলি গর্ভ করয়
পৃথিবী যেমন অগ্নি গর্ভা আকাশ সূর্য দ্বারা
গর্ভবতী সে দিক সকলেতে গর্ভিণী বায়ু দ্বারা
তেমনি তোমায় এই গর্ভরে অর্পণ আমি করি
বলিয়া এ কথা মন্ত্র পড়িবে স্ত্রীর নাম তবে ধরি।

সোষ্যন্তীমদ্ভিরভ্যুক্ষতি—

যথা বায়ুঃ পুষ্করিণীং সমিঙ্গয়তি সর্বতঃ।
এবা তে গর্ভ এজতু সহাবৈতু জরায়ুণা।
ইন্দ্রস্যায়ং ব্রজঃ কৃতঃ সার্গলঃ সপরিশ্রয়ঃ।
তমিন্দ্র নির্জহি গর্ভেণ সাবরাং সহেতি॥ ২৩

'সোষ্যন্তীমদ্ভিঃ' মন্ত্র বলিয়া সুখ প্রসবের তরে
স্ত্রীকে জলসেক করিবে তখন বলিবে তাহার পরে
পুষ্করিণী যে বায়ুর দ্বারায়
সর্ব্বদা যথা কম্পিত হয়
তোমার গর্ভ জরায়ুর দ্বারা স্পন্দিত যেন হয়
রক্ষা করুক। গর্ভের তরে ব্রজ নামে পথ রয়
হে ইন্দ্র তুমি প্রাণ রূপে সেই পথে নির্গত হও
প্রসব কালেতে ফুল নির্গত নিরাপদে যেন হয়।

জাতেঽগ্নিমুপসমাধায়াঙ্ক আধায় কংসে পৃষদাজ্যং সংনীয় পৃষদাজ্যস্যোপঘাতং জুহোতি—

অস্মিন্ সহস্রং পুষ্যাসমেধমানঃ স্বে গৃহে।
অস্যোপসন্দ্যাং মা চৈচ্ছৎসীৎ প্রজয়া চ পশুভিশ্চ—স্বাহা।
ময়ি প্রাণাংস্ত্বয়ি মনসা জুহোমি—স্বাহা।
যৎ কর্মণা অত্যরীরিচং যদ্বা ন্যূনমিহাকরম্।
অগ্নিষ্টৎস্বিষ্টকৃদ্বিদ্বান্ স্বিষ্টং সুহুতং করোতু নঃ স্বাহেতি॥ ২৪

পুত্র হইলে অগ্নি জ্বালিয়া পুত্রকে কোলে করে
কাংস্য পাত্রে দধি সে মিশায়ে অল্প অল্প করে
এ মন্ত্র বলি আহুতি সে দেন
আমার গৃহেতে হয়ে বর্ধমান
পুত্রের রূপে আমি যেন বহু লোকেরে পালন করি
আমার বংশ সন্তান পশু লক্ষ্মীতে ওঠে ভরি।

আমার ভিতরে যে রয়েছে প্রাণ পুত্রে আহুতি দিয়া
আমার কাজের বেশী কম যাহা সকলি সমর্পিয়া
সব অবগত অগ্নি যে হন
তিনিই সকল পূর্ণ করুন।

অথাস্য দক্ষিণং কর্ণমভিনিধায় বাগ্‌, বাগিতি ত্রিরথ দধি মধু ঘৃতং সংনীয়ানন্তর্হিতেন জাতরূপেণ প্রাশয়তি। ভূস্তে দধামি ভুবস্তে দধামি স্বস্তে দধামি ভূর্ভুবঃ স্বঃ সর্বং ত্বয়ি দধামীতি ॥ ২৫

তখন শিশুর দক্ষিণ কানে আপনার মুখ দিয়া
বাক বাক বাক বলি তিনবার জপ ইহা করিয়া
অগ্নি এবং নিজেরে মাঝারে
দধি ঘৃত মধু রাখিয়া তাহাতে
সোনার চামচে, শিশুর মুখের মধ্যে না যেন যায়
এ মন্ত্র বলি তাহা সেই শিশুকে পান সে করায়।
তোমার জন্য ভূলোক স্থাপন করিলাম আমি জেন
তোমার জন্য ভুবলোক স্থাপন করি আমি তুমি জেন
স্বঃ লোক স্থাপন করি তব তরে
ভূঃ ভূবঃ স্বলোক স্থাপন যে করে।

অথাস্য নামকরোতি বেদোঽসীতি তদস্য তদ্ গুহ্যমেব নাম ভবতি ॥ ২৬

ইহার পরেতে 'তুমি বেদ' এই নাম তবে তার করে
উহাই তাহার সে গুহ্য নাম—(হয় জেন এর পরে)।

অথৈনং মাত্রে প্রদায় স্তনং প্রযচ্ছতি—

যস্তে স্তনঃ শশয়ো যো ময়োভূর্যো রত্নধা বসুবিদ্‌যঃ সুদত্রঃ। যেন বিশ্বা পুষ্যসি বার্যাণি সরস্বতি তমিহ ধাতবে করিতি ॥ ২৭

ইহার পরেতে শিশুরে তাহার মাতার নিকটে দিয়া
এই মন্ত্রেতে স্তন্যপান সে করান এ বলিয়া

সরস্বতী হে তোমার যে স্তন
সর্ব ফলাধার পোষক যে হন
কর্মফলদাতা দুগ্ধ পুরিতা দানশীল যাহা হয়
যাহার দ্বারাতে যোগ্য ব্যক্তি পোষক যেমন হয়।
তোমার সে স্তন মোর তনয়ের জন্য তুমি হে দাও
আমার ভার্য্যা স্তন মাঝে তুমি তোমার স্তন্য দাও।

অথাস্য মাতরমভিমন্ত্রয়তে—

ইলাহসি মৈত্রাবরুণী বীরে বীরমজীজনৎ। সা ত্বাং বীরবতি ভব যাহস্মান্ বীরবতোহকরদিতি। তং বা এতমাহুরতিপিতা বতাভূরতি-পিতামহো বতাভূঃ পরমাং বত কাষ্ঠাং প্রাপচ্ছ্রিয়া যশসা ব্রহ্মবর্চসেন য এবং বিদো ব্রাহ্মণস্য পুত্রো জায়ত ইতি॥ ২৮

পিতা সে তখন শিশুর মাতারে সম্বোধি তবে কন
হে সৌভাগ্যবতী অরুন্ধতী তুমি করিলে পুত্রবান
মোর সাহায্যে পুত্র প্রসবি
বহু পুত্রবতী হও তুমি দেবী।
এরূপ ব্রাহ্মণের পুত্ররূপেতে জাত যেই জন হয়
পিতাকে অতিক্রম করিয়াছ বলি তাহারে সকলে চায়।
বলে পিতামহে অতিক্রম করি লভেছ ভাগ্যযশ
ব্রহ্মতেজে লভি সাফল্য চরমোৎকর্ষ সব।

ষষ্ঠাধ্যায়—পঞ্চম ব্রাহ্মণ

সন্তান ও শিষ্য পরম্পর

অথ বংশঃ। পৌতিমাষীপুত্রঃ কাত্যায়ণী পুত্রাৎ কাত্যায়নীপুত্রো গৌতমীপুত্রাদ গৌতমীপুত্রো ভারদ্বাজীপুত্রাদ ভারদ্বাজীপুত্রঃ পারাশরী পুত্রাৎ পারাশরীপুত্রঃ ঔপস্বস্তীপুত্রাদৌপস্বস্তীপুত্র পারাশরীপুত্রাৎ পারাশরীপুত্রঃ কাত্যায়ণীপুত্র কত্যায়ণীপুত্রাৎ কৌশিকীপুত্রাৎ কৌশিকী পুত্র আলম্বী পুত্রাচ্চ বৈয়াঘ্রপদীপুত্রাচ্চ বৈয়াঘ্রপদীপুত্রঃ কাণ্বীপুত্রাচ্চ কাপীপুত্রাচ্চ কাপীপুত্রঃ ॥ ১

আত্রেয়ী পুত্রাদাত্রেয়ীপুত্রো গৌতমীপুত্রাদ্ গৌতমীপুত্রো ভারদ্বাজী পুত্রাদ্ ভারদ্বাজী পুত্রঃ পরাশরীপুত্রাৎ পরাশরী পুত্রো বাৎসীপুত্রাদ্ বাৎসীপুত্রঃ পরাশরীপুত্রাৎ পরাশরীপুত্রো বার্কারুণীপুত্রাদ বার্কারুণী পুত্রাদ বার্কারুণীপুত্র আর্তভাগীপুত্রা দার্তভাগীপুত্রঃ শৌঙ্গীপুত্রাচ্ছৌঙ্গী পুত্রঃ সাঙ্কৃতীপুত্রাৎ সাঙ্কৃতীপুত্রঃ আলম্বায়ণীপুত্র্যদালম্বায়নী পুত্র আলম্বী পুত্রাদালম্বী পুত্রো জায়ন্তীপুত্রা জায়ন্তীপুত্রো মাল্যকায়ণী পুত্রা ন্মাণ্ডুকায়ণী পুত্রো মাণ্ডুকী পুত্রা মাণ্ডুকী পুত্রো শাণ্ডিলীপুত্রাচ্ছাণ্ডিল্য পুত্রো রাথীতরি পুত্রাদ্রাথীতরি পুত্রো ভালুকী পুত্রাদ্ভালুকী পুত্রো ক্রৌঞ্চিকী পুত্রাভ্যাং ক্রৌঞ্চিকী পুত্রৌ বৈদভৃতী পুত্রাদ বেদভৃতী পুত্রঃ কার্শকেয়ী পুত্রাৎ কার্শকেয়ী পুত্র প্রাচীন যোগী পুত্রাদ প্রাচীনযোগী পুত্র সাঞ্জিবীপুত্রাৎ সাঞ্জিবীপুত্রঃ প্রাশ্নী পুত্রাদাসুরবাসিনঃ প্রাশ্নীপুত্র আসুরাসনা দাসুরাসন আসুরেরাসুরিঃ ॥ ২

যাজ্ঞবল্ক্যাদ্ যাজ্ঞবল্ক্য উদ্দালকাদুদ্দালকোঽরুণাদরুণ উপবেশেরুপবেঃ কুশ্রেঃ কুশ্রির্বাজশ্রবসো বাজশ্রবাজিহবাবতো বাধ্যোগাজ্জিহবাবান বাধ্যোগোঽসিতাদ্ বার্ষগণাদসিতো বার্ষগণো হরিতাৎ কশ্যপাদ্ধরিতঃ কশ্যপঃ শিল্পাৎ কশ্যপাচ্ছিল্পঃ কশ্যপঃ নৈধ্রুবির্বচ্চ বাগম্ভিণ্যা অম্ভিণ্যাদিত্যাদাদিত্যানীমানি শুক্লাণি যজুংষি বাজসনেয়েন যাজ্ঞবল্ক্যে নাখ্যায়ন্তে ॥ ৩

অতঃপব বংশ পৌতিমাষী পুত্র কাত্যায়নী পুত্র হইতে এই বিদ্যা লাভ করিয়াছেন) কাত্যায়নী পুত্র গৌতমী পুত্র হইতে গৌতমী পুত্র ভারদ্বাজী পুত্র হইতে ভাবদ্বাজী পুত্র পারাশবী পুত্র হইতে পারাশবী পুত্র কাত্যাযনী পুত্র হইতে কাত্যায়নীপুত্র কৌশিকী পুত্র হইতে কৌশিক পুত্র আলম্বী পুত্র ও বৈযাঘ্রপদী পুত্র হইতে বৈয়াঘ্রপদী পুত্র কাম্বীপুত্র ও কাম্বীপুত্র হইতে কাম্বীপুত্র আত্রেয়ীপুত্র হইতে আত্রেযী পুত্র গৌতমী পুত্র হইতে গৌতমী পুত্র ভাবদ্বাজী পুত্র হইতে ভাবদ্বাজী পুত্র পাবাশরী পুত্র হইতে পারাশবী পুত্র বাৎসী পুত্র হইতে বাৎসী পুত্র (অপব) পাবাশবী পুত্র হইতে (ঐ) পাবাশরী পুত্র বার্কাকণী পুত্র হইতে বার্কাকণী পুত্র (অপব) বার্কারুণী পুত্র হইতে (ঐ) বার্কাকণী পুত্র আর্তভাগী পুত্র হইতে আর্তভাগী পুত্র শৌঙ্গীপুত্র হইতে শৌঙ্গীপুত্র স্বাঙ্কৃতী পুত্র হইতে সাঙ্কৃতী পুত্র আলম্বায়নী পুত্র হইতে আলম্বাযনা পুত্র আলম্বী পুত্র হইতে আলম্বী পুত্র জায়ন্তী পুত্র হইতে জায়ন্তী পুত্র মাণ্ডুকাযণী পুত্র হইতে মাণ্ডুকায়ণী পুত্র মাণ্ডুকী পুত্র হইতে মাণ্ডুকী পুত্র শাণ্ডিলী পুত্র হইতে শাণ্ডিলী পুত্র বাথীতবি পুত্র হইতে রাথীতবী পুত্র ভালুকী পুত্র হইতে ভালুকী পুত্র কৌঞ্চিকার পুত্রদ্বয় হইতে কৌঞ্চিকী পুত্রদ্বয় বৈদভৃতী পুত্র হইতে বৈদভৃতী পুত্র কার্শকেয়ী পুত্র হইতে কার্শকেয়ী পুত্র প্রাচীন যোগী পুত্র হইতে প্রাচীন যোগী পুত্র সাঞ্জিবী পুত্র হইতে সাঞ্জিবী পুত্র আসুবিবাসী প্রাশ্নী পুত্র হইতে প্রাশ্নী পুত্র আসুবাযন হইতে আসুবাযন আসুবি হইতে আসুরি যাজ্ঞবল্ক্য হইতে যাজ্ঞবল্ক্য উদ্দালক হইতে উদ্দালক অরুণ হইতে অরুণ উপবেশি হইতে উপবেশি কুশ্রি হইতে কুশ্রি রাজশ্রবা হইতে বাজশ্রবা জিহ্বাবান বাধ্যোগ হইতে জিহ্বাবান বাধ্যোগ অসিত বার্ষগণ হইতে অসিত বার্ষগণ হরিত কশ্যপ হইতে হরিত কশ্যপ শিল্প

কশ্যপ হইতে শিল্প কশ্যপ নিধ্রুস্ব পুত্র কশ্যব হইতে কশ্যপ বাক হইতে বাক অম্ভিণী হইতে অম্ভিণী আদিত্য হইতে (এই বিদ্যা লাভ করিয়াছেন) রাজসনেয় যাজ্ঞবল্ক্য আদিত্য হইতে প্রাপ্ত এই শুক্লযজু সকল ব্যাখ্যা করিয়াছেন।

সমানমা সাঞ্জীবী পুত্রাৎ সাঞ্জীবী পুত্রো মাণ্ডুকায়নে মাণ্ডুকায় নির্মাণ্ড ব্যান্মাণ্ডব্যঃ কৌৎসাৎ কৌৎসো মাহিত্থে মাহিত্থির্বামকক্ষায়নাদ্ বামকক্ষায়ণঃ শণ্ডিল্যচ্ছাণ্ডিল্যো বাৎস্যাদ বাৎস্যঃ কুশ্রেঃ কুশ্রির্যজ্ঞ বচসো রাজস্তম্বায়নাদ যজ্ঞবচা রাজস্তম্বায়নস্তুরাৎ কাবষেয়াৎ তুরঃ কাবষেয়ঃ প্রজাপতেঃ প্রজাপতি বহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মণে নমঃ ॥ ৪

সাঞ্জিবী পুত্র পর্য্যন্ত (বংশ পরম্পরা সকল) সমান। সাঞ্জিবী পুত্র মাণ্ডুকায়নি হইতে মাণ্ডুকায়নি মাণ্ডব্য হইতে মাণ্ডব্য কৌৎস মাহিত্থি হইতে মাহিত্থি বাম কক্ষায়ণ হইতে বাম কক্ষায়ণ শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য বাৎস হইতে বাৎস কুশ্রি হইতে কুশ্রি যজ্ঞবচা রাজস্তম্বায়ন হইতে যজ্ঞবচা রাজস্তম্বায়ন তুর কাবষেয় হইতে তুর কাবষেয় প্রজাপতি হইতে প্রজাপতি ব্রহ্মের অর্থাৎ বেদের সহিত সম্বন্ধ বশতঃ (এই বিদ্যা লাভ করিয়াছেন) ব্রহ্ম অর্থাৎ বেদ স্বয়ম্ভূ। ব্রহ্মকে নমস্কার।

ওঁ পূর্ণমদঃ পূর্ণ মিদং পূর্ণাৎ পূর্ণ মুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

Dear Sri Mukherji,

I am glad to know that your wife Smt. Puspa Debi has translated 108 slokas from the Gita and some Upanisads into Bengali verses. Any attempt to popularise the teachings of the Gita and Upanisads, is to be welcomed. ।

With the best wishes,
Yours sincerely
S. Radhakrishnan

Minister.
Information & Broadcasting
India.

Dear Shrimati Pushpodevi,

Thank you for sending me your books.

There is a considerable discussion in our country about our ancient culture. But I am surprised to see how few people have read our ancient classics or are fully aware of the meaning of Indian culture. Your translations should therefore be valuable in creating greater knowledge of our heritage.

Yours sincerely,
Indira Gandhi.

পুষ্প তোমার পুষ্পের মত প্রাণ
ধন্য তোমার পুন্য ব্রতের দান।
ঔপনিষদী বাণী
ঘরে ঘরে তুমি এদেশে দিয়েছ আনি
স্বনামধন্য পিতার আশীর্ব্বাদ!
সফলকরেছ মিটেছে মোদের সাধ
পুষ্প তোমার পুষ্পের মত প্রাণ
কৃতার্থ মোরা লভিয়া তাহারি ঘ্রাণ।

সন্ধ্যার কুলায়
টালিগঞ্জ

শ্রীকালিদাস রায়
কবিশেখর

অমৃত বানীর ফুলে!
বিশ্বদেবের পূজা পীঠে যেই অর্ঘ্য ধরিলে তুলে।
চির শাশ্বত আর্য্য ভাষার
সার্থকতম সেই উপচার,
তব লেখনীতে রূপ ধরি যেন আপনি মূর্ত্তিমতী
বেদের সরস্বতী॥

নন্দিত করি তারে!
বিশ্ব মনের শুভ স্বীকৃতি আসিল তোমার দ্বারে
সেথা মোর এই মুগ্ধ প্রণাম,
অনাড়ম্বরে শুধু জানালাম
নারিল জানাতে অবাক মনের বিস্মিত অনুভূতি
প্রতি ভারতীর স্তুতি॥

গুপ্তবাংলো
মিহিজাম।

ঊষা দত্ত

পরম শুভানুধ্যায়ী শ্রীশ্রী৺গুরু চরণাশ্রিত সেবক

শ্রীমোহনানন্দ ব্রহ্মচারী পরম শুভাশীর্ব্বাদ বিশেষ—

মা পুষ্প তোমার সঙ্গে সামান্যতঃ দেখা হইয়াছিল তাতেই খুব আনন্দ পাইয়াছিলাম। উপনিষদ সম্বন্ধে আলোচনার সুযোগ পাই নাই।

তোমার স্বপ্নের উত্তরে লিখি যে সেই আত্মা যেমন দূরে তেমনি নিকটে যেমনই অনুতম তেমনি বৃহত্তম তারই প্রমান মূর্ত্তি আকারে প্রকট হইয়া সন্ন্যাসী মূর্ত্তিতে আবির্ভূত হইয়া তোমার ধারণাকে আরও দৃঢ় ও প্রমানিত করিয়াছেন, মনে যেভাব সবিশেষে থাকে স্বপ্নে তাহাই ভাসিয়া ওঠে। তোমার সাধনার ও জিজ্ঞাসু জীবনের সার্থকতা কামনাকরি।

তোমার শ্রুতি ভারতী উপাধি লাভ হওয়ায় বড়ই আনন্দ পাইলাম। তৎসহ সরস্বতী উপাধি লাভ হওয়ায় আমিও গৌরব অনুভব করিতেছি। তোমার এই ভাস্বর জীবন ভাব ও সাধনায় অম্লান হইয়া ভাস্বরতম হইয়া উঠুক।

স্নেহাশীষ জানিও। আশাকরি দেখা হইবে।

* * *

মা পুষ্প! তুমি সত্যই পুষ্প। তুমি দুষ্প্রবেশ উপনিষদ উদ্যানের চির বিকশিত পুষ্প। দুরবগাহ উপনিষদ উদ্যানের অপরিসীমজ্ঞান ঐ পুষ্পের সদগন্ধ। সুদূর প্রসারী ঐ গন্ধের আকর্ষণে গুণমুগ্ধ পণ্ডিতগণ চিরদিন ভ্রমরায়মাণ হইয়া থাকিবেন ইহাই আমার ধারনা।

ভাটপাড়া। ১৯শে কার্ত্তিক। ইতি—

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শণ শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

শ্রীপঞ্চানন তর্কবাগীশ

দিদি ! তোমার সম্মান লাভে কৃতিত্বে তোমার
যেই চির চিহ্ন আঁকা মহা প্রতিভার
তাহারে জানাই মোর সশ্রদ্ধ প্রণতি
জয়মতী সরস্বতী ও শ্রুতি ভারতী !
ভবদীন অনুজের এ অভিনন্দন
যাত্রাপথে এঁকে দিক চির আলিম্পন ॥
বিকশিত পুষ্প পুঞ্জে শ্রদ্ধানম্র দিবাকরের অঞ্জলি
উলসিত সে নিকুঞ্জে নন্দন মল্লার ছন্দে উঠিছে চঞ্চলি !

নন্দনপুর। .সকেন্দারী
মেদিনী পুর।

শ্রীদিবাকর ঘোষ

* * *

শ্রদ্ধাস্পদাসু। আপনার প্রদত্ত উপনিষদ নির্মাল্য উপনিষদ নৈবেদ্য উপনিষদ অর্ঘ্য ও কবিতায় শতশ্লোকী গীতা পাঠ করলাম। বাংলায় রামায়ন মহাভারত গীতা প্রভৃতির সুললিত অনুবাদ আছে কিন্তু উপনিষদের যে সব অনুবাদ আছে সমস্তপণ্ডিতী ব্যাপার। উপনিষদকে কাব্যে ও সার্থক কাব্যে অনুবাদের চেষ্টা আপনার সফল হয়েছে। আপনি বাঙ্গালী পাঠক পাঠিকাদের কৃতজ্ঞতার পাত্র। আপনার গল্পের বই পুষ্পপরাগ ও তপতীর বধুচন্দন পড়েছি। আপনারা দেখছি মাতা ও কন্যা দুজনেই কৃতি লেখিকা। কন্যার কলমের শ্রী ও শক্তি কালক্রমে আরো বাড়বে। আপনার কলমে শ্রী ও শক্তির বেশ পরিনতি ঘটেছে।

রবীন্দ্রঠাকুর প্রফেসার অব বেঙ্গলী
ইউনিভার্সিটি অফ্ ক্যালকাটা।

নমস্কারান্তে।
শ্রীপ্রমথনাথ বিশী।

ভাটপাড়া।

শ্রীনারায়ণচন্দ্র দেব শর্ম্মণঃ পরম শুভাশীর্ব্বাদ বিশেষ,

মা পুষ্প! তোমার প্রদত্ত উপনিষদ অর্ঘ্য পাইয়া উহা বিশেষ যত্ন সহিত পাঠ করিলাম। অতি উত্তম তোমার অনুবাদ হইয়াছে। উহাতে উপনিষদ বাক্যগুলি স্পষ্ট জ্ঞাত হইয়া আমি বিশেষ প্রীতিলাভ করিলাম। ইহা কেবল ইহকালের উপকার করিবেনা, পরকালের জ্ঞানেরও বিশেষ উপযোগী হইয়াছে। আমি মা তোমার এই আলোচনা দেখিয়া অতিশয় প্রীতি লাভ করিলাম। ভগবান তোমার ন্যায় বিদুষীর সর্ব্বাঙ্গীন কুশল করুন। ইতি। (স্মৃতিতীর্থ স্মার্ত্ত বাচষ্পতি)

* * *

সুচরিতাসু! পণ্ডিত সমাজ আপনাকে সরস্বতী ও শ্রুতি ভারতী উপাধি দান ক'রেছেন এই আনন্দময় সংবাদে আমি যে কী আনন্দ অনুভব করছি তা আমিই জানি। যোগ্যের গৌরবের অননুভূত দিব্য প্রসন্নতাই আমি আস্বাদ করছি। অগ্রজ জ্ঞানে আপনি আমাকে শ্রদ্ধা করেন সেই সুযোগেই দুবাহু প্রসারিত করে আপনাকে শুভাভিনন্দন ও আশীর্ব্বাদ জ্ঞাপন করছি। আরো আরো আরো অগ্রসর হন আরো জ্ঞান আরো গুণ আরো খ্যাতি আরো উৎসাহ আপনার মনও মননকে পুষ্পিত করুক। দিশি দিশি আপনার খ্যাতি ঘোষিত হচ্ছে দেখে আশা করছি ভারতীয় ধ্যান জ্ঞান ও আদর্শানুসরণের শুভদিন বোধহয় আসন্ন। আপনার মধ্যে সুচির ভারতবর্ষের যে মহত্ত্ব ও মহিমাটি ক্রমশঃ প্রমুদিত হচ্ছে আমি আনন্দ ও সম্ভ্রমভরে তার জয়গান গাইছি। কল্যানাশীর্ব্বাদ জানাচ্ছি।

ইতি—নিত্য শুভার্থী অমিয় রতন মুখোপাধ্যায়
(পুরাণরত্ন অধ্যাপক আশুতোষ কলেজ)

ভদ্রে! তোমার বিরচিত কয়েক খণ্ড উপনিষদ কাব্যানুবাদ পাঠে পরম প্রীতিলাভ করিলাম। তোমার বিরচিত উপনিষদ সমূহের দুরূহ সংস্কৃত বাক্যের সরল পদ্যানুবাদ পাঠ করিয়া বুঝিলাম এই ঘোর কলিযুগের উন্নত জড়বিজ্ঞান পুরাযুগের পরম শ্রেয় ও প্রেয় ভারতীয় অধ্যাত্ম বিজ্ঞানকে চিরকালের জন্য বিস্মৃতির অতলতলে লুপ্ত করিয়া রাখিতে সক্ষম হইলনা। তোমার লেখা গার্গী মৈত্রেয়ী ভারতী প্রভৃতি স্বনামধন্য পুণ্যশ্লোকাদের পুনরুজ্জীবিত করিয়াছে।

মাতৃদীক্ষা সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ উপায়। তোমার লিখিত উপনিষদ বাণীর সরল পদ্যানুবাদ ভারতীয় অধ্যাত্ম বিজ্ঞানের বীজ ভারতীয় কৃষ্টি রক্ষার পরম উপাদান হইবে। আমার ধারণা তোমার ব্রহ্মবিদ্যা প্রবুদ্ধ মানস একার্য্য সাধনে সক্ষম হইবে। স্বাধীন ভারত আবার বিস্মৃত অধ্যাত্ম বিজ্ঞানের আলোকে সমগ্র বিশ্ব উদ্ভাসিত করিবে। তুমি গার্গী মৈত্রেয়ীর পদাঙ্ক সরণ করিয়া যে জ্ঞানের কল্যানকর বর্ত্তিকা জ্বালাইয়াছ তাহাতে ভারতীয় সামাজিকগণ অশেষ প্রকারে উপকৃত হইবেন ইহাই আমার দৃঢ়বিশ্বাস। হিন্দুর প্রতি গৃহে পঞ্জিকার ন্যায় ইহা সমাদৃত হউক এই কামনা করি।

অধরাজনকে ধরিয়া দিবার যে ব্যস্ত প্রচেষ্টা তোমার মধ্যে আসিয়াছে তা সার্থক হইবেই। এই ব্রত সাধনের জন্য তোমার ভিতর যে অনুপ্রেরণা আসিয়াছে তা সার্থক রূপায়ণে ভারতের স্বাধীনতায় যুক্ত হইয়া পূর্ণ প্রতিষ্ঠা করুক। আর্য্যঋষিগণের মূল চিন্তা ধারা এরূপ সহজ সুললিত পদ্যের মাধ্যমে প্রচার করা সহজ নয়। তুমি তাহা সার্থক করিয়াছ।।

আশীর্ব্বাদ করি তোমার ব্রত সফল হউক।

২৩নং ন্যায়ালঙ্কার ঠাকুর রোড।
ভাটপাড়া

ইতি শ্রীহরিচরণ স্মৃতিতীর্থ

উদ্বোধন অগ্রহায়ণ ১৩৭১

পুষ্পদেবী প্রণীত উপনিষদ নৈবেদ্য ও উপনিষদ অর্ঘ্য পাঠ করিয়া নন্দিত হইয়াছি।

উপনিষদ জ্ঞানের ভাণ্ডার। সংস্কৃত ভাষায় নিবদ্ধ থাকায় এই ভাণ্ডার র্ব সাধারণের নিকট উন্মুক্ত নয়। আলোচ্য গ্রন্থগুলি উপনিষদের রল ও ব্যাখ্যা মূলক ভাবানুবাদ। গ্রন্থগুলির নামকরণ সার্থক। সুললিত ন্দোবদ্ধ কবিতার মাধ্যমে উপনিষদের মহাবাণী বাংলার ঘরে ঘরে পৌঁছিয়া দিবার প্রয়াস বিশেষভাবে অভিনন্দন যোগ্য।

উপনিষদ নির্মাল্যে ঈশ কেন ও কঠোপনিষদের কবিতানুবাদ স্থান াইয়াছে। পুস্তকখানি ১৯৬২ খৃঃ কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে লীলা রস্কার লাভ করিয়াছে।

উপনিষদ নৈবেদ্য প্রশ্ন মুণ্ডক মাণ্ডুক্য তৈত্তিরীয় ও ঐতেরীয় পনিষদের কাব্যানুবাদ। এই পুস্তকও উপনিষদ নির্মাল্যের মত শংসার যোগ্য।

উপনিষদ অর্ঘ্য শ্বেতাশ্বতর ও ছান্দোগ্য উপনিষদের বাংলা কাব্যরূপ। ন্দোগ্য উপনিষদের মূল সংস্কৃত গদ্য, গদ্য সংস্কৃত পদ্যে অনুবাদ করা শেষ কৃতিত্বের পরিচায়ক গ্রন্থকর্ত্রী এই দুরূহ কার্যেও যথেষ্ট কৃতিত্বের রিচয় দিয়াছেন। অনুবাদে উপনিষদের মূলভাব ব্যাহত হয় নাই।

অনুবাদের সঙ্গে মূল সংস্কৃত প্রদত্ত হওয়ায় গ্রন্থগুলির মর্য্যাদা বৃদ্ধি ইয়াছে। আমরা আশাকরি এইরূপ বৃহদারণ্যক উপনিষদের কাব্যা- াদ সত্বর প্রকাশিত হইয়া পাঠকগণের আনন্দ বর্ধন করিবে।

দেশ পত্রিকা

শনিবার ২৩শে মাঘ ১৩৭১ শকাব্দ বা ৩২বর্ষ ৬ই ফেব্রুয়ারী ১৯৬৫

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লীলা পুরস্কার প্রাপ্তা শ্রীপুষ্পদেবী সরস্বতী শ্রুতি ভারতী বিদুষী এবং সুলেখিকা। তাঁহার অনূদিত তি খণ্ডে বিভক্ত উপনিষদের পদ্যানুবাদ পাঠ করিয়া আমরা পরম প্রীতি লা করিয়াছি। উপনিষদের তত্ত্বরাজী সাধারণের পক্ষে দুরূহ, অথ এইগুলির উপর ভারতীয় সংস্কৃতি এবং সাধনার ভিত্তি প্রতিষ্ঠিত আক্ষরিক অনুবাদ সর্বত্র সম্ভব না হইলেও মূলের তাৎপর্য্য এবং মাধু পদ্যানুবাদে অক্ষুণ্ণ রহিয়াছে ইহাই উল্লেখযোগ্য। কারণ নিজস্ব অনুভূতি ব্যতীত এই ধরণের তত্ত্বার্থ মূলক শাস্ত্র গ্রন্থের পদ্যানুবাদে এমন প্রাঞ্জলত এবং সরলতা বজায় রাখা যায় না। এই দিক হইতে উপনিষদের এ অবদান বাংলা সাহিত্যে বিশিষ্ট স্থান অধিকার করিবে। আদ্যোপা মনস্বিতায় আলোকোজ্জ্বল উপনিষদের এই অনুবাদ পাঠ করিয়া চিন্ত এবং অধ্যাত্ম রসপিপাসু সমাজ বিশেষ উপকৃত ও আনন্দ লাভ করিবেন।

শ্রীসুদর্শন ২২ বর্ষ ১ম সংখ্যা ভাদ্র ১৩৭১ সাল

পুষ্পদেবী সরস্বতী শ্রুতি ভারতী লিখিত উপনিষদের কাব্যানুবা পড়িলাম। বেদের নির্যাস এবং সনাতন হিন্দুধর্মের সার উপনিষ উপনিষৎ প্রতিপাদ্য পরমতত্ত্বের অনুভূতিতেই দুর্লভ মনুষ্য জন্মের সার্থকত তাই উপনিষদোক্ত পরমতত্ত্ব আত্মজিজ্ঞাসু মাত্রেরই জ্ঞাতব্য। কিন্তু সংস্ক ভাষায় দুর্ভেদ্য পেটিকায় ইহা সংরক্ষিত থাকায় সংস্কৃত ভাষায় অনভি পাঠকের নিকট তাহা দুরধিগম্য হইয়া রহিয়াছে। তাই পুষ্পদেবীর এ সহজ সরল অনুবাদে সংস্কৃত ভাষায় অনভিজ্ঞ পাঠকের যে কত বড় কল্যা সাধন করিয়াছেন তাহা বলিবার নহে। উপনিষদকে বলা হয় রহস্য বিদ্যা সেই রহস্য বিদ্যাকে সরস সহজ করিয়া প্রকাশ করা কম কৃতিত্বের ক নহে। কিন্তু গ্রন্থ কর্ত্রী সেই অনন্য সাধারণ কৃতিত্ব অর্জন করিয়াছেন একা স্বীকার করিতেই হইবে গ্রন্থগুলির বহুল প্রচার বাঞ্ছনীয়।